হিন্দু-সর্ব্বস্ব।

হিন্দুর নিত্যানুষ্ঠান, নিত্যপূজা, নিত্যব্রত, নিত্য ও বিবিধ শ্রাদ্ধ,
মুদ্রা, আসন, স্তবকবচ, বিবিধ গায়ত্রী, বীজমন্ত্র, ধ্যান,
প্রণাম, অশৌচ, প্রায়শ্চিত্ত, তীর্থকৃত্য
প্রভৃতি সম্বলিত।

শ্রীউপেন্দ্রনাথ মুখোপাধ্যায় সম্পাদিত।

অষ্টম সংস্করণ

বসুমতী সাহিত্য-মন্দির
১৬৬ নং বহুবাজার ষ্ট্রীট হইতে প্রকাশিত।

কলিকাতা

১৩২২

 মূল্য ১।০ পাঁচসিকা মাত্র।

১৬৬ নং বহুবাজার ষ্ট্রীট, "বসুমতী ইলেক্‌ট্রো-মেসিন যন্ত্রে"
শ্রীপূর্ণচন্দ্র মুখোপাধ্যায় দ্বারা মুদ্রিত

নিবেদন।

হিন্দু-সর্ব্বস্ব গ্রন্থের অষ্টম সংস্করণ প্রকাশিত হইল। সনাতন হিন্দুধর্ম্মের ভক্তগণ ইহার উপযোগিতা বুঝিতে পারিয়াছেন, সুতরাং তদ্বিষয়ের পুনরুল্লেখ বাহুল্য। হিন্দু-সংসারের নিত্য-নৈমিত্তিক ধর্ম্মানুষ্ঠান পদ্ধতি এই গ্রন্থে সূক্ষ্মানুসূক্ষ্মরূপে পরিবর্ণিত আছে। হিন্দুশাস্ত্র-রত্নাকর, কোন্ স্থানে কি কি রত্ন সন্নিবেশিত, সেসমগ্র অন্বেষণ করিয়া প্রয়োজনাদি নিরূপণ করা দুরূহ। অতএব সেই রত্নাকর মন্থন করিয়া সারাংশগুলি একত্র সংগ্রহ করা অতি আবশ্যক বিবেচনা করিয়াছিলাম। সাধারণের সুবিধার নিমিত্ত যদুর সাধ্য, তৎকল্পে যথেষ্ট যত্ন ও পরিশ্রম স্বীকার করিয়াছি। ধর্ম্মানুরাগী ব্যক্তিগণ একাধারে সমস্ত ধর্ম্মরত্ন প্রাপ্ত হইবেন, ইহাই আমাদিগের উদ্দেশ্য। সে জন্য আমরা পূর্ণাঙ্গ হিন্দুধর্ম্মানুষ্ঠান-পদ্ধতি একত্র সংগ্রহ করিবার জন্য আন্তরিক উৎসাহে উৎসাহিত হইয়া এই বিশেষ প্রয়োজনীয় গুরুতর কার্য্যে দৃঢ়সংকল্পে ব্রতী হইয়াছি। গত ছয় বৎসরের সাতটী সংস্করণে প্রায় পঞ্চবিংশতি সহস্র খণ্ড পুস্তক নিঃশেষিত হইয়া গিয়াছে। বর্ত্তমান অষ্টম সংস্করণে ইহার পূর্ণতা-সম্পাদনে আমরা অপরিসীম পরিশ্রম করিয়াছি। এইবার আমাদিগের সমস্ত আক্ষেপ দূর হইয়াছে। যেরূপে যে ভাবে সংগ্রহ করিলে হিন্দুর এই আদরের ধন—"হিন্দু-সর্ব্বস্ব", সর্ব্বসাধারণের অধিকতর আদরের ও আগ্রহের সামগ্রী হইতে পারে, সাধুসমাদৃত সেই পন্থারই আমরা অনুসরণ করিয়াছি। পূর্ব্ব পূর্ব্ব সংস্করণ অপেক্ষা বর্ত্তমান অষ্টম সংস্করণে আরও অনেক নূতন নূতন বিষয়, নূতন নূতন অনুষ্ঠান, নূতন নূতন পদ্ধতি সন্নিবেশিত হইয়াছে। আয়তনে পূর্ব্ব পূর্ব্ব সংস্করণ অপেক্ষা এক্ষণে প্রায় দ্বিগুণ আকার ধারণ করিয়াছে।

হিন্দু-সর্ব্বস্ব যথার্থই হিন্দুসংসারের সর্ব্বস্ব। পণ্ডিত, পুরোহিত, গৃহী, সাধক, ব্রাহ্মণ, বৈদ্য, কায়স্থ, শূদ্র, সকলের পক্ষেই এই হিন্দুসর্ব্বস্ব বিশেষ আদরের ধন।

হিন্দু-সর্ব্বস্ব ত্রয়োদশ বল্লীতে বিভক্ত করা হইয়াছে। প্রথম বল্লীতে প্রাতঃকৃত্য; দ্বিতীয় বল্লীতে পূর্ব্বাহ্নকৃত্য, তৃতীয় বল্লীতে মধ্যাহ্নকৃত্য, চতুর্থ বল্লীতে অপরাহ্ন ও সায়াহ্নকৃত্য, পঞ্চমবল্লীতে নিশাকৃত্য; ষষ্ঠ বল্লীতে নানা দেবদেবীর পূজা, সপ্তম বল্লীতে ধ্যান, প্রণাম, বীজমন্ত্র ও বিবিধ দেবতার গায়ত্রী, অষ্টম বল্লীতে আসন ও মুদ্রাপ্রকরণ, নবম বল্লীতে নানাজাতীয় দেবদেবীর স্তবকবচমালা, দশম বল্লীতে শ্রাদ্ধপ্রকরণ, একাদশ বল্লীতে অশৌচ ও প্রায়শ্চিত্তবিধি, দ্বাদশ বল্লীতে ব্রতমালা এবং ত্রয়োদশ বল্লীতে তীর্থকৃত্য-পদ্ধতি। এতদতিরিক্ত গ্রন্থের শেষভাগে একটি প্রকীর্ণ অংশের সংযোজনা করিয়া দেওয়া হইয়াছে। এ অংশে গার্হস্থ্য সর্ব্বপ্রকার সাধারণ কর্ম্মানুষ্ঠান বর্ণিত আছে। অধিকন্তু ত্রিবেদীয় দশসংস্কার ও অন্যান্য ক্রিয়াকাণ্ডের আবশ্যকীয় দ্রব্যাদির একটি বিস্তৃত ফর্দ্দমালা সন্নিবেশিত হইল। ইহাতে সাধারণের যে বিশেষ উপকার দর্শিবে, তাহাতে সন্দেহ নাই।

আত্মশ্লাঘা হইলেও গ্রন্থের উপযোগিতা জ্ঞাপনার্থ আমরা বলিতে পারি, এতাদৃশ মহোপকারী গ্রন্থ হিন্দুর গৃহ-সংসারে আর নাই। এক্ষণে কৃতবিদ্য গুণগ্রাহী মহোদয়গণ সাদরে গ্রহণ করিলেই আমরা সফলপ্রযত্ন হইব। অলমতিবিস্তরেণ

শ্রীউপেন্দ্রনাথ মুখোপাধ্যায়।

সূচিপত্র

প্রথম বল্লী

দ্বিতীয় বল্লী।

তৃতীয় বল্লী।

দশম বল্লী।

একাদশ বল্লী

অশৌচ ও প্রায়শ্চিত্ত ব্যবস্থা।

(অশৌচ)

সূচিপত্র সমাপ্ত।

হিন্দু-সর্ব্বস্ব

প্রথম বল্লী

প্রাতঃকৃত্য।

[রাত্রির শেষ প্রহরার্দ্ধ (৪॥টা হইতে ৬টার মধ্যে করণীয়]

সাধারণতঃ দিবারাত্রকে আট ভাগে বিভক্ত করিলে, এক এক ভাগ যাম বা প্রহর বলিয়া অভিহিত হয়। যামের অর্দ্ধাংশই যামার্দ্ধ বা প্রহরার্দ্ধ। শাস্ত্রে প্রহরার্দ্ধ ধরিয়াই নিত্যক্রিয়াগুলির নির্দ্ধারণ হইয়াছে। প্রতি প্রহরার্দ্ধের পরিমাণ দেড় ঘটিকা। যদিও দেশভেদে সূর্য্যোদয়ের সময়ের কিছু কিছু বিভিন্নতা আছে, তথাপি সাধারণতঃ অস্মদ্দেশে ৬টা হইতে ৭॥টা দিবার প্রথমযামার্দ্ধ এবং রাত্রির শেষ-যামার্দ্ধ ৪॥টা হইতে ৬টা ধরা যায়। রাত্রির শেষ প্রহরকেই ব্রাহ্মমুহূর্ত্ত কহে। ঐ প্রহরের শেষার্দ্ধই রাত্রির শেষযামার্দ্ধ। রাত্রির শেষ প্রহরে অর্থাৎ ব্রাহ্মমুহূর্ত্তে শয্যাত্যাগ পূর্ব্বক উহার শেষ-যামার্দ্ধের মধ্যে প্রাতঃকৃত্য সম্পাদন করিবে। রাত্রির শেষপ্রহরেই গাত্রোত্থান কর্ত্তব্য; তৎপ্রমাণ যথা,—

রাত্রেশ্চ প্রথমে যামে মুহূর্ত্তো যস্তৃতীয়কঃ।
স ব্রাহ্ম্য ইতি বিখ্যাতো বিহিতঃ সংপ্রবোধনে॥

প্রাতঃস্মরণীয় বিষয়চিন্তা, তান্ত্রিকবিধিপালন, মানসগুরুপূজা, কুণ্ডলিনীপূজা, চৌরগণেশমন্ত্রজপ, গুরুপাদুকাপূজা, গুরুপাদুকা-স্তোত্রপাঠ, দৈনিকধর্ম্ম ও তদবিরোধী অর্থাদিচিন্তন, পৃথিবীপ্রণতি,

মাঙ্গল্যদ্রব্যদর্শন, বিণ্মূত্রত্যাগ, শৌচাচরণ, পাদক্ষালন, শিখাবন্ধন, আচমন, দন্ত ও মুখধাবন, তিলকধারণ, তর্পণ, প্রাতঃসন্ধ্যা, এই কয়েকটি ক্রিয়া প্রাতঃকৃত্যের অন্তর্ভূত।

প্রাতঃস্মরণীয় বিষয়চিন্তা।

প্রাতঃকালে ব্রাহ্মমুহূর্ত্তে নিদ্রাভঙ্গের পর শয্যায় উপবেশন পূর্ব্বক উত্তরাস্য বা পূর্ব্বাস্য হইয়া নিম্নলিখিত শ্লোককয়টি পাঠ করিবে।

প্রভাতে যঃ স্মরেন্নিত্যং দুর্গা দুর্গাক্ষরদ্বয়ম্।
আপদস্তস্য নশ্যন্তি তমঃ সূর্য্যোদয়ে যথা॥
ব্রহ্মা মুরারিস্ত্রিপুরান্তকারী, ভানুঃ শশী ভূমিসুতো বুধশ্চ।
গুরুশ্চ শুক্রঃ শনী রাহুকেতু, কুর্ব্বন্তু সর্ব্বে মম সুপ্রভাতম্॥
কালী তারা মহাবিদ্যা ষোড়শী ভুবনেশ্বরী।
ভৈরবী ছিন্নমস্তা চ বিদ্যা ধূমাবতী তথা॥
বগলা সিদ্ধবিদ্যা চ মাতঙ্গী কমলাত্মিকা।
এতা দশ মহাবিদ্যাঃ সিদ্ধবিদ্যাঃ প্রকীর্ত্তিতাঃ॥
অহল্যা দ্রৌপদী কুন্তী তারা মন্দোদরী তথা।
পঞ্চ কন্যাঃ স্মরেন্নিত্যং মহাপাতকনাশনম্॥
পুণ্যশ্লোকো নলো রাজা পুণ্যশ্লোকো যুধিষ্ঠিরঃ।
পুণ্যশ্লোকা চ বৈদেহী পুণ্যশ্লোকো জনার্দ্দনঃ॥
কর্কোটকস্য নাগস্য দময়ন্ত্যা নলস্য চ।
ঋতুপর্ণস্য রাজর্ষেঃ কীর্ত্তনং কলিনাশনম্॥
কার্ত্তবীর্য্যার্জ্জুনো নাম রাজা বাহুসহস্রভৃৎ।
যোঽস্য সংকীর্ত্তয়েন্নাম কল্যমুত্থায় মানবঃ।
ন তস্য বিত্তনাশঃ স্যাৎ নষ্টঞ্চ লভতে পুনঃ॥ *

* অনেকে এই শ্লোকপাঠের পর "ওঁ কুলবৃক্ষেভ্যো নমঃ" বলিয়া প্রণাম করত গুরুধ্যান, গুরুপূজা, কুণ্ডলিনীপূজা ও চৌরগণেশমন্ত্রজপান্তে "অহং দেবো ন চান্যোঽস্মি" ইত্যাদি শ্লোকগুলি পাঠ করেন এবং তদন্তে গুরুপাদুকার্চ্চন করিয়া থাকেন।

অহং দেবো ন চান্যোঽস্মি ব্রহ্মৈবাহং ন শোকভাক্।
সচ্চিদানন্দরূপোঽহং নিত্যমুক্তস্বভাববান্ ॥

লোকেশ চৈতন্যময়াধিদেব,
শ্রীকান্ত বিষ্ণো ভবদাজ্ঞয়ৈব।
প্রাতঃ সমুত্থায় তব প্রিয়ার্থং,
সংসারযাত্রামনুবর্ত্তয়িষ্যে ॥
জানামি ধর্ম্মং ন চ মে প্রবৃত্তি-
র্জানাম্যধর্ম্মং ন চ মে নিবৃত্তিঃ।
ত্বয়া হৃষীকেশ হৃদি স্থিতেন,
যথা নিযুক্তোঽস্মি তথা করোমি ॥
প্রাতঃ প্রভৃতি সায়াহ্নং সায়াদি প্রাতরন্ততঃ।
যৎ করোমি জগত্যর্থে তদস্তু তব পূজনম্ ॥
ত্রৈলোক্যরক্ষাধিময়ে সুরেশি,
শ্রীপার্ব্বতি ত্বচ্চরণাজ্ঞয়ৈব।
প্রাতঃ সমুত্থায় তব প্রিয়ার্থং,
সংসারযাত্রামনুবর্ত্তয়িষ্যে ॥ *

তান্ত্রিকবিধিপালন।

তদনন্তর অদীক্ষিত ব্যক্তি ও স্ত্রীজাতি ব্যতীত অন্যান্য সকলে তান্ত্রিকবিধিপালন করিবে অর্থাৎ রাত্রিবাস পরিত্যাগ পূর্ব্বক শয্যার উপর বসিয়া, উত্তরাস্য বা পূর্ব্বাস্য হইয়া "ওঁ কুলবৃক্ষেভ্যো নমঃ" এই বাক্যে প্রণাম করিবে। পরে (নবম বল্লীর লিখিত নিয়মে) পদ্মাসনে উপবেশন পূর্ব্বক শিরস্থিত সহস্রদলকমলান্তর্গত গুরুদেবের (সপ্তম বল্লীর লিখিত নিয়মে) ধ্যান, (ষষ্ঠ বল্লীর লিখিত নিয়মে) গুরুর মানসপূজা, তদীয় (অষ্টম বল্লীর লিখিত নিয়মে) স্তবকবচাদিপাঠ, (সপ্তম বল্লীর লিখিত নিয়মে) নমস্কার, (ষষ্ঠ বল্লীর লিখিত নিয়মে) কুণ্ডলিনীর মানসপূজা প্রভৃতি সম্পাদন করিতে হয়।

* কেহ কেহ এই শ্লোকটি [illegible] বলিয়া নির্দেশ করেন।

চৌরগণেশমন্ত্র-জপ।

পরে চৌরগণেশমন্ত্র জপ করিবে অর্থাৎ হৃদয়োপরি হাত রাখিয়া "ক্রৌঁ" মন্ত্র দশধা জপ করত দক্ষিণচক্ষু, বামচক্ষু, দক্ষিণকর্ণ ও বামকর্ণে "হ্রীঁ হ্রীঁ" দশ দশবার,দক্ষিণনাসায় ও বামনাসায় হুঁ হুঁ" দশ দশধা, মুখে "হ্রীঁ হ্রীঁ হ্রীঁ হ্রীঁ হ্রীঁ" দশ দশধা.নাভিতে "ক্লীং" দশধা, লিঙ্গে "সোঃ" দশধা, গুহ্যে "ব্রং" দশধা এবং ভ্রূমধ্যে "হূঃ" দশধা জপ করিবে। * তৎপরে (ষষ্ঠ বল্লীর লিখিত) গুরুপাদুকাপূজা করিয়া (অষ্টম বল্লীর লিখিত) গুরুপাদুকাস্তোত্র পাঠ করিবে।

দৈনিক ধর্ম্ম ও তদবিরোধী অর্থাদিচিন্তন।

অনন্তর দিবাভাগে কি কি কার্য্য করিতে হইবে, ধর্ম্মের অবিরোধে কি কি অর্থসাধন করিতে হইবে এবং ধর্ম্মার্থের অবিরোধে কি কি কামসাধন করিতে হইবে, তাহা চিন্তা করিতে হয়। শাস্ত্রেও লিখিত আছে, যথা,—

প্রবুদ্ধশ্চিন্তয়েদ্ধর্ম্মমর্থঞ্চাস্যাবিরোধিনম্
অপীড়য়া তয়োঃ কামমুভয়োরপি চিন্তয়েৎ॥

বস্তুতঃ এইরূপ চিন্তা দ্বারা দিন দিন হৃদয়ে সত্ত্বগুণ সংবর্দ্ধিত হয়।

---

* এই স্থানে অনেকে ভ্রমতে অজপা মন্ত্র জপ করিয়া থাকেন। যথা,—

অস্য অজপাগায়ত্রীমন্ত্রস্য হংসঃ ঋষিঃ, অব্যক্ত-গায়ত্রীচ্ছন্দঃ, পরমহংসো দেবতা, হং বীজং, সঃ শক্তিঃ, পরমাত্মপ্রীতয়ে উচ্ছ্বাসনিশ্বাসাভ্যাং ষট্‌শতাধিকৈকবিংশতিসহস্রজপং সর্ব্বভূতেভ্যো নিবেদয়ামি নমঃ।

শিরসি হংসঋষয়ে নমঃ, মুখে অব্যক্তগায়ত্রীচ্ছন্দসে নমঃ, হৃদি পরমহংসদেবতায়ৈ নমঃ, লিঙ্গে হং বীজায় নমঃ, গুহ্যে সঃ-শক্তয়ে নমঃ।

মূলাধারে গায়ত্রীসহিতায় গণনাথায় ষট্‌শতসংখ্যক-জপং অহর্নিশং সমর্পয়ামি নমঃ, স্বাধিষ্ঠানে সাবিত্রীসহিতায় ব্রহ্মণে ষট্‌সহস্রসংখ্যকজপং সমর্পয়ামি নমঃ, মণিপূরে লক্ষ্মীসহিতায় বিষ্ণবে ষট্‌সহস্রসংখ্যকজপং সমর্পয়ামি নমঃ, অনাহতে গৌরীসহিতায় শিবায় ষট্‌সহস্রসংখ্যকজপং সমর্পয়ামি নমঃ, বিশুদ্ধে জীবাত্মনে সহস্রসংখ্যকজপং সমর্পয়ামি নমঃ, ব্রহ্মরন্ধ্রে পরমাত্মনে সহস্রসংখ্যকজপং সমর্পয়ামি নমঃ। তৎপরে "হংসঃ" এই মন্ত্র একশত আটবার জপ করিবে।

পৃথিবী-প্রণতি।

অনন্তর পৃথিবীকে নমস্কার করিবে, যথা,—

সমুদ্রমেখলে দেবি পর্ব্বতস্তনমণ্ডলে।
বিষ্ণুপত্নি নমস্তুভ্যং পাদস্পর্শং ক্ষমস্ব মে॥

এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক পুরুষ দক্ষিণপদ এবং স্ত্রী বামপদ নিক্ষেপ করত "ওঁ প্রিয়দত্তায়ৈ ভুবে নমঃ" এই মন্ত্র বা বাক্য উচ্চারণ পূর্ব্বক পৃথিবীকে নমস্কার করিবে। *

মাঙ্গল্যদ্রব্যদর্শন।

তৎপরে পুরুষ প্রথমে দক্ষিণপদ ও নারীজাতি বামপদ ভূতলে নিক্ষেপ পূর্ব্বক গৃহ হইতে বহির্গত হইবে এবং সর্ব্বপ্রথমে অগ্নি, বেদবিদ্ দ্বিজাতি, গো, যাজ্ঞিক ও ভাগ্যবতী স্ত্রী, ইহাঁদিগকে দর্শন করিয়া পরে অন্যের মুখ দেখিবে। প্রভাতে উঠিয়া পাপাত্মা, ভাগ্যহীনা স্ত্রী, ছিন্ন-নাসিক, নগ্ন ব্যক্তি ও মদ্য দর্শন করিতে নাই।

বিণ্মূত্রত্যাগ।

তৎপরে বাসস্থানের নৈঋতকোণে মলমূত্রত্যাগার্থ স্থান নিরূপণ করিবে। গ্রামবাসী হইলে বাসস্থানের দেড়শত হস্ত দূরে এবং নগরবাসী হইলে তাহার চতুর্গুণ দূরে মলমূত্রত্যাগ করা কর্ত্তব্য। দিবাভাগে ও সন্ধ্যাদ্বয়ে উত্তরাস্য এবং রাত্রিকালে দক্ষিণমুখ হইয়া মৌনভাবে মলমূত্রত্যাগ করিবে। অত্যন্ত বেগ বোধ না হইলে সন্ধিকালে মলমূত্রত্যাগ করিবে না; মলমূত্রত্যাগ-কালে হস্ত দ্বারা জলপাত্র স্পর্শ করিবে না। জৃম্ভণ (হাইতোলা) ও ক্ষুৎ (হাঁচি) দেওয়াও নিষিদ্ধ। জুতা বা খড়ম ধারণ করিয়া মলমূত্র পরিত্যাগ অথবা তৎকালে শূন্যমার্গে বা কোন দিকে দৃষ্টিপাত করিবে না। নৌকা, সূর্য্য, বায়ু, চন্দ্র, দেবালয়, দেবতা, গো, ব্রাহ্মণ, স্ত্রীজাতি, গুরু, ইহাদের অভিমুখে মলমূত্রত্যাগ করিতে নাই। দাঁড়াইয়া দাঁড়াইয়া বা গমন করিতে করিতেও

* শূদ্র বা স্ত্রীজাতি ওঁ, স্বাহা, স্বধা, বৌষট্ ইত্যাদি বেদমন্ত্র উচ্চারণ করিবে

মলমূত্রত্যাগ নিষিদ্ধ। বল্মীক, গোব্রজ, জীর্ণদেবালয়, ভস্ম, পথ, পর্ব্বত, চষাভূমি, চিতা, জীবযুক্ত গর্ত্ত, জল, নদীতীর এই সমস্ত স্থানে মলমূত্রত্যাগ করিবে না। রাত্রিকালে চোরব্যাঘ্রাদি-ভীতিযুক্ত স্থলে, অন্ধকারাচ্ছন্ন স্থানে বা বৃক্ষাদি ছায়াবৃত স্থানে মলমূত্রত্যাগ করিতে হইলে বিধিবিহিত দিঙ্‌নিরূপণের প্রয়োজন করে না। উত্তরীয়বস্ত্র থাকিলে ব্রাহ্মণেরা মালার ন্যায় যজ্ঞোপবীত পৃষ্ঠদেশে রাখিবেন; উত্তরীয়বস্ত্র না থাকিলে কর্ণে যজ্ঞোপবীত ধারণ করিতে হয়। মলমূত্রত্যাগকালে নদী বা জ্যোতিষ্কমণ্ডল দর্শন করিবে না, ঊর্দ্ধশ্বাস ত্যাগ করিবে না এবং নিষ্ঠীবন ফেলিবে না। মলমূত্রত্যাগকালে অণ্ডদ্বয় বামহস্ত দ্বারা দৃঢ়রূপে ধারণ পূর্ব্বক মলমূত্রত্যাগ করিবে। তৎপরে মলত্যাগস্থল হইতে উঠিয়া শৌচক্রিয়া সম্পাদন করিতে হয়।

শৌচাচরণ।

শৌচ দ্বিবিধ;—বাহ্য ও আভ্যন্তর। মৃত্তিকা, জল প্রভৃতি দ্বারা শুদ্ধির নাম বাহ্য এবং মানসশুদ্ধির নাম আভ্যন্তর। যাবৎ মানস-শৌচ-শিক্ষা না হয়, তাবৎ বাহ্যশৌচ কর্ত্তব্য। বসা, শুক্র, রক্ত, মজ্জা, মূত্র, বিষ্ঠা, কর্ণমল, নখ, শ্লেষ্মা, অশ্রু, দূষিক (পিঁচুটি) ও স্বেদ, মানবদেহে এই দ্বাদশটি মল বিদ্যমান আছে। জল ও মৃত্তিকা দ্বারা প্রথমোক্ত ছয়টির এবং কেবল জল দ্বারা শেষোক্ত ছয়টির শুদ্ধি হয়। দিবা ও সন্ধ্যাকালে উত্তরাস্যে এবং রাত্রে দক্ষিণাস্যে মৌনভাবে শৌচক্রিয়া করিবে; বামকরে মৃত্তিকা লইয়া একবার শিশ্নে, তিনবার গুহ্যে, দশবার বামহস্তে এবং পুনর্ব্বার সাতবার করিয়া দুই হস্তে মৃত্তিকালেপন করিবে। কেহ কেহ শিশ্নে একবার, গুহ্যদেশে তিনবার, বামহস্তের তলদেশে দশবার, বামহস্ত-পৃষ্ঠে ছয়বার এবং পরে দুই হস্তে সাতবার করিয়া মৃত্তিকা দিবার ব্যবস্থা দেন। আবার কেহ কেহ শিশ্নে একবার, গুহ্যে পাঁচবার, বামকরে দশবার, দুই হস্তে সাত সাতবার, প্রতিচরণে এক একবার এবং দুই হাতে তিন

তিনবার মৃত্তিকালেপনের বিধিও দিয়া থাকেন। ইহাতেও দুর্গন্ধ দূর না হইলে দুর্গন্ধনাশ যাবৎ পুনঃ পুনঃ মৃত্তিকালেপন করিতে হয়। পরে জল দ্বারা উত্তমরূপে ধৌত করিবে।

মৃত্তিকা-লেপনান্তে জল দ্বারা ধৌত করিবে। জলাশয়ের জল দ্বারা ধৌত করিতে হইলে জলাশয়ের তীরবর্ত্তী একহস্ত-প্রমাণ স্থান পরিত্যাগ করত (কিঞ্চিৎ জলে নামিয়া) জলশৌচ করিতে হয়। তৎপরে তৃণাদি দ্বারা নখাভ্যন্তরস্থ মৃত্তিকাদি ধীরে ধীরে অপসারিত করিবে। অনন্তর পদদ্বয়ে তিন তিনবার করিয়া মৃত্তিকা দিয়া প্রক্ষালন করিবে। কেবল মূত্রত্যাগের পর একবার শিশ্নে, তিনবার বামহস্তে, দুই দুইবার দুই হস্তে এবং এক একবার প্রতি পদে মৃত্তিকা দিয়া জল দ্বারা ধৌত করিবে। অনুপনীত দ্বিজশিশু, স্ত্রীজাতি ও শূদ্র, ইহাদের পক্ষে শৌচের কোনরূপ সংখ্যা নির্দ্দিষ্ট নাই, দুর্গন্ধ দূর হওয়া পর্য্যন্ত তাহারা পুনঃ পুনঃ মৃত্তিকালেপন করত উত্তমরূপে ধৌত করিবে।

পীড়িত অথবা পথিকের পক্ষে যথাসম্ভব শৌচক্রিয়া করাই ব্যবস্থা। রাত্রিকালে কোন বিঘ্নবশতঃ সম্পূর্ণ শৌচক্রিয়ায় অসমর্থ হইলেও ঐরূপ যথাসম্ভব শৌচক্রিয়া করিতে পারে; কিন্তু সামর্থ্য থাকিতে নিয়মভ্রষ্ট হইবে না। মতান্তরে এইরূপ নিয়ম গৃহীর পক্ষেই নির্দ্দিষ্ট; ব্রহ্মচারী প্রভৃতি অবশিষ্ট আশ্রমীরা উত্তরোত্তর ইহার দ্বিগুণ আচরণ করিবে। নিশাভাগে দিবা-শৌচের অর্দ্ধেক করিতে হয়; রোগগ্রস্তের পক্ষে তদর্দ্ধ, পথিকের পক্ষে তাহারও অর্দ্ধ এবং স্ত্রীজাতির পক্ষে তাহারও অর্দ্ধ ব্যবস্থেয়।

মূষিকোদ্ধৃত, বল্মীকোদ্ধৃত, গৃহলেপনযোগ্য, জলগর্ভস্থ, কর্দ্দমযুক্ত, অন্যের শৌচাবশিষ্ট, প্রাণিবিশিষ্ট ও হলোৎখাত মৃত্তিকা শৌচক্রিয়ায় নিষিদ্ধ। তর্জ্জনী, মধ্যমা ও অনামা এই তিনটি অঙ্গুলীর পর্ব্বত্রয় পূর্ণ হইতে পারে, এতৎপ্রমাণ মৃত্তিকা শৌচার্থ গ্রাহ্য।

পাদপ্রক্ষালন।

সামবেদীয় বিপ্রগণ পূর্ব্বমুখ বা পশ্চিমমুখ হইয়া উপবেশন

পূর্ব্বক প্রথমে "সব্যং পাদমবনেনিজে" এই বলিয়া বামচরণ, পরে "দক্ষিণং পাদমবনেনিজে" এই বলিয়া দক্ষিণচরণ এবং যজুর্ব্বেদীয়েরা ঐ প্রকার মন্ত্রে অগ্রে দক্ষিণপাদ, পরে বামচরণ প্রক্ষালন করিবে; কিন্তু শূদ্র পাদপ্রক্ষালন করিয়া দিলে অগ্রে বামপদ ধৌত করিতে হইবে। দৈবক্রিয়ায় উত্তরাস্য ও পিতৃক্রিয়ায় দক্ষিণাস্য হইয়া পাদ ধৌত করাই কর্ত্তব্য। পরে ব্রাহ্মণেরা পৃষ্ঠলম্বিত বা কর্ণলম্বিত যজ্ঞসূত্র গলদেশে ধারণ করিবেন।

শিখাবন্ধন।

অনন্তর ব্রাহ্মণেরা গায়ত্রীপাঠ সহকারে আড়াই পাক দিয়া শিখা ও জুটিকা বন্ধন করিবে। নারীজাতি ও শূদ্রেরা নিম্নলিখিত মন্ত্র পাঠ পূর্ব্বক শিখা বন্ধন করিবে। যথা,---

ব্রহ্মবাণীসহস্রাণি শিববাণীশতানি চ।
বিষ্ণোর্নামসহস্রেণ শিখাবন্ধং করোম্যহম্॥ *

আচমন।

শিখাবন্ধনান্তে চক্ষুর্দ্বয় ধৌত করিয়া আচমন করিবে। (এ আচমন সামান্য কুল্লিমাত্র। অনেকে মলমূত্রত্যাগের অগ্রে দুইবার আচমন করেন। আবার কেহ কেহ শৌচান্তে দন্তধাবনের অগ্রে দুইবার প্রকৃত আচমন করিয়া থাকেন।)

দন্ত ও মুখধাবন।

তৎপরে দন্তধাবন করিবে। মুখবিশুদ্ধ্যর্থ দন্তধাবন না করিয়া আচান্ত হইলেও অপবিত্র বলিয়া গণ্য হয়; সুতরাং দন্তধাবন করা অবশ্য কর্ত্তব্য সন্দেহ নাই।

তিক্ত, কষায়, কটু, কণ্টকিত বা ক্ষীরযুক্ত কাষ্ঠই দন্তধাবনে প্রশস্ত। নিম্ব, খদির, আম্র, বট, করঞ্জ, তিন্তিড়ী, বংশত্বক্, ডুম্বর, বিল্ব, আকন্দ এই সমস্ত কাষ্ঠের যে কোন একটি দ্বারা দন্তধাবন

* নিম্নলিখিত মন্ত্রে শিখামোচন করিতে হয়। যথা—
ওঁ গচ্ছন্তু সকলা দেবা ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ।
তিষ্ঠত্বচলা লক্ষ্মীঃ শিখামুক্তং করোম্যহম্॥

করিবে। * বিহিত কাষ্ঠের অভাবে চূর্ণাদিদ্রব্যে দন্তমার্জ্জন করিবে. কিন্তু কেবলমাত্র লবণ, কেবলমাত্র মৃত্তিকা, লোষ্ট্র, ইষ্টক, অঙ্গার, কেবলমাত্র অঙ্গুলী, খোলা, বালুকা, লৌহ ও প্রস্তর দ্বারা মার্জ্জন করিবে না। সামবেদীয়েরা অষ্টাঙ্গুলী এবং অন্যান্যবেদীয়গণ দ্বাদশাঙ্গুলিপ্রমাণ দন্তকাষ্ঠ ব্যবহার করিবে। দন্তকাষ্ঠ কনিষ্ঠাঙ্গুলীর অগ্রভাগবৎ স্থূল ও ত্বক্‌বিশিষ্ট হইবে এবং উহার অগ্রদেশ দলিত হওয়াই প্রশস্ত।

দক্ষিণ-হস্তের অনামা ও কনিষ্ঠাঙ্গুলী দ্বারা দন্তকাষ্ঠ ধারণ পূর্ব্বক পূর্ব্বমুখ বা উত্তরমুখ হইয়া নিম্নলিখিত দুইটি মন্ত্র পাঠ পূর্ব্বক দন্তধাবন করিবে; কিন্তু শূদ্র ও স্ত্রীলোকেরা প্রথমমন্ত্র পাঠ করিবে না, কেবল দ্বিতীয় মন্ত্রটি পাঠ করিবে, যথা,—

ওঁ অন্নাদ্যায় ব্যূহদ্ধং সোমো রাজায়মাগমৎ।
স মে মুখং প্রমার্ক্ষ্যতে যশসা চ ভগেন চ ॥১॥
আয়ুর্ব্বলং যশো বর্চ্চঃ প্রজাঃ পশুবসূনি চ।
ব্রহ্ম প্রজ্ঞাঞ্চ মেধাঞ্চ ত্বন্নো ধেহি বনস্পতে ॥২॥

দন্তকাষ্ঠের অভাবে দ্বাদশ গণ্ডূষ জল দ্বারা মুখ ধৌত করিতে হয়। যদি ভুক্ত বস্তুর কোন অংশ দন্তে গাঢ়রূপে সংলগ্ন থাকে, অথচ তাহার কোন প্রকার স্বাদ অনুভূত না হয়, তাহা হইলে তাহা বহিষ্করণার্থ বিশেষ চেষ্টা করিবে না। সংযতবাক্ হইয়া ধীরে ধীরে দন্তকাষ্ঠ দ্বারা দন্তধাবন করিবে। দন্তমার্জ্জনের পর দন্তকাষ্ঠপ্রক্ষালনান্তে পবিত্র স্থানে নিক্ষেপ করিবে। জিহ্বামার্জ্জন প্রতিদিনই করিতে হয়। মুখে পাঁচবার জল নাড়িয়া উপবেশন পূর্ব্বক দ্বাদশবার কুল্লি করিতে হয়। ইহাই মুখধাবনবিধি।

তন্ত্রমতে।—মূলমন্ত্র দ্বারা অথবা "ক্লীং কামদেবায় সর্ব্বজন-প্রিয়ায় নমঃ" মন্ত্রে মুখধাবন করিবে।

---

* তাল, কেতকী, গুবাক, নারিকেল, খর্জ্জুর, সেফালিকা, নিসিন্দা, শণ, পলাশ তৃণ, মালতী, রক্তকাঞ্চন, এই সমস্তের কাষ্ঠ দ্বারা দন্তধাবন নিষিদ্ধ।

জন্মদিন, বিবাহদিবস, উপনয়নদিন, শ্রাদ্ধাহ, ব্রত ও উপবাস-দিন, পঞ্চপর্ব্ব (চতুর্দ্দশী, অষ্টমী, অমাবস্যা, পূর্ণিমা ও সংক্রান্তি), এই সমস্ত দিনে এবং অজীর্ণাদি স্থলে দন্তধাবন করিবে না। নিষিদ্ধ দিনে ভস্ম দ্বারা অথবা দ্বাদশগণ্ডূষ জল দ্বারা বিনা মন্ত্রে মুখপ্রক্ষালন করাই কর্ত্তব্য। *

প্রাতঃস্নান ও আচমনবিধি।

তৎপরে প্রাতঃস্নান করিবে। † স্নান সাত প্রকার :—মান্ত্র, ভৌম, আগ্নেয়, বায়ব্য, দিব্য, মানস ও বারুণ। "শন্ন আপ" ইত্যাদি মন্ত্র উচ্চারণ পূর্ব্বক স্নানকে মান্ত্রস্নান, গঙ্গামৃত্তিকাদিলেপনকে ভৌমস্নান, গাত্রে হোমভস্মলেপনকে আগ্নেয় স্নান, বায়ুবেগোত্থ গোক্ষুরধূলিস্পর্শকে বায়ব্য স্নান, রৌদ্র থাকিতে থাকিতে যে জল-বর্ষণ হয়, সেই জল দ্বারা দেহ সিক্ত করাকে দিব্যস্নান, "হরিপাদ-নিঃসৃতসুরধুনীজলে স্নান করিতেছি" মনে মনে এইরূপ ভাবনা করাকে মানস স্নান এবং জলমধ্যে অবতরণ পূর্ব্বক অবগাহনকেই বারুণস্নান কহে। তন্মধ্যে কেবলমাত্র বেদাধিকারী ব্যক্তিই মান্ত্রস্নানের যোগ্য। এই সপ্তবিধ স্নানের মধ্যে বারুণস্নানই মুখ্যস্নান। অস্নাত ব্যক্তি জপাদি-ক্রিয়ায় অধিকারী নহে।

স্রোতোজলে স্রোতের অভিমুখে এবং স্রোতোরহিত জলে সূর্য্যের অভিমুখে নাভিমগ্ন জলে দাঁড়াইয়া হস্তদ্বয় দ্বারা মুখ, নাক ও কর্ণ আচ্ছাদন পূর্ব্বক একবার ডুব দিবে। কেহ কেহ বলেন, স্রোতোরহিত জলাশয়ে উদঙ্মুখ হইয়া স্নান করিতে হয়। অন্যের কৃত জলাশয় হইলে নিম্নলিখিত মন্ত্রপাঠ পূর্ব্বক জলাশয় হইতে তিনটি বা পাঁচটি মৃত্তিকাপিণ্ড উঠাইয়া তীরে ফেলিয়া দিয়া ডুব দিবে। মন্ত্র যথা,—

* মুখধাবনের পর রাত্রিবাস-ত্যাগান্তে পুষ্পাদি চয়ন করিবে। প্রাতঃ-সন্ধ্যাদির সময় অতীত হইবার আশঙ্কা থাকিলে প্রাতঃসন্ধ্যার পর পুষ্পাদি চয়ন করিতে হয়। পুষ্পাদিচয়নের প্রণালী পরিশিষ্ট অংশে দ্রষ্টব্য।

† প্রাতঃস্নানে তৈল-ব্যবহার নাই।

উত্তেষ্ঠোত্তিষ্ঠ পঙ্ক ত্বং ত্যজ পুণ্যং পরস্য চ।
পাপানি বিলয়ং যান্তু শান্তিং দেহি সদা মম ॥

একবার ডুব দিবার পর যথানিয়মে আচমন করিবে। যথা,—দক্ষিণকর গোকর্ণাকৃতিভাবে স্থাপন করত উহাতে একটি মাষ-কলায় নিমগ্ন হইতে পারে, এরূপ পরিমিত জল বামহস্ত দ্বারা লইবে। পরে ব্রাহ্মতীর্থ অর্থাৎ অঙ্গুষ্ঠাঙ্গুলীর মূলদেশ দ্বারা ঐ জল তিনবার পান করিয়া নিম্নলিখিত মন্ত্র দুইটি পাঠ পূর্ব্বক বিষ্ণু স্মরণ করিবে। যথা,—

ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ।
দিবীব চক্ষুরাততম্ ॥১॥
ওঁ অপবিত্রঃ পবিত্রো বা সর্ব্বাবস্থাং গতোঽপি বা।
যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং স বাহ্যাভ্যন্তরং শুচিঃ ॥ ২ ॥

নারীজাতি অথবা শূদ্রগণ প্রথম মন্ত্রটি পরিত্যাগ পূর্ব্বক দ্বিতীয় মন্ত্রটি পাঠ করিয়া মনে মনে বিষ্ণুস্মরণ করিবে। উহারা দৈবতীর্থ অর্থাৎ অঙ্গুলীর অগ্রভাগ দ্বারা ওষ্ঠে একবারমাত্র জলস্পর্শ করিবে। তৎপরে দক্ষিণকরের অঙ্গুষ্ঠমূল দ্বারা দক্ষিণদিক্ হইতে বামদিকে দুইবার ওষ্ঠমার্জ্জন পূর্ব্বক তর্জ্জনী, মধ্যমা ও অনামিকা এই অঙ্গুলীত্রয় একত্র করত উহার অগ্রভাগ দ্বারা ওষ্ঠের উপরিভাগ এবং অধরের নিম্নভাগ দুইবার স্পর্শ করিবে। অনন্তর অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর অগ্রদেশ সংযুক্ত করত একবার নাসিকার দক্ষিণরন্ধ্র ও একবার বামরন্ধ্র, একবার দক্ষিণকর্ণ ও একবার বামকর্ণ স্পর্শ করিবে। তৎপরে অঙ্গুষ্ঠ ও কনিষ্ঠাঙ্গুলীর অগ্রদেশ একত্র করিয়া একবার নাভি স্পর্শ করত হস্ততল দ্বারা একবার বক্ষঃস্থল স্পর্শ করিবে। পরে সমস্ত অঙ্গুলীর অগ্রভাগ একত্র করিয়া তদ্দ্বারা একবার মস্তক এবং একবার দক্ষিণবাহুমূল ও একবার বামবাহুমূল স্পর্শ করিবে। *

* হৃদয়স্থান পর্য্যন্ত স্পর্শ করিতে পারে, এরূপ পরিমাণে জল আচমনার্থ ব্রাহ্মণেরা গ্রহণ করিবে ; কণ্ঠ পর্য্যন্ত স্পর্শ করিতে পারে, এতৎপরিমাণ জল

তান্ত্রিক আচমন।—"ওঁ আত্মতত্ত্বায় স্বাহা, ওঁ বিদ্যাতত্ত্বায় স্বাহা, ওঁ শিবতত্ত্বায় স্বাহা" এই বলিয়া বারত্রয় জলপান করত উপরিলিখিত নিয়মে আচমন করিবে। শাক্তগণের পক্ষে এইরূপ আচমনই বিধেয়।

বৈষ্ণব আচমন।—প্রথমতঃ "ওঁ কেশবায় নমঃ, ওঁ নারায়ণায় নমঃ, ওঁ মাধবায় নমঃ"; এই তিনটি মন্ত্রে বারত্রয় মুখে জল দিবে। (স্ত্রী ও শূদ্র সর্ব্বত্র নমঃ বলিবে, প্রণব উচ্চারণ নিষেধ) পরে "ওঁ গোবিন্দায় নমঃ, ওঁ বিষ্ণবে নমঃ" বলিয়া করক্ষালন "ওঁ মধুসূদনায় নমঃ, ওঁ ত্রিবিক্রমায় নমঃ" বলিয়া মুখমার্জ্জন "ওঁ বামনায় নমঃ, ওঁ শ্রীধরায় নমঃ" বলিয়া অধর ও ওষ্ঠমার্জ্জন ওঁ হৃষীকেশায় নমঃ"; বলিয়া হস্তক্ষালন; "ওঁ পদ্মনাভায় নমঃ" বলিয়া পদক্ষালন; "ওঁ দামোদরায় নমঃ" বলিয়া মস্তকমার্জ্জন "ওঁ প্রদ্যুম্নায় নমঃ" বলিয়া নাসাদ্বয়; "ওঁ অনিরুদ্ধায় নমঃ, ওঁ পুরুষোত্তমায় নমঃ" বলিয়া নেত্রদ্বয়; "ওঁ অধোক্ষজায় নমঃ" বলিয়া দক্ষিণকর্ণ; "ওঁ নৃসিংহায় নমঃ" বলিয়া বামকর্ণ; "ওঁ অচ্যুতায় নমঃ" বলিয়া নাভি; "ওঁ জনার্দ্দনায় নমঃ" বলিয়া বক্ষঃ; "ওঁ উপেন্দ্রায় নমঃ" বলিয়া বক্ষঃপ্রদেশ এবং "ওঁ হরয়ে নমঃ" বলিয়া দক্ষিণবাহু ও "ওঁ শ্রীকৃষ্ণায় নমঃ" বলিয়া বামবাহু স্পর্শ করিবে

আচমনান্তে নিম্নলিখিত মন্ত্র পাঠ করিতে হয়, যথা,—

ওঁ কুরুক্ষেত্রং গয়া-গঙ্গা-প্রভাসপুষ্করাণি চ।
তীর্থান্যেতানি পুণ্যানি স্নানকালে ভবন্ত্বিহ॥

তদনন্তর সঙ্কল্প করিবে। যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য (শূদ্র ও স্ত্রীলোকেরা বিষ্ণুর্নমোঽদ্য বলিবে

ক্ষত্রিয়েরা; মুখপ্রবেশ করিতে পারে, এতৎপরিমাণ জল বৈশ্যেরা এবং কেবল মুখ স্পর্শমাত্র করিতে পারে, এতৎপরিমাণ জল শূদ্র ও নারীগণ গ্রহণ করিবে আচমনার্থ তাম্রপাত্রস্থ জল প্রশস্ত। লৌহ, বঙ্গ, পিত্তল, সীসক ও কাংস্যপাত্র জলে আচমন করিতে নাই।

অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ (অথবা অমুকগোত্রা) শ্রীঅমুকদেবশর্ম্মা (কিংবা অমুকদাসঃ বা অমুকী দেবী অথবা অমুকীদাসী) শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ (বা কামা) * অস্মিন্ জলে প্রাতঃস্নানমহং করিষ্যে। † সঙ্কল্পের পর "নমো নারায়ণায়" উচ্চারণ করত পুরোভাগে চতুর্দ্দিকে এক এক হাত করিয়া চারি হাত জল মাপিয়া একটি চতুষ্কোণ স্থান করিবে এবং অঙ্কুশমুদ্রাযোগে তর্জ্জনীর অগ্রভাগ দ্বারা ঐ স্থানে জল আলোড়ন পূর্ব্বক নিম্নলিখিত মন্ত্রে তীর্থ আবাহন করিতে হয়। তীর্থ আবাহনের মন্ত্র যথা—

ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি।
নর্ম্মদে সিন্ধুকাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু॥

অনন্তর কৃতাঞ্জলি হইয়া নিম্নলিখিত মন্ত্র কয়টি পাঠ করিবে। যথা—

ওঁ বিষ্ণুপাদপ্রসূতাসি বৈষ্ণবী বিষ্ণুপূজিতা।
পাহি নস্তেনসস্তস্মাদাজন্মমরণান্তিকাৎ॥

* বিষ্ণুপ্রীতিকামনায় স্নান করিয়া স্বীয় ইষ্টদেব-প্রীতিকামনায় পুনর্ব্বার স্নান করা দীক্ষিত ব্যক্তির কর্ত্তব্য।

† গঙ্গা বা অন্যান্য তীর্থস্নানে সঙ্কল্পবাক্যের ও মন্ত্রের বিভিন্নতা আছে, তাহা প্রকীর্ণ অংশে দ্রষ্টব্য।

মাস তিন প্রকার ;—সৌর, মুখ্যচান্দ্র ও গৌণচান্দ্র। সঙ্কল্পে এই ত্রিবিধ মাসই ব্যবহৃত হয়। সংক্রান্তি হইতে পরসংক্রান্তি যাবৎ সৌর, শুক্লা প্রতিপদ্ তিথি হইতে অমাবস্যা যাবৎ মুখ্যচান্দ্র এবং কৃষ্ণপক্ষীয় প্রতিপদ্ তিথি হইতে পূর্ণিমা যাবৎ গৌণচান্দ্র। বিবাহাদি ক্রিয়ায় সৌরমাস ও রাশির উল্লেখ করিতে হয়, জন্মাষ্টম্যাদি তিথিকৃত্যে গৌণচান্দ্র এবং অপরাপর কর্ম্মে প্রায়শঃ মুখ্যচান্দ্রমাস উল্লেখ করা গিয়া থাকে। সংক্রান্তিনিমিত্তক ক্রিয়ায় কেহ কেহ মুখ্যচান্দ্রমাস উল্লেখের ব্যবস্থা দেন।

শূদ্র বা স্ত্রীলোকেরা সঙ্কল্প ব্যতীত স্নানাঙ্গ অন্য মন্ত্র পাঠ করিবে না. তাহারা কেবল "নমো নমঃ" বলিবে, মন্ত্রগুলি ব্রাহ্মণ দ্বারা পাঠ করাইবে।

তিস্রঃ কোট্যর্দ্ধকোটী চ তীর্থানাং বায়ুরব্রবীৎ।
দিবি ভুব্যন্তরীক্ষে চ তানি তে সন্তু জাহ্নবি॥
নন্দিনীত্যেব তে নাম দেবেষু নলিনীতি চ।
বৃন্দা পৃথ্বী চ সুভগা বিশ্বকায়া শিবা সিতা। *
বিদ্যাধরী সুপ্রসন্না তথা লোকপ্রসাদনী।
ক্ষেমা চ জাহ্নবী চৈব শান্তা শান্তিপ্রদায়িনী।
এতানি পুণ্যনামানি স্নানকালে চ যঃ পঠেৎ। †
ভবেৎ সন্নিহিতা তত্র গঙ্গা ত্রিপথগামিনী॥

তৎপরে "ওঁ নমো নারায়ণায় নমঃ" সাতবার উচ্চারণ করত দুই হস্তের অগ্রদেশ সংযুক্ত করিয়া তদ্দ্বারা বারত্রয় মস্তকে জল-সিঞ্চন করিবে। তদনন্তর নিম্নলিখিত মন্ত্রপাঠ সহকারে গাত্রে মৃত্তিকা লেপন করিবে। যথা—

ওঁ অশ্বক্রান্তে রথক্রান্তে বিষ্ণুক্রান্তে বসুন্ধরে।
মৃত্তিকে হর মে পাপং যন্ময়া দুষ্কৃতং কৃতম্।
উদ্ধৃতাসি বরাহেণ কৃষ্ণেন শতবাহুনা।
আরুহ্য মম গাত্রাণি সর্ব্বং পাপং প্রমোচয়॥

জলাশয়ের তীরস্থ মৃত্তিকা লইয়া গাত্রে লেপন করিবে। বল্মীকমৃত্তিকা, মূষিকোৎখাত মৃত্তিকা এবং জলগর্ভস্থ, বৃক্ষমূলস্থ, স্নানাবশিষ্ট, শ্মশানস্থ ও শৌণ্ডিকালয়স্থ মৃত্তিকা গ্রহণ করিবে না।

গাত্রে মৃত্তিকালেপন পূর্ব্বক স্নানান্তে গঙ্গাস্তোত্রাদি পাঠ ও গঙ্গাদেবীর উদ্দেশে প্রণাম করিবে। ‡ এইরূপে প্রাতঃস্নান-সমাধান্তে তান্ত্রিকস্নান করা দীক্ষিত ব্যক্তির কর্ত্তব্য।

তান্ত্রিকস্নান।—প্রথমতঃ আচমন করিয়া "বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসে অমুকপক্ষে অমুকরাশিস্থে ভাস্করে অমুকতিথৌ অমুক-

* শিবামৃতা ইত্যপি পাঠো দৃশ্যতে।
† স্নানকালে প্রকীর্ত্তয়েৎ ইতি পাঠান্তরম্।
‡ গঙ্গাস্তোত্রাদি অষ্টমবল্লীতে দ্রষ্টব্য।

দেবতাপ্রীতয়ে স্নানমহং করিষ্যে” এই বাক্যে সঙ্কল্প করত প্রাণায়াম ও ষড়ঙ্গন্যাস করিবে। পরে পুরোবর্ত্তি-জলে “ওঁ গঙ্গে চ যমুনে চৈব” ইত্যাদি মন্ত্রে অঙ্কুশমুদ্রা দ্বারা তীর্থ আবাহন, ধেনুমুদ্রাপ্রদর্শন, কবচমুদ্রাযোগে ঐ জল বেষ্টন এবং অস্ত্রমুদ্রা দ্বারা উহার রক্ষা করিয়া তদুপরি একাদশধা মূলমন্ত্র জপ করিবে। পরে সেই জল হইতে আদিত্যাভিমুখে দ্বাদশধা জলনিক্ষেপ করিবে। অনন্তর সেই জলকে স্বীয় ইষ্টদেবের পাদপদ্মনিঃসৃত মনে করিয়া যথাশক্তি মূলমন্ত্র জপ করিবে। তৎপরে একবার ডুব দিয়া সলিলোপরি বারত্রয় মূলমন্ত্র জপ করত কলসমুদ্রা দ্বারা স্বীয় শিরঃপ্রদেশে তিনবার জল প্রক্ষেপ করিবে। *

স্নানানুকল্প।—স্নানে অক্ষম হইলে গলদেশ পর্য্যন্ত ধৌত করিবে অথবা আর্দ্র মার্জ্জনী দ্বারা গাত্রমার্জ্জন করিতে হইবে।

বসন পরিধান।– স্নানান্তে সর্ব্বাঙ্গ মার্জ্জন পূর্ব্বক মস্তকে পরিষ্কৃত উষ্ণীষ বান্ধিয়া ধৌত ও পরিষ্কৃত বস্ত্র পরিধান করিবে। পরিধেয় বস্ত্র জানুর নিম্নভাগে পতিত হওয়া উচিত। বিপ্রগণ ইষ্টমন্ত্র কিংবা প্রণব এবং দীক্ষিত শূদ্রাদি ইষ্টমন্ত্র উচ্চাচরণ পূর্ব্বক ত্রিকচ্ছ করিয়া বসন পরিবে। রজকালয় হইতে আনীত বস্ত্র উত্তমরূপে ধৌত করিয়া পরিধান করা কর্ত্তব্য। ধৌতবস্ত্রের অভাবে ছাগরোমজ কিংবা শণসূত্রজ বস্ত্র পরিধান করিয়া পূজাদি ক্রিয়ায় প্রবৃত্ত হইবে। † ছিন্ন, অধৌত, শিলাই করা, শীর্ণ, দশাহীন, অন্যের পরিহিত, মলিন, কীট-মুষিকাদি দ্বারা ছিদ্রীকৃত এবং নীলবর্ণ বস্ত্র পরিধান করিয়া পূজাদি করিবে না। বস্ত্রপরিধানান্তে যজ্ঞোপবীতবৎ উত্তরীয় ধারণ করিবে; কিন্তু যজ্ঞোপবীত

* উত্তাপবিশিষ্ট জলে স্নান করিতে নাই। উদ্ধৃত কূপাদি-জল শঙ্খে করিয়া মস্তকে দিলে গঙ্গাজল সদৃশ হয়।

† তান্ত্রিক কার্য্যে রক্তবস্ত্র বা কাষায়বস্ত্র পরিধান প্রশস্ত। ছাগ বা মেষরোমজাত ও শণসূত্রজ বস্ত্র আহারান্তে ছাড়িয়া রাখিলে তাহা ধৌত করিয়া পরিধান করা কর্ত্তব্য। ক্ষৌমবস্ত্র ঝাড়িলেই শুদ্ধ।

থাকিলে উত্তরীয় ধারণের প্রয়োজন নাই; স্নানান্তে পরিধেয় আর্দ্রবস্ত্র তিনবার মৃত্তিকা দিয়া, উত্তরে বা পূর্ব্বদিকে তাহার দশাগ্র বিস্তার করত হস্ত দ্বারা উত্তমরূপে ধৌত করিয়া, পুনর্ব্বার পশ্চিম বা দক্ষিণদিকে দশাগ্রবিস্তার সহকারে ধৌত করিবে। স্বয়ং ধৌত করিতে অসমর্থ হইলে স্বীয় পুত্র, কন্যা, পত্নী, জ্ঞাতি, বন্ধু বা কিঙ্কর দ্বারা ধৌত করাইবে।

তিলকবিধি।

বস্ত্রপরিধানান্তে পূর্ব্বমুখ বা উত্তরমুখ হইয়া তিলকধারণ করিবে। ব্রাহ্মণেরা নাসিকার মূলদেশ হইতে কেশ পর্য্যন্ত সচ্ছিদ্র ঊর্দ্ধপুণ্ড্র ধারণ করিবে। ক্ষত্রিয়েরা ত্রিপুণ্ড্র, বৈশ্যেরা অর্দ্ধচন্দ্রাকৃতি এবং শূদ্রেরা বর্ত্তুলাকৃতি তিলক ধারণ করিবে। নিম্নলিখিত মন্ত্রে তিলক ধারণ করিতে হয়। যথা—

কেশবানন্দ গোবিন্দ বরাহ পুরুষোত্তম।
পুণ্যং যশস্যমায়ুষ্যং তিলকং মে প্রসীদতু॥

চন্দনতিলকে নিম্নলিখিত মন্ত্র পাঠ্য, যথা—

কান্তিং লক্ষ্মীং ধৃতিং সৌম্যং সৌভাগ্যমতুলং মম।
দদাতু চন্দনং নিত্যং সততং ধারয়াম্যহম্॥

তিলকধারণস্থান।—ললাট, মস্তক, বক্ষ, কণ্ঠ, কর্ণদ্বয়, বাহুমূলদ্বয়, নাভি, পৃষ্ঠ, পার্শ্বযুগল, মস্তকমধ্য, এই কয় স্থানে তিলক ধারণ করিবে। জীবৎপিতৃক ব্যক্তি কেবলমাত্র ললাটে তিলক ধারণ করিবে।

তিলকদ্রব্য।—মৃত্তিকা, তমাল, রোচনা, নিম্ব, গোপীচন্দন, যজ্ঞীয়কাষ্ঠ, শ্বেতচন্দন, গোময়, রক্তচন্দন, কুঙ্কুম, তুলসী, পদ্ম ও বিল্বকাষ্ঠ, এই সকলের যে কোন একটি ঘর্ষণ করিয়া তদ্দ্বারা তিলক ধারণ করিবে। যদি এই সমস্ত দ্রব্যের মধ্যে একটিও প্রাপ্ত হওয়া না যায়, তাহা হইলে কেবল জল দ্বারা তিলক করিতে হয়। কেহ কেহ বিল্বকাষ্ঠ দ্বারা তিলকরচনার নিষেধ করিয়া থাকেন।

শৈব-তিলক ।

শিবার্চ্চনায় ভস্ম দ্বারা ত্রিপুণ্ড্র করিতে হয়। ঊর্দ্ধপুণ্ড্রের পর "ওঁ নমঃ শিবায়" মন্ত্রে ত্রিপুণ্ড্র করিবে। হোমীয় বা শোধিত ভস্মই প্রশস্ত। ভস্মের অভাবে চন্দন, চন্দনের অভাবে মৃত্তিকা এবং মৃত্তিকার অভাবে জল দ্বারা ত্রিপুণ্ড্র রচনা করিতে হয়।

ত্রিপুণ্ড্র-ধারণস্থান ও নিয়ম।—মস্তক, ললাট, হৃদয়, নাভি, গলা, বাহুমূলদ্বয়, বাহুদ্বয়, হাতের কব্জি, পৃষ্ঠ, ঘাড়। ললাটে অবশ্যই কর্ত্তব্য। ভ্রূমধ্য হইতে দক্ষিণকর্ণমূল যাবৎ টানিয়া পুনরায় তথা হইতে বামকর্ণমূল যাবৎ মধ্যমা, অনামা ও অঙ্গুষ্ঠাঙ্গুলীযোগে তিনটি পাশাপাশি রেখা অঙ্কিত করিতে হয়।

শাক্ত-তিলক ।

চন্দন, রক্তচন্দন বা কুঙ্কুম দ্বারা ললাটদেশে অর্দ্ধচন্দ্রাকার তিনটি রেখা অঙ্কিত করিয়া তাহার মধ্যভাগে সিন্দূরবিন্দু দিবে। ইষ্টমন্ত্র পড়িয়া দিতে হয়; বিশেষতঃ তিলকদ্রব্যগুলিকে ইষ্টদেবতার চরণধূলিবৎ জ্ঞান করিবে। এই প্রকারে তিলক করিয়া তন্মধ্যে অতি গোপনে অস্পষ্টরূপে ইষ্টমন্ত্র লিখিবে। হৃদয়ে শ্বেতপদ্মাকৃতি তিলক করিয়া তাহাতে "হ্রুঁ" এই বীজ লিখিতে হয়। বাহুতে বেণার ন্যায় এবং পূর্ব্বকথিত তিলকধারণস্থানে বিন্দুবৎ তিলক রচনা করাই বিধিবিহিত।

বৈষ্ণব-তিলক ।

বাহুমূলে বংশপত্রবৎ, হৃদয়ে অশ্বত্থপত্রাকার এবং অন্যান্য স্থানে তুলসীপত্রবৎ তিলক রচনা করিবে। ললাটদেশে নাসামূল হইতে কেশ পর্য্যন্ত সচ্ছিদ্র ঊর্দ্ধপুণ্ড্র করিতে হয়। যথা—

ললাটে "কেশবায় নমঃ"; কণ্ঠে "পুরুষোত্তমায়"; বামবাহুতে "বাসুদেবায়"; দক্ষিণবাহুতে "দামোদরায়"; নাভিতে "নারায়ণায়"; হৃদয়ে "মাধবায়"; দক্ষিণপার্শ্বে "গোবিন্দায়"; বামপার্শ্বে "ত্রিবিক্রমায়"; বামকর্ণমূলে "বিষ্ণবে"; দক্ষিণকর্ণমূলে "মধুসূদনায়"; শিরোমধ্যে "হৃষীকেশায়"; পৃষ্ঠে "পদ্ম-

নাভায়"। প্রত্যেক নামের পর নমঃ শব্দ উচ্চার্য। এই প্রকারে তিলকরচনান্তে হস্তক্ষালনজল "বাসুদেবায় নমঃ" বলিয়া মস্তকে দিবে। *

হোমান্তে ভস্মতিলক।

হোমান্তে যেরূপে ভস্মতিলক ধারণ করিতে হয়, এ স্থানে তাহাও লিখিত হইল, যথা—

"কশ্যপস্য ত্র্যায়ুষং" মন্ত্রে ললাটে, "জমদগ্নেস্ত্র্যায়ুষং" মন্ত্রে কণ্ঠে, "যদ্দেবানাং ত্র্যায়ুষং" মন্ত্রে বাহুদ্বয়মূলে এবং "তন্মে অস্তু ত্র্যায়ুষং" (অন্যকে ধারণ করাইতে হইলে "তত্তে ত্র্যায়ুষং") মন্ত্রে হৃদয়ে ধারণ করিতে হয়।

তর্পণবিধি। †

তদনন্তর তর্পণ করিতে হয়। তর্পণ দুই প্রকার ;- নিত্য ও স্নানাঙ্গ। স্নান না করিয়া তর্পণ করাকে নিত্য এবং স্নানান্তে তর্পণ করাকে স্নানাঙ্গ তর্পণ কহে। যে জলাশয়ের জল যাবতীয় জীবের উদ্দেশ্যে উৎসর্গীকৃত হয় নাই, যে জল স্নানের অযোগ্য

* মতান্তরে ললাটে "কেশবায় নমঃ"। উদরে "নারায়ণায় নমঃ"। বক্ষে "মাধবায় নমঃ"। কণ্ঠকূপে "গোবিন্দায় নমঃ"। দক্ষিণকুক্ষিতে "বিষ্ণবে নমঃ"। দক্ষিণ-কন্ধরে "ত্রিবিক্রমায় নমঃ"। বামপার্শ্বে "বামনায় নমঃ"। বামবাহুতে "শ্রীধরায় নমঃ"। বামকন্ধরে "হৃষীকেশায় নমঃ"। পৃষ্ঠে "পদ্মনাভায় নমঃ" এবং কটিতে "দামোদরায় নমঃ" মন্ত্রে তিলক করিয়া করপ্রক্ষালনান্তে সেই জল "বাসুদেবায় নমঃ" বলিয়া শিরঃপ্রদেশে দিবে।

† নিত্যশ্রাদ্ধে অক্ষম হইলে তর্পণ দ্বারাই পিতৃযজ্ঞ সিদ্ধ হইয়া থাকে। ভিন্ন জাতির তর্পণ বা পিণ্ডদান করিতে নাই। প্রাতঃস্নানান্তে তিলকধারণ করিয়া তর্পণ করিতে হয়। প্রাতঃসন্ধ্যার যথাকাল অতীত হইবার আশঙ্কা থাকিলে সন্ধ্যান্তে তর্পণ করিবে। ঋগ্‌বেদীয়েরা জপবিসর্জ্জনান্তে সূর্য্যার্ঘপ্রদানের পূর্ব্বে, যজুর্ব্বেদীয়েরা ব্রহ্মযজ্ঞান্তে এবং সামবেদীয়েরা সূর্য্যোপস্থানান্তে "উপজায় নমঃ" মন্ত্রে জল দিবার পর তর্পণ করিবে। শূদ্রগণের পক্ষে প্রাতঃস্নানের পর তর্পণ ইরকা বিধি।

এবং যে জল নিপানজ, * তদ্দ্বারা তর্পণ করা নিষিদ্ধ। আর্দ্র বসনে তর্পণ করিবার আবশ্যক হইলে জলেই দাঁড়াইয়া করা কর্ত্তব্য; শুষ্কবস্ত্র পরিধান করিলে তীরে বসিয়া করিতে হয়। শুষ্কবস্ত্রে তর্পণ করিতে হইলে একপদ জলে ও একপদ স্থলে রাখিবে। স্বর্ণ, রজত বা কুশনির্ম্মিত অঙ্গুরী দক্ষিণকরের অনামাতে ধারণ করিয়া তর্পণ করা কর্ত্তব্য। এক হস্তে তর্পণ করিতে নাই। যব ও ত্রিপত্র দ্বারা দেব-তর্পণ এবং তিল ও কুশমোটক দ্বারা পিতৃতর্পণ করিবে। তিল-যবাদি প্রাপ্ত না হইলে জলে কুশ, রজত বা স্বর্ণ স্পর্শ করাইয়া তর্পণ করিতে হয়। বৃষ্টির জল, অন্ত্যজজাতির জলাশয়ের জল এবং শূদ্রাদি কর্ত্তৃক আনীত জলে তর্পণ করা নিষিদ্ধ; কিন্তু শূদ্রানীত গঙ্গোদকে দোষ নাই। তর্পণজল আধার হইতে অর্দ্ধ হস্ত উচ্চ করিয়া ফেলিবে। তর্পণজল জলাশয়েই ফেলিতে হয়; কিন্তু উদ্ধৃতজলে তর্পণ করিলে তজ্জল স্বর্ণ, রজত, তাম্রপাত্র বা কুশ অথবা জলপূরিত গর্ত্তে ফেলিবে; কোন অপবিত্র স্থলে ফেলিতে নাই। বামবাহুর রোমশূন্য স্থলে তিল-স্থাপন পূর্ব্বক দক্ষিণ-করের অঙ্গুষ্ঠ ও অনামা দ্বারা ঐ তিল লইবে। রবিবার, শুক্রবার, দ্বাদশী, অমাবস্যানিমিত্তক শ্রাদ্ধ ব্যতীত শ্রাদ্ধাহ, সপ্তমী, জন্মতিথি, সংক্রান্তি ও রাত্রিকালে তিল-তর্পণ নিষিদ্ধ, পরন্তু বিষুব ও অয়নসংক্রান্তি, গ্রহণ, যুগাদি, প্রেতপক্ষ অর্থাৎ মহালয়া অমাবস্যার পূর্ব্বপ্রতিপদ্ হইতে মহালয়া অমাবস্যা যাবৎ এবং গঙ্গাদি তীর্থে সর্ব্বদাই তিলতর্পণ করিতে পারে। এতদ্ব্যতীত শবদাহান্তে প্রেতোদ্দেশে সর্ব্বদাই তিলতর্পণ কর্ত্তব্য।

পুত্র-পৌত্রাদির অভাবে বিধবা স্ত্রী তিল-কুশ দ্বারা পতি, শ্বশুর ও তৎপিতার তর্পণ করিবে; স্ত্রী ও শূদ্র তর্পণমন্ত্র ব্রাহ্মণ দ্বারা পাঠ করাইয়া স্বয়ং "নমঃ নমঃ" বলিয়া জল দিবে। পরন্তু পিত্রাদির নাম উল্লেখ করত যে কার্য্য করিতে হয়, তাহা উচ্চারণ

* নিপান—কূপসমীপে গো প্রভৃতির পানার্থ কৃত্রিম জলাশয়।

কয়া স্ত্রী ও শূদ্রেরও কর্ত্তব্য। অনুপনীত ও জীবৎপিতৃক ব্যক্তি প্রেততর্পণ ব্যতীত অন্যতর্পণ করিবে না। একদিনে বহুতীর্থে স্নান বা গ্রহণাদিনিমিত্তক স্নানস্থলে প্রতি স্নানেই তর্পণ করিতে হয়।

সামবেদীয় তর্পণ।

(তীর্থ আবাহন)

প্রথমতঃ বারত্রয় আচমন করত প্রাচীনাবীতী * ও দক্ষিণাস্য হইয়া করযোড়ে নিম্নলিখিতমন্ত্রে তীর্থ আবাহন করিতে হইবে।† মন্ত্র যথা—

ওঁ কুরুক্ষেত্রং গয়া গঙ্গা প্রভাস-পুষ্করাণি চ।
তীর্থান্যেতানি পুণ্যানি তর্পণকালে ভবন্ত্বিহ॥

(দেবতর্পণ)

তৎপরে উপবীতী ‡ হইয়া নিম্নলিখিত মন্ত্রে দেবতর্পণ করিবে। এই তর্পণে দেবতীর্থ দ্বারা প্রত্যেকবার এক এক অঞ্জলি জল প্রদান করিতে হয়। ¶ যথা—

ওঁ ব্রহ্মা তৃপ্যতাম্, ওঁ বিষ্ণুস্তৃপ্যতাম্, ওঁ রুদ্রস্তৃপ্যতাম্, ওঁ প্রজাপতিস্তৃপ্যতাম্।

তৎপরে নিম্নলিখিত মন্ত্র পড়িয়া দেবতীর্থ দ্বারা এক অঞ্জলি জল দিবে। যথা—

ওঁ দেবা যক্ষাস্তথা নাগা গন্ধর্ব্বাপ্সরসোঽসুরাঃ।
ক্রূরাঃ সর্পাঃ সুপর্ণাশ্চ তরবো জিহ্মগাঃ খগাঃ।
বিদ্যাধরা জলধারাস্তথৈবাকাশগামিনঃ।
নিরাহারাশ্চ যে জীবাঃ পাপে ধর্ম্মে রতাশ্চ যে।
তেষামাপ্যায়নায়ৈতদ্দীয়তে সলিলং ময়া॥

---

* প্রাচীনাবীত—দক্ষিণস্কন্ধের উপর হইতে বামপার্শ্ব দিয়া যজ্ঞসূত্র লম্বিত করিয়া দিলেই তাহাকে প্রাচীনাবীত কহে।

† মতান্তরে তর্পণের প্রথমে তীর্থ আবাহন নাই।

‡ উপবীত—স্বভাবতঃ যে ভাবে গলদেশে যজ্ঞসূত্র লম্বিত থাকে।

¶ দেবতীর্থ বা দৈবতীর্থ—অঙ্গুলীর অগ্রভাগ।

(মনুষ্যতর্পণ)

তদনন্তর পশ্চিমাস্থে নিবীতী হইয়া কায়তীর্থ * দ্বারা ক্রোড়াভিমুখে দুই অঞ্জলি জল দিবে। মন্ত্র যথা—

ওঁ সনকশ্চ সনন্দশ্চ তৃতীয়শ্চ সনাতনঃ।
কপিলশ্চাসুরিশ্চৈব বোঢ়ুঃ পঞ্চশিখস্তথা।
সর্ব্বে তে তৃপ্তিমায়ান্তু মদ্দত্তেনাম্বুনা সদা॥

(ঋষিতর্পণ।)

অনন্তর পূর্ব্বাস্থে উপবীতী অবস্থায় যথাক্রমে নিম্নলিখিত মন্ত্রকয়টি পড়িয়া প্রত্যেককে দেবতীর্থ দ্বারা এক এক অঞ্জলি জল প্রদান করিবে। যথা—

ওঁ মরীচিস্তৃপ্যতাম্, ওঁ অত্রিস্তৃপ্যতাম্, ওঁ অঙ্গিরাস্তৃপ্যতাম্, ওঁ পুলস্ত্যস্তৃপ্যতাম্, ওঁ পুলহস্তৃপ্যতাম্, ওঁ ক্রতুস্তৃপ্যতাম্, ওঁ প্রচেতাস্তৃপ্যতাম্, ওঁ ভৃগুস্তৃপ্যতাম্, ওঁ নারদস্তৃপ্যতাম্, ওঁ দেবাস্তৃপ্যন্তাম্, ওঁ ব্রহ্মর্ষয়স্তৃপ্যন্তাম্।

(দিব্যপিতৃতর্পণ।)

অনন্তর দক্ষিণাস্থে প্রাচীনাবীতীভাবে নিম্নলিখিত সাতটি মন্ত্র যথাক্রমে পড়িয়া পিতৃতীর্থযোগে † প্রত্যেককে এক এক অঞ্জলি জল দিবে। যথা -

ওঁ অগ্নিষ্বাত্তাঃ পিতরস্তৃপ্যন্তামেতৎ সতিলোদকং তেভ্যঃ স্বধা।
ওঁ সৌম্যাঃ পিতরস্তৃপ্যন্তামেতৎ সতিলোদকং তেভ্যঃ স্বধা।
ওঁ বর্হিষদঃ পিতরস্তৃপ্যন্তামেতৎ সতিলোদকং তেভ্যঃ স্বধা।
ওঁ উষ্মপাঃ পিতরস্তৃপ্যন্তামেতৎ সতিলোদকং তেভ্যঃ স্বধা।
ওঁ সুকালিনঃ পিতরস্তৃপ্যন্তামেতৎ সতিলোদকং তেভ্যঃ স্বধা।

* নিবীত—মালাবৎ গলদেশে যজ্ঞসূত্রধারণ। কায়তীর্থ—কনিষ্ঠার মূলদেশ।
† পিতৃতীর্থ—অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মূলদেশ।

ওঁ বর্হিষদঃ পিতরস্তৃপ্যন্তামেতৎ সতিলোদকং তেভ্যঃ স্বধা।
ওঁ আজ্যপাঃ পিতরস্তৃপ্যন্তামেতৎ সতিলোদকং তেভ্যঃ স্বধা॥ *

(যমতর্পণ)

অনন্তর নিম্নলিখিত মন্ত্র যথাক্রমে বারত্রয় পাঠ করত অঞ্জলিত্রয় জল প্রদান দ্বারা যমতর্পণ করিবে। যথা—

ওঁ যমায় ধর্ম্মরাজায় মৃত্যবে চান্তকায় চ।
বৈবস্বতায় কালায় সর্ব্বভূতক্ষয়ায় চ॥
ঔডুম্বরায় দধ্নায় নীলায় পরমেষ্ঠিনে।
বৃকোদরায় চিত্রায় চিত্রগুপ্তায় বৈ নমঃ॥

(পিতৃতর্পণ)

তৎপরে তর্পণসমাপ্তি পর্য্যন্ত দক্ষিণমুখ ও প্রাচীনাবীতী হইয়া "ওঁ আগচ্ছন্তু মে পিতর ইমং গৃহন্ত্বপোঽঞ্জলিং" করপুটে এই বলিয়া পিতৃগণের আবাহন পূর্ব্বক পিতৃতীর্থযোগে নিম্নলিখিত প্রকারে গোত্র, সম্বন্ধ ও নাম উল্লেখ করত মন্ত্রপাঠ সহকারে পিতা, পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহ, মাতা, পিতামহী ও প্রপিতামহী এই নয় জনের প্রত্যেককে তিন তিন অঞ্জলি করিয়া জল দিবে, মন্ত্রও যথাক্রমে বারত্রয় পাঠ করিতে হয়। পরে এক একবার মন্ত্রপাঠ পূর্ব্বক মাতামহী, প্রমাতামহী ও বৃদ্ধপ্রমাতামহী এই তিন জনকে এক এক অঞ্জলি জল দিবে। যথা—

ওঁ বিষ্ণুরোম্ অমুকগোত্রঃ পিতা অমুকদেবশর্ম্মা তৃপ্যতামেতৎ সতিলোদকং তস্মৈ স্বধা।

* গঙ্গাদি তীর্থে বিনা তিলে তর্পণ করিতে নাই। সুতরাং সে স্থলে "সতিলগঙ্গোদকং" বলিবে। তিলের অভাব হইলে তৎপ্রতিনিধিস্বরূপ আর কিঞ্চিৎ জল লইয়া "সতিলগঙ্গোদকং" বলিতে হয়। অন্য কোন তীর্থের জল হইলে সেই তীর্থের নাম উচ্চারণ করিবে। যেমন যমুনা হইলে "সতিলযমুনোদকং" বলিবে।

ওঁ বিষ্ণুরোম্ (ইত্যাদি) পিতামহঃ (অমুকদেবশর্ম্মা ইত্যাদি)
" " প্রপিতামহঃ " "
" " মাতামহঃ " "
" " প্রমাতামহঃ " "
" " বৃদ্ধপ্রমাতামহঃ " "
" (অমুকগোত্রা ইত্যাদি) মাতা (অমুকীদেবী ইত্যাদি)
" " পিতামহী " "
" " প্রপিতামহী " "
" " মাতামহী " "
" " প্রমাতামহী " "
" " বৃদ্ধপ্রমাতামহী " "

অনন্তর ঐরূপ নিয়মে বিমাতা, পিতৃব্য, মাতুল, ভ্রাতা, ভগিনী, পিতৃস্বসা, মাতৃস্বসা ও সপিণ্ড প্রভৃতিকে এক এক অঞ্জলি সলিল দ্বারা তর্পণ করিবে। (পিতা, পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহ, মাতা, পিতামহী, প্রপিতামহী, মাতামহী, প্রমাতামহী, বৃদ্ধপ্রমাতামহী এই দ্বাদশজনের মধ্যে কেহ জীবিত থাকিলে তাহাকে পরিত্যাগ পূর্ব্বক ঊর্দ্ধতন পুরুষ ধরিয়া দ্বাদশসংখ্যা পূরণ করিতে হয়।)

(ভীষ্মতর্পণ)

ওঁ বৈয়াঘ্রপদ্যগোত্রায় সাংকৃতিপ্রবরায় চ।
অপুত্রায় দদাম্যেতৎ সলিলং ভীষ্মবর্ম্মণে॥

তৎপরে উক্ত মন্ত্রে ভীষ্মের উদ্দেশ্যে একবার জলাঞ্জলি দিয়া নিম্নলিখিত মন্ত্রে প্রণাম করিবে। যথা—

ভীষ্মঃ শান্তনবো বীরঃ সত্যবাদী জিতেন্দ্রিয়ঃ।
আভিরদ্ভিরবাপ্নোতু পুত্রপৌত্রোচিতাং ক্রিয়াম্॥

(ভীষ্মাষ্টমী অর্থাৎ মাঘী শুক্লাষ্টমীতেই ভীষ্মতর্পণ কর্ত্তব্য। প্রতিদিন করিবার প্রয়োজন নাই। কেহ কেহ প্রত্যহও করিয়া থাকেন। ব্রাহ্মণ ভিন্ন অন্য জাতি পিতৃতর্পণের পূর্ব্বে ভীষ্মতর্পণ করিবে।)

(অগ্নিদগ্ধাদি তর্পণ)

পরে নিম্নলিখিত দুইটি মন্ত্র পাঠ পূর্ব্বক এক এক অঞ্জলি জল দিবে। যথা—

ওঁ অগ্নিদগ্ধাশ্চ যে জীবা যেঽপ্যদগ্ধাঃ কুলে মম।
ভূমৌ দত্তেন তৃপ্যন্তু তৃপ্তা যান্তু পরাং গতিম্ ॥ ১ ॥
ওঁ যেঽবান্ধবা বান্ধবা বা যেঽন্যজন্মনি বান্ধবাঃ।
তে তৃপ্তিমখিলাং যান্তু যে চাস্মত্তোয়কাঙ্ক্ষিণঃ ॥ ২ ॥

(রামতর্পণ)

অনন্তর রামতর্পণ করিতে হয়। নিম্নলিখিত মন্ত্রটি যথাক্রমে তিনবার পড়িয়া তিন অঞ্জলি জল দিবে। যথা—

ওঁ আব্রহ্মভুবনাল্লোকা দেবর্ষিপিতৃমানবাঃ।
তৃপ্যন্তু পিতরঃ সর্ব্বে মাতৃমাতামহাদয়ঃ ॥
অতীতকুলকোটীনাং সপ্তদ্বীপনিবাসিনাম্।
ময়া দত্তেন তোয়েন তৃপ্যন্তু ভুবনত্রয়ম্ ॥

(লক্ষ্মণতর্পণ)

ওঁ আব্রহ্মস্তম্বপর্য্যন্তং জগৎ তৃপ্যতু।

তৎপরে উপরি-উক্ত মন্ত্র যথাক্রমে বারত্রয় পাঠ সহকারে জলাঞ্জলিত্রয় প্রদান করিবে।

(বস্ত্রনিষ্পীড়নোদকে তর্পণ) †

অনন্তর নিম্নলিখিত মন্ত্র পড়িয়া বস্ত্রনিষ্পীড়ন-জল দ্বারা ভূমিতে একবার জলপ্রদান করিবে, যথা—

ওঁ যে চাস্মাকং কুলে জাতা অপুত্রাগোত্রিণো মৃতাঃ।
তে তৃপ্যন্তু ময়া দত্তং বস্ত্রনিষ্পীড়নোদকম্ ॥

* একমাত্র লক্ষ্মণতর্পণ দ্বারাই সমগ্র তর্পণফল প্রাপ্ত হইতে পারা যায়; সুতরাং অক্ষম ব্যক্তি কেবল এই তর্পণ করিতে পারে।

† স্থলে উঠিয়া এই তর্পণ করিতে হয়, কেন না, জলে বস্ত্রনিষ্পীড়ন করিতে নাই। এই তর্পণের অগ্রেও বস্ত্রনিষ্পীড়ন নিষিদ্ধ। অমাবস্যা, পূর্ণিমা, দ্বাদশী, সংক্রান্তি ও শ্রাদ্ধাহে বস্ত্রনিষ্পীড়নজল দ্বারা তর্পণ করিতে নাই।

(পিতৃস্তুতি)

পরে পিতৃস্তুতি ও পিতৃ-নমস্কার করিতে হয়, যথা—

ওঁ পিতা স্বর্গঃ পিতা ধর্ম্মঃ পিতা হি পরমং তপঃ।
পিতরি প্রীতিমাপন্নে প্রীয়ন্তে সর্ব্বদেবতাঃ॥

(পিতৃনমস্কার)

পিতৄন্নমস্যে দিবি যে চ মূর্ত্তাঃ,
স্বধাভুজঃ কাম্যফলাভিসন্ধৌ।
প্রদানশক্তাঃ সকলেপ্সিতানাং
বিমুক্তিদা যেঽনভিসংহিতেষু॥

যজুর্ব্বেদীয়গণের ও শূদ্রের তর্পণ।

দক্ষিণমুখে আচমন পূর্ব্বক প্রাচীনাবীতী হইয়া করযোড়ে ওঁ কুরুক্ষেত্রং গয়াগঙ্গা" ইত্যাদি সামবেদীয় লিখিত মন্ত্রে তীর্থ আবাহন করিয়া "ওঁ দেবা আগচ্ছন্তু" এই বাক্যে দেবগণকে আবাহন করিবে। পরে পূর্ব্বমুখে উপবীতী হইয়া নিম্নকথিত মন্ত্রপাঠ সহকারে ব্রহ্মা হইতে প্রজাপতি যাবৎ চারিজনের প্রত্যেককে দেবতীর্থ দ্বারা এক এক অঞ্জলি জল প্রদান করিবে। যথা—

ওঁ ব্রহ্মা তৃপ্যতু, ওঁ বিষ্ণুস্তৃপ্যতু, ওঁ রুদ্রস্তৃপ্যতু, ওঁ প্রজাপতিস্তৃপ্যতু। *

তৎপরে "ওঁ দেবা যক্ষাস্তথা নাগা" ইত্যাদি (পূর্ব্বলিখিত) মন্ত্রে দেবতীর্থ দ্বারা এক অঞ্জলি জল দিবে। তদনন্তর উত্তরাস্যে নিবীতী হইয়া "ওঁ সনকশ্চ" ইত্যাদি মন্ত্র বারদ্বয় পাঠ করত কায়তীর্থ দ্বারা দুই অঞ্জলি জল প্রদান পূর্ব্বক মনুষ্য-তর্পণ করিতে হয়। তৎপরে পূর্ব্বমুখে উপবীতী অবস্থায় নিম্নলিখিত মন্ত্রে ঋষিতর্পণ করিবে। যথা—

ওঁ মরীচিস্তৃপ্যতু, ওঁ অত্রিস্তৃপ্যতু ওঁ অঙ্গিরাস্তৃপ্যতু, ওঁ

---

* শূদ্রগণ সর্ব্বত্র প্রণব পরিত্যাগ পূর্ব্বক অবশিষ্টাংশ উচ্চারণ করিবে।

পুলস্ত্যস্তৃপ্যতু, ওঁ পুলহস্তৃপ্যতু, ওঁ ক্রতুস্তৃপ্যতু ওঁ প্রচেতাস্তৃপ্যতু, ওঁ বশিষ্ঠস্তৃপ্যতু, ওঁ ভৃগুস্তৃপ্যতু, ওঁ নারদস্তৃপ্যতু, ওঁ দেবাস্তৃপ্যন্তু, ওঁ ব্রহ্মর্ষয়স্তৃপ্যন্তু, এই বলিয়া দেবতীর্থ দ্বারা প্রত্যেককে এক এক অঞ্জলি জল প্রদান করিবে।

তৎপরে দিব্যপিতৃতর্পণ।—দক্ষিণমুখে প্রচীনাবীতী হইয়া * ওঁ অগ্নিষ্বাত্তাঃ পিতরস্তৃপ্যন্তু, ওঁ সৌম্যাঃ পিতরস্তৃপ্যন্তু, ওঁ হবিষ্মন্তঃ পিতরস্তৃপ্যন্তু, ওঁ সুকালিনঃ পিতরস্তৃপ্যন্তু, ওঁ বর্হিষদঃ পিতরস্তৃপ্যন্তু, ওঁ আজ্যপাঃ পিতরস্তৃপ্যন্তু, এই নামগুলি তিন তিনবার পাঠ করত পিতৃতীর্থ দ্বারা প্রত্যেককে তিন তিনটি জলাঞ্জলি প্রদান করিবে।

অনন্তর "ওঁ যমায় ধর্ম্মরাজায়" ইত্যাদি মন্ত্রে যথাক্রমে তিন অঞ্জলি জল প্রদান-পূর্ব্বক যম-তর্পণ করিতে হয়। ‡

তৎপরে পিতৃতর্পণ করিতে হয়। করপুটে "ওঁ পিতৄন্ আবাহয়িষ্যে" এই বলিয়া ওঁ আবাহয় বলিবে। অনন্তর নিম্নলিখিত দুইটি মন্ত্র পাঠ করিবে, যথা—

ওঁ উশন্তস্ত্বা নিধীমহ্যুশন্তঃ সমিধীমহি উশন্নুশত আবহ পিতৄন্ হবিষেঽত্তবে ॥ ১ ॥

ওঁ আয়ান্তু নঃ পিতরঃ সোম্যাসোঽগ্নিষ্বাত্তাঃ পথিভির্দেবযানৈঃ অস্মিন্ যজ্ঞে স্বধয়া মদন্তোঽধিব্রুবন্তু তে অবন্ত্বস্মান্ ॥২॥

তৎপরে নিম্নলিখিত মন্ত্রে একটি জলাঞ্জলি দিবে, যথা—

ওঁ আগচ্ছন্তু মে পিতর ইমং গৃহ্নন্ত্বপোঽঞ্জলিম্।

পরে নিম্নলিখিত মন্ত্র যথাক্রমে বারত্রয় পাঠসহকারে পিতৃ-উদ্দেশে জলাঞ্জলিত্রয় দিতে হয়। যথা—

ওঁ উর্জ্জং বহন্তীরমৃতং ঘৃতং পয়ঃ কীলালং পরিস্রুতং স্বধাস্থ তর্পয়ত মে পিতৄন্।

ওঁ বিষ্ণুরোম্ অমুকগোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্ (শূদ্রপক্ষে

* তর্পণসমাপ্তি যাবৎ এইরূপ প্রাচীনাবীতী থাকিবে।

‡ এই স্থলেই ভীষ্মতর্পণ করা শূদ্রগণের কর্ত্তব্য।

অমুকদাস) এতৎ সতিলোদকং (তিলতর্পণ-নিষিদ্ধ-দিবসে—"এতদুদকং) তুভ্যং স্বধা। (শূদ্রপক্ষে—স্বধাস্থলে নমঃ)। *

এইরূপে পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ ও বৃদ্ধ-প্রমাতামহকে পিতামহাদি নাম উচ্চারণ সহকারে তর্পণ করিবে।

পরে নিম্নলিখিত মন্ত্র যথাক্রমে পাঠ করত মাতৃ-উদ্দেশে জলাঞ্জলিত্রয় প্রদান করিতে হয়। যথা—

ওঁ উর্জ্জং বহন্তীরমৃতং ঘৃতং পয়ঃ কীলালং পরিস্রুতং স্বধাস্থ তর্পয়ত মে পিতৄন্।

ওঁ অমুকগোত্রে মাতঃ অমুকিদেবি (শূদ্রপক্ষে অমুকিদাসি) এতৎ সতিলোদকং (নিষিদ্ধদিবসে—এতদুদকম্) তুভ্যং স্বধা।

তৎপরে সামবেদীয় তর্পণের লিখিত নিয়মে পিতামহী, প্রপিতামহী প্রভৃতির উদ্দেশ্যে এক এক অঞ্জলি জল দিবে।

অনন্তর সামবেদীয় তর্পণের লিখিত নিয়মে ভীষ্মতর্পণ করিতে হয়।

তৎপরে নিম্নকথিত মন্ত্রদ্বয় যথাক্রমে তিন তিনবার পাঠ করত তিন তিন অঞ্জলি জল দিবে। যথা—

ওঁ নরকেষু সমস্তেষু যাতনাসু চ যে স্থিতাঃ।
তেষামাপ্যায়নায়ৈতদ্দীয়তে সলিলং ময়া॥ ১॥
ওঁ যেঽবান্ধবা বান্ধবা বা যেঽন্যজন্মনি বান্ধবাঃ।
তে তৃপ্তিমখিলাং যান্তু যে চাস্মত্তোয়কাঙ্ক্ষিণঃ॥ ২॥

পরে সামবেদীয় তর্পণের লিখিত প্রণালীতে রামতর্পণ, লক্ষ্মণ-তর্পণ ও বস্ত্রনিষ্পীড়নোদকে তর্পণ করিয়া পিতৃস্তুতি পাঠ ও পিতৃনমস্কার করিতে হয়।

* "অমুকদাস তৃপ্যস্ব এতত্তে সতিলোদকং নমঃ" কেহ কেহ শূদ্রের পক্ষে এইরূপ মন্ত্রোচ্চারণের ব্যবস্থা দেন।

ঋগ্বেদীয়-তর্পণ।

যজুর্ব্বেদীয় তর্পণের নিয়মানুসারে প্রথম হইতে ঋষিতর্পণ যাবৎ শেষ করিয়া দক্ষিণমুখে প্রাচীনাবীতী অবস্থায় পিতৃতীর্থ দ্বারা "ওঁ অগ্নিষ্বাত্তাস্তৃপ্যন্তু, ওঁ সৌম্যাস্তৃপ্যন্তু, ওঁ হবিষ্মন্তস্তৃপ্যন্তু, ওঁ উষ্মপাস্তৃপ্যন্তু, ওঁ সুকালিনস্তৃপ্যন্তু, ওঁ বর্হিষদস্তৃপ্যন্তু, ওঁ আজ্যপাস্তৃপ্যন্তু," এই সাতটি মন্ত্রে তিন তিনবার করিয়া জল দিবে। পরে সামবেদীয় তর্পণের লিখিত নিয়মে যমতর্পণ করিয়া করপুটে "ওঁ আগচ্ছন্তু মে পিতর ইমং গৃহ্নন্তপোঽঞ্জলিং" এই বলিয়া পিতৃগণের আবাহন করত দক্ষিণমুখে প্রাচীনাবীতী হইয়া পিতৃতীর্থ দ্বারা পিতৃ-উদ্দেশ্যে তিন অঞ্জলি জল দিবে। মন্ত্র যথা—

ওঁ অমুকগোত্রং পিতরং অমুকদেবশর্ম্মাণং তর্পয়ামি এতৎসতিলোদকং (গঙ্গাজলস্থলে 'সতিলগঙ্গোদকং') (তিলতর্পণের নিষিদ্ধদিবসে "এতদুদকং") তস্মৈ স্বধা নমঃ।

পরে মাতৃ-উদ্দেশ্যেও তিন অঞ্জলি জল প্রদান করিতে হয়। মন্ত্র যথা—

ওঁ অমুকগোত্রাং মাতরং অমুকীদেবীং তর্পয়ামি এতৎসতিলোদকং তস্যৈ স্বধা নমঃ।

তদনন্তর সামবেদীয় পিতৃতর্পণের লিখিত নিয়মে অন্যান্য ব্যক্তির উদ্দেশ্যেও তর্পণ করিবে।

পরে "ওঁ আব্রহ্মস্তম্বপর্য্যন্তং জগৎ তৃপ্যতু" বলিয়া জলাঞ্জলিত্রয় প্রদান পূর্ব্বক "ওঁ আব্রহ্মভুবনা" ইত্যাদি মন্ত্রে এক অঞ্জলি এবং "ওঁ যেঽবান্ধবা বান্ধবা বা" ইত্যাদি মন্ত্রে এক অঞ্জলি জল দিবে।

অনন্তর সামবেদীয় তর্পণের প্রণালীতে বস্ত্রনিষ্পীড়নোদকে তর্পণ হইতে যাবতীয় কার্য্য সমাপ্ত করিতে হয়।

সন্ধ্যা।

সন্ধ্যার কর্ত্তব্যতা।

একদা মন্দেহনামক মহাবলিষ্ঠ ত্রিংশৎকোটি রাক্ষস মিলিত হইয়া দিবাকর সূর্য্যের সংহারার্থ উপস্থিত হইয়াছিল। তখন দেবগণ ও ঋষিগণ সমবেত হইয়া জলাঞ্জলি গ্রহণ পূর্ব্বক সন্ধ্যার উপাসনা করত সেই সন্ধ্যোপাসনাকৃত বজ্রীভূত জলপ্রক্ষেপ দ্বারা সমস্ত দৈত্যগণের বিনাশসাধন করেন; এই জন্য বিপ্রগণ নিত্য সন্ধ্যোপাসনা করিয়া থাকেন। শাস্ত্রেও ইহার প্রমাণ আছে, যথা—

ত্রিংশৎকোট্যো মহাবীর্য্যা মন্দেহা নাম রাক্ষসাঃ।
কৃষ্ণাতিদারুণা ঘোরাঃ সূর্য্যমিচ্ছন্তি খাদিতুম্॥
ততো দেবগণাঃ সর্ব্বে ঋষয়শ্চ তপোধনাঃ।
উপাসতেঽত্র যে সন্ধ্যাং প্রক্ষিপন্ত্যুদকাঞ্জলিম্॥
দহ্যন্তে তেন তে দৈত্যা বজ্রীভূতেন বারিণা।
এতস্মাৎ কারণাদ্বিপ্রাঃ সন্ধ্যাং নিত্যমুপাসতে॥

সন্ধ্যা অবশ্য কর্ত্তব্য। সন্ধ্যার উপাসনা করিলে বিষ্ণুর উপাসনা করা হয়। যিনি গায়ত্রী, তিনি সন্ধ্যা; একেই দ্বিধা হইয়া রহিয়াছেন। যিনি যাবজ্জীবন ত্রিসন্ধ্যা করেন, তিনি তেজে ও তপস্যায় সূর্য্যতুল্য হইয়া থাকেন; তদীয় পদধূলি দ্বারা ধরণী সদ্যঃপূতা হন; সেই সন্ধ্যাপূত তেজস্বী বিপ্র জীবন্মুক্ত সন্দেহ নাই। শাস্ত্রোক্ত প্রমাণ যথা—

যা সন্ধ্যা সা তু গায়ত্রী দ্বিধাভূত্বা প্রতিষ্ঠিতা।
সন্ধ্যা উপাসিতা যেন বিষ্ণুস্তেন উপাসিতঃ।
স চ সূর্য্যসমো বিপ্রস্তেজসা তপসা সদা।
তৎপাদপদ্মরজসা সদ্যঃ পূতা বসুন্ধরা।
জীবন্মুক্তঃ স তেজস্বী সন্ধ্যাপূতো হি যো দ্বিজঃ॥

সন্ধ্যার সাধারণ ব্যবস্থা।

সন্ধ্যার প্রকৃত সময় অতীত হইলে দশধা গায়ত্রী-জপরূপ

প্রায়শ্চিত্ত করিয়া সন্ধ্যা করিবে। বৈদিকী সন্ধ্যায় বৈদিকী এবং তান্ত্রিকী সন্ধ্যায় তান্ত্রিকী গায়ত্রী জপ কর্ত্তব্য।

সূর্য্যোদয়ের একদণ্ড পূর্ব্বে ও একদণ্ড পরে যে সময়, তাহাই সায়ংসন্ধ্যার কাল এবং যে সময় সূর্য্যদেব ঠিক আকাশের মধ্যস্থলে অবস্থিত থাকেন, তখনই মধ্যাহ্ন-সন্ধ্যা করিবে। ফলতঃ দিনমানের ন্যূনাধিক্যানুসারে এই সময় নিরূপণ করিবে।

সন্ধ্যা করিবার সময় মৌনভাবে থাকিতে হয়। তখন হাঁচি বা নিষ্ঠীবন ফেলিলে, কথা কহিলে, হাই তুলিলে, অধোবায়ুত্যাগ করিলে কিংবা নিদ্রাকর্ষণ হইলে বিষ্ণুস্মরণ পূর্ব্বক দক্ষিণকর্ণ স্পর্শ করিতে হয়, ইহাই ব্যবস্থা।

জননাশৌচ-দিনে সন্ধ্যা নিষিদ্ধ। তদ্ভিন্ন অমাবস্যা, পূর্ণিমা, দ্বাদশী, সংক্রান্তি ও শ্রাদ্ধদিনে সায়ংসন্ধ্যা করিবে না; কিন্তু নিষিদ্ধ দিবসে গায়ত্রীজপ করিতে পারে। তান্ত্রিকী সন্ধ্যা কোন দিনেই নিষিদ্ধ নহে, প্রত্যহই কর্ত্তব্য।

প্রমাদ নিবন্ধন পূর্ব্বসন্ধ্যার বাধ হইলে পরসন্ধ্যা করিবার অগ্রে পূর্ব্বসন্ধ্যা কর্ত্তব্য। তিনটি সন্ধ্যারই বাধ হইলে একদিন অনশনে থাকিবে; তাহাতে অসমর্থ হইলে একটি ব্রাহ্মণ ভোজন করাইবে কিংবা ভোজনদ্রব্যের উপযুক্ত মূল্য দিবে। পূর্ব্বাস্য হইয়া প্রাতঃসন্ধ্যা, পূর্ব্বাস্য বা উদঙ্মুখ হইয়া মধ্যাহ্ন-সন্ধ্যা এবং নৈঋর্তকোণাস্য হইয়া সায়ংসন্ধ্যা করিবে।

সন্ধ্যা কেবল উপনীত ব্রাহ্মণের পক্ষেই কর্ত্তব্য। প্রথমতঃ বারদ্বয় আচমন করিয়া বিষ্ণুস্মরণ পূর্ব্বক আপোমার্জ্জন করিবে অর্থাৎ নিম্নকথিত ছয়টি মন্ত্রপাঠ সহকারে কুশের দ্বারা বা হস্তদ্বারা মস্তকে বিন্দু বিন্দু জলের ছিটা দিবে, * যথা—

* সামবেদীয়গণ কালাতিপাতদোষনিরাকরণার্থ এই স্থানে দশধা গায়ত্রী জপ করিবে।

আপোমার্জ্জন।

ওঁ শন্ন আপো ধন্বন্যাঃ শমনঃ সন্তু নূপ্যাঃ। শন্নঃ সমুদ্রিয়া আপঃ শমনঃ সন্তু কূপ্যাঃ ॥১॥ ওঁ দ্রুপদাদিব মুমুচানঃ স্বিন্নঃ স্নাতো মলাদিব। পূতং পবিত্রেণেবাজ্যমাপঃ শুন্ধন্তু মৈনসঃ ॥ ২ ॥ ওঁ আপো হি ষ্ঠা ময়ো ভুবস্তা ন উর্জ্জে দধাতন। মহেরণায় চক্ষসে ॥ ৩ ॥ ওঁ যো বঃ শিবতমো রসস্তস্য ভাজয়তেহ নঃ। উশতীরিব মাতরঃ।৪॥ ওঁ তস্মা অরঙ্গমাম বো যস্য ক্ষয়ায় জিন্বথ আপো জনয়থা চ নঃ ॥ ৫ ॥ ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভীদ্ধাত্তপসোঽধ্যজায়ত। ততো রাত্র্যজায়ত, ততঃ সমুদ্রোঽর্ণবঃ, সমুদ্রাদর্ণবাদধিসংবৎসরোঽজায়ত।

মরুদেশোদ্ভব জল আমাদিগের কল্যাণ করুক, অনূপদেশজাত জল আমাদিগের মঙ্গলপ্রদ হউক, সাগরবারি আমাদিগের শ্রেয়োবিধান করুক এবং কূপজল আমাদিগের শুভদায়ী হউক ॥ ১ ॥ স্বেদাক্ত ব্যক্তি তরুমূলে থাকিয়া যে প্রকার স্বেদ হইতে মুক্তিলাভ করে, স্নাত ব্যক্তি যেরূপ শারীরিক মল হইতে মুক্ত হয়, মন্ত্রপাঠ দ্বারা হবিঃ যেমন পবিত্র হয়,জল আমাকে তদ্রূপ পাপ হইতে পরিত্রাণ করুক ॥ ২ ॥ হে জল-সকল! তোমরা পরমসুখপ্রদ; অতএব ইহকালে আমাদিগের অন্নের সংস্থান করিয়া দাও এবং পরলোকে সুদর্শন পরব্রহ্মের সহিত আমাদিগের সম্মিলন করিয়া দিও ॥ ৩ ॥ স্নেহময়ী জননী যেরূপ স্বীয় স্তনদুগ্ধ পান করাইয়া পুত্রের কল্যাণবিধান করে, হে জলসমূহ! তোমরাও তদ্রূপ ইহলোকে আমাদিগকে কল্যাণময় রসের দ্বারা পরিতৃপ্ত কর ॥৪॥ হে বারি-সমূহ! তোমরা যে রস দ্বারা অব্রহ্মস্তম্ব যাবৎ জগতের তৃপ্তিসাধন করিতেছ, সেই রস দ্বারা যেন আমাদিগের তুষ্টি জন্মে। তোমরা আমাদিগকে সেই রসভোগে অধিকার প্রদান কর ॥৫॥ মহাপ্রলয়কালে কেবলমাত্র ব্রহ্ম বিরাজমান ছিলেন, তখন সমস্ত অন্ধকারাবৃত ছিল; তদনন্তর সৃষ্টির প্রাক্কালে অদৃষ্টবশে সৃষ্টির মূলস্বরূপ

অহোরাত্রাণি বিদধদ্বিশ্বস্ত মিষতো বশী। সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা যথাপূর্ব্বমকল্পয়দ্দিবঞ্চ পৃথিবীঞ্চান্তরীক্ষমথো স্বঃ॥ ৬॥

অনন্তর কেবল প্রাতঃসন্ধ্যাকালে নিম্নলিখিত মন্ত্রটি পাঠ করিবে।

ওঁ নত্বা তু পুণ্ডরীকাক্ষমুপাত্তাঘঃপ্রশান্তয়ে।
ব্রহ্মবর্চ্চসকামার্থং প্রতঃসন্ধ্যামুপাস্মহে॥

প্রাণায়াম।

তৎপরে কৃতাঞ্জলি হইয়া নিম্নোক্ত মন্ত্রকয়টি পাঠ সহকারে ঋষ্যাদি স্মরণ করত শিরঃপ্রদেশের চারিদিকে জলবেষ্টন করিবে, * মন্ত্র যথা —

ওঁকারস্য ব্রহ্মঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা সর্ব্বকর্ম্মারম্ভে বিনিয়োগঃ॥ ৭॥ ওঁ সপ্তব্যাহৃতীনাং প্রজাপতির্ঋষির্গায়ত্র্যুষ্ণিগনুষ্টুব্-বৃহতীপঙ্‌ক্তিস্ত্রিষ্টুব্‌জগত্যশ্ছন্দাংসি অগ্নি-বায়ু-সূর্য্য-বৃহস্পতি-বরুণেন্দ্রবিশ্বেদেবা দেবতাঃ প্রাণায়ামে বিনিয়োগঃ॥৮॥ ওঁ গায়ত্র্যা

সলিলপূরিত সাগর সমুৎপন্ন হইল। সেই সাগরবারি হইতে জগৎ-সৃষ্টিকারী বিধাতা সঞ্জাত হইলেন। সেই বিধাতাই দিবা-প্রকাশক সূর্য্য ও নিশা-প্রকাশক চন্দ্র সৃষ্টি করিয়া বৎসর কল্পনা করেন অর্থাৎ সেই সময় হইতে দিবা, রাত্রি, ঋতু, অয়ন, বৎসর প্রভৃতি যথানিয়মে প্রতিষ্ঠিত হইল। পরে ব্রহ্মা একে একে মহদাদি ঊর্দ্ধতন চারিলোক ও ভূরাদি ত্রিলোকের সৃষ্টি করিলেন॥ ৬॥

* ঋষি—বেদ নিত্য; মহাপ্রলয়কালে বিলীনভাবে থাকে মাত্র; তদনন্তর সৃষ্টিকালে যিনি যে মন্ত্রটি প্রথম স্মরণ করেন অথবা যিনি যে মন্ত্রের দ্বারা সিদ্ধি প্রাপ্ত হন, তিনিই সেই মন্ত্রের ঋষি। ছন্দঃ—যে মন্ত্র যে ছন্দে রচিত, তাহাই সেই মন্ত্রের ছন্দঃ। দেবতা—মন্ত্রের প্রতিপাদ্য বস্তু। বিনিয়োগ—যে কর্ম্মে মন্ত্রের প্রয়োগ। প্রত্যেক মন্ত্রপাঠের প্রথমে এই প্রকারের মন্ত্রের ঋষি, ছন্দঃ, দেবতা ও বিনিয়োগ জানিতে হয়, ইহারই নাম ঋষ্যাদি ন্যাস।

বিশ্বামিত্রঋষির্গায়ত্রী ছন্দঃ সবিতা দেবতা প্রাণায়ামে বিনিয়োগঃ ॥৯॥ ওঁ গায়ত্রীশিরসঃ প্রজাপতিঋষির্গায়ত্রীচ্ছন্দো ব্রহ্মবায়ুগ্নিসূর্য্যাশ্চতস্রো দেবতাঃ প্রাণায়ামে বিনিয়োগঃ ॥ ১০ ॥

তৎপরে দক্ষিণ-হস্তের অঙ্গুষ্ঠ দ্বারা দক্ষিণনাসাপুট ধারণ করিয়া বামনাসাপুট দ্বারা বায়ু পূরণ করত নাভিদেশে ব্রহ্মাকে ধ্যান করিবে, যথা—

(নাভৌ রক্তবর্ণং চতুর্ম্মুখং দ্বিভুজং অক্ষসূত্রকমণ্ডলুকরং হংসাসনসমারূঢ়ং ব্রহ্মাণং ধ্যায়ন্) ॥ ১১ ॥ ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং ওঁ তৎসবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ। ওঁ আপো জ্যোতী রসোঽমৃতং ব্রহ্মভূর্ভুবঃ স্বরোঁ ॥ ১২ ॥

এই ভাবে থাকিয়া অনামিকা ও কনিষ্ঠা অঙ্গুলী দ্বারা বামনাসাপুট ধরিয়া বায়ুরোধরূপ কুম্ভক করত এই মন্ত্র পড়িবে, যথা—

(হৃদি ওঁ নীলোৎপলদলপ্রভং চতুর্ভুজং শঙ্খচক্রগদাপদ্মধরং গরুড়াসনসমারূঢ়ং কেশবং ধ্যায়ন্) ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং ওঁ তৎসবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি

ব্রহ্মা লোহিতবর্ণ, চতুরানন, অক্ষসূত্র-কমণ্ডলুধারী, দ্বিভুজ ও হংসারূঢ়। এই প্রকারে নাভিস্থলে ধ্যান করিয়া নিম্নলিখিতরূপে চিন্তা করিবে ॥ ১১ ॥

যাঁহা দ্বারা ভূঃ প্রভৃতি সপ্তলোক প্রকাশিত হইতেছে, যিনি জল, তেজ ও রসরূপে বিদ্যমান, যিনি অখিলজীবের হৃদয়ে জীবাত্মরূপে অধিষ্ঠিত, যিনি সত্ত্বাদি ত্রিগুণভেদে ব্রহ্মাবিষ্ণুরুদ্ররূপে বিরাজমান, সেই আদিত্যমণ্ডলোপাধি-পরিচ্ছিন্ন চৈতন্যকে (ব্রহ্মকে) আমরা আরাধনা করি। তিনি ধর্ম্মাদি চতুর্ব্বর্গবিষয়ে আমাদিগের বুদ্ধিবৃত্তিকে প্রেরিত করিতেছেন ॥ ১২ ॥

নীলোৎপলদলপ্রভ, চতুর্ভুজ, শঙ্খচক্রগদাপদ্মহস্ত, গরুড়াসন

ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ; ওঁ আপো জ্যোতী রসোঽমৃতং ব্রহ্ম-ভূর্ভুর্বঃ স্বরোঁ ॥ ১৩ ॥

পরে বৃদ্ধাঙ্গুষ্ঠ উত্তোলন পূর্ব্বক দক্ষিণনাসাপুট দ্বারা ধীরে ধীরে বায়ুত্যাগ করিয়া এই মন্ত্র পড়িবে, যথা—

(ললাটে শ্বেতং দ্বিভুজং ত্রিশূলডমরুকরং অর্দ্ধচন্দ্রবিভূষিতং ত্রিনেত্রং বৃষভারূঢ়ং শম্ভুং ধ্যায়ন্) ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং ওঁ তৎসবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি, ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ । ওঁ আপো জ্যোতী রসো-ঽমৃতং ব্রহ্মভূর্ভুর্বঃ স্বরোঁ ॥ ১৪ ॥

তৎপরে দক্ষিণকরে জল লইয়া প্রাতঃসন্ধ্যায় নিম্নকথিত মন্ত্র-পাঠসহকারে বারত্রয় জলপান করত আচমন করিবে ।—

প্রাতরাচমন ।

সূর্য্যশ্চ মেতি মন্ত্রস্য ব্রহ্ম-ঋষিঃ প্রকৃতিশ্ছন্দ আপো দেবতা আচমনে বিনিয়োগঃ। ওঁ সূর্য্যশ্চ মা মন্যুশ্চ মন্যুপতয়শ্চ মন্যু-কৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাম্। যদ্রাত্র্যা পাপমকার্ষং মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না অহস্তদবলুম্পতু। যৎ কিঞ্চিদ্দুরিতং

সমারূঢ় বিষ্ণুকে হৃদয়ে ধ্যান করিতে করিতে পূর্ব্ববং গায়ত্রীর অর্থ চিন্তা করিবে ॥ ১৩ ॥

শ্বেতবর্ণ, দ্বিভুজ, ত্রিশূলডমরুকর, অর্দ্ধচন্দ্রবিভূষিত, ত্রিনেত্র, বৃষভস্থ শম্ভুকে ললাটে ধ্যান করিতে করিতে পূর্ব্ববং সপ্তব্যাহৃতি-যুক্ত সশিরস্ক গায়ত্রীর অর্থ চিন্তা করিবে ॥ ১৮ ॥

"সূর্য্যশ্চ মা" ইত্যাদি মন্ত্রের ঋষি ব্রহ্মা, প্রকৃতি ইহার ছন্দঃ, জল দেবতা এবং আচমনকর্ম্মে ইহার প্রয়োগ হয়। সূর্য্য, যজ্ঞ ও যজ্ঞপতি ইন্দ্রাদি অমরগণ অসম্পূর্ণযজ্ঞ-জনিত পাপ হইতে আমাকে উদ্ধার করুন্। আমি রাত্রিকালে মন, বাক্য, হস্ত, পদ, জঠর ও শিশ্ন দ্বারা যে পাপ করিয়াছি, দিবা তাহা বিনাশ করুন্। আমাতে যে কিছু পাপ আছে, তৎসমস্ত এই সলিলে সংক্রামিত করিয়া এই

ময়ি ইদমহমাপোঽমৃতযোনৌ সূর্য্যে জ্যোতিষি পরমাত্মনি জুহোমি স্বাহা ॥ ১৫ ॥

মধ্যাহ্নাচমন।

আপঃ পুনন্ত্বিতি মন্ত্রস্য বিষ্ণুঋষিরনুষ্টুপ্ ছন্দ আপো দেবতা আচমনে বিনিয়োগঃ। ওঁ আপঃ পুনন্তু পৃথিবীং, পৃথ্বী পূতা পুনাতু মাম্। পুনন্তু ব্রহ্মণস্পতির্ব্রহ্ম পূতা পুনাতু মাম্। যদুচ্ছিষ্টমভোজ্যঞ্চ যদ্বা দুশ্চরিতং মম। সর্ব্বং পুনান্তু মামাপোঽসতাঞ্চ প্রতিগ্রহং স্বাহা ॥ ১৬ ॥

সায়াহ্নে আচমন।

অগ্নিশ্চ মেতি মন্ত্রস্য রুদ্র-ঋষিঃ প্রকৃতিশ্ছন্দ আপো দেবতা আচমনে বিনিয়োগঃ। ওঁ অগ্নিশ্চ মা মন্যুশ্চ মন্যুপতয়শ্চ মন্যুকৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাম্। যদহ্না পাপমকার্ষং মনসা বাচা

পাপময় সলিল হৃৎপদ্ম-মধ্যগত অমৃতযোনি (চৈতন্যশক্তিপ্রকাশক) জ্যোতির্ম্ময় সূর্য্যে সমর্পণ (হোম) করিলাম; উহা নিঃশেষে ভস্মীভূত হউক ॥ ১৫ ॥

"আপঃ পুনন্তু" ইত্যাদি মন্ত্রের ঋষি বিষ্ণু, অনুষ্টুপ ইহার ছন্দঃ, জল ইহার দেবতা এবং আচমনকর্ম্মে ইহার প্রয়োগ হয়। জল আমার পার্থিব কায়ের পবিত্রতাবিধান করুক, দেহ পবিত্র হইয়া আমাকে (ক্ষেত্রজ্ঞ আত্মাকে) পবিত্র করুক, জল পরমাত্মাকে পবিত্র করুক এবং পরমাত্মা পবিত্র হইয়া আমাকে বিশুদ্ধ করুন্। উচ্ছিষ্ট-সেবন, অখাদ্য-ভোজন, অসদ্ব্যবহার ও অসৎপ্রতিগ্রহজনিত মদীয় যে কিছু পাতকসঞ্চয় হইয়াছে, জল সেই সমস্ত পাপ হইতে আমাকে পরিমুক্ত করুক; পাপবিনাশক অভিমন্ত্রিত এই জল অমৃতাখ্য অগ্নিস্থ সত্যস্বরূপ পরমাত্মাতে আহুতি প্রদান করিলাম, উহা নিঃশেষে ভস্মীভূত হইয়া যাউক ॥ ১৬ ॥

"অগ্নিশ্চ মা" ইত্যাদি মন্ত্রের ঋষি রুদ্র, প্রকৃতি ইহার ছন্দঃ, জল দেবতা এবং আচমনকর্ম্মে প্রয়োগ হয়। অগ্নি, যজ্ঞ ও

হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না রাত্রিস্তদবলুম্পতু। যৎকিঞ্চিদ্ দুরিতং ময়ি ইদমহমাপোঽমৃতযোনৌ সত্যে জ্যোতিষি পরমাত্মনি জুহোমি স্বাহা॥ ১৭॥

পুনর্ম্মার্জ্জন।

অনন্তর জলে গায়ত্রী জপ করিয়া ঋষ্যাদিসহ নিম্নলিখিত মন্ত্রত্রয়ে মস্তকে বারত্রয় জল দিবে। পরন্ত যজুর্ব্বেদীয়গণের পক্ষে গায়ত্রীজপ নিষিদ্ধ, কেবল আপো হি ষ্ঠা ইত্যাদি মন্ত্রে মার্জ্জন করিবে। মন্ত্র যথা—

আপো হি ষ্ঠেতি ঋকৃত্রয়স্য সিন্ধুদ্বীপঋষির্গায়ত্রীচ্ছন্দ আপো দেবতা মার্জ্জনে বিনিয়োগঃ॥

ওঁ আপো হি ষ্ঠা ময়ো ভুবস্তা ন উর্জ্জে দধাতন। মহে রণায় চক্ষসে॥ ওঁ যো বঃ শিবতমো রসস্তস্য ভাজয়তেহ নঃ। উশতীরিব মাতরঃ॥ ওঁ তস্মা অরঙ্গমাম বো যস্য ক্ষয়ায় জিন্বথ। আপো জনয়থা চ নঃ॥ ১৮॥

অঘমর্ষণ।

তৎপরে নাসিকাগ্রে এক গণ্ডূষ জল ধারণ পূর্ব্বক নিম্নলিখিত মন্ত্রপাঠ করিতে করিতে নিশ্বাস দ্বারা অভ্যন্তরগত ভস্মীভূত পাপ

যজ্ঞপতি ইন্দ্রাদি দেবগণ আমার পাপ ধ্বংস করিয়া আমাকে উদ্ধার করুন্। আমি দিবাভাগে মন, বাক্য, হস্ত, চরণ, উদর ও শিশ্ন দ্বারা যে সমস্ত পাপাচরণ করিয়াছি, নিশা তৎসমস্ত দূর করুন্; আমার শরীরে যে কিছু পাপসঞ্চয় হইয়াছে, তন্মিশ্রিত এই সলিলকে আমি অমৃতযোনি (চৈতন্যশক্তিপ্রকাশক) হৃদয়-মধ্যগত জ্যোতির্ম্ময় সত্যে (ব্রহ্মে) হোম করিলাম,উহা নিঃশেষে ভস্মীভূত হইয়া যাউক্॥ ১৭॥

"আপো হি ষ্ঠা" ইত্যাদি তিনটি মন্ত্রের ঋষি সিন্ধুদ্বীপ, গায়ত্রী ইহার ছন্দঃ, জল দেবতা এবং মার্জ্জনক্রিয়ায় ইহার প্রয়োগ হয়॥ ১৮॥

রাশি নিষ্ক্রান্ত হইয়া ঐ জলগণ্ডুষে মিশিয়াছে, এইরূপ ভাবনা করত সেই জল বামভাগে ভূপৃষ্ঠে ফেলিবে। অনন্তর, হস্তপ্রক্ষালন পূর্ব্বক তিনবার গায়ত্রীপাঠ সহকারে সূর্য্যকে অঞ্জলিত্রয় জল দিতে হয়।

ঋতমিত্যস্যাঘমর্ষণ-ঋষিরনুষ্টুপ্ ছন্দো ভাববৃত্তো দেবতা অশ্বমেধাবভৃথে বিনিয়োগঃ। ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভীদ্ধাত্তপসোঽধ্যজায়ত ততো রাত্র্যজায়ত, ততঃ সমুদ্রোঽর্ণবঃ। সমুদ্রাদর্ণবাদধিসংবৎসরোঽজায়ত। অহোরাত্রাণি বিদধদ্বিশ্বস্য মিষতো বশী। সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা যথাপূর্ব্বমকল্পয়ৎ। দিবঞ্চ পৃথিবীঞ্চান্তরীক্ষমথো স্বঃ॥ ১৯॥ *

সূর্য্যোপস্থান।

প্রভাতে ও সন্ধ্যাকালে করপুটে এবং মধ্যাহ্নে ঊর্দ্ধবাহু হইয়া নিম্নলিখিত মন্ত্র দ্বারা সূর্য্যোপস্থান করিবে। যথা—

উদু ত্যমিত্যস্য প্রস্কন্ন-ঋষির্গায়ত্রীচ্ছন্দঃ সূর্য্যো দেবতা সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ উদু ত্যং জাতবেদসং দেবং বহন্তি কেতবঃ। দৃশে বিশ্বায় সূর্য্যম্॥ ২০॥

"ঋতঞ্চ" ইত্যাদি মন্ত্রের ঋষি অঘমর্ষণ, অনুষ্টুপ্ ছন্দঃ, ভাববৃত্ত দেবতা এবং অশ্বমেধযজ্ঞান্তে স্নানকর্ম্মে ইহার প্রয়োগ॥ ১৯॥

"উদু ত্যং" ইত্যাদি মন্ত্রের ঋষি প্রস্কন্ন, গায়ত্রী ছন্দঃ, সূর্য্য দেবতা এবং সূর্য্যোপস্থানে ইহার প্রয়োগ হয়। অগ্নিতুল্য তেজোযুক্ত সুপ্রসিদ্ধ আদিত্যদেবকে তদীয় রশ্মিরাশি ঊর্দ্ধে ধারণ করিয়া রাখিয়াছে, এই হেতু সকললোক প্রকাশিত হইতেছে॥ ২০॥

* এই কয়টি মন্ত্রের অর্থ পূর্ব্বে লিখিত হইয়াছে।

চিত্রমিত্যস্য কৌৎস-ঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দঃ সূর্য্যো দেবতা সূর্য্যোপ-স্থানে বিনিয়োগঃ। ওঁ চিত্রং দেবানামুদগাদনীকং, চক্ষুর্ম্মিত্রস্য বরুণস্যাগ্নেঃ আপ্রা দ্যাবাপৃথিবীঞ্চান্তরীক্ষং সূর্য্য আত্মা জগতস্তস্থুষশ্চ ॥ ২১ ॥

তদনন্তর নিম্নলিখিত কয়েকটি মন্ত্রের এক একটি পাঠ পূর্ব্বক এক এক অঞ্জলি জল দিতে হয়। যথা—

ওঁ ব্রহ্মণে নমঃ, ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ, ওঁ আচার্য্যেভ্যো নমঃ, ওঁ ঋষিভ্যো নমঃ * ওঁ দেবেভ্যো নমঃ, ওঁ মৃত্যবে নমঃ, ওঁ বায়বে নমঃ, ওঁ বিষ্ণবে নমঃ, ওঁ বৈশ্রবণায় নমঃ, ওঁ উপজায় নমঃ। †

গায়ত্রীজপ।

আবাহন।

কৃতাঞ্জলি হইয়া নিম্নলিখিত মন্ত্রে গায়ত্রীর আবাহন হয়। যথা—

ওঁ আয়াহি বরদে দেবি ত্র্যক্ষরে ব্রহ্মবাদিনি।
গায়ত্রিচ্ছন্দসাং মাতর্ব্রহ্মযোনি নমোঽস্তু তে ॥২২

"চিত্রম্" ইত্যাদি মন্ত্রের ঋষি কৌৎস, ছন্দঃ ত্রিষ্টুপ্, সূর্য্য দেবতা এবং সূর্য্যোপস্থানে ইহার প্রয়োগ হয়। দেবগণের বিস্ময়-প্রদ তেজোরাশিস্বরূপ সূর্য্যদেব উদিত হইয়াছেন। ইনি মিত্র, বরুণ ও অগ্নি এই দেবত্রয়ের নেত্রস্বরূপ, অন্য দেববৃন্দের দৃষ্টিস্বরূপ এবং স্থাবরজঙ্গমের আত্মস্বরূপ। ইনি নিজময়ূখমালা দ্বারা স্বর্গ, মর্ত্ত্য ও আকাশকে পরিপূর্ণ করিয়াছেন ॥ ২১ ॥

হে বরপ্রদে দেবি! হে অক্ষরত্রয়ময়ি! হে ব্রহ্মপ্রকাশিনি! হে ছন্দোমাতঃ! হে বেদোদ্ভবে গায়ত্রি! জপের সময় আমার সমীপবর্ত্তিনী হও, তোমাকে প্রণাম করি ॥ ২২ ॥

---

* এই স্থানে অনেকে "ওঁ গুরুভ্যো নমঃ" বলিয়া এক অঞ্জলি জল দেন।
† মধ্যাহ্নস্নানের পর তর্পণ করিবার আবশ্যক হইলে এই সময়েই করিবে।

আবাহনান্তে ন্যাস করিবে। যথা—

অঙ্গন্যাস।

"ওঁ হৃদয়ায় নমঃ" মন্ত্রে তর্জ্জনী, মধ্যমা ও অনামিকার অগ্রভাগ দ্বারা হৃদয়, "ওঁ ভূঃ শিরসে স্বাহা" মন্ত্রে তর্জ্জনী ও মধ্যমার অগ্রভাগ দ্বারা মস্তক; "ওঁ ভুবঃ শিখায়ৈ বষট্" মন্ত্রে বৃদ্ধাঙ্গুষ্ঠের অগ্রভাগ দ্বারা শিখা; "ওঁ স্বঃ কবচায় হুঁ" মন্ত্রে দক্ষিণকরের পঞ্চাঙ্গুলীর অগ্রভাগ দ্বারা দক্ষিণবাহু এবং "ওঁ ভূর্ভুবঃ স্বঃ নেত্রত্রয়ায় বৌষট্" মন্ত্রে তর্জ্জনী ও অনামার অগ্র দ্বারা চক্ষু স্পর্শ করিয়া "ওঁ ভূর্ভুবঃ স্বঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্" বলিয়া তর্জ্জনী ও মধ্যমা যোগ করত বামকরের পৃষ্ঠতল স্পর্শ পূর্ব্বক তালি দিবে। এইরূপে বারত্রয় অঙ্গন্যাস করা কর্ত্তব্য। তদনন্তর ধ্যান করিবে। ধ্যান ত্রিবিধ। যথা—

প্রাতর্ধ্যান।

ওঁ কুমারীং ঋগ্বেদযুতাং ব্রহ্মরূপাং বিচিন্তয়েৎ।
হংসস্থিতাং কুশহস্তাং সূর্য্যমণ্ডলসংস্থিতাম্ ॥ ২৩ ॥

মধ্যাহ্নধ্যান।

ওঁ মধ্যাহ্নে বিষ্ণুরূপাঞ্চ তার্ক্ষ্যস্থাং পীতবাসসীম্।
যুবতীঞ্চ যজুর্ব্বেদাং সূর্য্যমণ্ডলসংস্থিতাম্ ॥ ২৪ ॥

সায়াহ্নধ্যান।

ওঁ সায়াহ্নে শিবরূপাঞ্চ বৃদ্ধাং বৃষভবাহিনীম্।
সূর্য্যমণ্ডলমধ্যস্থাং সামবেদসমাযুতাম্ ॥ ২৫ ॥

প্রাতঃকালে গায়ত্রীকে কুমারী, ঋগ্বেদোদ্ভূতা, ব্রহ্মস্বরূপিণী, হংসবাহনা, কুশধারিণী ও সূর্য্যমণ্ডলস্থিতা ধ্যান করিবে॥ ২৩॥

মধ্যাহ্নকালে গায়ত্রীকে বৈষ্ণবী, গরুড়াসনা, পীতাম্বরধারিণী, যুবতী, যজুর্ব্বেদোদ্ভূতা ও সূর্য্যমণ্ডলগতা ধ্যান করিবে॥ ২৪॥

সায়াহ্নকালে গায়ত্রী দেবীকে শিবশক্তি, বৃদ্ধা, বৃষারূঢ়া, সামবেদোদ্ভূতা ও সূর্য্যমণ্ডলমধ্যগতা ধ্যান করিবে॥ ২৫॥

ধ্যানান্তে গায়ত্রীর ঋষ্যাদি স্মরণ করিবে, যথা —

ওঁ গায়ত্র্যা বিশ্বামিত্র-ঋষির্গায়ত্রীচ্ছন্দঃ সবিতা দেবতা জপো-পনয়নে বিনিয়োগঃ ॥ ২৬ ॥ *

তদনন্তর যথাশক্তি দশধা, অষ্টোত্তরশত কিংবা অষ্টোত্তর-সহস্রবার গায়ত্র জপ করিবে। গায়ত্রী যথা—

ওঁ ভূর্ভুবঃ স্বঃ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি, ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ ॥ ২৭ ॥

এইরূপে প্রভাতে, মধ্যাহ্নে ও সায়াহ্নে যথাক্রমে গায়ত্রী, সাবিত্রী ও সরস্বতীকে ধ্যান করিবে। প্রাতঃকালে উর্দ্ধভাবে থাকিয়া হস্তদ্বয় উর্দ্ধোত্তান, মধ্যাহ্নে তদনুরূপে অবস্থান করত হস্ত-দ্বয় তির্য্যগ্‌গত এবং সায়ংকালে উপবিষ্ট হইয়া করদ্বয়কে অধো-মুখ করত অনামা অঙ্গুলীর মধ্যপর্ব্ব,মূলপর্ব্ব, কনিষ্ঠাঙ্গুলীর মূলাদি পর্ব্বত্রয়, অনামিকার অগ্রপর্ব্ব, মধ্যমাঙ্গুলীর অগ্রপর্ব্ব আর তর্জ্জ-নীর পর্ব্বত্রয় এই দশসংখ্য পর্ব্বে অঙ্গুষ্ঠাগ্রপর্ব্ব দ্বারা গায়ত্রী জপ

বিশ্বামিত্র গায়ত্রীর ঋষি, গায়ত্রী ছন্দ, সূর্য্য দেবতা এবং জপে ইহার প্রয়োগ হয়॥ ২৬ ॥

স্থাবরজঙ্গমাত্মক ত্রিভুবনস্বরূপ, জননমরণদুঃখাদি-বিদূরণার্থ উপাস্য, আদিত্যমণ্ডলান্তর্গত তেজের প্রাণভূত, সৃষ্টিস্থিতিসংহার-কারিণী শক্তির অবিচ্ছিন্ন, সর্ব্বান্তর্যামী পরব্রহ্মকে "তিনিই আমি" এই ভাবে ধ্যান করি। তিনি আমাদের বুদ্ধিবৃত্তিকে ধর্ম্মাদি চতুর্ব্বর্গবিষয়ে প্রেরণ করিতেছেন। তিনি ভূরাদি সপ্তলোকের প্রকাশক, বারি, তেজ ও রসরূপে অধিষ্ঠিত, সূর্য্যমণ্ডলোপাধি-পরিচ্ছিন্ন চৈতন্যস্বরূপ ও সত্ত্বাদি গুণভেদে ব্রহ্ম-বিষ্ণুরুদ্ররূপে বিরাজমান ॥ ২৭ ॥

* অনেকে ধ্যানের পূর্ব্বে ঋষ্যাদি স্মরণ করিয়া থাকেন।

করিতে হয়। গায়ত্রীজপের প্রথমে ও শেষে গায়ত্রীর স্তবকবচ পাঠ এবং প্রথমে গায়ত্রীশাপোদ্ধার পাঠ করা কর্ত্তব্য। *

তৎপরে জপ-বিসর্জ্জন করিতে হয়। মন্ত্র যথা—

ওঁ মহেশবদনোৎপন্না বিষ্ণোর্হৃদয়সম্ভবা।
ব্রহ্মণা সমনুজ্ঞাতা গচ্ছ দেবি যথেচ্ছয়া ॥২৮॥

অনন্তর "অনেন জপেন ভগবন্তাবাদিত্যশুক্রৌ প্রীয়েতাম্। ওঁ আদিত্যশুক্রাভ্যাং নমঃ" এই মন্ত্রে এক গণ্ডূষ জল দিয়া নিম্নোক্ত মন্ত্রে দক্ষিণকরের অঙ্গুষ্ঠ দ্বারা দক্ষিণকর্ণের পৃষ্ঠদেশ স্পর্শ করিয়া মস্তকে জলপ্রক্ষেপ করত আত্মরক্ষা করিবে। যথা—

আত্মরক্ষা।

জাতবেদ ইত্যস্য কাশ্যপঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দোঽগ্নির্দ্দেবতা আত্মরক্ষায়াং জপে বিনিয়োগঃ। ওঁ জাতবেদসে সুনবাম সোমমরাতীয়তো নিদহাতি। বেদঃ স নঃ পরিষদতি, দুর্গাণি বিশ্বা নাবেব সিন্ধুং দুরিতাত্যগ্নিঃ ॥২৯॥

হে দেবি! তুমি মহেশ্বরের বদনদেশ হইতে সঞ্জাত হইয়াছ এবং ব্রহ্মার অনুজ্ঞায় বিষ্ণুর বক্ষঃপ্রদেশে অধিষ্ঠান করিয়াছ, তুমি স্বেচ্ছানুসারে প্রস্থান কর ॥ ২৮ ॥

কাশ্যপ আত্মরক্ষা-মন্ত্রের ঋষি, ত্রিষ্টুপ্ ছন্দঃ, অগ্নি দেবতা এবং আত্মরক্ষণকার্য্যে ইহার প্রয়োগ হয়। যে অগ্নি আমাদিগের অনিষ্টকারীদিগকে ভস্মীভূত করেন ও বেদকে আয়ত্ত করিয়া দেন, নৌকাযোগে তটিনী-উত্তরণের ন্যায় জগৎ যে অগ্নি দ্বারা দুস্তর পাপ হইতে পরিত্রাণ পায়, আমরা সেই অগ্নির জন্য সোমযজ্ঞের আচরণ করি ॥ ২৯ ॥

* স্তবকবচাদি ৮ম পল্লীতে দ্রষ্টব্য

রুদ্রোপস্থান।

পরে কৃতাঞ্জলি হইয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে। যথা—

ঋতমিত্যস্য কালাগ্নিরুদ্র-ঋষিরনুষ্টুপ্ ছন্দো রুদ্রো দেবতা রুদ্রোপস্থানে বিনিয়োগঃ।

ওঁ ঋতং সত্যং পরং ব্রহ্ম পুরুষং কৃষ্ণপিঙ্গলম্।
ঊর্দ্ধলিঙ্গং বিরূপাক্ষং বিশ্বরূপং নমো নমঃ ॥ ৩০ ॥

তদনন্তর নিম্নলিখিত মন্ত্র কয়টির এক একটি পাঠ পূর্ব্বক এক এক অঞ্জলি জল দিতে হয়। যথা—

ওঁ ব্রহ্মণে নমঃ, ওঁ অদ্ভ্যো নমঃ, ওঁ বরুণায় নমঃ, ওঁ বিষ্ণবে নমঃ, ওঁ রুদ্রায় নমঃ।

সূর্য্যার্ঘ্য।

তৎপরে (অর্ঘ্যদ্রব্য বা তদভাবে জল দ্বারা) সূর্য্যার্ঘ্য প্রদান পূর্ব্বক তাঁহাকে নমস্কার করিবে। যথা—

ওঁ নমো বিবস্বতে ব্রহ্মন্ ভাস্বতে বিষ্ণুতেজসে।
জগৎসবিত্রে শুচয়ে সবিত্রে কর্ম্মদায়িনে ॥
ইদমর্ঘ্যং ওঁ শ্রীসূর্য্যায় নমঃ ॥ ৩১ ॥

সূর্য্যনমস্কার।

ওঁ জবাকুসুমসঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্।
ধ্বান্তারিং সর্ব্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরম্ ॥ ৩২ ॥

কালাগ্নিরুদ্র রুদ্রোপস্থান-মন্ত্রের ঋষি, অনুষ্টুপ্ ছন্দঃ, রুদ্র দেবতা এবং রুদ্রোপস্থানকার্য্যে ইহার বিনিয়োগ হয়। যিনি একাক্ষর ও অনন্তজ্ঞানসংজ্ঞক পরব্রহ্ম, ব্রহ্মবিষ্ণুরুদ্ররূপী, ঊর্দ্ধলিঙ্গ (ঊর্দ্ধস্থিত) ও বিরূপাক্ষ, সেই বিশ্বরূপ পুরুষকে প্রণাম করি ॥ ৩০ ॥

হে ব্রহ্মন্! তুমি তেজঃসম্পন্ন, দীপ্তিশীল, বিষ্ণুতেজের আধার, জগৎকর্ত্তা, পবিত্র ও কর্ম্মপ্রবর্ত্তক। এই অর্ঘ্য শ্রীসূর্য্যদেবকে প্রদান করিলাম ॥ ৩১ ॥

যিনি জবাকুসুমতুল্য লোহিতবর্ণ, মহাদ্যুতিশালী, তমোনাশক, অখিলপাপহারী, সেই কশ্যপনন্দন ভাস্করদেবকে প্রণাম ॥ ৩২ ॥

ক্রটিমার্জ্জনা।

অনন্তর এক গণ্ডূষ জল দ্বারা ক্রটিমার্জ্জনা করিবে। মন্ত্র যথা—

ওঁ যদক্ষরং পরিভ্রষ্টং মাত্রাহীনঞ্চ যদ্ভবেৎ।
পূর্ণং ভবতু তৎ সর্ব্বং ত্বৎপ্রসাদাৎ সুরেশ্বরি ॥ ৩৩ ॥

ব্রহ্মযজ্ঞ।

মধ্যাহ্নসন্ধ্যান্তে বেদাদি-মন্ত্রচতুষ্টয় পাঠ করা কর্ত্তব্য। যথা—

মধুচ্ছন্দ-ঋষির্গায়ত্রীচ্ছন্দ অগ্নির্দ্দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ।

ওঁ অগ্নিমীলে পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্বিজম্। হোতারং রত্নধাতমম্॥১॥

যাজ্ঞবাল্ক্য-ঋষিরুষ্ণিক্ ছন্দো বায়ুর্দ্দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ।

ওঁ ইষে ত্বোর্জ্জে ত্বা। বায়বঃ স্থ। দেবো বঃ সবিতা প্রাপয়তু শ্রেষ্ঠতমায় কর্ম্মণে ॥ ২ ॥

গোতম-ঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ।

ওঁ অগ্ন আয়াহি বীতয়ে গৃণানো হব্যদাতয়ে। নিহোতা সৎসি বর্হিষি ॥ ৩ ॥

এই সন্ধ্যোপাসনায় যদি কোন বর্ণ অনুচ্চারিত হইয়া থাকে এবং যদি কিছু মাত্রাহীন হইয়া থাকে, হে সুরেশ্বরি গায়ত্রিদেবি! তোমার প্রসাদে তৎসমস্ত পূর্ণ হউক্ ॥ ৩৩ ॥

যিনি যজ্ঞানুষ্ঠানের অগ্রে স্থাপিত হইয়াছেন, যিনি যাগ ও হোমক্রিয়ার সহায় এবং যিনি বহুধনপ্রদ, সেই বহ্নিদেবের স্তব করি ॥ ১ ॥

হে শাখে! বৃষ্টির জন্য তোমাকে ছেদন ও রসের জন্য তোমাকে আহরণ করি। হে বৎসগণ! তোমরা বায়ুর তুল্য ব্রহ্মাণ্ডের হিতকরী হও। হে ধেনুবৃন্দ! দীপ্তিমান্ সূর্য্যদেব যজ্ঞার্থ তোমাদিগকে প্রার্থনা করুন ॥ ২ ॥

হে অগ্নে! আমরা তোমার স্তুতিবাদ করিতেছি. তুমি হবির্ভোজনার্থ অমরবৃন্দকে অন্নপ্রদানার্থ সমাগত হও। তুমি হোমকর্ম্মের প্রধান সাধনস্বরূপ হইয়া কুশের উপর অবস্থান কর ॥৩॥

পিপ্পলাদ-ঋষির্গায়ত্রীচ্ছন্দো বরুণো দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনি-য়োগঃ।

ওঁ শন্নো দেবীরভীষ্টয়ে শন্নো ভবন্তু পীতয়ে শংযোরভিস্রবন্তু নঃ ॥ ৪ ॥ *

যজুর্ব্বেদীয়-সন্ধ্যা।

সামবেদীয় সন্ধ্যার নিয়মে প্রথম হইতে অঘমর্ষণ যাবৎ কার্য্য সম্পাদন পূর্ব্বক সূর্য্যোপস্থান করিতে হয়। যথা—

সূর্য্যোপস্থান।

উদু ত্যমিত্যস্য প্রস্কন্ন-ঋষির্গায়ত্রীচ্ছন্দঃ সূর্য্যো দেবতা অগ্নি-ষ্টোমে সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ ॥ ওঁ উদু ত্যং জাতবেদসং দেবং বহন্তি কেতবঃ। দৃশে বিশ্বায় সূর্য্যম্ ॥ ১ ॥

চিত্রমিত্যস্য কৌৎস-ঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দঃ সূর্য্যো দেবতা অগ্নিষ্টোমে সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ চিত্রং দেবানামুদগাদনীকং চক্ষু-

স্তবোচিত সলিল আমাদিগের পুষ্টিবিধানার্থ ও পানার্থ কল্যাণকর হউক এবং আমাদের কল্যাণসাধনার্থ অভিমুখে প্রবাহিত হউক ॥ ৪ ॥

রশ্মিজাল জগৎপ্রকাশার্থ তেজঃস্বরূপ আদিত্যদেবকে বহন করিতেছে ॥ ১ ॥

মিত্র, বরুণ ও অগ্নি এই দেবত্রয়ের নেত্রস্বরূপ, সর্ব্বসুরাত্মক, স্থাবরজঙ্গমাত্মক, নিখিলবিশ্বের আত্মস্বরূপ সূর্য্যদেব অতি বিচিত্র-

* এই চারিটি মন্ত্র যথাক্রমে ঋক্, যজু, সাম ও অথর্ব্ববেদের প্রথম মন্ত্র,সন্ধ্যার অঙ্গ নহে। শক্ত্যনুসারে চতুর্ব্বেদ, ধর্ম্মশাস্ত্র ও ইতিহাসাদি পাঠের নাম ব্রহ্ম-যজ্ঞ; কিন্তু তাহা অসম্ভব হেতু বেদচতুষ্টয়ের চারিটি প্রথম মন্ত্র পাঠ করিতে হয়।

স্মিত্রস্য বরুণস্যাগ্নেঃ। আপ্রা দ্যাবাপৃথিবীঞ্চান্তরীক্ষং সূর্য্য আত্মা জগতস্তস্থুষশ্চ ॥ ২ ॥

তচ্চক্ষুরিত্যস্য দধ্যঙ্ঙাথর্ব্বণ-ঋষিঃ সূর্য্যো দেবতা পুর-উষ্ণিক্ ছন্দো মহাবীরাভ্যস্তয়োঃ শান্তিকরণে বিনিয়োগঃ ॥ ওঁ তচ্চক্ষুর্দ্দেব-হিতং পুরস্তাচ্ছুক্রমুচ্চরৎ পশ্যেম শরদঃ শতং জীবেম শরদঃ শতম্। শৃণবাম শরদঃ শতং প্রব্রবাম শরদঃ শতমদীনাঃ স্যাম শরদঃ শতং, ভূয়শ্চ শরদঃ শতাৎ ॥ ৩ ॥

উদ্বয়মিত্যস্য প্রস্কন্ন-ঋষিরনুষ্টুপ্ ছন্দঃ সূর্য্যো দেবতা সূর্য্যোপ-স্থানে বিনিয়োগঃ ॥ ওঁ উদ্বয়ং তমসঃ পরিস্বঃ পশ্যন্ত উত্তরম্। দেবং পবিত্রাঃ সূর্য্যমগন্ম জ্যোতিরুত্তরম্ ॥ ৪ ॥

স্ব রত্যস্য সূর্য্যো ঋষিরনুষ্টুপ্ ছন্দঃ সূর্য্যো দেবতা সূর্য্যোপ স্থানে বিনিয়োগঃ॥ ওঁ স্বয়ম্ভূরসি শ্রেষ্ঠো রশ্মির্বর্চ্চোদা অসি, বর্চ্চো মে দেহি ॥ ৫ ॥

ভাবে উদিত হইয়া স্বীয় রশ্মিপটল দ্বারা স্বর্গ, মর্ত্ত্য ও আকাশ রপূর্ণ করিয়াছেন ॥ ২ ॥

দেববৃন্দের সমীহিত, শুভ্রবর্ণ (নির্ম্মল), প্রকাশস্বরূপ আদিত্য-দেব পূর্ব্বদিকে সমুদিত হইয়াছেন। আমরা তাদৃশ আদিত্য-দেবের ভজনা করিয়া যেন শতবর্ষ যাবৎ দর্শনশক্তি, শ্রবণশক্তি ও বাগিন্দ্রিয়শক্তিসম্পন্ন থাকি অর্থাৎ শত বর্ষ যাবৎ পূর্ব্বকথিত ইন্দ্রিয়শক্তিসকল যেন স্খলিত এবং আমাদিগকে যেন কাহারও নিকট দীনভাবগ্রস্ত হইতে না হয় ॥ ৩ ॥

অপ্রকাশস্বরূপ ভূলোকের ঊর্দ্ধস্থিত স্বর্গলোক দেখিয়া অগ্ন্যাদি-জ্যোতির্ম্ময় পদার্থপুঞ্জমধ্যে অত্যুৎকৃ জ্যোতিস্বরূপ আদিত্যদেবকে উপাসনা করিতেছি, তিনি আমাদিগের রক্ষাবিধান করেন ॥ ৪ ॥

হে সূর্য্যরশ্মে ! তুমি স্বয়ং প্রকাশমান বস্তু, তোমাকে প্রকাশ করিতে অন্য কাহারও সামর্থ্য নাই, তুমি সর্ব্বপ্রধান ও তেজঃপ্রদ, তুমি আমাকে ব্রাহ্ম্যতেজ অর্পণ কর ॥ ৫ ॥

এইরূপে সূর্য্যোপস্থানান্তে কৃতাঞ্জলি হইয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে, যথা—

ওঁ তেজোঽসি শুক্রমস্যমৃতমসি ধামনামাসি প্রিয়ন্দেবানামনাধৃষ্টং দেবযজনমসি॥

পরে সামবেদীয় সন্ধ্যার নিয়মে গায়ত্রীর অঙ্গন্যাস ও আবাহন করত ধ্যান করিতে হয়। * তিন বেলার ধ্যান ত্রিবিধ, যথা—

প্রাতর্ধ্যান।

ওঁ প্রাতর্গায়ত্রী রবিমণ্ডলমধ্যস্থা রক্তবর্ণা দ্বিভুজা অক্ষসূত্রকমণ্ডলুধরা হংসাসনমারূঢ়া ব্রহ্মাণী ব্রহ্মদৈবত্যা কুমারী ঋগ্বেদোদাহৃতা ধ্যেয়া॥ ৬॥

মধ্যাহ্নধ্যান।

ওঁ মধ্যাহ্নে সাবিত্রী রবিমণ্ডলমধ্যস্থা কৃষ্ণবর্ণা চতুর্ভুজা ত্রিনেত্রা শঙ্খচক্রগদাপদ্মহস্তা যুবতী গরুড়ারূঢ়া বৈষ্ণবী বিষ্ণুদৈবত্যা যজুর্ব্বেদোদাহৃতা ধ্যেয়া॥ ৭॥

প্রাতঃকালে গায়ত্রী দেবীকে রক্তবর্ণা, দ্বিভুজা, অক্ষসূত্রকমণ্ডলুধারিণী, হংসাসনস্থা, ব্রহ্মরূপা, ব্রহ্মশক্তিস্বরূপিণী, কুমারী, ঋগ্বেদস্বরূপা এবং আদিত্যমণ্ডলমধ্যস্থিতা ধ্যান করিবে ৬॥

মধ্যাহ্নকালে গায়ত্রী-দেবীকে সাবিত্রীরূপা, কৃষ্ণবর্ণা, চতুর্ভুজা, ত্রিনেত্রা, শঙ্খচক্রগদাপদ্মধারিণী, যুবতী, গরুড়সমারূঢ়া, বিষ্ণুরূপা, বিষ্ণুশক্তিস্বরূপিণী, যজুর্ব্বেদরূপা ও আদিত্যমণ্ডলমধ্যস্থা ধ্যান করিতে হয়॥ ৭॥

* কেহ কেহ এইরূপ বিধি দেন যে, যজুর্ব্বেদীয়েরা প্রাতে "ব্রহ্মযোনি নমোঽস্তু তে" এবং সায়াহ্নে রুদ্রযোনি "নমোঽস্তু তে" বলিয়া আবাহন করিবে। যজুর্ব্বেদীয়গণের পক্ষে প্রথমে অঙ্গন্যাস ও তদন্তে আবাহন করাই ব্যবস্থা।

সায়াহ্নধ্যান।

ওঁ সায়াহ্নে সরস্বতী রবিমণ্ডলমধ্যস্থা শুক্লবর্ণা দ্বিভুজা ত্রিশূল-ডমরুকরা বৃষভাসনমারূঢ়া বৃদ্ধা রুদ্রাণী রুদ্রদৈবত্যা সামবেদো-দাহৃতা ধ্যেয়া॥ ৮॥

ধ্যানান্তে সামবেদীয়-সন্ধ্যার নিয়মে ঋষ্যাদি স্মরণ করত গায়ত্রী জপ করিবে। পরে জপবিসর্জ্জন করিতে হয়। যথা—

জপবিসর্জ্জন।

ওঁ উত্তরে শিখরে জাতা ভূম্যাং পর্ব্বতবাসিনী।
ব্রহ্মণা সমনুজ্ঞাতা গচ্ছ দেবি যথেচ্ছয়া॥ ৯॥

এই মন্ত্রে এক অঞ্জলি জল দিবে। পরে নিম্নলিখিত ত্রয়োদশটি মন্ত্রে যথাক্রমে এক এক অঞ্জলি জল দিতে হয়। যথা—

"ওঁ নমো দিগ্‌ভ্যঃ, ওঁ নমো দিগ্‌দেবতাভ্যঃ; ওঁ নমো ব্রহ্মণে, ওঁ নমঃ পৃথিব্যৈ, ওঁ নমঃ ওষধিভ্যঃ, ওঁ নমঃ অগ্নয়ে, ওঁ নমো বাচে, ওঁ নমো বাচস্পতয়ে, ওঁ নমো বিষ্ণবে, ওঁ নমো মহতে, ওঁ নমঃ অদ্‌ভ্যঃ, ওঁ নমঃ অপাং পতয়ে, ওঁ নমো বরুণায়॥" *

পরে সামবেদীয় নিয়মানুসারে (মধ্যাহ্নসন্ধ্যার পর) ব্রহ্মযজ্ঞ † করিয়া তর্পণ করত সূর্য্যার্ঘ্য দিবে; কিন্তু বেদাদি-মন্ত্রচতুষ্টয়ের ঋষ্যাদি অন্যবিধ এবং চতুর্থ মন্ত্রটির 'শন্নো ভবন্তু' স্থলে 'আপো ভবন্তু' পাঠ করিবে, যথা—

সায়াহ্নে গায়ত্রী-দেবীকে সরস্বতীরূপা, শ্বেতবর্ণা, দ্বিভুজা, ত্রিশূলডমরুধারিণী, বৃষাসনস্থা, বৃদ্ধা, রুদ্ররূপা, রুদ্রদৈবত্যা, সামবেদস্বরূপা ও আদিত্যমণ্ডলগতা চিন্তা করিবে॥ ৮॥

হে দেবি! তুমি উত্তরশিখর হইতে সঞ্জাত হইয়া ভূতলে ও পর্ব্বতশিখরে বিরাজিত রহিয়াছ; তুমি ব্রহ্মা কর্ত্তৃক অনুজ্ঞাত হইয়া যথেচ্ছ গমন কর॥ ৯॥

---

* মতান্তরে এই ত্রয়োদশটি মন্ত্রে জলপ্রদানের আবশ্যক নাই।

† পূর্ব্বাগ্র কুশোপরি পূর্ব্বমুখে পদ্মাসনে বসিয়া বামহস্তে কুশধারণ ও তদুপরি দক্ষিণহস্ত অধোমুখভাবে রাখিয়া ব্রহ্মযজ্ঞ (বেদাদিমন্ত্রচতুষ্টয় পাঠ) করিবে।

প্রথম মন্ত্রের ঋষ্যাদি।—ঋগ্বেদাদিসর্ব্বস্য মধুচ্ছন্দ-ঋষিরগ্নির্দ্দেবতা গায়ত্রীচ্ছন্দঃ স্বাধ্যায়ে বিনিয়োগঃ।

দ্বিতীয় মন্ত্রের ঋষ্যাদি।—যজুর্ব্বেদাদিমন্ত্রস্য পরমেষ্ঠী-ঋষিঃ শাখাবৎসগাবো দেবতাঃ শাখাচ্ছেদনসন্নয়বৎসোপস্পর্শনে বিনিয়োগঃ।

তৃতীয় মন্ত্রের ঋষ্যাদি।—সামবেদাদিমন্ত্রস্য গোতম-ঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ।

চতুর্থ মন্ত্রের ঋষ্যাদি।—অথর্ব্ববেদাদিমন্ত্রস্য দধ্যঙ্‌ঙাথর্ব্বণঋষিরাপো দেবতা গায়ত্রীচ্ছন্দঃ শান্তিকরণে বিনিয়োগঃ।

ব্রহ্মযজ্ঞান্তে তর্পণ করত সূর্য্যার্ঘ্য দিবে, কিন্তু ইদমর্ঘ্যং স্থলে 'এষঃ অর্ঘ্যঃ শ্রীসূর্য্যায় নমঃ' বলিয়া অর্ঘ্য দিতে হয়। পরে সূর্য্যদেবকে নমস্কার করিবে। যথা—

সূর্য্য-নমস্কার।

ওঁ নমঃ সবিত্রে জগদেকচক্ষুষে,
ত্রয়ীময়ায় ত্রিগুণাত্মধারিণে।
জগৎপ্রসূতিস্থিতিনাশহেতবে,
বিরিঞ্চিনারায়ণশঙ্করাত্মনে॥

এই মন্ত্রপাঠান্তে "জবাকুসুম" ইত্যাদি মন্ত্রে নমস্কার করিবে তদনন্তর সামবেদীয় নিয়মে "ওঁ যদক্ষরং"ইত্যাদি মন্ত্রে ত্রুটিমার্জ্জনা করা ব্যবস্থা।

ঋগ্বেদীয়-সন্ধ্যা।

সামবেদি সন্ধ্যাবিধির নিয়মে আচমন হইতে মার্জ্জনা যাবৎ ক্রিয়াসমাধানান্তে ঋষ্যাদি স্মরণ করত প্রাণায়াম করিবে। যথা—

প্রাণায়াম।

ওঁকারস্য ব্রহ্ম-ঋষিরগ্নির্দ্দেবতা গায়ত্রীচ্ছন্দঃ সর্ব্বকর্ম্মারম্ভে বিনিয়োগঃ। সপ্তব্যাহৃতীনাং বিশ্বামিত্র-ভৃগুভরদ্বাজবসিষ্ঠগোতম-কাশ্যপাঙ্গিরসো ঋষয়ঃ অগ্নিবায়াদিত্যবৃহস্পতীন্দ্রবরুণবিশ্বেদেবা

দেবতাঃ গায়ত্র্যুষ্ণিগনুষ্টুব্‌বৃহতী-পঙ্‌ক্তি-ত্রিষ্টুব্‌জগত্যশ্ছন্দাংসি প্রাণায়ামে বিনিয়োগঃ। গায়ত্র্যা বিশ্বামিত্র-ঋষিঃ সবিতা দেবতা গায়ত্রীচ্ছন্দঃ প্রাণায়ামে বিনিয়োগঃ। গায়ত্রীশিরসঃ প্রজাপতি-ঋষির্ব্রহ্মবায়্বগ্নিসূর্য্যাশ্চত্বত্রো দেবতা গায়ত্রীচ্ছন্দঃ প্রাণায়ামে বিনিয়োগঃ ॥ ১ ॥

হংসস্থং দ্বিভুজং রক্তং সাক্ষসূত্রকমণ্ডলুম্।
চতুর্ম্মুখমহং বন্দে ব্রহ্মাণং নাভিমণ্ডলে ॥ ২ ॥

এইরূপে নাভিপ্রদেশে ব্রহ্মার ধ্যান করত সামবেদিসন্ধ্যা-পদ্ধতির নিয়মে "ওঁ ভূঃ ওঁ ভুবঃ" ইত্যাদি মন্ত্রপাঠ সহকারে পূরক-প্রাণায়াম করিবে। তদনন্তর হৃদয়ে নিম্নলিখিতরূপে বিষ্ণুর চিন্তা করিয়া পূর্ব্ববৎ মন্ত্রে কুম্ভক-প্রাণায়াম করিতে হয়। যথা—

ওঁ শঙ্খচক্রগদাপদ্ম-করং গরুড়বাহনম্।
হৃদি নীলোৎপলশ্যামং বিষ্ণুং বন্দে চতুর্ভুজম্ ॥ ৩ ॥

পরে ললাটে নিম্নলিখিত প্রকারে শম্ভুর ধ্যান করত পূর্ব্ববৎ মন্ত্রে রেচক-প্রাণায়াম করিবে। যথা—

ওঁ শ্বেতং ত্রিশূলডমরু-করমর্দ্ধেন্দুভূষিতম্।
ত্রিলোচনং ব্যাঘ্রচর্ম্ম-পরীধানং বৃষাসনম্।
ললাটে চিন্তয়েদ্দেবমেবং ভুজগভূষণম্ ॥ ৪ ॥

তৎপরে তিন বেলায় ত্রিবিধ মন্ত্র পড়িয়া আচমনবিধি অনুসারে আচমন করিবে। যথা—

প্রাতরাচমন।

নিম্নলিখিত প্রকারে ঋষ্যাদি স্মরণ করত "সূর্য্যশ্চ মা মন্যুশ্চ" ইত্যাদি মন্ত্রে আচমন করিতে হয়।

সূর্য্যশ্চেত্যনুবাক্যস্য যাজ্ঞিক-উপনিষদৃষিঃ সূর্য্যমন্যুমন্যুপতি-রাত্রয়ো দেবতাঃ সূর্য্যশ্চেত্যারভ্য রক্ষন্তামিত্যন্তঋচশ্চতুর্ব্বিংশত্যক্ষরা

যজ্ঞকারী উপনিষৎ "সূর্য্যশ্চ" ইত্যাদি মন্ত্রের ঋষি; সূর্য্য, যজ্ঞ, ইন্দ্র ও রাত্রি ইহার দেবতা; "সূর্য্যশ্চ" হইতে "রক্ষন্তাং" পর্য্যন্ত

গায়ত্রী,যদ্রাত্র্যেত্যারভ্য ময়ীত্যন্তস্য পঞ্চপদা পংক্তিঃ,ইদমহমিত্যা-রভ্য স্ব হেত্যন্তস্য দশাক্ষরপাদাভ্যামুপেতবিরাট্ ছন্দো মন্ত্রাচমনে বিনিয়োগঃ ॥ ৫ ॥

মধ্যাহ্নাচমন।

পূর্ব্বকথিত প্রকারে ঋষ্যাদি স্মরণ করিয়া "ওঁ আপঃ পুনন্তু" ইত্যাদি মন্ত্রে মধ্যাহ্নাচমন করিতে হয়।

আপঃ পুনন্ত্বিত্যনুবাক্যস্য নরায়ণ-ঋষিরাপো দেবতা আষ্টি-চ্ছন্দো মন্ত্রাচমনে বিনিয়োগঃ ॥ ৬ ॥

সায়ংকালীন আচমন।

নিম্নকথিত প্রকারে ঋষ্যাদি ন্যাস করিয়া "ওঁ অগ্নিশ্চ মা মন্যুশ্চ" ইত্যাদি মন্ত্রে সায়ংকালীন আচমন করিতে হয়।

অগ্নিশ্চেত্যনুবাক্যস্য যাজ্ঞিক উপনিষদৃষিরগ্নিমন্যু-মন্যুপত্যা-হানি দেবতাঃ, অগ্নিশ্চেত্যারভ্য রক্ষন্তামিত্যন্তশ্চতুর্ব্বিংশত্যক্ষরা গায়ত্রী, যদহ্নেত্যারভ্য ময়ীত্যন্তস্য পঞ্চপদা পংক্তিঃ, ইদমহ-মিত্যারভ্য স্বাহেত্যন্তস্য দশাক্ষরপাদাভ্যামুপেতবিরাট্ ছন্দো মন্ত্রাচমনে বিনিয়োগঃ ॥ ৭ ॥

মন্ত্রের চতুর্ব্বিংশাক্ষরাত্মিকা গায়ত্রী; "যদ্রাত্র্যা" হইতে "ময়ি" যাবৎ মন্ত্রের পঞ্চপদাত্মিকা পংক্তি ও "ইদমহ" হইতে "স্বাহা" যাবৎ মন্ত্রের বিংশাক্ষরাত্মক বিরাট্ ইহার ছন্দঃ এবং আচমনকর্ম্মে ইহার বিনিয়োগ হয় ॥ ৫ ॥

নারায়ণ "আপঃ পুনন্তু" ইত্যাদি মন্ত্রের ঋষি, ইহার দেবতা জল, আষ্টি ছন্দ এবং মন্ত্রাচমনে ইহার বিনিয়োগ ॥ ৬ ॥

"অগ্নিশ্চ" ইত্যাদি মন্ত্রের ঋষি যজ্ঞকারী উপনিষৎ; দেবতা অগ্নি, যজ্ঞ, ইন্দ্র ও দিবস এই চারিজন; "অগ্নিশ্চ" হইতে "রক্ষন্তাং" যাবৎ মন্ত্রের বিংশাক্ষরাত্মিকা গায়ত্রী; "যদহ্না" হইতে "ময়ি" যাবৎ পঞ্চপদাত্মিকা পংক্তি ও "ইদমহ" হইতে "স্বাহা" যাবৎ বিংশা-ক্ষরাত্মক বিরাট্ ইহার ছন্দঃ এবং মন্ত্রাচমনে বিনিয়োগ ॥ ৭ ॥

পুনার্ম্মার্জ্জন।

পরে মার্জ্জনপ্রণালীর নিয়মে নিম্নলিখিত মন্ত্রে মার্জ্জন করিবে, যথা—

ওঁ ভূর্ভুবঃ স্বঃ তৎসবিতুর্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ ॥ ৮ ॥

আপো হি ষ্ঠেতি নবর্চ্চস্য সূর্য্যাস্যাম্বরিষঃ সিন্ধুদ্বীপঋষিরাপো দেবতা গায়ত্রী পঞ্চমীবর্দ্ধমানা সপ্তমী প্রতিষ্ঠা অন্তয়োরনুষ্টপ্‌ ছন্দো মার্জ্জনে বিনিয়োগঃ ॥ ৯ ॥

ওঁ আপো হি ষ্ঠা ময়ো ভুবস্তা ন উর্জ্জে দধাতন। মহেরণায় চক্ষসে।
ওঁ যো বঃ শিবতমো রসস্তস্য ভাজয়তেহ নঃ। উশতীরিব মাতরঃ ॥
ওঁ তস্মা অরঙ্গমাম বো যস্য ক্ষয়ায় জিন্বথ। আপো জনয়থা চ নঃ ॥১০॥
ওঁ শন্নো দেবীরভীষ্টয়ে আপো ভবন্তু পীতয়ে। শং যোরভিস্রবন্তু নঃ॥১১॥
ওঁ ঈশানা বার্য্যাণাং ক্ষয়ন্তী°র্ষণীনাং আপো যাচামি ভেষজম্‌ ॥১২॥

ওঁ অপ্‌সু মে সোমোহব্রবীদন্তর্বিশ্বানি ভেষজা অগ্নিঞ্চ বিশ্বশং ভুবম্‌ ॥ ১৩ ॥

ওঁ আপঃ পৃণীত ভেষজং বরূথং তন্বে মম জ্যোক্‌ চ সূর্য্যং দৃশে ॥ ১৪ ॥

জলসমূহ পাতক দূর করিয়া আমাদিগকে সুখী করুন্‌ এবং আমাদিগের উপচয়, পান ও কল্যাণপ্রদ হউন্‌ ॥ ১১ ॥

জলের সাহায্যেই ধান্যাদি পদার্থ উৎপন্ন হয়, জল মনুষ্যস্বরূপ, সুতরাং আমি জলনিকাশে সুখ যাচ্ঞা করি ॥ ১২ ॥

জলগর্ভে নানারূপ ঔষধ বিদ্যমান আছে এবং সমস্ত জগতের সুখপ্রদ অগ্নিও (তেজঃপদার্থও) উহাতে নিহিত; সোমদেব আমাকে ইহা বলিয়াছেন ॥ ১৩ ॥

হে জলসকল! আমার শরীর-রক্ষণার্থ এবং চিরদিন সূর্য্য-(পরমাত্মভূত জ্যোতিঃ) দর্শনার্থ বর্ম্মস্বরূপ (পীড়ানাশক) ঔষধ আমাকে অর্পণ কর ॥ ১৪ ॥

ওঁ ইদমাপঃ প্রবহত যৎ কিঞ্চিৎ দুরিতং ময়ি।
যদ্বাহমভিদুদ্রোহ যদ্বা শেপ উতানৃতম্॥ ১৫॥

ওঁ আপোঽদ্যান্বচারিষং রসেন সমগস্মহি পয়স্বানগ্ন আগহি তম্মা সংসৃজ বর্চ্চসা॥ ১৬॥

অঘমর্ষণ।

অনন্তর অঘমর্ষণ-প্রণালী অনুসারে অঘমর্ষণ করিতে হয়। যথা—ঋতঞ্চেতি ঋক্ত্রয়স্যাঘমর্ষণ-ঋষির্ভাববৃত্তো দেবতা অনুষ্টুপ্ মাধু-চ্ছন্দোঽশ্বমেধাবভৃথে বিনিয়োগঃ॥ ১৭॥

এইরূপে ঋষ্যাদি-স্মরণান্তে পূর্ব্বলিখিত "ঋতঞ্চ" ইত্যাদি মন্ত্রে অঘমর্ষণ করিবে।

তৎপরে বিনা মন্ত্রে আচমন করত আদিত্যাভিমুখে সূর্য্যের উদ্দেশে নিম্নলিখিত মন্ত্রে এক অঞ্জলি জল প্রদান করিবে। যথা—

ওঙ্কারস্য ব্রহ্ম-ঋষিরগ্নির্দ্দেবতা গায়ত্রীচ্ছন্দঃ মহাব্যাহৃতীনাং পরমেষ্ঠি-প্রজাপতির্দ্দেবতা বৃহতীচ্ছন্দঃ গায়ত্র্যা বিশ্বামিত্র-ঋষিঃ সবিতা দেবতা গায়ত্রীচ্ছন্দঃ সূর্য্যজলাঞ্জলিদানে বিনিয়োগঃ॥

পরে গায়ত্রীপাঠ পূর্ব্বক তিন অঞ্জলি জল তিনবার ঊর্দ্ধে ফেলিবে।

হে জলসকল! আমি অজ্ঞানে যে পাতকাচরণ করিয়াছি, পরের অনিষ্টাচরণ দ্বারা যে পাপ করিয়াছি, সাধুজনের প্রতি শাপ দিয়া যে পাপ করিয়াছি এবং মিথ্যাবাক্য-প্রয়োগজ যে পাপ করিয়াছি, তৎসমুদয় বিনষ্ট কর॥ ১৫॥

হে জলসকল! আমি অদ্য যে কিছু মিথ্যাচরণ করিয়াছি. তাহা জল দ্বারা দূর কর। হে অগ্নে! তুমিও জলের সহিত সমবেত হইয়া উপস্থিত হও এবং স্বীয় তেজো দ্বারা স্নাত আমাকে সংযোজিত কর॥ ১৬॥

অঘমর্ষণ "ঋতঞ্চ" ইত্যাদি মন্ত্রত্রয়ের ঋষি, ভাববৃত্ত দেবতা, ছন্দ অনুষ্টুপ্ ও মাধু এবং অশ্বমেধযজ্ঞে ইহার প্রয়োগ হয়॥ ১৭॥

মধ্যাহ্নসময়ে নিম্নলিখিত মন্ত্রে ঐরূপ ঊর্দ্ধে জলাঞ্জলি ক্ষেপণ করিতে হয়। যথা— *

আকৃষ্ণেণ ইত্যস্য হিরণ্যস্তূপ-ঋষিঃ সবিতা দেবতা ত্রিষ্টুপ্ ছন্দঃ সূর্য্যজলাঞ্জলিদানে বিনিয়োগঃ ॥ ১৮ ॥

ওঁ আকৃষ্ণেণ রজসা বর্ত্তমানো নিবেশয়ন্নমৃতং মর্ত্ত্যঞ্চ হিরণ্ময়েন সবিতা রথেনাদেবো যাতি ভুবনানি পশ্যন্ ॥ ১৯ ॥

প্রাতঃসূর্য্যোপস্থান।

তৎপরে সূর্য্যোপস্থান করিতে হয়। যথা—

চিত্রং দেবানামিতি ষড়্ঋচস্য কুৎস-ঋষিঃ সূর্য্যো দেবতা ত্রিষ্টুপ্ ছন্দঃ সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ ॥ ২০ ॥

ওঁ চিত্রং দেবানামুদগাদনীকং চক্ষুর্মিত্রস্যাগ্নেঃ আপ্রা দ্যাবা-পৃথিবী অন্তরীক্ষং সূর্য্য আত্মা জগতস্তস্থুষশ্চ ॥ ২১ ॥ †

হিরণ্যস্তূপ "আকৃষ্ণেণ" ইত্যাদি মন্ত্রের ঋষি, সূর্য্য দেবতা, ত্রিষ্টুপ্ ছন্দঃ এবং সূর্য্যজলাঞ্জলিদানে ইহার প্রয়োগ হয় ॥ ১৮ ॥

সকলে যাঁহার স্তুতিবাদ করে, সেই আদিত্যদেব স্বর্ণরথে আরোহণ পূর্ব্বক সমাগত হইতেছেন। ইনি সর্ব্বজনের সাক্ষি-স্বরূপ, ইঁহার উদয়ে যাবতীয় লোক ও দেববৃন্দ স্ব স্ব ব্যাপারে নিযুক্ত হন। এইরূপে সূর্য্যদেব কৃষ্ণবর্ণ রজনীর সহিত নিরন্তর উপস্থিত হইয়া লোকসকলকে আপ্যায়িত করিতেছেন ॥ ১৯ ॥ ‡

কুৎস "চিত্রং দেবানাং" ইত্যাদি ছয়টি মন্ত্রের ঋষি, সূর্য্য দেবতা, ত্রিষ্টুপ্ ছন্দঃ এবং সূর্য্যোপস্থানে ইহার প্রয়োগ ॥ ২০ ॥

* সন্ধ্যাকালে ঊর্দ্ধে ক্ষেপণ করিবে না গায়ত্রীপাঠ পূর্ব্বক মৃত্তিকায় জলাঞ্জলিত্রয় নিক্ষেপ করিবে।

† যে সকল মন্ত্রের অর্থ লিখিত হইল না, তাহা ইতাগ্রে প্রদর্শিত হইয়াছে।

‡ গমনকার্য্য প্রায়শঃ রাত্রে হয় বলিয়া কৃষ্ণবর্ণ বলা হইল।

ওঁ সূর্য্যো দেবীমুষসং রোচমানাং মর্য্যো ন যোষামভ্যেতি পশ্চাৎ যাত্রা নরো দেবয়ন্তো যুগানি বিতন্বতে প্রতিভদ্রায় ভদ্রম্ ॥ ২২ ॥

ওঁ ভদ্রা অশ্বা হরিতঃ সূর্য্যস্য চিত্রা এতগ্বা অনুমাদ্যাসঃ নমস্যন্তো দিব আ পৃষ্ঠম্ স্থুঃ পরি দ্যাবা পৃথিবী যন্তি সদ্যঃ ॥ ২৩ ॥

ওঁ তৎ সূর্য্যস্য দেবত্বং তন্মহিত্বং মধ্যাৎ কর্ত্তোর্বিততং সঞ্জভার যদেত্তদযুক্তা হরিতঃ সধস্থাদাদ্রাত্রী বাসস্তনুতে সিমস্মৈ ॥ ২৪ ॥

ওঁ তন্মিত্রস্য বরুণস্যাভিচক্ষে সূর্য্যো রূপং কৃণুতে দ্যোরুপস্থে অনন্তমন্যদ্রুশদস্য পাজঃ কৃষ্ণমন্যদ্ধরিতঃ সংভরন্তি ॥ ২৫ ॥

মানবগণ যেরূপ রূপবতী নারীর অভিগমন করে, সেইরূপ আদিত্যদেব দানাদিগুণসম্পন্না দীপ্তিমতী উষাকে লক্ষ্য করিয়া গমন করিতেছেন। এই উষা উদিত হইলে যজমানেরা অগ্নিহোত্রাদি ক্রিয়ার অনুষ্ঠান করেন। আমরা সেই কল্যাণদাতা আদিত্যদেবকে মঙ্গলকামনায় স্তব করি ॥ ২২ ॥

কল্যাণকর, রসগ্রহণস্বভাব ও গতিশীল সূর্য্যরশ্মিমণ্ডলকে আমরা স্তব ও নমস্কার করি। এই রশ্মিমণ্ডল গগনতলে সমুদিত হইয়া আকাশ ও পৃথিবীর সর্ব্বদিকে প্রকীর্ণ হইয়া রহিয়াছে ॥২৩॥

সকলের প্রেরক সূর্য্যদেবের অদ্ভুত স্বাধীনতা ও মহত্ত্ব কৃষ্যাদ ক্রিয়ায় পরিব্যাপ্ত রহিয়াছে। আদিত্যদেব যথাকালে নিজ রশ্মিজাল সংহরণ পূর্ব্বক অন্যত্র সংযুক্ত করেন, তখন অন্ধকার দ্বারা এই লোক পরিব্যাপ্ত হইয়া পড়ে ॥ ২৪ ॥

সূর্য্যদেব উদয়কালে সমগ্র জগৎকে সম্মুখভাগে দর্শনার্থ স্বীয় তেজঃপুঞ্জ অম্বরতলে প্রকাশ করেন। তদীয় রসহরণশীল রশ্মিসমূহ জগদ্ব্যাপক দীপ্যমান শ্বেতবর্ণ ও নৈশান্ধকারনাশক তেজ বিস্তার করে এবং রাত্রে জগৎকে অন্ধকারাবৃত করিয়া ফেলে ॥ ২৫ ॥

ওঁ অদ্যা দেবা উদিতা নিরংহসঃ পিপৃতা নিরবদ্যাৎ তন্নো মিত্রো বরুণো মামহন্তামদিতিঃ সিন্ধুঃ পৃথিবী উত দ্যৌঃ ॥ ২৬ ॥

মধ্যাহ্ন-সূর্য্যোপস্থান।

উদু ত্যমিতি ত্রয়োদশর্চ্চস্য সূক্তস্য কণ্বপ্রস্কন্ন-ঋষিঃ সূর্য্যো দেবতা আদ্যানাং গায়ত্রী অন্ত্যানাং চতসৃণাং অনুষ্টুপ্ ছন্দঃ সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ ॥ ২৭ ॥

ওঁ উদু ত্যং জাতবেদসং দেবং বহন্তি কেতবঃ। দৃশে বিশ্বায় সূর্য্যম্ ॥ ২৮ ॥*

ওঁ অপ ত্যে তায়বো যথা নক্ষত্রা যন্ত্যক্তুভিঃ সূরায় বিশ্বচক্ষসে ॥ ২৯ ॥

ওঁ অদৃশ্রমস্য কেতবো বি রশ্ময়ো জনা অনুভ্রাজন্তোঽগ্নয়ে যথা ॥ ৩০ ॥

হে প্রকাশমান রশ্মিসমূহ! অদ্য আদিত্যোদয় হইলে তোমরা সমন্তাৎ পরিব্যাপ্ত হইয়া আমাদিগকে অতিনিন্দনীয় পাতক হইতে মুক্ত কর এবং মিত্র (দিবাভিমানিনী দেবতা), বরুণ (রাত্র্যভিমানিনী দেবতা), অদিতি, সিন্ধু (জলাভিমানিনী দেবতা), ভূর্লোকাধিষ্ঠাত্রী দেবী ও আকাশাধিষ্ঠাত্রী দেবী আমাদিগের পাতকসংহার করুন ॥ ২৬ ॥

জগৎপ্রকাশক আদিত্যদেবের উপস্থিতিতে যেমন চৌরগণ পলায়ন করে, তদ্রূপ নক্ষত্রমালাও নিশার সহিত অদৃশ্য হইতেছে ॥ ২৯ ॥

প্রদীপ্ত অগ্নি যেমন সমগ্র জগৎকে প্রকাশিত করে, তদ্রূপ সূর্য্যরশ্মি নিখিল জগৎ প্রকাশিত করিতেছে ॥ ৩০ ॥

* এই দুইটি মন্ত্রের অনুবাদ ইত্যগ্রে লিখিত হইয়াছে।

ওঁ তরণির্বিশ্বদর্শিতো জ্যোতিষ্কৃদসি সূর্য্য বিশ্বমা ভাসি রোচনম্ ॥ ৩১ ॥

ওঁ প্রত্যঙ্ দেবানাং বিশঃ প্রত্যঙ্ঙুদেষি মানুষান্ প্রত্যঙ্ বিশ্বং স্বর্দ্দৃশে ॥ ৩২ ॥

ওঁ যেনা পাবকচক্ষুষা ভুরণ্যন্তং জনা অনু ত্বং বরুণ পশ্যসি ॥ ৩৩॥

ওঁ বিদ্যামেষি রজস্পৃথহা মিমানোহক্তুভিঃ পশ্যন্ জন্মানি সূর্য্য ॥ ৩৪ ॥

ওঁ সপ্ত ত্বা হরিতো রথে বহন্তি দেব সূর্য্য শোচিষ্কেশং বিচক্ষণ ॥ ৩৫ ॥

হে আদিত্যদেব! আপনি স্বীয় উপাসকবৃন্দের রোগহারী, সমগ্র জগতের দর্শনীয় ও প্রকাশক, এই হেতুই পরিব্যাপ্ত সুশোভমান এই আকাশতলকে প্রকাশিত করিতেছেন ॥ ৩১ ॥

হে সূর্য্যদেব! মরুৎনামক অমরগণের ও নরলোকের অভিমুখে আপনার উদয় পরিলক্ষিত হইতেছে এবং স্বর্গবাসীদিগকে দর্শনপ্রদানার্থ আপনি তদভিমুখে উদিত হইতেছেন। আপনি এক হইয়াও সর্ব্বত্র সমভাবে বিরাজমান হইতেছেন ॥ ৩২ ॥

হে সূর্য্যদেব! আপনি পবিত্রতাকারী, আপনার দ্বারা অমঙ্গল বিনষ্ট হয়। আপনি যে জ্যোতিঃপার্থ দ্বারা এই সমস্ত লোককে প্রকাশিত করিতেছেন, আমরা সেই জ্যোতিঃপদার্থের স্তবাদ করি ॥ ৩৩ ॥

হে সূর্য্যদেব! আপনি দিবারাত্রি বিভাগ করিয়া এই উৎপত্তিশীল পদার্থসমূহকে প্রকাশ করিতেছেন এবং সুবিস্তীর্ণ আকাশলোকে বিশেষরূপে গমন করিতেছেন ॥ ৩৪ ॥

হে সর্ব্বপ্রকাশক! আপনি শোচিষ্কেশ (তেজঃপুঞ্জই আপনার কেশস্বরূপ), সপ্তাশ্ব আপনাকে রথে বহন করিতেছে ॥ ৩৫ ॥

ওঁ অযুক্ত সপ্ত শুন্ধ্যুবঃ সূরো রথস্য নপ্ত্যঃ তাভির্যাতি স্বযুক্তিভিঃ ।। ৩৬ ।।

ওঁ উদ্বয়ং তমসঃ পরি জ্যোতিঃ পশ্যন্ত উত্তরং দেবং দেবত্রা সূর্য্যমগন্ম জ্যোতিরুত্তমম্ ।। ৩৭ ।।

ওঁ উদ্যন্নদ্য মিত্র মহ আরোহন্নুত্তরাং দিবং হৃদ্রোগং মম সূর্য্য হরিমাণঞ্চ নাশয় ।। ৩৮ ।।

ওঁ শুকেষু মে হরিমাণং রোপণাকাসু দধ্মসি অথো হরিদ্রবেষু মে হরিমাণং নিদধ্মসি ।। ৩৯ ।।

ওঁ উদগাদয়মাদিত্যো বিশ্বেন সহসা সহ দ্বিষন্তং মহ্যং রন্ধয়ন্মোঽহং দ্বিষতে রধম্ ।। ৪০ ।।

সায়ংসূর্য্যোপস্থান।

মোষু বরুণেতি পঞ্চর্চ্চস্য বশিষ্ঠ-ঋষির্ব্বরুণো দেবতা গায়ত্রীচ্ছন্দঃ সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ ।।

সর্ব্বপ্রেরক সূর্য্যদেব সতর্ক সপ্তাশ্বকে রথে নিয়োজিত করিয়া যজ্ঞস্থলে প্রস্থান করিতেছেন ।। ৩৬ ।।

আমরা নিষ্কলুষ অমরবৃন্দমধ্যে দানাদিগুণসম্পন্ন আদিত্যকে দর্শন ও তদীয় আরাধনা করিয়া অত্যুত্তম সূর্য্যরূপ প্রাপ্ত হইব ।।৩৭।।

হে অনুকূলদীপ্তিসম্পন্ন আদিত্যদেব! অদ্য আপনি আকাশতলে উদিত হইয়া আমার শরীর ও হৃদয়গত বাহ্য হরিদ্বর্ণ রোগসমূহ বিনষ্ট করুন্ ।। ৩৮ ।।

আমরা মদীয় হরিদ্বর্ণ রোগকে হরিদ্বর্ণপ্রার্থী শুক ও শারিকা পক্ষীতে এবং হরিতাল-তরুতে স্থাপন করিতেছি ।। ৩৯ ।।

এই পুরোবর্ত্তী অদিতিসুত সূর্য্যোদেব মদীয় উপদ্রবকারী বিপক্ষকে ধ্বংস করিয়া সর্ব্ববল গ্রহণ করত উদিত হইয়াছেন। ইনিই আমার অনিষ্টকারী ব্যাধি বিদূরিত করুন, আমি ব্যাধির প্রতিহিংসা করিব না ।। ৪০ ।।

এইরূপে ঋগ্যাদি-স্নান-সমাপনান্তে নিম্নলিখিত মন্ত্রে সায়ং-কালীন সূর্য্যোপস্থান করিতে হয়। যথা—

ওঁ মোষু বরুণ মৃণ্ময়ং গৃহং রাজন্নহং গমং মৃড়া সুক্ষত্র মৃড়য় ॥ ১॥

ওঁ যদে ম প্রস্ফুরন্নিব দৃতির্ন ধ্মাতোঽদ্রিব মৃড়া সুক্ষত্র মৃড়য় ॥ ৪২॥

ওঁ ক্রত্বঃ সমহ দীনতা প্রতীপং জগমা শুচে মৃড়া সুক্ষত্র মৃড়য় ॥ ৪৩॥

ওঁ অপাং মধ্যে তস্থিবাংসং তৃষ্ণাবিন্দজ্জরিতারং মৃড়া সুক্ষত্র মৃড়য় ॥ ৪৪ ॥

ওঁ যৎ কিঞ্চেদং বরুণ দৈব্যে জনেঽভিদ্রোহং মনুষ্যাশ্চরামসি অচিত্তী যত্তব ধর্ম্মাযুযোপিম মা নস্তস্মাদেনসো দেব রীরিষঃ ॥ ৪ ॥

হে নৃপতে বরুণ! আমি ত্বদীয় মৃন্ময় গৃহে গমন করিব না, আমি ত্বদীয় স্বর্ণময় গৃহ প্রাপ্ত হইব। হে প্রশস্তধনশালিন্! তুমি মৎপ্রতি করুণা প্রদর্শন পূর্ব্বক আমাকে সুখী কর ॥ ৪১ ॥

হে অস্ত্রধারিন্ বরুণ! আমি যৎকালে তোমার ভয়ে বিকম্পিত বায়ুপূর্ণ চর্ম্মপাত্রবৎ স্ফীত ও ত্বৎকর্ত্তৃক বন্দী হইয়া গমন করিব, তৎকালে তুমি আমাকে সুখী করিও ॥ ৪২ ॥

হে অর্থশালিন্! হে বিমলস্বভাব বরুণ! আমরা শ্রুতিস্মৃতি-বিহিত ক্রিয়ার অনুষ্ঠানে অসমর্থ; অতএব যৎকালে ত্বৎকর্ত্তৃক বন্দী হইয়া গমন করিব, তখন তুমি আমাকে সুখী করিও ॥ ৪৩॥

হে বরুণ! আমি সমুদ্রগর্ভে অবস্থিতি করিয়া ও ত্বদীয় উপাসনা করিয়াও পিপাসার্ত্ত হইতেছি; যেহেতু, লবণাক্ত জল পানের অযোগ্য, উহা পান করিতে পারিতেছি না; অতএব তুমি এই তৃষ্ণার্ত্ত ব্যক্তিকে (আমাকে) সুখী কর। ৪৪ ॥

হে বরুণ! আমরা দেববৃন্দসম্বন্ধে অনিষ্ট করিয়াছি ও অজ্ঞানতা বশতঃ ত্বদীয় কার্য্যে বিমোহিত হইয়াছি; সেই জন্য আমাদের পাপসঞ্চয় হইয়াছে; তুমি সেই পাপবশতঃ আমাদিগের প্রতি হিংসাচরণ করিও না ॥ ৪৫ ॥

অঙ্গন্যাস।

এইরূপে সূর্য্যোপস্থান করিয়া নিম্নলিখিত প্রকারে অঙ্গন্যাস করিতে হয়। যথা—

"ওঁ হৃদয়ায় নমঃ" মন্ত্রে অঙ্গুলী দ্বারা হৃদয়, "ওঁ ভূঃ শিরসে স্বাহা" মন্ত্রে মস্তক, "ওঁ ভুবঃ শিখায়ৈ বষট্" মন্ত্রে শিখা, "ওঁ স্বঃ কবচায় হুঁ" মন্ত্রে বাহু, "ওঁ ভূর্ভুবঃ স্বঃ নেত্রত্রয়ায় বৌষট্" মন্ত্রে নেত্র, "ওঁ ভূর্ভুবঃ স্বঃ অস্ত্রায় ফট্" মন্ত্রে করতল, "ওঁ তৎ সবিতুঃ হৃদয়ায় নমঃ" মন্ত্রে পুনরায় হৃদয়, "বরেণ্যং শিরসে স্বাহা" মন্ত্রে শিরঃ, "ভর্গো দেবস্য শিখায়ৈ বষট্" মন্ত্রে শিখা. "ধীমহি কবচায় হুঁ" মন্ত্রে বাহু, "ধিয়ো য়ো নঃ নেত্রত্রয়ায় বৌষট্" মন্ত্রে নেত্র এবং প্রচোদয়াৎ অস্ত্রায় ফট্" মন্ত্রে করতল স্পর্শ করিবে।

তদনন্তর গায়ত্রীর ধ্যান করিবে। তিন বেলায় ধ্যান ত্রিবিধ। যথা—

প্রাতর্ধ্যান।

ওঁ বালাং বালাদিত্যমণ্ডলস্থাং রক্তাম্বরানুলেপনস্রগাভরণাং চতুর্ম্মুখীং দণ্ডকমণ্ডলুৃক্ষসূত্রাভয়াঙ্কচতুর্ভুজাং হংসারূঢ়াং ব্রহ্মদৈবত্যাং ঋগ্বেদমুদাহরন্তীং ভূর্লোকাধিষ্ঠাত্রীং গায়ত্রীং নাম তাং ধ্যায়েৎ ॥৪৬॥

প্রভাতে বালিকা, বালাদিত্যমণ্ডলাভ্যন্তরগতা, লোহিতবর্ণা, রক্তাম্বরা, অনুলেপন ও মাল্যধারিণী, চতুর্ম্মুখী, চতুর্ভুজে দণ্ড, কমণ্ডলু, জপমালা ও অভয়ধারিণী, হংসারূঢ়া, ঋগ্বেদোচ্চারণকারিণী, ভূর্লোকের অধিষ্ঠাত্রী, ব্রহ্মাণী দেবীকে গায়ত্রী নামে ধ্যান করিবে ॥ ৪৬ ॥

মধ্যাহ্নধ্যান।

ওঁ যুবতীং যুবাদিত্যমণ্ডলস্থাং শ্বেতবর্ণাং শ্বেতাম্বরানুলেপনস্রগাভরণাং সত্রিনেত্রপঞ্চবক্ত্রাং চন্দ্রশেখরাং ত্রিশূলখড়্গাখট্বাঙ্গডমরুকরাং চতুর্ভুজাং বৃষারূঢ়াং রুদ্রদৈবত্যাং যজুর্ব্বেদমুদাহরন্তীং ভুবর্লোকাধিষ্ঠাত্রীং সাবিত্রীং নাম তাং ধ্যায়েৎ॥ ৪৭॥

সায়াহ্নধ্যান।

ওঁ বৃদ্ধাং বৃদ্ধাদিত্যমণ্ডলস্থাং শ্যামবর্ণাং শ্যামাম্বরানুলেপনস্রগাভরণাং একবক্ত্রাং শঙ্খচক্রগদাপদ্মাঙ্কচতুর্ভুজাং গরুড়ারূঢ়াং বিষ্ণুদৈবত্যাং সামবেদমুদাহরন্তীং স্বর্লোকাধিষ্ঠাত্রীং সরস্বতীং নাম তাং ধ্যায়েৎ॥ ৪৮॥

গায়ত্রীর আবাহন।

এই প্রকারে ধ্যানান্তে কৃতাঞ্জলি হইয়া নিম্নলিখিত মন্ত্রপাঠ সহকারে গায়ত্রীর আবাহন করিবে।

ওঁ আয়াহি বরদে দেবি অক্ষরং ব্রহ্মসম্মতম্।
গায়ত্রি ছন্দসাং মাতর্ব্রহ্মযোনি নমোঽস্তু তে॥ ৪৯॥

মধ্যাহ্নকালে যুবতী, মধ্যাহ্নকালীন অদিত্যমণ্ডলস্থিতা, শ্বেতবর্ণা, শুক্লাম্বর, অনুলেপন ও মাল্যধারিণী, পঞ্চবদনা, পঞ্চদশনেত্রা, শশাঙ্কশেখরা, করচতুষ্টয়ে ত্রিশূল, অসি, খট্বাঙ্গ ও ডমরুধারিণী বৃষবাহনা, যজুর্ব্বেদবক্ত্রী, ভুবর্লোকাধিষ্ঠাত্রী রুদ্রাণীদেবীকে সাবিত্রী নামে ধ্যান করিবে॥ ৪৭॥

সন্ধ্যাকালে বৃদ্ধা, বৃদ্ধসূর্য্যমণ্ডলগতা, কৃষ্ণবর্ণা, কৃষ্ণাম্বর, অনুলেপন ও মাল্যধারিণী, একবক্ত্রা, করচতুষ্টয়ে শঙ্খচক্রগদাপদ্মধারিণী গরুড়বাহনা, সামবেদোচ্চারণকারিণী, স্বর্লোকাধিষ্ঠাত্রী, বৈষ্ণব দেবীকে সরস্বতী নামে ধ্যান করিবে॥ ৪৮॥

হে বরপ্রদে! হে ছন্দঃপ্রসবকারিণি! হে বেদোদ্ভূতে গায়ত্রি তুমি আমাদিগকে অবিনশ্বর ব্রহ্মতত্ত্ব বুঝাইবার জন্য সমাগত হও

ওঁ তেজোঽসি সহোঽসি বলমসি ভ্রাজোঽসি দেবানাং ধাম-নামাসি বিশ্বমসি বিশ্বায়ুঃ সর্ব্বমসি সর্ব্বায়ুঃ অভিভূরোঁ ॥ ৫০ ॥

আগচ্ছ বরদে দেবি জপ্যে মে সন্নিধা ভব ।
গায়ন্তং ত্রায়তে যস্মাৎ গায়ত্রী ত্বমতঃ স্মৃতা ॥ ৫১ ॥

ঋষ্যাদিস্মরণ ও গায়ত্রীজপ।

অনন্তর নিম্নলিখিত "ওঙ্কারস্য ব্রহ্ম-ঋষিঃ" ইত্যাদি মন্ত্রে গায়ত্রীর ঋষ্যাদি স্মরণ করিতে হয়। যথা—

ওঁকারস্য ব্রহ্ম-ঋষিরগ্নির্দ্দেবতা গায়ত্রীচ্ছন্দো মহাব্যাহৃতীনাং পরমেষ্ঠী প্রজাপতির্ঋষিঃ প্রজাপতির্দ্দেবতা বৃহতীচ্ছন্দো গায়ত্র্যা বিশ্বামিত্র-ঋষিঃ সবিতা দেবতা গায়ত্রীচ্ছন্দঃ শ্বেতো বর্ণঃ অগ্নির্মুখং ব্রহ্মা শিরো বিষ্ণুর্হৃদয়ং রুদ্রো ললাটং পৃথিবী কুক্ষিস্ত্রৈলোক্যং চরণাঃ সাংখ্যায়নং গোত্রং অশেষপাপক্ষয়ায় জপে বিনিয়োগঃ ॥ ৫২ ॥

হে গায়ত্রি! তুমি দেহের হেতুভূত ধাতুস্বরূপিণী, তুমি প্রতিপক্ষ-গণের পরাভবের শক্তিরূপা, তুমি শক্তিস্বরূপিণী, তুমি দীপ্তিরূপা; তুমি অগ্ন্যাদি দেবগণের তেজোরূপিণী, তুমি সমগ্রজগৎস্বরূপা, তুমি জীবনীশক্তিরূপিণী, তুমি পাপনাশিনী এবং ওঙ্কারপ্রতিপাদ্য পরমাত্ম-স্বরূপা। হে অভীষ্টদাত্রি গায়ত্রি! তুমি মদীয় জপসময়ে আমার হৃদয়ে অধিষ্ঠিত হইও। তুমি ত্বদীয় উপাসককে ত্রাণ কর বলিয়াই গায়ত্রী নামে প্রথিত হইয়াছ ॥ ৪৯-৫১ ॥

প্রণবের ঋষি ব্রহ্ম, দেবতা অগ্নি, ছন্দঃ গায়ত্রী; পরমেষ্ঠী প্রজাপতি মহাব্যাহৃতির ঋষি, দেবতা প্রজাপতি, ছন্দঃ বৃহতী; গায়-ত্রীর ঋষি বিশ্বামিত্র, সূর্য্য দেবতা, ছন্দঃ গায়ত্রী। গায়ত্রীর বর্ণ শুভ্র, মুখ বহ্নি, মস্তক ব্রহ্মা, হৃদয় বিষ্ণু, ললাট রুদ্র, উদর পৃথিবী, পদ ব্রহ্মাণ্ড, গোত্র সাংখ্যায়ন এবং পাপবিদূরণার্থ ইহার প্রয়োগ হয় ॥ ৫২ ॥

ঋষ্যাদিস্মরণান্তে দশধা বা অষ্টোত্তরশতধা গায়ত্রীজপ-করিবে। যথা--

ওঁ ভূর্ভুবঃ স্বঃ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি, ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ ॥

গায়ত্রীর উপস্থান।

এইরূপে গায়ত্রী জপ করিয়া নিম্নলিখিত মন্ত্রে গায়ত্রীর উপ-স্থান করিতে হয়। যথা—

জাতবেদস ইতস্য কাশ্যপঋষির্জাতবেদোঽগ্নির্দ্দেবতা ত্রিষ্টুপ্ ছন্দঃ শান্ত্যর্থং জপে বিনিয়োগঃ॥

ওঁ জাতবেদসে সুনবাম সোমমরাতীয়তো নিদহাতি বেদঃ স নঃ পরিষদতি দুর্গাণি বিশ্বা নাবেব সিন্ধুং দুরিতাত্যগ্নিঃ॥

তচ্ছং যোরিত্যস্য শংযুর্ঋষির্বিশ্বেদেবা দেবতাঃ শর্করীচ্ছন্দঃ শান্ত্যর্থং জপে লিনিয়োগঃ॥

নমো ব্রহ্মণ ইত্যাদি প্রজাপতির্ঋষির্বিশ্বেদেবা দেবতা জগতী-চ্ছন্দঃ শান্ত্যর্থজপে বিনিয়োগঃ॥

ওঁ তচ্ছং যোরাবৃণীমহে। ওঁ নমো ব্রহ্মণে অগ্নয়ে॥

গায়ত্রী-বিসর্জ্জন।

অনন্তর "ওঁ পূর্ব্বাদিদিগ্‌ভ্যো নমঃ, ওঁ দিগীশেভ্যো নমঃ, ওঁ সন্ধ্যায়ৈ নমঃ, ওঁ গায়ত্র্যৈ নমঃ, ওঁ সাবিত্র্যৈ নমঃ, ওঁ সরস্বত্যৈ নমঃ, ওঁ সর্ব্বাভ্যো দেবতাভ্যো নমঃ," বলিয়া প্রণতি করত নিম্ন-কথিত মন্ত্রে এক গণ্ডূষ জল দিয়া গায়ত্রীবিসর্জ্জন করিবে। যথা—

ওঁ উত্তরে শিখরে দেবি ভূম্যাং পর্ব্বতমূর্দ্ধনি।
ব্রাহ্মণেভ্যোঽভ্যনুজ্ঞাতা গচ্ছ দেবি যথাসুখম্॥ ৫৩॥

হে দেবি গায়ত্রি! তুমি উত্তরাদিকস্থিত গিরিশিখরে অধিষ্ঠিত থাক, কিন্তু জপকালে আমার নিকটবর্ত্তিনী হইয়াছিলে; অধুনা তোমার সেবকগণের অনুজ্ঞায় যথাস্থানে সুখে গমন কর॥ ৫৩॥

ব্রহ্মযজ্ঞ ।

তৎপরে সামবেদিসন্ধ্যার প্রণালীতে (মধ্যাহ্ন-সন্ধ্যান্তে) ব্রহ্ম-যজ্ঞ করিবে। কেবল চতুর্থ মন্ত্রটির "শন্নো ভবন্তু" স্থানে "আপো ভবন্তু" পাঠ করিবে, এইমাত্র প্রভেদ। *

সূর্য্যার্ঘ্য ।

অনন্তর নিম্নলিখিত মন্ত্রে সূর্য্যার্ঘ্য প্রদান করিবে। যথা—

ওঁ নমো বিবস্বতে ব্রহ্মন্ ভাস্বতে বিষ্ণুতেজসে।
জগৎসবিত্রে শুচয়ে সবিত্রে কর্ম্মদায়িনে।
এহি সূর্য্য সহস্রাংশো তেজোরাশে জগৎপতে।
অনুকম্পয় মাং ভক্তং গৃহাণার্ঘ্যং দিবাকর ॥

এইরূপে সূর্য্যের উদ্দেশে অর্ঘ্য ও এক অঞ্জলি জল দিয়া পূর্ব্ব-লিখিত "জবাকুসুম" ইত্যাদি মন্ত্রে নমস্কার করিবে।

তান্ত্রিকী সন্ধ্যা ও তান্ত্রিক তর্পণ।

দীক্ষিত ব্যক্তিমাত্রেই তান্ত্রিকী সন্ধ্যা ও তান্ত্রিক তর্পণ করিবে। ব্রহ্মযজ্ঞসমাপনান্তে এই সন্ধ্যা কর্ত্তব্য। কিন্তু শূদ্র ও স্ত্রীলোক প্রাতঃ-স্নানান্তে তান্ত্রিকী সন্ধ্যা করিয়া তর্পণ করিবে। কেহ কেহ তর্প-ণান্তে তান্ত্রিকী সন্ধ্যা করিয়া থাকেন। তর্পণে অনধিকারী ব্যক্তিও এই নিয়মে তান্ত্রিকসন্ধ্যা করিবে। সন্ধ্যার সময় অতীত হইলে আচ-মনান্তে ইষ্টদেবতার গায়ত্রী দশবার জপ করিয়া সন্ধ্যানুষ্ঠান করিবে। প্রথমে বিধানানুসারে আচমন † ও বিষ্ণুস্মরণ করিয়া অঙ্কুশমুদ্রা দ্বারা "গঙ্গে চ যমুনে চৈব" ইত্যাদি মন্ত্রে জলশুদ্ধি করিতে হয়।

---

* এই স্থলে তর্পণ করিয়া সূর্য্যার্ঘ্য দেওয়া তর্পণাধিকারীর কর্ত্তব্য; তদনধিকারী ব্যক্তি ব্রহ্মযজ্ঞের পর সূর্য্যার্ঘ্য দিবে।

† বৈষ্ণবাদিরা বিনা মন্ত্রে তুইবার আচমন করিবে।

অনন্তর ধেনুমুদ্রা প্রদর্শন পূর্ব্বক গুরুদত্ত মূলমন্ত্রে তত্ত্বমুদ্রাযোগে সেই জল বারত্রয় ভূতলে নিক্ষেপ করিবে এবং মস্তকে ছিটা দিবে। পরে মূলমন্ত্র দ্বারা প্রাণায়াম ও ষড়ঙ্গন্যাস * করত বামকরতলে জল লইয়া দক্ষিণকর দ্বারা আচ্ছাদন পূর্ব্বক "হং যং বং লং রং" এই মন্ত্র বারত্রয় উচ্চারণ করিবে এবং করচ্ছিদ্র দিয়া গলিতজলবিন্দু মূলমন্ত্রে সপ্তবা বিন্দু বিন্দু শিরঃপ্রদেশে দিবে। অতঃপর তত্ত্বমুদ্রা দ্বারা অবশিষ্ট জল দক্ষিণ-হস্তে লইয়া তাহাকে তেজোময় ধ্যান করত নাসাগ্রে ধরিয়া বামভাগস্থ ইড়ানাড়ী দ্বারা আকর্ষণ করিবে এবং "দেহমধ্যস্থ পাপ ঐ জলে মিশ্রিত হইয়াছে, পাপস্পর্শে ঐ জলও কৃষ্ণবর্ণ হইয়াছে," এই প্রকার ভাবনা করত দক্ষিণনাসা দ্বারা সেই জল বাহির করিয়া "ফট্" মন্ত্রে ঐ পাপময় সলিল বামহস্ততলে ফেলিবে। তৎপরে কর-ক্ষালন ও একবার আচমন পূর্ব্বক নিম্নকথিত মন্ত্রে প্রত্যেককে তিন তিনবার তর্পণ করিবে, † যথা—

ওঁ দেবাংস্তর্পয়ামি, ওঁ ঋষীংস্তর্পয়ামি, ওঁ পিতৃংস্তর্পয়ামি ‡, ওঁ মনুষ্যাংস্তর্পয়ামি, ওঁ গুরূংস্তর্পয়ামি, ওঁ পরমগুরূংস্তর্পয়ামি, ওঁ পরাপরমগুরূংস্তর্পয়ামি, ওঁ পরমেষ্ঠিগুরূংস্তর্পয়ামি।

বৈষ্ণবেরা "মনুষ্যাংস্তর্পয়ামি" বলিয়া তর্পণান্তে "নারদং তর্পয়ামি, পর্ব্বতং তর্পয়ামি, জিষ্ণুং তর্পয়ামি, নিশঠং তর্পয়ামি, উদ্ধবং তর্পয়ামি, দারুকং তর্পয়ামি, বিশ্বক্সেনং তর্পয়ামি, শৈনেয়ং তর্পয়ামি" এই কয়টি মন্ত্রে প্রত্যেককে তিন তিন অঞ্জলি জলপ্রদান পূর্ব্বক গুরুপংক্তির তর্পণ করিবে। (মতান্তরে গুরুপংক্তির তর্পণান্তে উক্ত তর্পণ করণীয়।)

* মূলমন্ত্র অনুসারে অঙ্গন্যাসের পার্থক্য আছে, উহা গুরুসকাশে জানিতে হয়।

† অনেকে জপবিসর্জ্জনের পর তান্ত্রিক তর্পণ করে।

‡ জীবৎপিতৃক ব্যক্তি "পিতৃংস্তর্পয়ামি" পরিত্যাগ করিবেন।

পরে শাক্তগণ মূলমন্ত্রপাঠ সহকারে "অমুকীদেবীং (ইষ্ট-দেবতার নাম উচ্চার্য্য) তর্পয়ামি স্বাহা" বলিয়া বারত্রয় তর্পণ করিবে। শৈবগণ মূলমন্ত্র পাঠ পূর্ব্বক "অমুকদেবং তর্পয়ামি" এবং বৈষ্ণবগণ মূলমন্ত্রপাঠান্তে "অমুকদেবং তর্পয়ামি নমঃ" বলিবেন।

তদনন্তর দেবতার স্ব স্ব পটলকথিত আবরণদেবতাগণকেও এক একবার তর্পণ করিতে হয়। আবরণদেবতার বিষয় গুরু-সকাশে জ্ঞাতব্য। পরে নিম্নলিখিত মন্ত্রে সূর্য্যার্ঘ্য দিবে। যথা—

ওঁ হ্রীং হংসঃ (কিংবা ঘৃণিঃ সূর্য্য আদিত্যঃ) ইদমর্ঘ্যং শ্রীসূর্য্যায় স্বাহা ॥

(তারাদি-মন্ত্রোপাসকেরা "হ্রীঁ হংসঃ মার্ত্তণ্ডভৈরবায় প্রকাশ-শক্তিসহিতায় ইদমর্ঘ্যং শ্রীসূর্য্যায় স্বাহা" বলিয়া অর্ঘ্য দিবে। *

তৎপরে "ওঁ সূর্য্যমণ্ডলস্থায়ৈ অমুকদেবতায়ৈ নমঃ" মন্ত্রে তিনটি জলাঞ্জলি দিয়া গায়ত্রীর ধ্যান করিবে। যথা—

প্রাতর্ধ্যান।

উদ্যদাদিত্যসঙ্কাশাং পুস্তকাক্ষকরাং স্মরেৎ।
কৃষ্ণাজিনধরাং ব্রাহ্মীং ধ্যায়েৎ তারকিতেঽম্বরে। ১ ॥

সমুদিত আদিত্যসন্নিভা, পুস্তক ও জপমালাধারিণী, কৃষ্ণসার-চর্ম্মাম্বরা ব্রাহ্মীশক্তিকে বিরলতারকাযুক্ত গগনে অবস্থিতা ধ্যান করিবে ॥ ১ ॥

* তাম্রপাত্রে চন্দন, আকন্দপুষ্প ও অপরাজিতাপুষ্প লইয়া অর্ঘ্য প্রদান করাই তারাদি উপাসকের কর্ত্তব্য। শ্রীবিদ্যাদি উপাসকেরা অর্ঘ্য দিবার যথাযথ মন্ত্র গুরু-সকাশে বিদিত হইবেন। দেবতাবিশেষে অর্ঘ্যদ্রব্যের বিভিন্নতা আছে, তাহা প্রকীর্ণ অংশে দ্রষ্টব্য।

মধ্যাহ্নধ্যান।

শ্যামবর্ণাং চতুর্ব্বাহুং শঙ্খচক্রলসৎকরাম্।
গদাপদ্মধরাং দেবীং সূর্য্যাসনকৃতাশ্রয়াম্॥ ২॥

সায়াহ্নধ্যান।

সায়াহ্নে বরদাং দেবীং গায়ত্রীং সংস্মরেদ্‌যতিঃ।
শুক্লাং শুক্লাম্বরধরাং বৃষাসনকৃতাশ্রয়াম্॥
ত্রিনেত্রাং বরদাং পাশং শূলঞ্চ নৃকরোটিকাম্।
সূর্য্যমণ্ডলমধ্যস্থাং ধ্যায়ন্ দেবীং সমভ্যসেৎ॥ ৩॥

অনন্তর ইষ্টদেবতার গায়ত্রী দশধা জপান্তে নিম্নকথিত মন্ত্রে জপসমর্পণ করিবে। যথা—

গুহ্যাতিগুহ্যগোপ্‌ত্রী ত্বং গৃহাণাস্মৎকৃতং জপম্।
সিদ্ধির্ভবতু মে দেবি ত্বৎপ্রসাদাৎ সুরেশ্বরি॥ ৪॥

পুংদেবতা হইলে নিম্নকথিত প্রকারে মন্ত্র উচ্চার্য্য। যথা—

গুহ্যাতিগুহ্যগোপ্তা ত্বং গৃহাণাস্মৎকৃতং জপম্।
সিদ্ধির্ভবতু মে দেব ত্বৎপ্রসাদাৎ সুরেশ্বর॥

পুংদেবতা-স্থলে মনে মনে তদীয় দক্ষিণকরে এবং স্ত্রীদেবতা-স্থলে তদীয় বামকরে উক্ত মন্ত্রে জল দিয়া জপসমর্পণ করিবে।

মধ্যাহ্নে গায়ত্রীকে শ্যামবর্ণা, চতুর্ভুজা, শঙ্খচক্রগদাপদ্মধারিণী ও সূর্য্যমণ্ডলস্থিতা ধ্যান করিবে॥ ২॥

সন্ধ্যাকালে গায়ত্রীকে বরপ্রদা, শুভ্রবর্ণা, শুক্লাম্বরধারিণী, বৃষাসনস্থিতা, ত্রিনয়না, পাশ, শূল ও নৃকরোটিকধারিণী এবং সূর্য্যমণ্ডলান্তর্গতা চিন্তা করিবে॥ ৩॥

হে দেবি সুরেশ্বরি! যাহা গুহ্য হইতেও গুহ্যতর, তুমি তাদৃশ মন্ত্রের রক্ষয়িত্রী; তুমি মৎকৃত জপ গ্রহণ কর। তোমার প্রসাদে আমি যেন সিদ্ধি লাভ করি॥ ৪॥

তৎপরে "হ্রং" এই মন্ত্রে শিরঃপ্রদেশে জল দিয়া করযোড়ে যথাক্রমে বামনেত্রপ্রান্ত, দক্ষিণনেত্রপ্রান্ত ও ললাটদেশ স্পর্শ করত নমস্কার করিবে। যথা —

(বামে) ওঁ গুরুভ্যো নমঃ, ওঁ পরমগুরুভ্যো নমঃ, ওঁ পরাপরগুরুভ্যো নমঃ, (দক্ষিণে) ওঁ গণেশায় নমঃ। (মধ্যে) ওঁ অমুকদেবায় নমঃ ॥

অনন্তর প্রাণায়াম, ঋষ্যাদিন্যাস, করাঙ্গন্যাস ইত্যাদি সম্পাদন করত গুরু, দেবতা ও মন্ত্র এই তিনের ঐক্য ভাবনা করিয়া শক্ত্যনুসারে মূলমন্ত্র জপ করিবে। পরে "গুহ্যাতিগুহ্য" মন্ত্রে জপসমর্পণ পূর্ব্বক পুনরায় প্রাণায়াম করিয়া দেবতার প্রণাম-মন্ত্রে দেবতাকে * ওঁ গুরুপ্রণাম-মন্ত্রে গুরুদেবকে প্রণাম করিবে। গুরুপ্রণামমন্ত্র যথা—

ওঁ অখণ্ডমণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরম্।
তৎপদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ ॥
ওঁ গুরুর্ব্রহ্মা গুরুর্বিষ্ণুর্গুরুর্দেবো মহেশ্বরঃ।
গুরুরেব পরং ব্রহ্ম তস্মৈ শ্রীগুরবে নমঃ ॥
ওঁ অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ ॥

ইতি প্রাতঃকৃত্য।

* জপের বিধান প্রকীর্ণ অংশে ও দেবতাগণের প্রণামমন্ত্র ৭ম কল্পান্তে দ্রষ্টব্য।

দ্বিতীয় বল্লী

পূর্ব্বাহ্নকৃত্য।

[প্রথমযামার্দ্ধকৃত্য অর্থাৎ ৬টা হইতে ৭॥টার মধ্যে করণীয়]

প্রাতঃকৃত্য-সমাপনান্তে দিনকৃত্যে প্রবৃত্ত হইতে হয়। দেবগৃহমার্জ্জনাদি, গুরু ও মঙ্গলদ্রব্যদর্শন, কেশপ্রসাধন, দর্পণে মুখদর্শন এবং পুষ্পতুলসী-বিল্বপত্রাদি-চয়ন প্রভৃতি ক্রিয়ানুষ্ঠানই প্রথম যামার্দ্ধের অন্তর্ভুক্ত অর্থাৎ দেবগৃহমার্জ্জন, গোময়াদি দ্বারা উপলেপন, অভ্যুক্ষণ, তথায় ধ্বজপতাকাদি আরোপণ প্রভৃতি করিয়া বিদ্যাদাতা, মন্ত্রদাতা, পিতা, মাতা প্রভৃতি গুরুজনকে ও মঙ্গলদ্রব্য দর্শন করিবে। পরে প্রণব ও গায়ত্রী স্মরণ পূর্ব্বক কেশপ্রসাধন করিতে হয়।

দেবগৃহমার্জ্জনাদি।*

স্কান্দে—

আচম্য বিধিবদ্‌ব্রহ্মন্ মার্জ্জয়েদ্দেবমন্দিরম্।

* দেবগৃহমার্জ্জনাদি বলিতে দেবমন্দির-সংমার্জ্জন, সংস্কার, উপলেপন, অভ্যুক্ষণ, ধ্বজপতাকাদি আরোপণ, কদলীস্তম্ভারোপণ, পীঠপাত্র ও বস্ত্রাদি সংস্কার প্রভৃতি বুঝিতে হইবে। দেবগৃহমার্জ্জনাদি বিষয়ে শাস্ত্রে যে যে প্রমাণ আছে, তাহা এই স্থলে লিখিত হইল, যথা—

বিষ্ণুধর্ম্মোত্তরে—

সংমার্জ্জনন্তু যঃ কুর্য্যাৎ পুরুষঃ কেশবালয়ে।
রজস্তমোভ্যাং নির্ম্মুক্তঃ স ভবেন্নাত্র সংশয়ঃ॥

শুদ্ধং গোময়মাদায় ততো মৃৎস্না জলং তথা।
ভক্ত্যা তৎপরিতো লিম্পেৎ অভ্যুক্ষেচ্চ তদঙ্গনম্ ॥

পাংশূনাং যাবতাং রাজন্ কুর্য্যাৎ সংমার্জ্জনং নরঃ।
তাবন্ত্যব্দানি স সুখী নাকমাসাদ্য মোদতে ॥

যে ব্যক্তি কেশবমন্দির সংমার্জ্জন করে, সে রজস্তমঃশূন্য হইয়া মুক্ত হয় সন্দেহ নাই। সংমার্জ্জনসময়ে যতসংখ্যক ধূলি অপসারিত হয়, তত বর্ষ সেই ব্যক্তি স্বর্গে সুখভোগ করে।

বরাহপুরাণে—

গোময়ং গৃহ্য বৈ ভূমে মম বেশ্মোপলেপয়েৎ।
যাবতস্তু পদাংস্তত্র সমন্তাদুপলেপয়েৎ।
তাবদ্বর্ষসহস্রাণি মদ্ভক্তো জায়তে তথা ॥

ভগবান্ হরি পৃথিবীকে বলিয়াছিলেন, হে পৃথিবি! গোময় লইয়া মদীয় মন্দির লেপন করিবে। চারিদিকে যতসংখ্য পদ উপলেপন করিবে, তত সহস্র বর্ষ মদ্ভক্ত হইয়া জন্মগ্রহণ করিবে।

সমীপে যদি বা দূরে যশ্চালয়তি গোময়ম্।
যাবত্তস্তু পদাগ্রাণি তাবৎ স্বর্গে মহীয়তে ॥
শাল্মলৌ তৎপরিভ্রষ্টো রাজা ভবতি ধার্ম্মিকঃ।
মদ্ভক্তশ্চৈব জায়েত সর্ব্বশাস্ত্রবিশারদঃ ॥
যশ্চালেপয়তে ভূমিং গোময়েন দৃঢ়ব্রতঃ।
তস্য দৃষ্ট্বানুলেপন্তু মম তুষ্টিঃ প্রজায়তে ॥

দেবমূর্ত্তির নিকটে বা দূরে যে ব্যক্তি গোময়লেপন করে, তদীয় যতসংখ্য পদাগ্র লেপিত হয়, তত সহস্র বৎসর সেই ব্যক্তি স্বর্গলোকে গৌরবান্বিত হয়। পরে সে ব্যক্তি স্বর্গভ্রষ্ট হইয়া শাল্মলিদ্বীপে জন্মগ্রহণ করত পরমধার্ম্মিক, মদ্ভক্ত ও সর্ব্বশাস্ত্রবিশারদ হয়। যে ব্যক্তি দৃঢ়ব্রত হইয়া গোময় দ্বারা দেবমন্দির লেপন করে, তাহার সেই অনুলেপন দর্শনে আমি স্বয়ং প্রসন্ন হইয়া থাকি।

বিষ্ণুধর্ম্মোত্তরে—

কৃত্বোপলেপনং বিষ্ণোর্নরস্বায়তনে সদা।
গোময়েন শুভাল্লোকামযত্নাদেব গচ্ছতি ॥

গোময় দ্বারা হরিমন্দির লেপন করিলে, অনায়াসে শুভলোক লাভ হয়

বিধানে আচমন পূর্ব্বক দেবমন্দির মার্জ্জন করিবে। বিশুদ্ধ গোময়, মৃত্তিকা ও জল এই সমস্ত দ্বারা ভক্তি-সহকারে লেপন করিয়া তৎপরে অভ্যুক্ষণ করিতে হয়। এই প্রকারে মার্জ্জন, সংস্কার, উপলেপন, অভ্যুক্ষণ, ধ্বজারোপণ, পতাকারোপণ ও কদলীস্তম্ভারোপণ করিয়া গুরু ও মঙ্গলদ্রব্য দর্শন করিবে।

হস্তপ্রমাণং ভূভাগমনুলিপ্য প্রযত্নতঃ।
দেবরামাশতং নাকে লভতে সততং নরঃ॥

যত্ন সহকারে দেবমন্দিরের হস্ত-প্রমাণ স্থান গোময় দ্বারা লেপন করিলে সে স্বর্গে গমন পূর্ব্বক শতসংখ্য দেবনারী প্রাপ্ত হয়।

দুতান্ প্রতি যমানুশাসনম্—

সংমার্জ্জনং যঃ কুরুতে গোময়েনোপলেপনম্।
করোতি ভবনে বিষ্ণোস্ত্যাজ্যং তেষাং কুলত্রয়ম্॥

যমরাজ কোন সময়ে তদীয় দূতগণকে বলিয়াছিলেন যে, হে দূতগণ, যে ব্যক্তি গোময় দ্বারা দেবমন্দির লেপন করে, তোমরা তাহাদিগের কুলত্রয় পরিত্যাগ করিবে অর্থাৎ তাহাদিগকে কদাচ আমার আলয়ে আনয়ন করিও না।

অভ্যুক্ষণন্তু যঃ কুর্য্যাৎ দেবদেবাজিরে নরঃ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বারুণং লোকমশ্নুতে॥

যে ব্যক্তি দেবমন্দির অভ্যুক্ষণ করে, সে সর্ব্বপাপ হইতে মুক্ত হইয়া বরুণ-লোকে গমন করিয়া থাকে।

ধ্বজমারোপয়েদ্যস্তু প্রাসাদোপরি ভক্তিতঃ।
তস্য ব্রহ্মপদে বাসঃ ক্রীড়তে ব্রহ্মণা সহ॥

ভক্তিপূর্ব্বক দেবপ্রাসাদোপরি ধ্বজারোপণ করিলে তাহার ব্রহ্মপদে বাস হয় এবং সে ব্রহ্মার সহিত ক্রীড়া করে।

দেবালয়ং যঃ কুরুতে পতাকাভির্বিভূষিতম্।
ইহলোকে সুখং স্থিত্বা বায়ুলোকমবাপ্নুয়াৎ॥

যে ব্যক্তি পতাকা দ্বারা দেবমন্দির বিভূষিত করে, সে ইহলোকে সুখে থাকিয়া দেহান্তে বায়ুলোকে প্রেরিত হয়।

দেবালয়ং যঃ কুরুতে কদলীস্তম্ভভূষিতম্।
সুরকন্যাশতৈঃ সোঽপি সেব্যতে ত্রিদশালয়ে॥

গুরু ও মঙ্গলদ্রব্যদর্শন।

গুরূন্ বীক্ষেত্ততো ধীমান্ পুষ্পাণি বিবিধানি চ।
দেবানাং বিগ্রহাংশ্চৈব সাধ্বীং পতিপরায়ণাম্॥
কদলীস্তম্ভকান্ পূর্ণকুম্ভাদীন্ মাল্যমেব চ।
অন্যানি যানি দেবেশি মঙ্গলানি শুভানি চ॥

তৎপরে গুরুসকল *, বিবিধ পুষ্প, দেবমূর্ত্তি, সাধ্বী স্ত্রী, কদলীস্তম্ভ, পূর্ণকলস, মাল্য ইত্যাদি মঙ্গলদ্রব্য দর্শন করাই বুদ্ধিমানের কর্ত্তব্য।

তদনন্তর প্রণব ও গায়ত্রী স্মরণ পূর্ব্বক কেশপ্রসাধন (শিখাবন্ধন) করিতে হয়।

কেশপ্রসাধন।

ন দক্ষিণামুখো নোর্দ্ধং কুর্য্যাৎ কেশপ্রসাধনম্।
স্মৃত্বোঁকারঞ্চ গায়ত্রীং নিবধ্নীয়াচ্ছিখান্ততঃ॥

দক্ষিণমুখ হইয়া অথবা উর্দ্ধভাবে কেশপ্রসাধন করিতে নাই। ওঙ্কার ও গায়ত্রী স্মরণ পূর্ব্বক শিখাবন্ধন করিবে।

দর্পণে মুখদর্শন।

মুখবিম্বং ততো পশ্যেদ্দর্পণে হৃষ্টমানসঃ।
হৃদি স্মৃত্বা তু দেবেশং পুষ্পাদীনাহরেত্ততঃ॥

তৎপরে প্রসন্নচিত্তে দর্পণে আত্মমুখ দর্শন করিয়া হৃদয়ে ঈশ্বর স্মরণ পূর্ব্বক পুষ্পাদি চয়ন করিবে।

পুষ্পাদিচয়ন।

পুষ্পাদি চয়ন বলিতে পুষ্প, তুলসী, বিল্বপত্র ও দূর্ব্বা প্রভৃতি চয়ন বুঝিতে হইবে।

যিনি কদলীস্তম্ভারোপণ পূর্ব্বক দেবালয় সুশোভিত করেন, তিনি দেহান্তে ত্রিদিবধামে গমন পূর্ব্বক শত শত দেবনারী কর্ত্তৃক সেবিত হইয়া থাকেন।

* গুরুশব্দে কেবল মন্ত্রদাতা নহে; মন্ত্রদাতা, বিদ্যাদাতা, পিতা, মাতা প্রভৃতি গুরুজন বুঝিবে।

পুষ্পচয়নবিধি।

প্রভাতে তর্পণাদি-সমাধানান্তে দক্ষিণ-হস্ত দ্বারা পুষ্পাদি চয়ন করিতে হয়। * ঐ সমস্ত স্বয়ং আহরণ করাই কর্ত্তব্য। পুষ্প-চয়নে অক্ষম হইলে অথবা পুষ্পের অভাব হইলে মালাকারের নিকট একদরে ক্রয় করিবে। ফাউ চাহিবে না বা কাহারও নিকট প্রার্থনা করিবে না। বৃন্তসহ পুষ্পচয়ন করিবে। বামহস্তে চয়ন করিতে নাই। কোন আধার ব্যতীত কেবল হস্তোপরি পুষ্প রাখিবে না।

নিষিদ্ধ পুষ্প।—পর্য্যুষিত পুষ্পে পূজা করিতে নাই; কিন্তু বকুল, বক, কুন্দ, চম্পক ও জলজ পুষ্প এবং যে সমস্ত পুষ্পের কলিকা তুলিলেও প্রস্ফুটিত হয়, তৎসমস্ত পর্য্যুষিত হইলেও দোষ নাই। বকুল ও শেফালিকা ভিন্ন ভূপতিত অন্য কোন পুষ্প চয়ন করিতে নাই। কীটযুক্ত, দেবালয়স্থ, শুষ্ক, পরিধেয় বস্ত্রে ধৃত, নির্গন্ধ ও উগ্রগন্ধ পুষ্পচয়ন নিষিদ্ধ। শূদ্রেরা অন্য কর্ত্তৃক রোপিত বৃক্ষ হইতে রোপণকর্ত্তার অজ্ঞাতে পুষ্পচয়ন করিবে না।

তুলসীচয়ন।

চয়নপ্রণালী।

তুলস্যমৃতনামাসি সদা ত্বং কেশবপ্রিয়ে।
কেশবার্থে চিনোমি ত্বাং বরদা ভব শোভনে॥

এক একটি করিয়া বৃন্ত সহিত চয়ন করিবে। চয়নকালে

* মধ্যাহ্নকালের পর পুষ্পাদি চয়ন করিতে নাই। যাহারা মধ্যাহ্নস্নানান্তে পুষ্পচয়ন করে, তাহাদিগের সেই পুষ্প দেবতারা গ্রহণ করেন না, উহা কাষ্ঠবৎ ভস্মীভূত হয়।

স্নানং কৃত্বা তু যে কেচিৎ পুষ্পং গৃহ্ণন্তি বৈ দ্বিজাঃ।
দেবতাস্তন্ন গৃহ্ণন্তি ভস্মীভবতি কাষ্ঠবৎ॥
(অত্র স্নানমিতি—মধ্যাহ্নস্নানং বোদ্ধব্যম্।)

প্রত্যেকটিতে করতালি দিতে দিতে প্রদক্ষিণ পূর্ব্বক উপরিলিখিত মন্ত্রপাঠ সহকারে দক্ষিণ-হস্ত দ্বারা চয়ন করিতে হয়। *

তুলসীচয়নের নিষিদ্ধ দিন।—সন্ধ্যাকাল, রাত্রিকাল, মধ্যাহ্ন-কাল, সংক্রান্তি, পূর্ণিমা, অমাবস্যা ও দ্বাদশী, এই সমস্ত দিনে কদাচ তুলসীচয়ন করিবে না।

বিল্বপত্রচয়ন-বিধি।

বিল্বের শাখা ভগ্ন করিতে নাই। দক্ষিণ-হস্ত দ্বারা ধীরে ধীরে এক একটি করিয়া পত্র চয়ন করিবে।

প্রশস্ত বিল্বপত্রের লক্ষণ।

চক্রহীন, নিশ্ছিদ্র, বৃন্তসমন্বিত ও ত্রিপত্রান্বিত বিল্বপত্রই প্রশস্ত।

বিল্বপত্রচয়ন-মন্ত্র।

পুণ্যবৃক্ষ মহাভাগ মালূর শ্রীফল প্রভো।
মহেশ-পূজনার্থায় ত্বৎপত্রাণি চিনোম্যহম্॥

বিল্বপত্রচয়ন-নিষিদ্ধ-দিন।

মধ্যাহ্নকাল, সায়ংকাল, রাত্রিকাল, অমাবস্যা, পূর্ণিমা ও দ্বাদশীতে বিল্বপত্র চয়ন করিতে নাই।

দূর্ব্বাচয়ন।

প্রভাতে পবিত্র স্থান হইতে দূর্ব্বাচয়ন করিতে হয়। শ্রাদ্ধে ও দেবপূজায় দূর্ব্বার কোঁক ফেলিয়া ত্রিপত্রান্বিত করিবে।

দ্বিতীয়যামার্দ্ধকৃত্য।

[৭॥টা হইতে ৯টার মধ্যে করণীয়।]

ততোঽভ্যসেদ্বিধানেন বেদান্ বিপ্র অনন্যধীঃ।

দ্বিতীয়যামার্দ্ধে ব্রাহ্মণেরা অনন্যমনা হইয়া বেদাভ্যাস করিবে।†

---

* স্ত্রীলোক তুলসীচয়ন করিবে না।

† বেদাভ্যাস পাঁচ ভাগে বিভক্ত;—১। বেদস্বীকরণ, ২। বেদবিচার, ৩। বেদের অভ্যাস ৪। বেদের জপ ও ৫। বেদের ধ্যান। গুরুসকাশে

স্ত্রীলোকেরা সাংসারিক কার্য্যাদি নির্ব্বাহ করিবে। যথাবিধি বেদাভ্যাসের পর অন্যান্য শাস্ত্রাদি আলোচনা করিতে হয়।

শ্রবণকে বেদস্বীকরণ,তর্ক করিয়া আলোচনাকে বেদবিচার, পুনঃ পুনঃ আবৃত্তিকে বেদের অভ্যাস, মানসচিন্তাকে বেদের জপ এবং অধ্যাপনকেই বেদের ধ্যান বলা যায়। এখানে "বেদাভ্যাস করিবে" বলাতে কেবল যে উক্ত পঞ্চধারূপে বেদের আলোচনা বুঝাইবে, তাহা নহে। বেদ ব্যতীত অন্যান্য বেদানুকূল শাস্ত্রের আলোচনা ও অভ্যাসাদিও করিবে। তবে যে বিপ্র যে বেদশাখার অন্তর্ভূত, তাঁহার দৈনিক পাঠ্যাংশ বা স্বাধ্যায়াধ্যয়ন না করিয়া অগ্রে শাস্ত্রের আলোচনা করিতে নাই। ফলতঃ অস্মদ্দেশে এখন আর এ নিয়ম নাই; কারণ, আমাদিগের দেশ হইতে বেদপাঠ এক প্রকার উঠিয়া গিয়াছে বলিলেই হয়। তৎপরিবর্ত্তে এখন গায়ত্রীপাঠ উহার অনুকল্প হইয়াছে। স্বাধ্যায়পাঠ শেষ হইলে তৎপরে স্মৃতি অথবা ধর্ম্মশাস্ত্র এবং বেদশাখা ব্যাকরণাদি অধ্যয়ন করাই বিধেয়। ফল কথা, আর্য্য-ঋষিগণ সূক্ষ্মবিবেচনা করিয়াই শাস্ত্রাধ্যয়নের পক্ষে এই দ্বিতীয় যামার্দ্ধকালটি নিরূপণ করিয়া গিয়াছেন। কেন না, দেহ পবিত্র,মনোবৃত্তি সতেজ আর স্নানসন্ধ্যাদি দ্বারা ঐ সময়ে মনের সম্পূর্ণ উদারতা সাধিত হইয়াছে, এরূপ সুসময়ে শাস্ত্রালোচনা করিলে যে তাহাতে বিশেষরূপে মনঃসংযোগ হইবে, তাহাতে সন্দেহ নাই। বিশেষতঃ ঐ সময়ে মেধাশক্তি ও স্মৃতিশক্তির বলবত্তা জন্মে; সুতরাং যাহা কিছু অভ্যাস বা আলোচনা করা যায়, তাহাই উত্তমরূপ স্মরণ থাকে, শাস্ত্রচিন্তাজননিত ক্লেশেরও লাঘব হইয়া থাকে। সুতরাং বিশেষ অনুধাবন করিলে স্পষ্টই হৃদয়ঙ্গম হইবে যে, শাস্ত্রালোচনার পক্ষে এরূপ উপযুক্ত সময় আর নাই। বিদ্যাশিক্ষা করিয়া তদ্দ্বারা জীবিকা অর্জ্জন করিলে,অর্থাৎ বেতন গ্রহণ করত ছাত্র পড়াইলে তাহার পরলোক বিফল হয়, আর বিদ্যা দ্বারা অপরের যশের হানি করিলেও পরলোকে সুগতি হয় না। যথা—

"যশ্চ বিদ্যামাসাদ্য তয়া জীবেৎ তস্য পরলোকে ফলপ্রদা ভবতি, যশ্চ বিদ্যয়া পরেষাং যশো হন্তি ॥"

বিদ্যাশিক্ষা করত বিদ্যার্থীকে তাহা দান করা অবশ্য কর্ত্তব্য। তাহা না দিলে সেই ব্যক্তি কার্য্যবিঘ্নকারী বলিয়া গণ্য হয় এবং আপনিই আপনার মঙ্গলের দ্বার রুদ্ধ করে। এ বিষয়ে শ্রুত যথা—

"যোঽহরহরধীত্য বিদ্যামর্থিভ্যো ন প্রযচ্ছেৎ স কার্য্যহা স্যাৎ শ্রেয়সো দ্বারমাবৃণুয়াৎ ॥"

তৃতীয়যামার্দ্ধকৃত্য।

[৯টা হইতে ১০॥টার মধ্যে করণীয়।]

অর্থসাধন।

তদনন্তর তৃতীয়-যামার্দ্ধে পোষ্যবর্গের * ভরণপোষণার্থ স্বীয় বৃত্তি দ্বারা অর্থোপার্জ্জন করিতে হয়। শূদ্রগণ দ্বিতীয় ও তৃতীয় উভয় যামার্দ্ধেই অর্থোপার্জ্জন করিবে।

চতুর্থযামার্দ্ধকৃত্য।

[১০॥টা হইতে ১২টার মধ্যে করণীয়।]

তৈলমর্দ্দন, মধ্যাহ্নস্নান ও তর্পণাদি।

প্রাতঃস্নানবিধি অনুসারেই মধ্যাহ্নস্নান করিতে হয়, তবে এইমাত্র প্রভেদ যে, প্রাতঃস্নানে তৈলমর্দ্দন নিষিদ্ধ, মধ্যাহ্নস্নানে তৈলমর্দ্দন করিবে। †

ইতিহাসপুরাণাদি গ্রন্থ লিখিয়া দান করিলে বেদপ্রদানের দ্বিগুণ ফল হইয়া থাকে, যথা—

ইতিহাসপুরাণানি লিখিত্বা যঃ প্রযচ্ছতি।
ব্রহ্মদানসমং পুণ্যং প্রাপ্নোতি দ্বিগুণীকৃতম্॥

মূর্খতানিবন্ধন গ্রন্থ লিখিয়া বা পড়িয়া যদি পুনরায় ভুলিয়া যায়, তাহা হইলে তাহাকে ঘোর নরকে পড়িতে হয়, যথা—

বিস্মরেচ্চ তথা মৌঢ্যাৎ যোঽপি শাস্ত্রমনুত্তমম্।
স যাতি নরকং ঘোরমক্ষয়ং ভীমদর্শনম্॥

* মাতা, পিতা, গুরু, ভার্য্যা, দরিদ্র, অগ্নি, আশ্রিত, অভ্যাগত ব্যক্তি ও অতিথি, ইত্যাদিগকেই পোষ্যবর্গ কহে। প্রমাণ যথা—

মাতা পিতা গুরুর্ভার্য্যা প্রজা দীনাঃ সমাশ্রিতাঃ।
অভ্যাগতোঽতিথিশ্চাগ্নিঃ পোষ্যবর্গ উদাহৃতঃ॥

পরন্তু অগ্নি কেবল সাগ্নিক ব্যক্তির পক্ষেই বুঝিতে হইবে।

† প্রাতঃস্নানে ব্রতে শ্রাদ্ধে দ্বাদশ্যাং গ্রহণে তথা।
মদ্যলেপসমং তৈলং তস্মাত্তৈলং বিবর্জ্জয়েৎ॥

ষষ্ঠী ও নবমীতে মস্তকে ও পর্ব্বসন্ধিতে তৈল মাখিবে না। তদ্ব্যতীত রবিবার, কুজবার, গুরুবার, শুক্রবার, অষ্টমী, চতুর্দ্দশী, অমাবস্যা, দ্বাদশী, পূর্ণিমা, রবিসংক্রান্তি, শ্রাদ্ধাহ, ব্রতাহ, গ্রহণ-দিন, উপবাসের দিন, কেশচ্ছেদনের দিন এবং অশ্বিনী, শ্রবণা, চিত্রা ও হস্তা এই সকল নক্ষত্রে তৈলাভ্যঙ্গ করিবে না। নিষিদ্ধ দিনে তৈল মাখিবার নিতান্ত প্রয়োজন হইলে সর্ষপতৈল, নারিকেলতৈল বা পুষ্পবাসিত তৈল মাখিতে পারে। * তিলতৈল হইলে রবিবারে পুষ্প, কুজবারে কিঞ্চিৎ মৃত্তিকা, গুরুবারে দূর্ব্বা, শুক্রবারে কিঞ্চিৎ গোময় এবং অন্য নিষিদ্ধ দিনে তৈলমধ্যে পুষ্প ফেলিয়া দিয়া সেই তৈল মর্দ্দন করিবে। স্নানান্তে এবং তৈল-মর্দ্দনান্তে শৌচপ্রস্রাবাদি নিষিদ্ধ।

তৈলমর্দ্দনবিধি।—উপবিষ্ট হইয়া কনিষ্ঠা ও অঙ্গুষ্ঠ দ্বারা কিঞ্চিৎ তৈলগ্রহণ পূর্ব্বক 'অশ্বত্থায়ে নমঃ' এই মন্ত্রে মাটীতে ফেলিয়া দিবে। তৎপরে অগ্রে বামপদে, তদনন্তর দক্ষিণপদে, পরে মস্তকে এবং শেষে অন্যান্য অঙ্গ-প্রত্যঙ্গে তৈল মর্দ্দন করিবে। ক্ষত্রিয়েরা প্রথমে দক্ষিণকর্ণে, বৈশ্যেরা দক্ষিণপদে এবং শূদ্রেরা মস্তকে তৈল মাখিয়া পরে অন্যান্য অবয়বে মর্দ্দন করিবে। মস্তকে, কর্ণে ও পদতলে তৈল মর্দ্দন করা উচিত। †

প্রাতঃস্নানকালে, ব্রতদিনে, শ্রাদ্ধাহে, দ্বাদশীতে ও গ্রহণদিবসে তৈল মাখিলে মদ্যালেপনের তুল্য হয়।

* তৈলাভ্যঙ্গের নিষেধ কেবল তিলতৈলের প্রতি সন্দেহ নাই। ঘৃত, সর্ষপ-তৈল, পুষ্পবাসিত তৈল ও পক্কতৈল-ব্যবহার দোষাবহ নহে। তবে শরীরে কফদোষ জন্মিলে কিংবা স্নানাদি দ্বারা শুদ্ধিলাভান্তে অথবা অজীর্ণদোষ জন্মিলে তৈলাভ্যঙ্গ নিষিদ্ধ। প্রমাণ যথা—

তৈলাভ্যঙ্গনিষেধে তু তিলতৈলং নিষিধ্যতে।
ঘৃতঞ্চ সার্ষপং তৈলং যত্তৈলং পুষ্পবাসিতম্।
অদুষ্টং পক্কতৈলঞ্চ স্নানাভ্যঙ্গে চ নিত্যশঃ।
বর্জ্জ্যাহভ্যঙ্গঃ কফগ্রস্তৈঃ কৃতসংশুদ্ধ্যজীর্ণিভিঃ॥

† আয়ুর্ব্বেদেও লিখিত আছে যে,—মস্তকে, কর্ণে ও পদে বিশেষরূপে তৈল

তৈলমর্দ্দনান্তে যথানিয়মে স্নান, বস্ত্র-পরিবর্ত্তন, শিখাবন্ধন ও তিলকধারণ করত বৈদিকী ও তান্ত্রিকী সন্ধ্যা করিতে হয়। শূদ্র ও স্ত্রীলোকেরা বৈদিকী সন্ধ্যা করিবে না। অনন্তর ব্রহ্মযজ্ঞ ও পুনর্ব্বার স্নানাঙ্গ তর্পণ করিয়া পূজাগৃহে প্রবেশ করত শিবপূজাদি ও তান্ত্রিকী পূজা করিবে। *

ইতি পূর্ব্বাহ্নকৃত্য।

মর্দ্দন করিবে। প্রত্যহ তৈলাভ্যঙ্গ করিলে শ্রম, বাতদোষ ও জরা বিদূরিত হয় প্রমাণ যথা—

অভ্যঙ্গমাচরেন্নিত্যং স জরাশ্রমবাতহা। শিরঃশ্রবণপাদেষু তং বিশেষেণ শীলয়েৎ।

আমাদিগের দেশের আধুনিকগণ ইংরাজীশিক্ষায় শিক্ষিত হইয়া তৈল-ব্যবহার একরূপ পরিত্যাগ করিয়াছেন বলিলেও অত্যুক্তি হয় না; কিন্তু তাহাতে স্বাস্থ্যের হানিই দেখিতে পাওয়া যায়। ইয়োরোপের উত্তরাংশ শীতপ্রধান দেশ বলিয়া তত্রত্য অধিবাসিগণ গাত্রবস্ত্র খুলিয়া থাকিতে সমর্থ হয় না; সুতরাং তথায় কোনপ্রকার তৈলব্যবহার প্রচলিত নাই। পরন্তু ইয়োরোপের অধিকাংশ স্থলেই সাবান ব্যবহৃত হয়। সাবানে তৈল বা বসা প্রভৃতি তৈলবৎ পদার্থ আছে, কাজে কাজেই উহা ব্যবহারে একরূপ তৈল-ব্যবহারই হইয়া থাকে। প্রাচীনকালে গ্রীক, রোমীয় ও য়িহুদীরাও তৈল সেবন ও ব্যবহার করিত।

* পূজাবিধি ষষ্ঠ বল্লীতে দ্রষ্টব্য। চতুর্থ যামার্দ্ধের করণীয় যাহা বিবৃত হইল, দেড় ঘটার মধ্যে এতগুলি কার্য্য সম্পাদন করা অনেকের বিবেচনায় কঠিন বলিয়া বোধ হয়; কিন্তু অভ্যস্ত হইলে দেড় ঘণ্টার কথা দূরে থাকুক, এক ঘণ্টার মধ্যে নিষ্পন্ন হইতে পারে। তবে কথা এই যে, আধুনিক ব্যক্তিগণের পক্ষে অনেকেই বেলা সাড়ে দশ ঘটিকার মধ্যে আহারাদি সমাপন পূর্ব্বক কর্ম্মস্থলে গমন করেন; সুতরাং তাঁহারা তৃতীয় যামার্দ্ধ হইতেই আরম্ভ করিয়া মধ্যাহ্ন-সন্ধ্যা ও দেবার্চ্চনাদি সম্পন্ন করিয়া থাকেন। বস্তুতঃ একযামার্দ্ধকৃত্য কারণ-বশতঃ অন্য যামার্দ্ধে নির্ব্বাহিত হইলে তত দোষাবহ হয় না। স্মার্ত্তশিরোমণি রঘুনন্দনও বলিয়া গিয়াছেন—"অত্রাপ্রত্যাখ্যেয়কর্ম্মানুরোধেন প্রধান-কালাদন্যত্রাপি কালান্তরে কর্ম্মানুষ্ঠানমিতি।"

অর্থাৎ যে কার্য্য প্রত্যাখ্যাত হয়, তদনুরোধে মুখ্যকাল ত্যাগ করত গৌণ-কালেও বৈধকর্ম্ম করিতে পারে। ফল কথা, সন্ধ্যাপূজাদির জন্য কদাচ লোকের কর্ম্মের হানি হইতে পারে না।

তৃতীয় বল্লী

মধ্যাহ্নকৃত্য।

[পঞ্চমযামার্দ্ধ অর্থাৎ ১২টা হইতে ১টার মধ্যে করণীয়।]

দেবার্চ্চনান্তে পঞ্চমযমার্দ্ধে নিত্যহোম, বৈশ্বদেবক্রিয়া, বলি-প্রদান, অতিথিপূজা, নিত্যশ্রাদ্ধ, গোগ্রাসদান ও ভোজন এই সমস্ত ক্রিয়া সম্পাদন করিতে হয়।

নিত্যহোম। *

দ্বিজাতিভবনাদ্বাপি বহ্নিমানীয় সাধকঃ।
বৌষড়ন্তেন মূলেন মন্ত্রিতং তং বিলোকয়েৎ॥

দ্বিজাতিগৃহ হইতে বহ্নি আনয়ন করত বৌষড়ন্ত মূলমন্ত্র উচ্চারণ পূর্ব্বক উহা অভিমন্ত্রিত করিয়া নিরীক্ষণ করিবে। অনন্তর "ফট্" মন্ত্রে অগ্নির আবাহন করিয়া মূলমন্ত্রান্তে "হুং ফট্ ক্রব্যাদেভ্যো নমঃ" বলিয়া ক্রব্যাদাংশ ত্যাগ করিবে। তদনন্তর

---

* আজিকালি অস্মদ্দেশে সাগ্নিক ব্রাহ্মণ নাই বলিলেও অত্যুক্তি হয় না। নিত্যহোমীও দেখিতে পাওয়া যায় না। পরন্তু নিত্যহোমের অনুষ্ঠানও সে প্রকার কঠিন নহে। আহুতির সংখ্যাও অল্প এবং আহবনীয় দ্রব্যও মহামূল বা দুষ্প্রাপ্য নহে। শাস্ত্রেও লিখিত আছে, যথা।---

গৃহমেধিনা যদশনীয়ং তস্য
হোমাবলয়শ্চ স্বস্বপুষ্টিসংযুক্তাঃ।

অর্থাৎ গৃহীর আহারীয় যাহা, তাহার হবনীয় পোষণকারী দ্রব্যও তাহাই হইবে। বিশেষতঃ জলেও আহুতি প্রদান হোমক্রিয়ার স্থানীয় হইতে পারে কেন না, শাস্ত্রেও আছে যে, "জুহুয়াদম্বুনাপি চ।" সুতরাং এ প্রকার অনায়াস সাধ্য অনুষ্ঠানটি যে লোপ পায়, ইহার প্রতি যে প্রায় কেহই সেরূপ আস্থা প্রদর্শন করেন না, ইহা যার পর নাই দুঃখের বিষয়।

"ওঁ বহ্নের্যোগপীঠায় নমঃ" মন্ত্রে অর্চ্চনা করত চারিদিকে "ওঁ বামায়ৈ নমঃ, ওঁ জেষ্ঠায়ৈ নমঃ, ওঁ রৌদ্র্যৈ নমঃ, ওঁ অম্বিকায়ৈ নমঃ মন্ত্রে পূজা করিবে।

তৎপরে মূলমন্ত্র পাঠ সহকারে "অমুকদেবতাকুণ্ডায় নমঃ" বলিয়া কুণ্ডের পূজা করত তাহার নিম্নে বাগীশ্বরীকে তত্তদ্দেবতারূপা ঋতুমতী ধ্যান করিয়া যথাবিহিত বহ্নি আনয়ন পূর্ব্বক বীক্ষণাদি দ্বারা সংস্করণ, "রং" বীজে উদ্ধরণ, মূলমন্ত্রান্তে "হুং ফট্" বলিয়া ক্রব্যাদাংশ পরিত্যাগ, অগ্নিবীজ দ্বারা সংরক্ষণ, "হুং" মন্ত্রে অবগুণ্ঠন, ধেনুমুদ্রা দ্বারা অমৃতীকরণ এবং অবশেষে বাহুযুগল দ্বারা উত্তোলন পূর্ব্বক কুণ্ডোপরি বারত্রয় ভ্রামিত করিবে।

পরে "হ্রীং বহ্নিমূর্ত্তয়ে নমঃ" বলিয়া অর্চ্চনা, "রং বহ্নিচৈতন্যায় নমঃ" বলিয়া চৈতন্যসংযোজন ও "ওঁ চিৎ পিঙ্গল হন হন দহ দহ পচ পচ সর্ব্বং জ্ঞাপয় জ্ঞাপয় স্বাহা" বলিয়া বহ্নি প্রজ্বালিত করিয়া নিম্নলিখিত মন্ত্রে অগ্ন্যুস্থাপন করিবে যথা

ওঁ অগ্নিং প্রজ্বলিতং বন্দে জাতবেদং হুতাশনম্।
সুবর্ণবর্ণমমলং সমিদ্ধং বিশ্বতোমুখম্॥

তদনন্তর "অগ্নে ত্বং অমুকনামাসি" মন্ত্রে বহ্নির নামকরণ করিয়া "ওঁ বৈশ্বানর জাতবেদ ইহাবহ লোহিতাক্ষ সর্ব্বকর্ম্মাণি সাধয় স্বাহা" বলিয়া অর্ঘ্যাদি দ্বারা অর্চ্চনা করত নিম্নকথিত মন্ত্র কয়টি দ্বারাও ঐরূপে পূজা করিবে। যথা—

ওঁ অগ্নেৰ্হিরণ্যাদিসপ্তজিহ্বাভ্যো নমঃ, ওঁ সহস্রার্চ্চিষে হৃদয়ায় ইত্যাদ্যগ্নিষড়ঙ্গেভ্যো নমঃ, ওঁ অগ্নয়ে জাতবেদসে ইত্যাদ্যষ্টমূর্ত্তিভ্যো নমঃ, (তদ্বাহ্যে) ওঁ ব্রাহ্ম্যাদ্যষ্টশক্তিভ্যো নমঃ, (তদ্বহিঃ) ওঁ পদ্মাদ্যষ্টশক্তিভ্যো নমঃ, (তদ্বাহ্যে) ওঁ ইন্দ্রাদিলোকপালেভ্যো নমঃ, (তদ্বাহ্যে) ওঁ বজ্রাদ্যস্ত্রেভ্যো নমঃ॥

তৎপরে প্রাদেশপ্রমাণ কুশপত্রদ্বয় ঘৃতমধ্যে নিক্ষেপ করত সব্য, অপসব্য ও মধ্যভাগে ইড়া, পিঙ্গলা ও সুষুম্নাকে ধ্যান করত স্রুক্ দ্বারা ঘৃত লইয়া "ওঁ সোমায় স্বাহা" মন্ত্রে অগ্নির দক্ষিণচক্ষুতে এবং

বামভাগ হইতে ঘৃত লইয়া "ওঁ সোমায় স্বাহা" মন্ত্রে বামচক্ষুতে হোম করিবে। তৎপরে মধ্যস্থল হইতে ঘৃত লইয়া"অগ্নীসোমাভ্যাং স্বাহা" মন্ত্রে অগ্নির ললাটনেত্রে এবং "নমঃ" মন্ত্রে দক্ষিণাংশ হইতে ঘৃত লইয়া " ওঁ অগ্নয়ে স্বিষ্টিকৃতে স্বাহা" মন্ত্রে অগ্নির মুখে হোম করিবে। পরে নিম্নলিখিত মন্ত্রে বারত্রয় আহুতি দিবে। যথা—

ওঁ ভূঃ স্বাহা, ওঁ ভুবঃ স্বাহা, ওঁ স্বঃ স্বাহা, ওঁ বৈশ্বানর জাতবেদ ইহাবহ লোহিতাক্ষ সর্ব্বকর্ম্মাণি সাধয় স্বাহা!

তদনন্তর মূলমন্ত্র দ্বারা বহ্নির মুখদেশে পঞ্চবিংশতি ঘৃতাহুতি দিয়া অগ্নি ও দেবতার সহ আত্মার ঐক্য চিন্তা করিবে। পরে মূলমন্ত্র দ্বারা একাদশ ঘৃতাহুতি দিয়া "ওঁ মূলমন্ত্রস্য অঙ্গদেবতাভ্যঃ স্বাহা" মন্ত্রে একটি আহুতি প্রদান করিবে। অনন্তর মূলমন্ত্র দ্বারা পূর্ণাহুতি দিয়া সংহারমুদ্রা দ্বারা ইষ্টদেবতাকে হৃদয়ে আনয়ন করত "ক্ষমস্ব" মন্ত্রে বিসর্জ্জন করিতে হয়।

বৈশ্বদেব। *

প্রথমে স্বীয় বেদবিহিত নিয়মে আভ্যুদয়িক শ্রাদ্ধ করিতে হয়। † তৎপরে পূর্ব্বমুখে দক্ষিণজানু পাতিত করিয়া উপবেশন করত যথাবিধানে অগ্নিস্থাপন পূর্ব্বক দেবতীর্থযোগে সঘৃত অন্ন, সঘৃত পরমান্ন কিংবা জল অথবা ফল দ্বারা হোম করিতে হয়। ইহার মন্ত্র যথা—

ওঁ ভূঃ স্বাহা। ওঁ ভুবঃ স্বাহা। ওঁ স্বঃ স্বাহা। ওঁ ভূর্ভুবঃ স্বঃ স্বাহা। ওঁ দেবকৃতস্যৈনসোঽবযজনমসি স্বাহা। ওঁ পিতৃকৃতস্যৈ-

---

* বিশ্বদেবকর্ম্ম আর কিছুই নহে, প্রকারান্তরে বিষ্ণুর আরাধনা মাত্র। যাহা সমষ্টিভাবে বিষ্ণু বলিয়া অভিহিত, তাহাই ব্যষ্টিভাবে বিশ্বদেব শব্দে কীর্ত্তিত। প্রভাতে ও সায়ংকালে বৈশ্বদেবকর্ম্ম ও বলিকর্ম্ম না করিয়া আহার করিলে পাপভাগী হইতে হয়। প্রমাণ যথা—

সায়ং প্রাতর্বৈশ্বদেবঃ কর্ত্তব্যো বলিকর্ম্ম চ।
অনশ্নতাপি কর্ত্তব্যমন্যথা কিল্বিষী ভবেৎ॥

(মনুঃ)

† জীবৎপিতৃক ব্যক্তির পক্ষে নিষেধ।

নসোঽবযজনমসি স্বাহা। ওঁ মনুষ্যকৃতস্যৈনসোঽবযজনমসি স্বাহা। ওঁ আত্মকৃতস্যৈনসোঽবযজনমসি স্বাহা। ওঁ যদ্দিবা চ নক্তঞ্চৈনশ্চ কৃতমস্যাবযজনমসি স্বাহা। ওঁ যদ্বিদ্বাংশ্চাবিদ্বাংশ্চৈনশ্চ কৃতমস্যাবযজনমসি স্বাহা। ওঁ এনস এনসোঽবযজনমসি স্বাহা॥

প্রত্যেক মন্ত্র দ্বারা পৃথক্ পৃথক্ হোম করিতে হয়। মতান্তরে এইরূপ নির্দ্দিষ্ট আছে যে, "ওঁবিশ্বদেবায় নমঃ"এই মন্ত্রে পূজাবিধি-প্রণালীতে ষোড়শোপচার, দশোপচার বা পঞ্চোপচারে পূজা করিলেও বৈশ্বদেবকর্ম্ম সমাহিত হয়।

বলিকর্ম্ম। *

পূর্ব্ব হইতে পশ্চিমদিকে জলসিঞ্চন পূর্ব্বক একটি রেখা অঙ্কিত করিয়া তদুপরি "ওঁ বিশ্বেভ্যো দেবেভ্যো নমঃ" বলিয়া বলি (অন্নাদি) সমর্পণ করিবে। উক্ত মন্ত্রেই উহার উপর কিঞ্চিৎ জল দিতে হয়। তৎপরে প্রথমোক্ত রেখার উত্তরে আর একটি রেখা করিয়া "ওঁ সর্ব্বেভ্যো ভূতেভ্যো নমঃ" বলিয়া বলি ও জল দিবে। অনন্তর দক্ষিণাস্যে বামজানু পাতিয়া উপবেশন করত দক্ষিণস্কন্ধে উত্তরীয় স্থাপন পূর্ব্বক একটি রেখা অঙ্কিত করিবে এবং "ওঁ পিতৃভ্যঃ স্বধা" বলিয়া পিতৃতীর্থ দ্বারা তদুপরি পূর্ব্ববৎ বলি ও জল প্রদান করিবে। পরে উহার উত্তরে আর একটি রেখা অঙ্কিত করিয়া দক্ষিণজানু

---

* সকলকে আহার প্রদান না করিয়া গৃহী কদাচ স্বয়ং আহার করিতে পারে না। কারণ, গৃহীই নিখিল জীবের আশ্রয়। এই কারণেই বলির ব্যবস্থা হইয়াছে। শাস্ত্রেও লিখিত আছে,—

ভুবি ভূতোপকারায় গৃহী সর্ব্বাশ্রয়ো যতঃ।
শ্বচাণ্ডালবিহঙ্গানামন্নং দদ্যাত্ততো নরঃ॥

বস্তুতঃ পুরুষানুক্রমিক এইরূপ সদনুষ্ঠানের ফলেই ভারতবাসী আর্য্যজাতি অপরাপর জাতি অপেক্ষা দয়ার্দ্র, পরার্থজীবী ও হিংসাদ্বেষবিহীন হইয়াছেন। এই প্রকার শাস্ত্রবিহিত সদনুষ্ঠান দ্বারা সর্ব্বভূতে দয়ার ও পরোপকারিতার অভ্যাস যেরূপ সাধিত হয়, অন্যজাতির পক্ষে তাহা হৃদয়ঙ্গম করা দূরে থাকুক, উহা তাহাদিগের কল্পনাশক্তির অগোচর।

পাতিত করত উপবেশনান্তে বামস্কন্ধে উত্তরীয় স্থাপন পূর্ব্বক "ওঁ যক্ষন্ নমস্তেহস্তু মা মা হিংসীঃ" মন্ত্রে বলি প্রদান এবং "ওঁ যক্ষণে নমঃ" মন্ত্রে জল দিবে।

তদনন্তর পূর্ব্বকথিত যক্ষবলির পশ্চিমভাগে জল দ্বারা একটি উত্তরাগ্র রেখা অঙ্কিত করত নিম্নলিখিত মন্ত্রে বলি দিবে। যথা—

ওঁ দেবা মনুষ্যাঃ পশবো বয়াংসি,
সিদ্ধাঃ সযক্ষোরগদৈত্যসঙ্ঘাঃ।
প্রেতাঃ পিশাচাস্তরবঃ সমস্তা,
যে চান্নমিচ্ছন্তি ময়া প্রদত্তম্॥
পিপীলিকাকীটপতঙ্গকাদ্যা,
বুভুক্ষিতাঃ কর্ম্মনিবন্ধবদ্ধাঃ।
প্রয়াস্তু তে তৃপ্তিমিদং ময়ান্নং,
তেভ্যো বিসৃষ্টং মুদিতা ভবন্তু॥
যেষাং ন মাতা ন পিতা ন বন্ধু-
র্নৈবান্নসিদ্ধির্ন তথান্নমস্তি।
তত্তৃপ্তয়েহন্নং ভুবি দত্তমেতৎ,
প্রয়াস্তু তৃপ্তিং সুখিনো ভবন্তু॥
ভূতানি সর্ব্বাণি তথান্নমেতৎ,
অহঞ্চ বিষ্ণুর্ন যতোঽন্যদস্তি।
তস্মাদহং ভূতনিকায়ভূত-
মন্নং প্রযচ্ছামি ভবায় তেষাম্॥
চতুর্দ্দশো ভূতগণো য এষ,
যত্র স্থিতা যেঽখিলভূতসঙ্ঘাঃ।
তৃপ্ত্যর্থমন্নং হি ময়া বিসৃষ্টং,
তেষামিদং তে মুদিতা ভবন্তু॥

বলিপ্রদানান্তে "ওঁ দেবাদিভ্যো নমঃ" মন্ত্রে তদুপরি কিঞ্চিৎ জল দিয়া ভূমিতেও কিঞ্চিৎ জলের ছিটা দিবে। পরে "ওঁ চাণ্ডাল-পতিতপাপরোগিভ্যো নমঃ ওঁ ধর্ম্মরাজচিত্রগুপ্তাভ্যাং নমঃ, ওঁ

বায়সেভ্যো নমঃ", এই তিন মন্ত্রে বারত্রয় ভূতলে জল দিতে হয়।

তৎপরে নিম্নলিখিত মন্ত্রটি পাঠ করিয়া "ওঁ বায়সেভ্যো নমঃ" উচ্চারণ করত বলি দিবে, যথা—

ঐন্দ্রবারুণবায়ব্যাঃ সৌম্যা বৈ নৈঋতাস্তথা।
বায়সাঃ প্রতিগৃহ্নন্তু ভূমৌ পিণ্ডং * ময়ার্পিতম্॥

তদনন্তর নিম্নলিখিত মন্ত্রপাঠ সহকারে "ওঁ শ্বভ্যাং নমঃ" বলিয়াও বলি দিবে। যথা—

শ্বানৌ দ্বৌ শ্যামশবলৌ বৈবস্বতকুলোদ্ভবৌ।
তাভ্যাং পিণ্ডং প্রযচ্ছামি স্যাতামেতাবহিংসকৌ॥

এইরূপে বলিপ্রদান করিয়া অতিথিসৎকার (নৃযজ্ঞ) করিতে হয়। বলিক্রিয়ার পূর্ব্বে কোন ভিক্ষুক উপস্থিত হইলে তাহাকে যথাসাধ্য ভিক্ষা দিবে। পথিক, ক্ষীণবৃত্তি ব্যক্তি, বিদ্যার্থী, ব্রহ্মচারী, গুরুপোষক ও যতি, এই সকল ব্যক্তির নাম ভিক্ষুক।

অতিথিসৎকার।

বলিসমাধানান্তে অতিথিসৎকার করাই আর্য্যজাতির প্রধানতম নিত্যকর্ম্ম। অভ্যাগত ব্যক্তিকে ব্রহ্মার স্বরূপ জ্ঞান করাই গৃহীর কর্ত্তব্য। যথা—

হিরণ্যগর্ভবুদ্ধ্যা তং মন্যেতাভ্যাগতং গৃহী।

অতিথি প্রিয় হউক, দ্বেষ্য হউক, মূর্খ হউক, বিদ্বান্ হউক, যেরূপই হউক না কেন, বৈশ্বদেবক্রিয়ার অন্তে যে অতিথি লাভ করা যায়, তাহা হইতে স্বর্গলাভ হইয়া থাকে। যথা—

প্রিয়ো বা যদি বা দ্বেষ্যো মূর্খঃ পণ্ডিত এব বা।
সংপ্রাপ্তো বৈশ্বদেবান্তে সোঽতিথিঃ স্বর্গসংক্রমঃ॥

অতিথি সমাগত হইলে তাহার নিবাস, নাম, কুল, বিদ্যা প্রভৃতি জিজ্ঞাসা করিতে নাই। ঐ সমস্ত জিজ্ঞাসা করিয়া অন্নপ্রদান করিলে অন্নদান নিষ্ফল হয় এবং দাতার স্বর্গলাভের আশা থাকে না, যথা—

* "পিণ্ডং শুভম্" ইতি বা পাঠঃ।

দেশং নাম কুলং বিদ্যাং পৃষ্ট্বা যোঽন্নং প্রযচ্ছতি।
ন স তৎফলমাপ্নোতি দত্ত্বা স্বর্গং ন গচ্ছতি॥

নিত্যশ্রাদ্ধ। *

প্রাচীন শাস্ত্রকারেরা আমাদিগকে ধর্ম্মশীল করিবার জন্য যে সমস্ত উপায় উদ্ভাবন করিয়া গিয়াছেন, তন্মধ্যে পূর্ব্বপুরুষগণের

* শাস্ত্রোক্ত বিধানে পিতৃকর্ম্মকেই শ্রাদ্ধ বলা যায় অর্থাৎ পিতৃগণের উদ্দেশে শ্রদ্ধাসহকারে যে অন্নাদি-দান, তাহাকেই শ্রাদ্ধ কহে। সুসংস্কৃত ব্যঞ্জন, দধি, দুগ্ধ, ঘৃত এই সমস্ত দ্রব্য শ্রদ্ধাসহকারে পিতৃগণকে প্রদান করা যায়; এই হেতুই ঐ কর্ম্মকে শ্রাদ্ধ কহে। যথা—

সংস্কৃতব্যঞ্জনাঢ্যঞ্চ পয়োদধিঘৃতান্বিতম।
শ্রদ্ধয়া দীয়তে যস্মাৎ শ্রাদ্ধং তেন নিগদ্যতে॥

শ্রাদ্ধ দ্বাদশবিধ;—(১) নিত্য, (২) নৈমিত্তিক, (৩) কাম্য, (৪) বৃদ্ধি, (৫) সপিণ্ডন, (৬) পার্ব্বণ, (৭) গোষ্ঠীশ্রাদ্ধ, (৮) শুদ্ধ্যর্থক, (৯) কর্ম্মাঙ্গ, (১০) দৈবিক, (১১) যাত্রার্থে এবং (১২) পুষ্ট্যর্থ। প্রতিদিন যে শ্রাদ্ধ করা যায়, তাহার নাম নিত্য; একোদ্দিষ্ট শ্রাদ্ধকে নৈমিত্তিক কহে; কামনা করিয়া অভিপ্রেতার্থসিদ্ধির জন্য যে শ্রাদ্ধ করা যায়, তাহার নাম কাম্য; বিবাহাদি কর্ম্মকালে কৃত শ্রাদ্ধকে বৃদ্ধিশ্রাদ্ধ কহে; পূর্ণসংবৎসর-ক্রিয়মাণ-পার্ব্বণৈকো-দ্দিষ্টেতিকর্ত্তব্যতাকশ্রাদ্ধের নাম সপিণ্ডন অর্থাৎ মৃত্যুর পর একবর্ষ পূর্ণ হইলে পিতৃপিণ্ডের সহিত প্রেতপিণ্ডের মিশ্রীকরণরূপ শ্রাদ্ধকেই সপিণ্ডনশ্রাদ্ধ বলা যায়; অমাবস্যা অথবা পর্ব্বদিনকৃত শ্রাদ্ধের নাম পার্ব্বণ; বহুবিদ্বন্মণ্ডলীর সম্পৎসুখকামনায় পিতৃগণের তৃপ্ত্যর্থ গোষ্ঠীতে যে শ্রাদ্ধ করা যায়, তাহাকে গোষ্ঠীশ্রাদ্ধ কহে; শুদ্ধ্যর্থ শ্রাদ্ধ ও ব্রাহ্মণভোজনের নাম শুদ্ধ্যর্থক শ্রাদ্ধ নিষেক-কালে, সীমন্তোন্নয়নে ও পুংসবনসময়ে কৃত শ্রাদ্ধকে কর্ম্মাঙ্গ কহে, দেবতার উদ্দেশে শ্রাদ্ধের নাম দৈবিক, দেশান্তরে গমনকালে ঘৃত দ্বারা কৃত শ্রাদ্ধকে যাত্রার্থ শ্রাদ্ধ কহে এবং অর্থোপচার ও শরীরোপচারের জন্য যে শ্রাদ্ধ করা যায়, তাহার নাম পুষ্ট্যর্থ শ্রাদ্ধ। বৃহস্পতির মতে শ্রাদ্ধ পঞ্চবিধ,—নিত্য, নৈমিত্তিক, কাম্য, বৃদ্ধি ও পার্ব্বণশ্রাদ্ধ এই পঞ্চবিধ। মৎস্যপুরাণে নিত্য, নৈমিত্তিক ও কাম্য এই ত্রিবিধ শ্রাদ্ধের উল্লেখ আছে।

স্মৃতি জাগরূক করাও একটি প্রধানতম উপায় সন্দেহ নাই। এই কারণেই পূর্ব্বপুরুষগণের স্মারক শ্রাদ্ধক্রিয়া বৎসরে বৎসরে সাধনের যেরূপ একটি প্রথা প্রচলিত রহিয়াছে, তদ্রূপ মাসে মাসে, বিশেষ পর্ব্বদিবসে এবং প্রতি দিনেও করিবার নিয়ম আছে। তবে নিত্যশ্রাদ্ধে বিশেষ বাহুল্যানুষ্ঠানের আবশ্যক করে না। এই শ্রাদ্ধে পিণ্ডদান, ভোজ্য উৎসর্গ, বিশ্বদেবাবাহন, বলিক্রিয়া কিছুই করিতে হয় না; কেবলমাত্র ষট্‌পিতৃগণকে অর্থাৎ পিতৃ-পক্ষীয় তিন ও মাতামহপক্ষীয় তিন পুরুষকে স্মরণ করত কিঞ্চিৎ কিঞ্চিৎ অন্ন দিলেই যথেষ্ট হয়। কিঞ্চিৎ জল দিলেও কার্য্য সমাহিত হইতে পারে, যথা—

অহন্যহনি যৎ শ্রাদ্ধং তন্নিত্যমভিধীয়তে।
বৈশ্বদেববিহীনং তদশক্তাবুদকেন তু॥

গোগ্রাসদান।

সৌরভেয্যঃ সর্ব্বহিতাঃ পবিত্রাঃ পুণ্যরাশয়ঃ।
প্রতিগৃহ্ণন্তু মে গ্রাসং গাবস্ত্রৈলোক্যমাতরঃ॥

অর্থাৎ সকলের হিতকারিণী, পুণ্যতমা, পুণ্যরাশিস্বরূপিণী, ত্রৈলোক্যজননীরূপা সুরভিনন্দিনীগণ মদ্দত্ত এই গ্রাস গ্রহণ করুন, এই মন্ত্রে গোগ্রাস প্রদান করিতে হয়।* তদনন্তর নিম্নলিখিত মন্ত্রে প্রণাম করিবে, যথা—

পঞ্চভূতে শিবে পুণ্যে পবিত্রে সূর্য্যসম্ভবে।
প্রতীচ্ছেমং ময়া দত্তং সৌরভেয়ি নমোঽস্তু তে॥
নমো গোভ্যঃ শ্রীমতীভ্যঃ সৌরভেয়ীভ্য এব চ।
নমো ব্রহ্মসুতাভ্যশ্চ পবিত্রাভ্যো নমো নমঃ॥

* সুরভিকন্যা গাভীর প্রতি ভারতবাসী আর্য্যজাতির যে ঐকান্তিক ভক্তি, ইহা দ্বারা তাহাই প্রকাশ পাইতেছে। গোজাতির সম্বন্ধে একটু বিশেষ করিবার জন্যই ভৌতবলি প্রদানের পর এই গোগ্রাসদানের বিধি নিবদ্ধ হইয়াছে।

ভোজন।

ভোজনবিধি এবং ভক্ষ্যাভক্ষ্যনিরূপণ।

পঞ্চমযামার্দ্ধে যতগুলি ক্রিয়ার অনুষ্ঠান করিতে হয়, তন্মধ্যে ভোজনই সর্ব্বাপেক্ষা বৃহৎ ব্যাপার বলিতে হইবে। এই যামার্দ্ধে হোম, বৈশ্বদেব, বলি, অতিথিসেবা, নিত্যশ্রাদ্ধ, গোগ্রাসদান এই সকল কার্য্য শেষ করিয়া তৎপরে অনুষ্ঠেয় ভোজনব্যাপার নির্ব্বাহ করিতে হইবে। পরন্তু যজ্ঞাশী হওয়াই শাস্ত্রের বিধি অর্থাৎ যজ্ঞের অবশিষ্টাংশ ভোজন করিবে। আবার বিধি হইল যে, "পঞ্চযজ্ঞান্নং হাপয়েৎ," দেবযজ্ঞ, ভূতযজ্ঞ, ব্রহ্মযজ্ঞ, পিতৃযজ্ঞ ও নরযজ্ঞ * নির্ব্বাহিত না করিলে গৃহীর ভোজন শাস্ত্রমত হইতে পারে না। কিন্তু ভোজন করিতে হইবে বলিয়া যে যাহা তাহা আহার করিবে অথবা যেমন তেমন করিয়া খাইবে, তাহা শাস্ত্রে নিষিদ্ধ। যাহাতে আহারকালেও পাশব ভাব বিদ্যমান না থাকে, আর্য্যঋষিগণ সেইরূপেই উপদেশ দিয়া গিয়াছেন। যথা—

ইন্দ্রিয়প্রীতিজননং বৃথাপাকং বিবর্জ্জয়েৎ।

অর্থাৎ যাহা কেবলমাত্র ইন্দ্রিয়গ্রামের প্রীতিজনক, তাদৃশ বৃথা পাক পরিত্যাগ করিবে।

প্রাঙ্মুখোঽন্নানি ভুঞ্জীত শুচিঃ পীঠমধিষ্ঠিতঃ।
বিশুদ্ধবদনঃ প্রীতো ভুঞ্জীত ন বিদিঙ্মুখঃ॥

পূর্ব্বাস্য হইয়া অন্ন সেবন করিবে, † তৎকালে পবিত্র আসনে বসিবে, মুখ পরিষ্কার রাখিবে, প্রীতিপূর্ণচিত্তে ভোজন করিবে এবং বিদিঙ্মুখে বসিবে না অর্থাৎ কোণাকুণিভাবে বসিতে নাই।

---

* অধ্যাপনাকে ব্রহ্মযজ্ঞ, তর্পণকে পিতৃযজ্ঞ, হোমকে দেবযজ্ঞ, বলিকে ভূতযজ্ঞ এবং অতিথিসৎকারকেই নৃযজ্ঞ কহে, যথা—

অধ্যাপনং ব্রহ্মযজ্ঞঃ পিতৃযজ্ঞস্তু তর্পণম্।
হোমো দৈবো বলির্ভৌতো নৃযজ্ঞোঽতিথিপূজনম্॥

† মতান্তরে প্রধান ব্যক্তি ভিন্ন অন্য সকলে উত্তরমুখে আহার করিতে পারে।

অপি চ— পঞ্চার্দ্রো ভোজনং কুর্য্যাৎ প্রাঙ্মুখো মৌনমাস্থিতঃ।
হস্তৌ পাদৌ তথৈবাস্যমেষা পঞ্চার্দ্রতা মতা॥

আবার এইরূপ বিধিও নির্দ্দিষ্ট আছে যে, প্রথমতঃ দেহের পাঁচটি অংশ আর্দ্র করিয়া তৎপরে পূর্ব্বাস্য হইয়া উপবেশন পূর্ব্বক আহার করিবে। হস্তদ্বয়, পদদ্বয় ও মুখ, ইহাকেই পঞ্চ অংশ কহে। এই কয়টি অঙ্গ ধৌত করিয়া ভোজনে প্রবৃত্ত হইবে। *

প্রাগ্ দ্রবং পুরুষোঽশ্নন্ বৈ মধ্যে চ কঠিনানি তু।
পুনরন্তে দ্রবাশী তু বলারোগ্যে ন মুঞ্চতি॥

আহারকালে প্রথমতঃ দ্রবপদার্থ ভোজন করিবে, মধ্যে কঠিন দ্রব্য এবং সর্ব্বশেষে পুনরায় দ্রব-পদার্থ ভোজন করিতে হয়। এই প্রকার করিলে বলের বা স্বাস্থ্যের হানি হয় না। এতদ্ব্যতীত কোন্ রস কোন্ সময়ে সেবন করিতে হয়, তাহারও বিধি শাস্ত্রে নির্দ্দিষ্ট আছে, যথা—

অশ্নীয়াত্তন্মনা ভূত্বা পূর্ব্বন্তু মধুরং রসম্।
লবণাম্লৌ তথা মধ্যে কটুতিক্তাদিকং তথা॥

অর্থাৎ তন্মনা হইয়া প্রথমে মধুররস সেবন করিবে, তৎপরে

---

* আর্য্যশাস্ত্রে লিখিত আছে যে, আহারের সময় মৌনভাবে থাকিবে, কিন্তু ইয়োরোপখণ্ডে ইহার বিপরীতাচরণ দৃষ্ট হয়; তাঁহারা এইরূপ মত প্রকাশ করেন যে, আহারের সময় কথোপকথন করিলে পরিপাকাদি ক্রিয়া সুন্দররূপে সমাহিত হইয়া থাকে। আমাদের যুক্তিতে ও বিবেচনায় স্পষ্টই উপলব্ধি হয় যে, কথোপকথন করিলে মুখের লালানিস্রাব কম হইয়া জিহ্বা শুষ্ক হইয়া উঠে। এই কারণেই বোধ হয়, ইয়োরোপবাসীরা আহারকালে ঘন ঘন সুরা বা জল পান করিয়া থাকেন। মুখের লালা শুষ্ক হওয়া আর মধ্যে মধ্যে জল পান করা কখনই পরিপাকক্রিয়ার অনুকূল নহে। তবে কথা এই যে, মাংস পরিপাক করিবার জন্য তত লালার আবশ্যক করে না। ইহার আরও একটি স্পষ্ট দৃষ্টান্ত দেখা গিয়া থাকে যে, মাংসাশী জন্তুরা আহারকালে গর গর করিয়া শব্দ করে, কিন্তু উদ্ভিজ্জভোজীরা সেরূপ শব্দ করে না; বরং নিঃশব্দে আহার করিয়া থাকে।

লবণ, তদনন্তর অম্ল এবং অবশেষে কটু ও তিক্তরস সেবন করিবে। *

পূজয়েদশনং নিত্যং দদ্যাচ্চৈতদকুৎসয়ন্।
দৃষ্ট্বা হৃষ্যেৎ প্রসীদেচ্চ প্রতিনন্দেচ্চ সর্ব্বশঃ॥

আহারীয় দ্রব্য সম্মুখভাগে উপস্থিত হইলে মনের ভাব যেরূপ হওয়া উচিত, এই শ্লোকে তাহাও স্পষ্ট উপলব্ধি হইতেছে অর্থাৎ প্রত্যহ আহারীয় দ্রব্যের আদর করিবে, ভক্ষ্য-দ্রব্যের নিন্দা করিতে নাই, আহারীয় দর্শনমাত্র পুলকিত হইবে এবং সর্ব্বদা হর্ষযুক্ত হইয়া থাকিবে। ভোজনের পাত্র যে প্রকারে রাখিতে হয়, তাহাও শাস্ত্রে উক্ত আছে, যথা—

উপলিপ্তে সমে স্থানে শুচৌ লঘ্বাসনান্বিতঃ।
চতুরস্রং ত্রিকোণঞ্চ মণ্ডলঞ্চার্দ্ধচন্দ্রকম্।
কর্ত্তব্যমানুপূর্ব্বেণ ব্রাহ্মণাদিষু মণ্ডলম্॥

অর্থাৎ গোময় দ্বারা উপলিপ্ত, সম ও পবিত্র স্থলে লঘু আসনোপরি সমাসীন হইবে এবং চতুরস্র অথবা ত্রিকোণ কিংবা বৃত্ত বা অর্দ্ধচন্দ্রাকৃতি মণ্ডল আঁকিয়া আনুপূর্ব্বিকক্রমে বিপ্র, ক্ষত্র, বৈশ্য ও শূদ্র জাতি ভোজন করিবে।

অপ্যেকপঙ্‌ক্ত্যা নাশ্নীয়াৎ সংবৃতঃ স্বজনৈরপি।
ভস্মস্তম্বজলদ্বারমার্গৈঃ পঙ্‌ক্তিঞ্চ ভেদয়েৎ॥

আত্মীয়জনের সহিতও একপঙ্‌ক্তি হইয়া আহার করিতে নাই। ভস্ম,তৃণ বা জলের অঙ্ক দিয়া পঙ্‌ক্তিভেদ করিয়া লইবে।†

* আমাদিগের দেশে আহারের নিয়ম ঠিক ইহার বিপরীত অর্থাৎ অস্মদ্দেশে প্রথমতঃ তিক্ত, তৎপরে কটু, তদনন্তর লবণ ও অম্ল এবং অবশেষে মধুর-রস সেবন করা হয়; কিন্তু পঞ্জাব প্রদেশের ব্রাহ্মণেরা অদ্যাপি উপরি-উক্ত শাস্ত্রবিধির অনুবর্ত্তী হইয়া ভোজন ক্রিয়া সমাহিত করেন।

† এখানে ভস্ম শব্দে হোমজনিত ভস্ম বুঝিবে; অন্য কোনরূপ ভস্ম হইলে চলিবে না। মহারাষ্ট্রীয় ব্রাহ্মণেরা জলের অঙ্ক দিয়া তদুপরি পঞ্চগুঁড়ি বিন্যাস করত পঙ্‌ক্তিভেদের চিহ্নগুলি পরম সুন্দর করিয়া থাকেন।

আহারের সময় প্রথমতঃ পঞ্চ বাহ্য বায়ুর উদ্দেশে ভূতলে কিঞ্চিৎ কিঞ্চিৎ অন্ন দিয়া গণ্ডূষ গ্রহণ করত অন্তর্বায়ু-পঞ্চকের আহুতি দিয়া উৎসর্গীভূত অন্ন ধীরে ধীরে অঙ্গুলীর পর্ব্বমাত্র-যোগে আহার করিবে এবং তৎকালে বাগ্‌যত হইয়া থাকিবে।

লশুনং গৃঞ্জনঞ্চৈব পলাণ্ডুং কবকাণি চ।
অভক্ষ্যাণি দ্বিজাতীনাং অমেধ্য-প্রভবাণি চ॥

লশুন, গাজোর, পলাণ্ডু (পেঁয়াজ), ছত্রাক এবং অমেধ্য দ্রব্য ভক্ষণ করা বিপ্রগণের অকর্ত্তব্য। *

* ভোজনের দোষগুণে মানুষের স্বভাবেরও পরিবর্ত্তন হইয়া থাকে। বস্তুতঃ দেহযন্ত্রে পাকক্রিয়ার দ্বারা মথিত হইয়াই অন্তঃকরণাদি সংগঠিত হইয়া থাকে। সুতরাং ভক্ষ্যদ্রব্যের গুণদোষ যে অন্তঃকরণবৃত্তিতে সংক্রামিত হইবে, তাহাতে সন্দেহ নাই। আহারের দোষ-গুণ এক পুরুষ হইতে তৎপরবর্ত্তী পুরুষান্তরেও সংক্রামিত হইবার সম্ভব। এই জন্যই আর্য্যশাস্ত্র সত্ত্বগুণ বিরোধী কতকগুলি দ্রব্যের আহার দ্বিজাতিগণের পক্ষে নিষেধ করিয়া রাখিয়াছেন। প্রসবের পর দশদিনের মধ্যে ছাগীর, মেষীর, গাভীর, সন্ধিনীর (বৃষের জন্য ইচ্ছাবতী গাভীর), উষ্ট্রীর, মৃতবৎসা ধেনুর, মহিষীর, রাসভাদি একশফের দুগ্ধ সেবন করিতে নাই। কেন না, ঐ সকল দুগ্ধ রোগোৎপত্তিকর, মনের অপকর্ষজনক এবং তাদৃশ দুগ্ধগ্রহণ স্বল্পবয়স্ক বৎসের প্রতি নৃশংসতা-প্রকাশক। ব্যভিচারিণী, বার্দ্ধুষিক, পতিত, গণিকা, মত্ত, ক্রুদ্ধ, ক্রূর, আতুর, পিশুন, শক্র, স্ত্রীজিত, ব্যাধি, সূত্রধর, চোর, গায়ক, মিথ্যাবাদী, উচ্ছিষ্টভোজী, ইহাদের অন্ন ভোজন করিবে না। অবজ্ঞাদত্ত, ভাবদুষ্ট, বাগ্‌দুষ্ট, ভ্রূণঘ্নী কর্ত্তৃক দৃষ্ট, রজস্বলাস্পৃষ্ট, ভুক্তোচ্ছিষ্ট, পদ দ্বারা মর্দ্দিত, এই সকল অন্নভোজনও নিষিদ্ধ। মরণাশৌচান্ন, জননাশৌচান্ন, যাহার উপর হাঁচিয়াছে, এরূপ অন্ন, সূতিকান্ন, বারোয়ারির অন্ন এবং উচ্চৈঃস্বরে ডাকিয়া দেওয়া অন্নও গ্রহণ করিবে না অর্থাৎ দাতার ক্লেশকর অথবা সন্দেহজনক, ঘৃণাকর, উদ্বেগকর ও অপবিত্র-ভাবজনক দ্রব্য ভোজন করিতে নাই ; উহাতে মনোমালিন্য জন্মিবার অবশ্যই সম্ভব। কালবশে বিকৃতিপ্রাপ্ত দ্রব্যও ভক্ষণ করিবে না। উহার দ্বারা সত্ত্বগুণের বিনাশ এবং তমোগুণের বৃদ্ধি হইয়া থাকে। এই কারণে দধি ও দধিজাত দ্রব্যাদি ব্যতীত সকল প্রকার শুক্তই পরিত্যাজ্য। মধুররস কালবশে অম্লরস হইলেই তাহার নাম শুক্ত। যেমন কাঁজি, ভিনিগার ইত্যাদি। ফল, মূল, কন্দ ও পুষ্পাদি হইতে প্রস্তুত শুক্ত মত্ততাসাধক না হইলেই ভক্ষ্য।

বৃথা-কৃষর-সংযাবপায়সাপূপমেব চ।
অনুপাকৃত-মাংসানি দেবান্নানি হবীংষি চ॥

বৃথা কৃষর অর্থাৎ কেবলমাত্র আত্মপ্রীতিসাধনার্থ প্রস্তুত কৃষর (তিলতণ্ডুলপক্ক বস্তু), কিংবা সংযাব (গুড়, ঘৃত, ক্ষীর ও গোধূমাদিচূর্ণ-পক্ক বস্তু) অথবা পায়স বা পিষ্টক আহার করিতে নাই। অসংস্কৃত মাংস অর্থাৎ যাহা দেবতাকে নিবেদন করা হয় নাই, তাদৃশ মাংস, দেবতার নৈবেদ্য ও হবিও ভোজন করিবে না।*

দিবা পুনর্ন ভুঞ্জীতাগ্যত্র তু ফলমূলয়োঃ।

দিবাভাগে দুইবার আহার করিতে নাই। একাধিকবার আহারের অভিলাষ হইলে ফলমূলাদি ভক্ষণ করিবে।

* এই সকল দ্রব্য অত্যন্ত ইন্দ্রিয়প্রীতিজনক ও অতিরুচিকর। ঐ সমস্ত বস্তু অতিথি বা দেবতার জন্য প্রস্তুত হইলে উহারা লালসার উদ্রেক করিয়া প্রকৃতির ক্ষুদ্রতা সম্পাদন করিতে পারে না. এই কারণেই শাস্ত্রকারগণ অতিথি ও দেবতার উদ্দেশে ঐ সমস্ত প্রস্তুতের বিধান করিয়াছেন।

তিথি, বার ও মাসাদি ভেদে কতকগুলি দ্রব্যভোজনের নিষেধ আছে, সাধারণের বিদিতার্থ এস্থলে তাহা উক্ত হইল, যথা—প্রতিপদাদি পঞ্চদশী যাবৎ তিথিসমূহে ক্রমান্বয়ে কুষ্মাণ্ড, বৃহতী, পটোল, মূলা, বেল, নিম্ব, তাল, মাংস ও নারিকেল, লাউ, কলম্বী, শিম, পূঁই, বেগুণ, মাষকলায় ও মাংস এবং মাংস ভক্ষণ নিষিদ্ধ। মঙ্গলবারে মাংস নিষিদ্ধ। রবিবারে মাষকলায়, আমিষ, মসুর, রাঙ্গাশাক, নিম্ব, আদা এই সমস্ত ভোজন করিতে নাই। কার্ত্তিকমাসে মৎস্য ও মাংসসেবন নিষিদ্ধ। কার্ত্তিক মাসের শুক্লপক্ষীয় একাদশী তিথি হইতে পূর্ণিমা যাবৎ কয়দিনকে বকপঞ্চক কহে। ঐ কয়দিন মৎস্য বা মাংস আহার করিতে নাই। মাঘ মাসে মূলা ভক্ষণ নিষিদ্ধ। শয়নে অর্থাৎ আষাঢ় মাসের শুক্লপক্ষীয় একাদশী হইতে কার্ত্তিক মাসের শুক্লা দ্বাদশী যাবৎ পটোল, বেগুণ, কলম্বী, শ্বেতশিম্বী, বরবটী ও কলম্ব ভক্ষণ নিষিদ্ধ। ভাদ্র মাসে অলাবু ভক্ষণ করিবে না। শ্বেতবর্ণ তাল, গোলাকার অলাবু, কুন্দপুষ্পবৎ শুক্লবর্ণ বেগুণ, শ্বেতকলম্বী এবং শ্বেতবর্ণ কুসুম্ভ শাক ভক্ষণ করিতে নাই। স্ত্রীলোকের পক্ষে মাংসভক্ষণ একেবারেই নিষিদ্ধ।

ভোজনের সময় স্বীয় অভীষ্ট দেবকে অন্ন নিবেদন করিয়া দিবে। স্বয়ং যাহা ভোজন করিবে, স্বীয় দেবতাকেও তাহা নিবেদন করিবে। শাস্ত্রেও আছে যথা—

যদন্নঃ পুরুষো রাজন্ তদন্নস্তস্য দেবতা।
লবণং ব্যঞ্জনঞ্চৈব ঘৃতং তৈলং তথৈব চ।
লেহ্যং পেয়ঞ্চ বিবিধং হস্তদত্তং ন ভক্ষয়েৎ॥

লবণ, ব্যঞ্জন, ঘৃত তৈল, লেহ্য বা পেয় ইহার কিছু হস্তে হইয়া পরিবেশন করিলে তাহার দত্ত দ্রব্য ভোজন করিবে না।

যো ভুঙ্‌ক্তে বেষ্টিতশিরা যশ্চ ভুঙ্‌ক্তে বিদিঙ্মুখঃ।
সোপানৎকশ্চ যো ভুঙ্‌ক্তে সর্ব্বং বিদ্যাত্তদাসুরম্॥

বেষ্টিতশিরা হইয়া অর্থাৎ মস্তকে বস্ত্র বাঁধিয়া কিংবা বিদিঙ্মুখ হইয়া অথবা উপানহ (জুতা) পায়ে দিয়া ভোজন করিলে তাহাকে আসুর ভোজন কহে; সুতরাং ঐরূপে ভোজন করিবে না। *

অনারোগ্যমনায়ুষ্যমস্বর্গ্যঞ্চাতিভোজনম্।
অপুণ্যং লোকবিদ্বিষ্টং তস্মাত্তৎ পরিবর্জ্জয়েৎ॥

অতিভোজন করিলে রোগ জন্মে, আয়ুর হ্রাস হয়, স্বর্গলাভের ব্যাঘাত জন্মে এবং উহা অপবিত্র ও সর্ব্বজনবিদ্বেষক; সুতরাং অতিভোজন পরিত্যজ্য। †

জলপানবিধি।—জলপাত্র স্বীয় দক্ষিণদিকে রাখিবে, বামদিকে রাখিতে নাই। বামদিকে থাকিলে দক্ষিণদিকে একবার রাখিয়া পরে জলপান করিতে হয়। এক হস্ত দ্বারাও জল পান করিবে না। পীতশেষ জল-পান নিষিদ্ধ।

* মাথায় কাপড় বান্ধিয়া কিংবা কোণাকুণি বসিয়া অথবা জুতা পায়ে দিয়া ভোজন করিলে রজোগুণের বৃদ্ধি হয় ও সাত্ত্বিক গুণ লোপ পায়, এই জন্যই উহা নিষিদ্ধ।

† অধিক আহার ঘোর তমোগুণের আশ্রয়ীভূত এবং উহা অতীব ঘৃণিত ও অপবিত্র আচরণ। এই জন্য শাস্ত্রে উহার নিষেধ উল্লেখ হইয়াছে।

অনিবেদিত দ্রব্যাদি ভোজন করিতে নাই; সুতরাং অন্নাদি যথাবিধানে নিবেদন করিয়া ভোজন করিবে। আহারীয়ের মধ্যে মৎস্য, মাংস বা মুদ্রা থাকিলে * তাহা শোধন পূর্ব্বক পরে অন্নাদি নিবেদন করিবে।

মৎস্যশোধন।—নিম্নকথিত মন্ত্রপাঠ সহকারে পক্ক মৎস্যের উপর জলপ্রক্ষেপ করত শোধন করিবে, যথা—

ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনম্।
উর্ব্বারুকমিব বন্ধনাৎ মৃত্যোর্মুক্ষীয়মামৃতাৎ॥

মাংসশোধন।—নিম্নকথিত মন্ত্রে মাংসের উপর জলপ্রক্ষেপ করিবে, যথা—

ওঁ এতদ্বিষ্ণুঃ স্তবতে বীর্য্যেণ মৃগো ন ভীম কুচয়ো গরিষ্ঠা যস্যোরুষু ত্রিষু বিক্রমে ধিয়স্তি ভুবনানি বিশ্বাঃ।

মুদ্রাশোধন।—নিম্নলিখিত মন্ত্রে মুদ্রার উপর জলের ছিটা দিবে, যথা।—

ওঁ তদ্বিষ্ণুঃ পরমং পদং সদা পশ্যন্তি সুরয়ঃ।
দিবীব চক্ষুরাততম্।
ওঁ তদ্বিপ্রাসো বিপণ্যবো জাগৃবাংসঃ সমিন্ধতে।
বিষ্ণোর্যৎ পরমং পদম্॥

এইরূপে মৎস্যাদি-শোধনান্তে অন্নাদি নিবেদন করিবে।

অন্নাদি নিবেদন ও ভোজন-প্রণালী।—"সুপ্রোক্ষিতমস্তু" বলিয়া অন্নব্যঞ্জনাদির উপর জলাভ্যুক্ষণ করিবে। তদনন্তর অবগুণ্ঠনমুদ্রা দ্বারা অবগুণ্ঠন করিয়া অন্নব্যঞ্জনাদির উপর ধেনুমুদ্রা-প্রদর্শন, মৎস্যমুদ্রা দ্বারা আচ্ছাদন, অন্নাদির উপর দশধা মূলমন্ত্র জপ এবং পুনরায় মূলমন্ত্র সহকারে 'এতৎ সম্বতোপকরণমন্নং অমুকদেবতায়ৈ নমঃ" বলিয়া নিবেদন করিবে। তৎপরে নিম্নলিখিত মন্ত্রে অন্নকে নমস্কার করিবে, যথা—

* লুচি, রুটি এবং ভাজা দ্রব্যের নাম মুদ্রা।

ওঁ তেজোঽসি সহোঽসি বলমসি ভ্রাজোঽসি দেবানাং ধামনামাসি বিশ্বমসি বিশ্বায়ুঃ সর্ব্বমসি সর্ব্বায়ুরভিভূঃ ॥

পরে নিম্নলিখিত মন্ত্রপাঠ সহকারে তিনবার ভূতলে কিঞ্চিৎ অন্ন রাখিবে। যথা—

ওঁ ভুবঃ পতয়ে স্বাহা, ওঁ ভুবনপতয়ে স্বাহা, ওঁ ভূতানাং পতয়ে স্বাহা, ওঁ স্বঃপতয়ে স্বাহা ॥

অনন্তর ভূমির উপর অল্পপরিমাণে অন্ন পাঁচ ভাগে রাখিয়া এক গণ্ডূষ জল গ্রহণ করত "ওঁ নাগায় নমঃ, ওঁ কূর্ম্মায় নমঃ, ওঁ কৃকরায় নমঃ, ওঁ দেবদত্তায় নমঃ, ওঁ ধনঞ্জয়ায় নমঃ" এই মন্ত্রে প্রত্যেক ভাগের উপর এক একটু জল দিবে। ইহা দ্বারা বাহ্য পঞ্চবায়ুকে বলিপ্রদান করা হয়।

তৎপরে "ওঁ অমৃতোপস্তরণমসি স্বাহা" বলিয়া এক গণ্ডূষ জল পান করত * অল্প অল্প অন্ন তুলিয়া প্রাণাদি মুদ্রা দ্বারা নিম্নলিখিত পঞ্চমন্ত্রে পাঁচবার ভোজন করিবে। যথা--

ওঁ প্রাণায় স্বাহা, ওঁ অপানায় স্বাহা, ওঁ সমানায় স্বাহা, ওঁ উদানায় স্বাহা, ওঁ ব্যানায় স্বাহা ॥

ঐরূপে পাঁচবার মুখে দিয়া ভুক্তাবশেষ মাটীতে ফেলিবে। তৎপরে নির্জ্জনে বসিয়া ভোজন করিবে।

গণ্ডূষত্যাগ।—ভোজনশেষে অন্নযুক্ত হস্তে এক গণ্ডূষ জল লইয়া "ওঁ অমৃতাপিধানমসি স্বাহা" মন্ত্রে অর্দ্ধাংশ পান পূর্ব্বক অবশিষ্টাংশ মাটীতে ফেলিবে † এবং কিঞ্চিৎ উচ্ছিষ্ট অন্ন ও জল লইয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ-সহকারে ভূতলে স্থাপন করিবে, যথা—

* তন্ত্রমতে গণ্ডূষের মন্ত্র, যথা—

ওঁ ব্রহ্মার্পণং ব্রহ্ম হবির্ব্রহ্মাগ্নৌ ব্রহ্মণা হুতম্।
ব্রহ্মৈব তেন গন্তব্যং ব্রহ্মকর্ম্মসমাধিনা ॥

† মাংসভোজন করিলে কিঞ্চিৎ জল দ্বারা হস্ত ধৌত করত অন্নযুক্ত জলগণ্ডূষ গ্রহণ করিতে হয়

ওঁ রৌরবে পুণ্যনিলয়ে পদ্মার্ব্বুদনিবাসিনাম্।
প্রাণিনাং সর্ব্বভূতানামক্ষয্যমুপতিষ্ঠতাম্॥ *

ভোজনান্তে আচমন। —তদনন্তর জল ও মৃত্তিকা দ্বারা হস্ত প্রক্ষালন পূর্ব্বক আচমন করিবে এবং এরূপভাবে দন্তলগ্ন দ্রব্য বাহির করিবে, যেন ক্ষত না হয় কিংবা রক্ত না পড়ে; পরন্তু নখ দ্বারা বাহির করিবে না। তৎপরে পদ ধৌত করত উপবিষ্ট হইয়া যথাবিধানে আচমন করিবে এবং নিম্নলিখিত মন্ত্রে দক্ষিণ-পদের অঙ্গুষ্ঠে জল দিবে। যথা —

ওঁ অঙ্গুষ্ঠমাত্রঃ পুরুষ অঙ্গুষ্ঠঞ্চ সমাশ্রিতঃ।
ঈশঃ সর্ব্বস্য জগতঃ প্রভুঃ প্রীণাতু বিশ্বভুক্॥

অনন্তর নিম্নলিখিত মন্ত্রে উদরে হাত বুলাইতে হয়। যথা—

ওঁ অগ্নিরাপ্যায়তাং ধাতুং পার্থিবং পবনেরিতঃ।
দত্তাবকাশো নভসা জরয়ত্বস্তু মে সুখম্॥
প্রাণাপানসমানানামুদানব্যানয়োস্তথা।
অন্নং পুষ্টিকরং চাস্তু মমাস্ত্বব্যাহতং সুখম্॥
অগস্ত্যবহ্নির্বড়বানলশ্চ,
ভুক্তং ময়ান্নং জরয়ত্বশেষম্।
সুখং মমৈতৎ পরিণামসম্ভবং,
যচ্ছত্বরোগং মম চাস্তু দেহে॥

নিম্নলিখিত মন্ত্র পড়িয়াও হাত বুলাইতে পারে। যথা —

যথা সমস্তেন্দ্রিয়দেহিদেহে,
প্রধানভূতো ভগবান্ যথৈকঃ।

* কেহ কেহ "ওঁ উচ্ছিষ্টভাগধেয়েভ্যো নমঃ" বলিয়াও ভূতলে স্থাপন করেন। ভোজনশেষ হইবামাত্র উচ্ছিষ্টপাত্র স্থানান্তরিত ও উচ্ছিষ্ট স্থান পরিষ্কার করিবে, নচেৎ আচান্ত হইলেও অশুচি বলিয়া পরিগণিত হইতে হয়। প্রমাণ যথা—

আচান্তোঽপ্যশুচিস্তাবৎ যাবৎ পাত্রমনুদ্ধৃতম্।
উদ্ধৃতেঽপ্যশুচিস্তাবৎ যাবন্নোচ্ছিষ্টমার্জ্জনম্॥

সত্যেন তেনান্নমশেষমেতৎ,
আরোগ্যদং মে পরিণামমেতু॥
বীর্য্যবত্তা যথৈবান্নং পরিণামমবৈতি বৈ।
সত্যেন তেন যদভুক্তং জীর্য্যত্বন্নমিদং তথা॥

এইরূপে আহার শেষ হইলে তাম্বূল সেবন করিতে হয়।

তাম্বূলভক্ষণ।

তাম্বূলসেবনের পূর্ব্বে একবার আচমন করিবে। পানের বোঁটা খাইলে পীড়া, অগ্রভাগ খাইলে পাপ ও শিরা ভক্ষণ করিলে বুদ্ধিভ্রংশ হয়; সুতরাং ঐ সমস্ত ফেলিয়া ভক্ষণ করিবে। শুষ্কপান ভক্ষণও নিষিদ্ধ; কারণ, উহা আয়ুঃক্ষয়কর। প্রমাণ যথা—

পর্ণমূলে ভবেদ্ব্যাধিঃ পর্ণাগ্রে পাপসম্ভবঃ।
জীর্ণং পর্ণং হরেদায়ুঃ শিরা বুদ্ধিপ্রণাশিনী॥

ইতি মধ্যাহ্নকৃত্য সমাপ্ত।

———

চতুর্থ বল্লী

অপরাহ্ণ ও সায়াহ্নকৃত্য।

ষষ্ঠ ও সপ্তমযামার্দ্ধকৃত্য।

[১॥ টা হইতে ৪॥ টার মধ্যে করণীয়]

মধ্যাহ্নে আহারান্তে প্রশান্তভাব অবলম্বন পূর্ব্বক আসনে সমাসীন হইয়া ষষ্ঠ-সপ্তমাদি যামার্দ্ধকৃত্যে প্রবৃত্ত হইতে হয়। যে সকল ক্রিয়া দ্বারা ধর্ম্ম ও জ্ঞানের পরিবৃদ্ধি হয় এবং যে সমস্ত ক্রিয়া চিত্তের প্রসাদজনক, এই যামার্দ্ধগুলিতে তত্তৎক্রিয়ারই অনুষ্ঠান করিবে। আজিকালি আমাদের দেশের অনেক ব্যক্তি মধ্যাহ্ন-ভোজন শেষ করত শয়ন করিয়া থাকেন; কিন্তু তাহা শাস্ত্রে সম্পূর্ণ নিষিদ্ধ, যথা--

দিবা-স্বপ্নং ন কুর্ব্বীত স্ত্রিয়ঞ্চৈব পরিত্যজেৎ।
আয়ুক্ষীণা দিবানিদ্রা দিবাস্ত্রী পুণ্যনাশিনী॥

অর্থাৎ দিবাভাগে নিদ্রা যাইবে না এবং স্ত্রীসংসর্গও পরিত্যাগ করিবে, কেন না, দিবানিদ্রা আয়ুক্ষয়করী এবং দিবাতে নারী-সহবাস পুণ্যরাশি ক্ষয় করে। *

* অস্মদ্দেশে অনেকে দিবানিদ্রা শাস্ত্রনিষিদ্ধ বলিয়া তাহা পরিত্যাগ করেন সত্য, কিন্তু সেই সময়টি তাসক্রীড়াদি ব্যসনে বৃথা নষ্ট করিয়া থাকেন। ব্রাহ্মণের পক্ষে সেটিও সর্ব্বথা নিষিদ্ধ, যথা—

দ্যূতমেতৎ পুরাকল্পে দৃষ্টং বৈরকরং মহৎ।
তস্মাদ্দ্যূতং ন সেবেত হাস্যার্থমপি বুদ্ধিমান্॥

অর্থাৎ পুরাকালে এরূপ অনেক দৃষ্টান্ত দেখা গিয়াছে যে, দ্যূত দ্বারা বহুবিধ শত্রুতা ঘটে, সুতরাং হাস্যার্থও অর্থাৎ আমোদ করিয়াও দ্যূতক্রীড়া করা

ইতিহাস পুরাণানি সর্ব্বশাস্ত্রাণি চাভ্যসেৎ।
বৃথা বিবাদবাক্যানি পরীবাদঞ্চ বর্জ্জয়েৎ ॥

আহারের পর ইতিহাস, পুরাণ ও অন্যান্য ধর্ম্মশাস্ত্র প্রভৃতির আলোচনা করিবে। বৃথা বিবাদ অথবা পরনিন্দা এ সমস্তের আলোচনা করা অকর্ত্তব্য।

অষ্টমযামার্দ্ধকৃত্য।

[৪৷৷টা হইতে ৬টার মধ্যে করণীয়।]

অহঃশেষং সমাসীত শিষ্টৈরিষ্টৈশ্চ বন্ধুভিঃ।

এই প্রকারে থাকিয়া তৎপরে দিবার শেষভাগে কিঞ্চিৎ ভ্রমণ করিবে এবং শিষ্টজন ও আত্মীয়-বন্ধুগণের সহিত সদালাপ করিবে।

এই প্রকারে ষষ্ঠযামার্দ্ধ, সপ্তমযামার্দ্ধ ও অষ্টমযামার্দ্ধের কিয়দংশ অতীত হইলে সূর্য্যাস্তের একদণ্ড বিলম্ব থাকিতে সায়ংসন্ধ্যায় প্রবৃত্ত হইতে হয়। সায়ংসন্ধ্যা পশ্চিমাভিমুখ বা বায়ুকোণাভিমুখ হইয়া করিবে এবং সম্মুখ আকাশে তারকাদর্শন যাবৎ গায়ত্রী জপ করিবে। * গৃহে শালগ্রামশিলা বা দেবদেবীর বিগ্রহাদি থাকিলে এই সময় আরতি করিয়া শীতল দিবে। আরতি ও শীতল দেওয়ার প্রণালী প্রকীর্ণ অংশে দ্রষ্টব্য।

ইতি অপরাহ্ণ ও সায়াহ্নকৃত্য সমাপ্ত।

বুদ্ধিমানের কর্ত্তব্য নহে। আর্য্যশাস্ত্র সর্ব্বত্রই সত্ত্বগুণের পক্ষপাতী। দ্যূতক্রীড়াদি দ্বারা কেবলমাত্র তমোগুণের পোষণ হয় সন্দেহ নাই। এই জন্যই ভোজনের পর নিদ্রাদি বা দ্যূতক্রীড়াদি ত্যাগ করত করণীয় বিষয়ের ব্যবস্থা নির্দ্দিষ্ট হইয়াছে।

* সন্ধ্যোপাসনা যে নিত্যক্রিয়া এবং অবশ্য কর্ত্তব্য, তাহা পূর্ব্বেই কথিত হইয়াছে এবং ইহা দ্বারা যে পরমফলের উৎপত্তি হয়, তাহাতেও সন্দেহ নাই, যথা—

সন্ধ্যামুপাসতে যে তু সততং সংযতব্রতাঃ।
বিধূতপাপাস্তে যান্তি ব্রহ্মলোকমনাময়ম্ ॥

অর্থাৎ সংযত হইয়া সন্ধ্যোপাসনা করিলে বিগতপাপ হইয়া অনায়াসে ব্রহ্মলোকে গমন করা যায়।

পঞ্চম বল্লী

রাত্রিকৃত্য।

[৬টা হইতে ৯টার মধ্যে করণীয়।]

রাত্রি ছয়টা হইতে নয়টা পর্য্যন্ত সময়ের মধ্যে দিবাকৃত সকল কর্ম্মের আলোচনা করিবে অর্থাৎ দিবাভাগে কি কি কার্য্য করা হইয়াছে, তাহাই মনে মনে চিন্তা করিবে এবং প্রমাদবশে যে সকল কার্য্য দিবাভাগে অনুষ্ঠিত হয় নাই, সেই সকল বৈধকর্ম্ম গুলি সম্পাদন করিবে ; * যথা—

* ফল কথা, নিত্যাচারের যাবতীয় অনুষ্ঠানগুলি যাহাতে যথাকালে অনুষ্ঠিত হয়, তাহাতে যত্নবান্ থাকা অবশ্য কর্ত্তব্য। অনুষ্ঠানের দ্বারা শিক্ষণীয় বিষয়ের সংস্কার দৃঢ়ীভূত হইয়া থাকে। বিশেষতঃ এই সকল বৈধকর্ম্মের অনুষ্ঠানের পরিণামফল যে কতদূর সুখাবহ ও অনির্ব্বচনীয়, তাহা বলা বাহুল্যমাত্র। বহুকাল যাবৎ অনুষ্ঠানের অনুসরণ দ্বারা অভ্যাস দৃঢ়ীভূত হইলে উচ্চ অধিকারীকে বাহ্য অনুষ্ঠান বিসর্জ্জন পূর্ব্বক শুদ্ধ মানসকার্য্যে প্রবৃত্তি দিবার জন্য শাস্ত্রে মানসক্রিয়ার ভূরি ভূরি প্রশংসা দৃষ্ট হইয়া থাকে। মানসস্নান, মানসার্চ্চনা ও মানসজপ এই তিনটিই বাহ্যস্নান, বাহ্যপূজা ও বাহ্যজপ হইতে শ্রেষ্ঠ। ইহার কয়েকটি শাস্ত্রোক্ত উদাহরণ এই স্থলে প্রদত্ত হইল, ইহা দ্বারাই শাস্ত্রের গভীরতম তাৎপর্য্য উপলব্ধি হইবে। যথা—

বায়ব্যং স্নানসংজ্ঞেহ সর্ব্বস্নানাৎ পরং বরম্।
সর্ব্বাঙ্গেৎ মানসস্নাতঃ সর্ব্বত্র বিজয়ী ভবেৎ॥

অর্থাৎ স্নান-সম্বন্ধে বায়ব্য স্নানই সমস্ত স্নানাপেক্ষা প্রধান বলিয়া কথিত ; কিন্তু

দিবোদিতানি কর্ম্মাণি প্রমাদাদকৃতানি চ।
শর্ব্বর্য্যাঃ প্রথমে যামে তানি কুর্য্যাদতন্দ্রিতঃ ॥

সেই বায়ব্য স্নান হইতে আবার মানস স্নান শ্রেষ্ঠ। মানব মানসস্নাত হইলেই সর্ব্বত্র বিজয়ী হইয়া থাকে। পূজা সম্বন্ধেও কথিত আছে, যথা—

বাহ্যপূজা প্রকর্ত্তব্যা গুরুবাক্যানুসারতঃ।
অন্তর্যাগাত্মিকা পূজা সর্ব্বপূজোত্তমোত্তমা ॥
বহিঃপূজা বিধাতব্যা যাবজ্‌জ্ঞানং ন জায়তে।
জাতে জ্ঞানে চ দেবেশি দেবতামূর্ত্তিভাবনা ॥

অর্থাৎ গুরুর আদেশে বাহ্যপূজা করিবে। যাবতীয় পূজা অপেক্ষাই অন্তর্যাগ অর্থাৎ মানসিকী পূজা প্রধান। যত দিন জ্ঞানোদয় না হয়, তত দিনই বাহ্যপূজার অনুষ্ঠান করিবে। জ্ঞানোদয় হইলে কেবলমাত্র দেবমূর্ত্তি চিন্তা করিতে হয়। যজ্ঞ সম্বন্ধেও শাস্ত্রের উক্তি আছে, যথা—

যাবন্তঃ কর্ম্মযজ্ঞাঃ স্যুঃ প্রদিষ্টানি তপাংসি চ।
সর্ব্বে তে জপযজ্ঞস্য কলাং নার্হন্তি ষোড়শীম্ ॥
মাহাত্ম্যং বাচিকস্যৈতৎ জপযজ্ঞস্য কীর্ত্তিতম্ ॥
তস্মাচ্ছতগুণোপাংশুঃ সহস্রো মানসঃ স্মৃতঃ।

অর্থাৎ যতগুলি কর্ম্মযজ্ঞ ও তপোবিধি আছে, তৎসমস্ত জপযজ্ঞের কলামাত্রও নহে। বাচিক জপের মাহাত্ম্যও তদ্রূপ। উপাংশুজপে অর্থাৎ ওষ্ঠমাত্র নড়িবে, শব্দ শ্রুত হইবে না, এরূপ জপে পূর্ব্বোক্ত অপেক্ষা শতগুণ ফল এবং মানসজপে তদপেক্ষাও সহস্রগুণ ফল হইয়া থাকে। শৌচসম্বন্ধেও কথিত আছে, যথা—

গঙ্গাতোয়েন কৃৎস্নেন মৃদ্ভারৈশ্চ নগোপমৈঃ।
আমৃত্যোঃ স্নাতকশ্চৈব ভাবদুষ্টো ন শুধ্যতি ॥

অর্থাৎ সমস্ত গঙ্গোদক, গিরিপ্রমাণ মৃত্তিকা এবং আমরণকাল পর্য্যন্ত স্নান, এই সমস্ত দ্বারাও ভাবদুষ্ট ব্যক্তি পবিত্র হইতে পারে না। সুতরাং বাহ্য অনুষ্ঠান অপেক্ষা যে মানসক্রিয়া শ্রেষ্ঠ, তাহাতে সন্দেহমাত্র নাই। ফল কথা, নিত্যকৃত্য সম্বন্ধে যে সকল অনুষ্ঠান নির্দ্দিষ্ট আছে, তৎসমস্তই মানসকার্য্যের দ্বারা অনুকল্পিত হইতে পারে। এ বিষয়ে গৌতমঋষিও বলিয়া গিয়াছেন, যথা—

যদাসমর্থস্তদা মনসা সমগ্রমাচারমনুপালয়েৎ।

অর্থাৎ যাঁহারা কার্য্যতঃ সম্পাদনে অসমর্থ, তাঁহারা সমস্ত আচার মনে মনেই

অর্থাৎ প্রমাদতঃ দিবাবিহিত যে কার্য্য অকৃত রহিয়াছে, শর্ব্বরীর প্রথম যামে অতন্দ্রিত হইয়া সেইগুলি সম্পাদন করিবে।

দ্বিতীয়যামকৃত্য।

[৯টা হইতে ১২টার মধ্যে করণীয়।]

এই প্রকারে রাত্রির প্রথমযামে উপরিলিখিত কার্য্যগুলি সম্পাদন পূর্ব্বক রাত্রিভোজনের পূর্ব্বকৃত্যস্বরূপ বৈশ্বদেব, বলি ও অতিথিসৎকার করিয়া ১১টার মধ্যে স্বয়ং আহার করিবে। শাস্ত্রে কথিত আছে যে, দিবার অতিথি অপেক্ষা রাত্রির অতিথিকে অধিকতর সম্মাননা করিলে অধিকতর পুণ্যলাভ হইয়া থাকে।

রাত্রিভোজন।

আর্য্যশাস্ত্রে এইরূপ নির্দ্দিষ্ট আছে যে, রাত্রিকালে আহার-বিষয়ে অতিতৃপ্তি পরিত্যাগ করিবে অর্থাৎ রাত্রিযোগে উদর পূর্ণ করিয়া আহার করিতে নাই। অনেকের এইরূপ সংস্কার ও ধারণা আছে যে, রাত্রিযোগে আহারের পরিপাক উত্তম হয়, সুতরাং দিবা অপেক্ষা রাত্রিকালে অধিক আহার করাই উচিত; কিন্তু সেটি তাঁহাদের সম্পূর্ণ ভ্রম। শাস্ত্রের বিধি মানিয়া রাত্রির আহারটা অতিতৃপ্তিকর না করাই উচিত। শাস্ত্রে আরও উক্ত আছে যে, রাত্রিযোগে আহারের পরক্ষণেই শয়ন করিবে না, কিঞ্চিৎ বিলম্বে শয়ন করিতে হয়। ভৃত্যগণকে তাহাদিগের রাত্রিতে করণীয়সম্বন্ধে আজ্ঞা প্রদান করিয়া পরে যথানিয়মে শয়ন করিবে।

নির্ব্বাহিত করিতে পারেন। সুতরাং এটি এক প্রকার সংক্ষিপ্ত নিত্যকর্ম্মের মধ্যেই পরিগণিত বলিতে হইবে। কেন না, যাঁহারা চাকরী করিয়া জীবিকা নির্ব্বাহ করেন অথবা যাঁহারা অন্যান্য বিশেষ কারণে যথাকালে যথানিয়মে ক্রিয়াগুলির অনুষ্ঠানে অক্ষম, তাঁহারা রাত্রির প্রথম যামার্দ্ধে করিতে পারেন, অথবা মনে মনে সমস্তগুলি স্মরণ করিলেও কার্য্য নির্ব্বাহিত হইতে পারে।

তৃতীয়াদিযামকৃত্য।

শয়ন।

শুচৌ দেশে বিবিক্তেষু গোময়েনোপলিপ্তকে ।
প্রাগুদকপ্লবনে চৈব সংবিশেত্তু সদা বুধঃ ॥
মাঙ্গল্যং পূর্ণকুম্ভঞ্চ শিরঃস্থানে নিধাপয়েৎ ।
বৈদিকৈর্গারুড়ৈর্ম্মন্ত্রৈ রক্ষাং কৃত্বা স্বপেত্ততঃ ॥

অসংলগ্নভাবে অর্থাৎ প্রাচীরাদিতে শয্যাস্পর্শ না হয়, এরূপে গোময়লিপ্ত, পবিত্র,নির্জ্জন স্থানে শিরোদেশে জলপূর্ণ কলস স্থাপন করত বৈদিক মন্ত্র ও গারুড় মন্ত্র উচ্চারণ করিয়া শয়ন করাই ধীমান্ ব্যক্তির কর্ত্তব্য।

নাবিশালাং ন বৈ ভগ্নাং নাসমাং মলিনাং ন চ ।
ন চ জন্তুময়ীং শয্যামধিগচ্ছেদনাস্তৃতাম্ ॥
ন শুক্রেণাপবিত্রে চ ন তৃণে ন চ ভূতলে ।
তূলিকায়াং তথা বস্ত্রে শয্যাভাবে স্বপেদ্গৃহী ।
স্বপেন্ন পট্টবস্ত্রে চ কলঙ্কি-কম্বলেষু চ ॥

ক্ষুদ্র, ভগ্ন, উচ্চাবচ, মলিন, জন্তুময় অর্থাৎ যে বিছানায় ছার-পোকাইত্যাদি থাকে, আস্তরণহীন ও অপবিত্র শয্যায় শয়ন করিবে না। তৃণের উপর, কেবলমাত্র মাটীতে, পট্টবস্ত্রে অথবা দাগযুক্ত কম্বলে শয়ন নিষিদ্ধ। শয্যার অভাবে ভূতলে কার্পাসবস্ত্র আস্তৃত করিয়া শয়ন করাই গৃহীর কর্ত্তব্য।

ত্রিদোষশমনী খট্টা তূলী বাতকফাপহা।
ভূশয্যা বাতলাতীব রূক্ষা পিত্তাস্রনাশিনী ॥
সুশয্যা-শয়নং হৃদ্যং পুষ্টিনিদ্রাধৃতিপ্রদম্।
শ্রমানিলহরং বৃষ্যং বিপরীতমতোঽন্যথা ।

খট্টা অর্থাৎ খাট বা তক্তপোষের উপর শয্যা প্রস্তুত করিয়া শয়ন করিলে ত্রিদোষ বিনাশ প্রাপ্ত হয়। তূলানির্ম্মিত শয্যা বাত-হরী ও কফবিনাশিনী। ভূতলে শয়ন করিলে বাতবৃদ্ধি হয় এবং

উহা রুক্ষ ; কিন্তু পিত্তহর আর চক্ষুর্ব্বলনাশক। উত্তম শয্যায় শয়ন করিলে তৃপ্তি, পুষ্টি, নিদ্রা ও ধৈর্য্যসঞ্চার হয়, শ্রম ও বায়ু নাশ পায় এবং বলবৃদ্ধি হইয়া থাকে। কুশয্যা ইহার বিপরীত জানিবে।

ধান্যগোবিপ্রদেবানাং গুরূণাঞ্চ তথোপরি।
ন চাপি ভগ্নশয়নে নাশুচৌ নাশুচিঃ স্বয়ম্।
আর্দ্রবাসা ন নগ্নশ্চ নোত্তরাপরমস্তকঃ॥

ধান্য, গো, বিপ্র ও দেবতা ইহাদিগের উপরিতলে শয়ন করিবে না অর্থাৎ যে গৃহে ঐ সমস্তের কোন একটি থাকে, তাহার উপরিতলে শয়ন নিষিদ্ধ। ভগ্ন বা অপবিত্র শয্যায় শয়ন করিতে নাই। উলঙ্গ হইয়া, আর্দ্রবস্ত্র পরিধান করিয়া অথবা উত্তরশিরা বা পশ্চিমশিরা হইয়া শয়ন করিবে না। শয়নকালে মস্তকের নিকট জলপূর্ণ কুম্ভ রাখিয়া নিম্নলিখিতমন্ত্রে প্রণাম করিবে, যথা—

ওঁ বিষ্ণবে নমঃ, ওঁ নন্দিকেশ্বরায় নমঃ, ওঁ নর্ম্মদায়ৈ নমঃ, ওঁ প্রাতর্ন্মদায়ৈ নমঃ।

তৎপরে নিম্নলিখিত মন্ত্র পড়িয়া শয়ন করিবে, যথা—

ওঁ নমস্তে নর্ম্মদে নিত্যং ত্রাহি মাং বিষসর্পতঃ।

এই মন্ত্র পড়িয়া শয়ন করত "ওঁ নমো ব্রহ্মণ্যদেবায়" ইত্যাদি মন্ত্রে নমস্কার করিয়া তদীয় মূর্ত্তি ধ্যান করিতে করিতে নিদ্রিত হইবে।

নিদ্রার পূর্ব্বে মনসাদেবী, আস্তীক ঋষি, জরৎকারু মুনি, বাসুকি, গরুড়, নলরাজা, যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, নকুল, সহদেব ও জীমূতবাহন ইহাঁদিগের নাম স্মরণ করিবে।

দারোপগমন।

রাত্রিকৃত্যমধ্যে দারোপগমনও একটি অনুষ্ঠেয় বলিয়া নির্দ্দিষ্ট। তদ্বিষয়ে শাস্ত্রে যেরূপ নিয়ম নিরূপিত আছে, তাহারই স্থূল স্থূল মর্ম্মগুলি এই স্থানে উদ্ধৃত হইল, যথা—

পরদাররতিঃ পুংসামুভয়ত্রাপি ভীতিদা।
মৃতো নরকমভ্যেতি হীয়তেঽত্রাপি চায়ুষঃ।
ইতি মত্বা স্বদারেষু ঋতুমৎসু বুধো ব্রজেৎ॥

অর্থাৎ পরদাররতি কি ইহ কি পর উভয় লোকেই ভীতিপ্রদ, উহা দ্বারা পরমায়ুঃ হ্রাসপ্রাপ্ত হয় এবং মরণান্তে নরকগামী হইতে হইয়া থাকে ; এই জন্য এ বিষয় বিশেষ বিদিত হইয়া ঋতুকালে আপন স্ত্রীতে সঙ্গত হওয়াই বুধব্যক্তির কর্ত্তব্য।

ষোড়শর্ত্তুর্নিশা স্ত্রীণাং তাসু যুগ্মাসু সংবিশেৎ ॥

প্রতি মাসে রজোদর্শন হইলে রজোদর্শন হইতে ষোড়শ রাত্রি পর্য্যন্তই নারীগণের ঋতুকাল অর্থাৎ গর্ভধারণের উপযুক্ত কাল। তন্মধ্যে যুগ্মরাত্রিতেই সহবাস কর্ত্তব্য।

ষষ্ঠ্যষ্টমীমমাবস্যামুভে পক্ষে চতুর্দ্দশীম্।
মৈথুনং নোপসেবেত দ্বাদশীঞ্চ মম প্রিয়াম্॥

ষষ্ঠী, অষ্টমী, অমাবস্যা, পূর্ণিমা, কৃষ্ণ বা শুক্লপক্ষীয়া চতুর্দ্দশী ও দ্বাদশী এই সকল তিথিতে মৈথুনসেবন নিষিদ্ধ ; এতদ্ব্যতীত রবি-সংক্রান্তিতেও স্ত্রীসঙ্গ করিতে নাই।

চতুর্থী প্রভৃত্যুত্তরোত্তরা প্রজা নিশ্রেয়সার্থম্।

রজোদর্শনের চতুর্থ দিন হইতে যত পর দিনে গর্ভাধান হয়, সন্তান ততই মঙ্গলের কারণ হইয়া থাকে। *

রজস্যুপরতে সাধ্বী স্নানেন স্ত্রী রজস্বলা।

রজঃস্রাব নিবৃত্তি প্রাপ্ত হইলে সেই রজস্বলা নারী স্নানান্তে সাধ্বী হয় অর্থাৎ গর্ভধারণের উপযুক্তা হইয়া থাকে। তৎপরেই পতিসহবাস করা উচিত। রজোনিবৃত্তি না হইলে এবং স্নাতা না হইলে তাহার সহিত সংসর্গ করিবে না।

ঋতুকালাভিগামী স্যাৎ যাবৎ পুত্রো ন জায়তে॥

---

* য়িহুদীদিগের শাস্ত্রেও এই নিয়ম আছে। উহারা নবম দিনের পর নারী-সঙ্গ করিয়া থাকে। এই জন্যই উহাদিগের সন্তান-সন্ততি সকল হৃষ্টপুষ্ট, শ্রীমান্ ও দীর্ঘজীবী হয়।

যাবৎ পুত্রোৎপত্তি না হয়, ততদিনই ঋতুসময়ে নারী-সহবাসের কর্ত্তব্যতা জানিবে। * পরন্তু রমণীর মনস্তুষ্টি-বিধানার্থ অন্য সময়েও তৎসহবাস করিতে পারা যায় বটে, কিন্তু ইচ্ছা পূর্ব্বক নারীগমন বিপ্রের পক্ষে অকর্ত্তব্য। যাহা হউক, শাস্ত্রোক্ত যথাযোগ্য ঋতুর লক্ষণ বুঝিয়া গর্ভাধানের ব্যবস্থা যদি সম্যক্ রক্ষিত হয় এবং প্রাজাপত্যাদি বৈদিক ব্রত সম্যক আচরিত হয়, তাহা হইলে পিতৃ-মাতৃ-দেহের ও তাহাদিগের চিত্তের ভাব এই প্রকার পরিশুদ্ধ হয় যে, সংক্রামক দোষ বশতঃ সন্তান কদাচ অকালে মৃত্যুগ্রাসে নিপতিত হয় না। সুতরাং বংশরক্ষার্থ বহু সন্তানোৎপাদনেরও আবশ্যক করে না।

ইতি রাত্রিকৃত্য সমাপ্ত।

---

* পুত্রকামনাতেই নারীসহবাস করিবে, ইহাই আমাদিগের শাস্ত্রের মুখ্য উদ্দেশ্য। পরন্তু প্রধানতঃ একটিমাত্র পুত্রই পুত্রমধ্যে গণ্য, অপরেরা তাহা নহে, যথা—

পিতৃঋণং সন্নয়তি যেন চানন্ত্যমশ্নুতে।
স এব ধর্ম্মজঃ পুত্রঃ কামজানিতরান্ বিদুঃ।

অর্থাৎ যাহার জন্ম হইলে জন্মদাতা পিতৃঋণ হইতে মুক্ত হন এবং আনন্ত্য প্রাপ্তি অর্থাৎ বংশরক্ষা হয়, সেই জ্যেষ্ঠ পুত্রকেই ধর্ম্মজ পুত্র কহে। অন্য সকলকে কামজ পুত্র বলা যায়। শাস্ত্রকারগণের মত মূলতঃ এইরূপ বটে, কিন্তু পরে তাঁহারা দেখিলেন যে, মানুষ যতগুলি সন্তান লাভ করে, তাহাদিগের মধ্যে প্রায় অর্দ্ধাংশই শৈশবে কালগ্রাসে নিপতিত হয়। এই হেতুই মহাভারতের সময় হইতে একাধিক পুত্রোৎপাদনের ব্যবস্থা নির্দ্দিষ্ট হইয়াছে, যথা—

একপুত্রো হপুত্রো মে মতঃ কৌরবনন্দন॥

অন্যান্য পুরাণাদিতেও বহু পুত্রোৎপাদন-সম্বন্ধীয় ব্যবস্থা দৃষ্ট হয় বটে, কিন্তু তাহা বহু পুত্রজননের প্রশংসার জন্য নহে, অপরাপর বিষয়ের অর্থবাদ মাত্র।

এষ্টব্যা বহবঃ পুত্রা যদ্যপ্যেকো গয়াং ব্রজেৎ।

অর্থাৎ মানুষেরা বহু পুত্রের কামনা করিবে, কেন না, তাহাদের মধ্যে একজনও গয়ায় গিয়া পিণ্ডদান করিতে পারে। এখানে স্পষ্টই বুঝা যাইতেছে যে, শ্রীগয়াক্ষেত্রের মাহাত্ম্য-প্রচারই এই প্রমাণের মুখ্য উদ্দেশ্য।

ষষ্ঠ বল্লী

পূজাবিধি।

ব্রহ্মযজ্ঞের পর দেবতাদিগের পূজা করিবে। দেবার্চ্চনার মধ্যে পার্থিব শিবলিঙ্গে অথবা বাণলিঙ্গে মহাদেবের, শালগ্রাম-শিলায় বিষ্ণুর এবং (গৃহীতদীক্ষের পক্ষে) কুলদেবতার অথবা ইষ্টদেবতার পূজাই প্রধান। পঞ্চদেবতার পূজাই মুখ্য পূজা। পঞ্চদেবতার পূজার ক্রমও শাস্ত্রে উক্ত আছে, যথা—

আদিত্যং গণনাথঞ্চ দেবীং রুদ্রং যথাক্রমম্।
নারায়ণং বিশুদ্ধাখ্যমন্তে চ কুলদেবতাম্॥

সূর্য্য, গণেশ, দেবী, রুদ্র, বিশুদ্ধাখ্য নারায়ণ এবং অবশেষে কুলদেবতার অর্চ্চনা করিতে হয়।

সমিৎপুষ্পকুশাদীনি ব্রাহ্মণঃ স্বয়মাহরেৎ।
শূদ্রানীতৈঃ ক্রয়ক্রীতৈঃ কর্ম্ম কুর্ব্বন্ পতত্যধঃ॥

দেবপূজার্থ হোমকাষ্ঠ, পুষ্প এবং কুশাদি সমস্তই ব্রাহ্মণ নিজে আহরণ করিয়া আনিবে। শূদ্র দ্বারা আনীত কিংবা মূল্য দিয়া ক্রীত দ্রব্যাদি দ্বারা কার্য্য করিলে পূজককে অধোগামী হইতে হয়।*

* প্রাচীন ঋষিগণ বিশেষ বিবেচনা করিয়া নিজ হস্তে এই সকল আহরণের বিধি নির্দ্দিষ্ট করিয়াছেন। কেন না, লোককে পবিত্র করা যেরূপ শাস্ত্রের উদ্দেশ্য, সেইরূপ লোককে আলস্যশূন্য, কর্ম্মঠ ও সর্ব্বদা ঈশ্বরের কার্য্যে ভক্তিসহ অবহিত করিয়া রাখাও একটি প্রধান উদ্দেশ্য। পূজাকালে দেবগৃহ ও পূজোপকরণ-সকল সাধ্যমত পরিষ্কার রাখিবে এবং সুন্দররূপে ব্যবস্থিত করিয়া পরিচ্ছন্নভাবে স্থাপন করিবে। পূজাকালে কাম, ক্রোধ, ভয়, রাগ, মাৎসর্য্য প্রভৃতিকে হৃদয়ে স্থান দিবে না; মৌনভাবে ধ্যানপরায়ণ হইয়া পূজা করিবে। এইরূপ করিলেই ভক্তির সঞ্চার হয়।

পূজার প্রকৃত অধিকারী।

কোন্ ব্যক্তি দেবপূজায় প্রকৃত অধিকারী, তাহাও শাস্ত্রে বর্ণিত আছে, যথা—

ক্ষমা শৌচং দমঃ সত্যং দানমিন্দ্রিয়নিগ্রহঃ।
অহিংসা গুরুশুশ্রূষা তীর্থানুসরণং দয়া॥
আর্জ্জবং লোভশূন্যত্বং দেবব্রাহ্মণপূজনম্।
অনভ্যসূয়া চ তথা ধর্ম্মঃ সামান্য উচ্যতে॥

ক্ষমা, শৌচ, দম, সত্যনিষ্ঠ, দান, ইন্দ্রিয়নিগ্রহ, অহিংসা, গুরুসেবা, তীর্থগমন, দয়া, সরলতা, অলোভ, দেবতা ও বিষ্ণুপূজা এবং অনসূয়া এই সকলই পরম ধর্ম্ম। যে ব্যক্তি এই সকল গুণে বিভূষিত, তিনিই দেবতাপূজায় প্রকৃত অধিকারী। অর্থব্যয় ব্যতিরেকে কেবলমাত্র জল দ্বারাও দেবপূজা হইতে পারে; কিন্তু গৃহীর পক্ষে সে বিধি নহে।

অন্নেন সুমনোভিশ্চ গন্ধৈর্ধূপৈঃ প্রদীপকৈঃ।
গৃহস্থঃ পূজয়েন্নিত্যং স্বগৃহে গৃহদেবতাম্॥

গৃহী ব্যক্তি স্বীয় গৃহে অন্ন, পুষ্প, গন্ধ, ধূপ, দীপ প্রভৃতি দ্বারা গৃহদেবতার অর্চ্চনা করিবে।

সাধারণতঃ ষোড়শোপচার, দশোপচার ও পঞ্চোপচার এই ত্রিবিধ উপচার দ্বারাই পূজা প্রচলিত আছে। যে কোন সম্প্রদায়ীই হউক, প্রথমে শিবপূজা করাই কর্ত্তব্য; এই জন্যই সর্ব্বাগ্রে শিবপূজাপদ্ধতি লিখিত হইল।

পার্থিবশিবলিঙ্গপূজা।

লিঙ্গমাহাত্ম্য।—যেমন সমুদ্রে বুদ্‌বুদরাশি সমুত্থিত হইয়া আবার সমুদ্রেই বিলীন হয়, তদ্রূপ যে ব্রহ্মসমুদ্রে অনন্তকোটি ব্রহ্মাণ্ড বিলীন হইতেছে, সেই পরব্রহ্মের নামই লিঙ্গ; সুতরাং লিঙ্গপূজা বলিতে ব্রহ্মোপাসনাই বুঝিতে হইবে। প্রমাণ যথা—

আলয়ং লিঙ্গমিত্যাহুর্ন লিঙ্গং লিঙ্গমুচ্যতে।
যস্মিন্ সর্ব্বাণি ভূতানি লীয়ন্তে বুদ্‌বুদা ইব ॥

লিঙ্গার্চ্চনতন্ত্রে লিখিত আছে, শিবপূজা করা ব্রাহ্মণাদি চতুর্ব্বর্ণেরই কর্ত্তব্য! শাক্ত, বৈষ্ণব, গাণপ, সৌর প্রভৃতি সকল সম্প্রদায়ীরাই অগ্রে শিবপূজা করিয়া পরে ইষ্টদেবের পূজা করিবে।

লিঙ্গনির্ম্মাণবিধি।—"ওঁ হরায় নমঃ" * এই মন্ত্রে এক তোলা বা দুই তোলা মৃত্তিকা লইয়া † "ওঁ মহেশ্বরায় নমঃ" বলিয়া অঙ্গুষ্ঠপরিমিত শিবলিঙ্গ নির্ম্মাণ করিবে। মৃত্তিকা সমান তিন ভাগ করিয়া উপরের ভাগে লিঙ্গ, মধ্যভাগে গৌরীপীঠ (শক্তিপাঠ) এবং শেষভাগ দ্বারা বেদী (আসন) ‡ প্রস্তুত করিতে হয়। উপরের লম্বমান ভাগকে লিঙ্গ, মধ্যভাগকে গৌরীপীঠ এবং নিম্নভাগকে বদী কহে। দুই হাতের মধ্যে যে কোন হস্ত দ্বারা শিবলিঙ্গ গঠন করিবে। এক হস্তে সমস্ত না হইলে, দুই হস্ত দ্বারা নির্ম্মাণ করিবে। এইরূপে লিঙ্গ নির্ম্মাণ করিয়া একটি ক্ষুদ্র গোলাকার মৃত্তিকা লিঙ্গের মস্তকোপরি দিবে; ইহার নাম বজ্র। অন্য ব্যক্তি লিঙ্গ নির্ম্মাণ করিয়া দিলে পূজক এককালেই "ওঁ হরায় নমঃ" ও "ওঁ মহেশ্বরায় নমঃ" এই দুইটি মন্ত্র উচ্চারণ করিবে।

উপবেশন ও আসনবিধি।—লিঙ্গনির্ম্মাণান্তে যথাবিধি পাদ ধৌত করিয়া উত্তরাস্যে কুশাসনে, কম্বলাসনে বা মৃগচর্ম্ম

* স্ত্রী ও শূদ্রগণ প্রণবের পরিবর্ত্তে সর্ব্বত্র "নমঃ" শব্দ উচ্চারণ করিবে; কিন্তু শিবপূজাস্থলে যখন "নমঃ শিবায় নমঃ" এই মন্ত্রেই পূজা করিতে হয়, তখন ইহার পূর্ব্বে আবার "নমঃ" শব্দ যোগ করিবে না।

† ব্রাহ্মণ শ্বেতবর্ণ, ক্ষত্রিয় লোহিতবর্ণ, বৈশ্য হরিদ্রাবর্ণ এবং শূদ্র কৃষ্ণবর্ণ মৃত্তিকা দ্বারা লিঙ্গ প্রস্তুত করিবে।

‡ ব্রহ্ম নির্গুণ পদার্থ; নির্গুণপদার্থের চিন্তা-ধ্যান অসম্ভব; সুতরাং শক্তি সহযোগে তাঁহার ধ্যানাদি করা বিধেয়, এই জন্যই শিবের নিম্নে শক্তি শোভিত থাকেন। তাঁহাকেই গৌরীপীঠ, যোনিপীঠ কিংবা শক্তিপীঠ কহে। বেদী—উপবেশনার্থে আসন।

আসনে সমাসীন হইবে। মাটীতে বা স্বেচ্ছামত যে কোন আসনে বসিতে নাই। আসন তিন অঙ্গুলি উচ্চ, দুই হস্ত দীর্ঘ এবং দেড় হস্ত বিস্তৃত হইবে। পদ্মাসনে বসিয়া পূজা করিতে হয়। লিঙ্গের পিনাকটি যাহাতে উত্তরদিকে থাকে, এইরূপে বিল্বপত্রের সোজা পৃষ্ঠের উপর বসাইবে। পূজার সময় ললাটে ভস্ম বা মৃত্তিকার ত্রিপুণ্ড্র এবং গলদেশে রুদ্রাক্ষমালা ধারণ করিবে।

স্বস্তিবাচন।— তৎপরে আচমন ও বিষ্ণুস্মরণ পূর্ব্বক দক্ষিণহাতে গুটিকতক আতপতণ্ডুল লইয়া নিম্নলিখিত মন্ত্রে স্বস্তিবাচন করিবে (সেই তণ্ডুলকয়টি নিক্ষেপ করিবে)। স্ত্রী ও শূদ্রগণ মন্ত্রপাঠ করিবে না, কেবল "নমঃ স্বস্তি স্বস্তি" বলিয়া তণ্ডুল নিক্ষেপ করিবে। মন্ত্র যথা—

ওঁ সোমং রাজানং বরুণমগ্নিমন্বারভামহে। আদিত্যং বিষ্ণুং সূর্য্যং ব্রহ্মাণঞ্চ বৃহস্পতিম্। ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি। *

---

* যজুর্ব্বেদী স্বস্তিবাচনমন্ত্র যথা—স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ স্বস্তি নস্তার্ক্ষ্যোহরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দধাতু। ও গণানাস্ত্বা গণপতিং হবামহে প্রিয়ানাস্ত্বা প্রিয়পতিং হবামহে নিধীনাস্ত্বা নিধিপতিং হবামহে বসো মম। ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি।

ঋগ্বেদীয় স্বস্তিবাচনমন্ত্র।—ওঁ স্বস্তি নো মিমীতামশ্বিনা ভগঃ স্বস্তি দেব্যদিতেরনর্ব্বণঃ স্বস্তি পূষা অসুরো দধাতু নঃ। স্বস্তি দ্যাবা পৃথিবী সুচেতনা স্বস্তি নো বায়ুমুপ ব্রুবামহে। সোমং স্বস্তি ভুবনস্য যস্পতিঃ। বৃহস্পতিং সর্ব্বগণং স্বস্তয়ে স্বস্তয় আদিত্যা ভবন্তু নঃ বিশ্বেদেবা নো অদ্যা স্বস্তয়ে। বৈশ্বানরো বসুরগ্নিঃ স্বস্তয়ে দেবা অভবন্তু ঋভবঃ স্বস্তয়ে স্বস্তি নো রুদ্রঃ পাত্বংহসঃ স্বস্তি মিত্রাবরুণা স্বস্তি পথ্যে রেবতীঃ স্বস্তি ন ইন্দ্রশ্চাগ্নিশ্চ স্বস্তি নো অদিতয়ে কৃধি। স্বস্তি পন্থা অনুচরেম সূর্য্যাচন্দ্রমসাবিব পুনর্দ্দদতা ঘ্নতা জানতা সঙ্গমেমহি। স্বস্ত্যয়নং তার্ক্ষ্যমরিষ্টনেমিং মহদ্ভূতং বায়সং দেবানাম্। অসুরঘ্নমিন্দ্রসখং সমৎসু বৃহদ্যশো নাবমিবারুহেম। অঙ্গো মুচোমাঙ্গিরসঙ্গয়ঞ্চ স্বস্ত্যাত্রেয়ং মনসা তার্ক্ষ্যং শ্রেষ্ঠপাণেঃ শরণং প্রপদ্যে। স্বস্তি সম্বাধে সভয়ে নো হস্ত। ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি।

অনন্তর কৃতাঞ্জলি হইয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করিতে হয়, যথা—

ওঁ সূর্য্যঃ সোমো যমঃ কালঃ সন্ধ্যে ভূতান্যহঃ ক্ষপাঃ।
পবনো দিক্‌পতির্ভূমিরাকাশং খচরামরাঃ।
ব্রাহ্মং শাসনমাস্থায় কল্পধ্বমিহ সন্নিধিম্॥ *

সামান্যার্ঘ্য।—তৎপরে সামান্যার্ঘ্য স্থাপন করিবে। বামদিকে মাটীতে একটি চতুষ্কোণ, তন্মধ্যে বৃত্ত এবং তাহার মধ্যে ত্রিকোণ-মণ্ডল অঙ্কন করিয়া তদুপরি "এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্তয়ে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ কূর্ম্মায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ অনন্তায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ পৃথিব্যৈ নমঃ" এই মন্ত্রচতুষ্টয়ে চারিবার গন্ধপুষ্প দিবে। পুষ্পের অভাব হইলে গন্ধ ও আতপতণ্ডুল লইয়া "এতে গন্ধাক্ষতে" ইত্যাদিরূপ বলিতে হয়। অনন্তর "ফট্" মন্ত্রে কোশা প্রক্ষালন পূর্ব্বক ত্রিকোণোপরি একটি পাত্র রাখিয়া তদুপরি কোশা স্থাপন করত "নমঃ" মন্ত্রে উহাতে জল পূর্ণ করিবে। পরে কোশার অগ্রভাগে গন্ধ, পুষ্প, অক্ষত, বিল্বপত্র ও গর্ভশূন্য ত্রিপত্র দূর্ব্বা দিয়া অর্ঘ্য স্থাপন করত জলশুদ্ধি করিবে। যথা—

জলশুদ্ধি।—তর্জ্জনীর অগ্র দ্বারা অঙ্কুশমুদ্রাযোগে ঐ জল আলোড়ন করত "ওঁ গঙ্গে চ" ইত্যাদি মন্ত্রে তীর্থ আবাহন পূর্ব্বক "এতে গন্ধপুষ্পে ওঁ জলায় নমঃ" মন্ত্রে জলে গন্ধপুষ্প দিবে। অনন্তর "বং" মন্ত্রে ধেনুমুদ্রা প্রদর্শন ও মৎস্যমুদ্রা দ্বারা ঐ জল আচ্ছাদন পূর্ব্বক তদুপরি দশধা বা অষ্টধা প্রণব জপ করিবে। পরে বারত্রয় ঐ জল ভূতলে নিক্ষেপ করত স্বীয় মস্তকে ও যাবতীয় পূজোপকরণে কিঞ্চিৎ কিঞ্চিৎ ছিটাইয়া দিবে। তৎপরে আসনশুদ্ধি করিতে হয়। †

আসনশুদ্ধি।—আসনের নিম্নে ত্রিকোণমণ্ডল অঙ্কন করিয়া

* অনেকে এই স্থলে সূর্য্যার্ঘ্য প্রদান করিয়া থাকেন।
† অনেকে সামান্যার্ঘস্থাপনের পূর্ব্বে আসনশুদ্ধি করিয়া থাকেন।

"এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং আধারশক্তিকমলাসনায় নমঃ" মন্ত্রে একটি সচন্দন পুষ্প আসনের উপর দিবে। পুষ্পের অভাবে "এতে গন্ধাক্ষতে" বলিয়া সচন্দন আতপতণ্ডুল দিবে। অনন্তর আসন ধারণ পূর্ব্বক নিম্নলিখিত মন্ত্র পাঠ করিতে হয়, যথা—

আসনমন্ত্রস্য মেরুপৃষ্ঠঋষিঃ সুতলং ছন্দঃ কূর্ম্মো দেবতা আসনোপবেশনে বিনিয়োগঃ।

ওঁ পৃথ্বি ত্বয়া ধৃতা লোকা দেবি ত্বং বিষ্ণুনা ধৃতা।
ত্বঞ্চ ধারয় মাং নিত্যং পবিত্রং কুরু চাসনম্‌॥

তদনন্তর কৃতাঞ্জলি হইয়া (বামে) ওঁ গুরুভ্যো নমঃ, ওঁ পরমগুরুভ্যো নমঃ, (দক্ষিণে) ওঁ গণেশায় নমঃ, (ঊর্দ্ধে) ওঁ ব্রহ্মণে নমঃ, (অধঃ) ওঁ অনন্তায় নমঃ, (মধ্যে) ওঁ নারায়ণায় নমঃ, (সম্মুখে) ওঁ অমুকদেবতায়ৈ (স্ব স্ব অভীষ্টদেবতা) নমঃ, মন্ত্রে যথাযথ স্থান স্পর্শ করত নমস্কার করিবে। *

বিঘ্নাপসারণ।—তদনন্তর বিঘ্ননিবারণ করিবে। "ওঁ নমঃ শিবায়" মন্ত্রে দৃষ্টিপাত করত ঊর্দ্ধে ঊর্দ্ধভাগস্থ, "অস্ত্রায় ফট্‌" মন্ত্রে দক্ষিণহস্ত দ্বারা দক্ষিণাবর্ত্তে মস্তকের চতুর্দ্দিকে শূন্যে জলপ্রোক্ষণ করত নভোমার্গস্থ এবং বামপাদের গুল্‌ফ দ্বারা বামদিকে মাটীতে তিনবার আঘাত করত ভূতলস্থ সমস্ত বিঘ্ন বিদূরিত হইয়াছে ভাবনা করিয়া, তণ্ডুলের উপর সপ্তধা "ফট্‌" মন্ত্র জপ করিবে। তৎপরে নারাচমুদ্রা দ্বারা ঐ অক্ষত গ্রহণ করিয়া নিম্নলিখিত মন্ত্রপাঠ সহকারে ভূতলে ফেলিয়া দিবে, যথা—

ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতাঃ।
যে ভূতা বিঘ্নকর্ত্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া॥

পরে এই প্রকার ভাবনা করিবে যে, গৃহমধ্যস্থ যাবতীয় বিঘ্ন বিদূরিত হইয়াছে।

গন্ধাদির পূজা।—তৎপরে গন্ধাদির পূজা করিতে হয়। কোন দ্রব্য পূজা না করিয়া দেবতাকে অর্পণ করিলে দেবতারা তাহা গ্রহণ

---

* অনেকে এই স্থলেও সূর্য্যার্ঘ্য প্রদান করিয়া থাকেন।

করেন না ; উহা অসুরদিগের ভোগ্য হয়। প্রথমে "বং এতেভ্যো গন্ধাদিভ্যো নমঃ" মন্ত্রে গন্ধাদির উপর বারত্রয় জলপ্রোক্ষণ করিবে। পরে গন্ধপুষ্প লইয়া "এতে গন্ধপুষ্পে ওঁ এতদধিপতয়ে বিষ্ণবে নমঃ" "এতে গন্ধপুষ্পে ওঁ এতৎসম্প্রদানেভ্যো নারায়ণাদিভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ এতেভ্যো গন্ধাদিভ্যো নমঃ" মন্ত্রে এক একটি করিয়া গন্ধপুষ্প দিবে।

নারায়ণাদির অর্চ্চনা।—অনন্তর নিম্নলিখিত মন্ত্রে এক একটি গন্ধপুষ্প প্রক্ষেপ করত নারায়ণাদির পূজা করিতে হয়। যথা—

এতে গন্ধপুষ্পে ওঁ নারায়ণায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ গুরবে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ আদিত্যাদি-নবগ্রহেভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ।

গণেশাদি-পূজা।—পরে পঞ্চোপচারে শালগ্রামে বা সলিলে গণেশাদি পঞ্চদেবতার পূজা করিবে। *

গণেশার্চ্চনা।— প্রথমতঃ "গাং গীং গূং গৈং গৌং গঃ" এই মন্ত্রে করন্যাসপদ্ধতির নিয়মে করাঙ্গন্যাস করিয়া কূর্ম্মমুদ্রাযোগে একটি পুষ্প লইয়া ধ্যান করিবে। যথা—

খর্ব্বং স্থূলতনুং গজেন্দ্রবদনং লম্বোদরং সুন্দরং,
প্রস্যন্দন্মদগন্ধলুব্ধমধুপব্যালোলগণ্ডস্থলম্।
দন্তাঘাতবিদারিতারিরুধিরৈঃ সিন্দূরশোভাকরং,
বন্দে শৈলসুতাসুতং গণপতিং সিদ্ধিপ্রদং কর্ম্মসু ॥

ধ্যানান্তে আপন মস্তকে পুষ্পটি দিয়া মানসপূজা করত পুনর্ব্বার করাঙ্গন্যাস ও ধ্যানান্তে শিলার উপর পুষ্পটি দিবে এবং নিম্নলিখিতরূপে পূজা করিবে। যথা—

এষ গন্ধঃ ওঁ গণেশায় নমঃ, এতৎ পুষ্পং ওঁ গণেশায় নমঃ, এষ ধূপঃ ওঁ গণেশায় নমঃ, এষ দীপঃ ওঁ গণেশায় নমঃ, এতন্নৈবেদ্যং ওঁ গণেশায় নমঃ।

* শূদ্র ও স্ত্রীলোক জলে পূজা করিবে।

পরে ওঁ গণেশায় নমঃ এই মন্ত্র দশবার বা অষ্টোত্তরশতবার জপ করিয়া "গুহ্যাতিগুহ্য" ইত্যাদি মন্ত্রে জপ সমর্পণ পূর্ব্বক নমস্কার করিবে, যথা—

ওঁ দেবেন্দ্রমৌলিমন্দার-মকরন্দকণারুণাঃ।
বিঘ্নং হরন্তু হেরম্ব-চরণাম্বুজরেণবঃ॥

তৎপরে "ওঁ শিবাদিপঞ্চদেবতাভ্যো নমঃ" মন্ত্রে পঞ্চোপচারে পূজা করিয়া সূর্য্যপূজা করিতে হয়। যথা—

সূর্য্যপূজা।—গণেশপূজাপদ্ধতির প্রণালীতে "ওঁ শ্রীসূর্য্যায় নমঃ" মন্ত্রে পূজা করিবে। কেবল ধ্যান ও প্রণামমন্ত্র ভিন্ন। ধ্যান যথা—

রক্তাম্বুজাসনমশেষগুণৈকসিন্ধুং,
ভানুং সমস্তজগতামধিপং ভজামি।
পদ্মদ্বয়াভয়বরান্ দধতং করাব্জৈ-
র্মাণিক্যমৌলিমরুণাঙ্গরুচিং ত্রিনেত্রম্॥

পূজাসমাপনান্তে "এহি সূর্য্য সহস্রাংশো" ইত্যাদি মন্ত্রে অর্ঘ্য-প্রদান পূর্ব্বক "জবাকুসুমসঙ্কাশং" ইত্যাদি মন্ত্রে নমস্কার করিবে।

বিষ্ণুপূজা।—পরে ঐ প্রকার গণেশপূজাপদ্ধতির প্রণালীতে পঞ্চোপচারে "ওঁ বিষ্ণবে নমঃ" মন্ত্রে বিষ্ণুর অর্চ্চনা করিবে। কেবল ধ্যান ও প্রণামমন্ত্র ভিন্ন। ধ্যান যথা——

ওঁ ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডলমধ্যবর্ত্তী,
নারায়ণঃ সরসিজাসনসন্নিবিষ্টঃ।
কেয়ূরবান্ কনককুণ্ডলবান্ কিরীটী,
হারী হিরণ্ময়বপুর্ধৃতশঙ্খচক্রঃ॥

যথানিয়মে পূজা করিয়া "ওঁ নমো ব্রহ্মণ্যদেবায়" ইত্যাদি মন্ত্রে প্রণাম করিবে।

শিবপূজা।—শিবের ধ্যান, পূজামন্ত্র ও প্রণামমন্ত্র যথাস্থানে লিখিত আছে, তদনুসারে পঞ্চোপচারে অর্চ্চনা করিবে।

জয়দুর্গাপূজা।—পরে ঐ প্রকারে পঞ্চোপচারে "ওঁ দুর্গায়ৈ নমঃ" মন্ত্রে জয়দুর্গার অর্চ্চনা করিবে। ধ্যান ও প্রণামমন্ত্র বিভিন্ন, যথা—

কালাভ্রাভাং কটাক্ষৈররিকুলভয়দাং মৌলিবদ্ধেন্দুরেখাং,
শঙ্খং চক্রং কৃপাণং ত্রিশিখমপি করৈরুদ্বহন্তীং ত্রিনেত্রাম্।
সিংহস্কন্ধাধিরূঢ়াং ত্রিভুবনমখিলং তেজসা পূরয়ন্তীং,
ধ্যায়েদ্দুর্গাং জয়াখ্যাং ত্রিদশপরিবৃতাং সেবিতাং সিদ্ধিকামৈঃ ॥

যথাবিধি পূজান্তে নিম্নলিখিত মন্ত্রে প্রণাম করিবে। যথা—

ওঁ সর্ব্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে।
শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোঽস্তু তে ॥

করশুদ্ধি।—তৎপরে করশুদ্ধি করিতে হয়। একটি সচন্দন পুষ্প লইয়া "ঐং রং অস্ত্রায় ফট্" মন্ত্রে করযুগল দ্বারা উহা ঘর্ষণ করত বামদিকে নিক্ষেপ করিবে। অনন্তর সম্মুখভাগে ঊর্দ্ধদেশে যথাক্রমে তিনটি তালি দিয়া দক্ষিণাবর্ত্তে পূর্ব্বদিক্ হইতে দশদিকে তুড়ি প্রদান করত দশদিগ্বন্ধন করিয়া ভূতশুদ্ধি করিবে।

ভূতশুদ্ধি।—"রং" মন্ত্রে বারিধারা দ্বারা নিজদেহ বেষ্টন করত ঐ জলধারাকে বহ্নিময় প্রাচীর ভাবনা করিয়া করযুগল উত্তান ভাবে বামদক্ষিণক্রমে উপর্য্যুপরি স্বীয় ক্রোড়দেশে স্থাপন করিবে। পরে "সোহং" চিন্তা করত * হৃৎপ্রদেশস্থিত দীপকলিকাবৎ জীবাত্মাকে মূলাধারস্থ কুণ্ডলিনীশক্তি সহ সুষুম্নামার্গে মূলাধার, স্বাধিষ্ঠান, মণিপূর, অনাহত, বিশুদ্ধ ও আজ্ঞাখ্য চক্রে চতুর্দ্দল, ষড়্দল, দশদল, ষোড়শদল ও দ্বিদল পদ্ম ভেদ করত শিরস্থিত অধোমুখ সহস্রার-কমলের কর্ণিকাভ্যন্তরস্থ পরমাত্মাতে সংযোগ করিয়া তাহাতেই দৈহিক ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ, ব্যোম, গন্ধ, রস, রূপ, শব্দ, স্পর্শ, ঘ্রাণ, জিহ্বা, নেত্র, ত্বক্, কর্ণ, বাক্, কর, চরণ, পায়ু, উপস্থ, প্রকৃতি, মন, বুদ্ধি ও অহঙ্কার এই চতুর্ব্বিংশতিতত্ত্বকে বিলীন চিন্তা করিতে হয়। তৎপরে বামনাসাপুটে "যং" এই বায়ুবীজকে ধূম্রবর্ণ চিন্তা করিয়া প্রাণায়ামবিধি অনুসারে ঐ বীজ ষোড়শধা জপ করত বায়ু দ্বারা দেহ পূর্ণ করিবে এবং নাসাপুট রোধ করত চতুঃষষ্টিবার জপ দ্বারা কুম্ভক

---

* শক্তিবিষয়ে "হংস" এবং শূদ্রেরা "নমঃ" চিন্তা করিবে

করিয়া বামকুক্ষিস্থ কৃষ্ণবর্ণ, খর্ব্ব, পিঙ্গলচক্ষু, পিঙ্গলকেশ পাপপুরুষের সহিত স্বীয় দেহকে শোষণ করিবে। তৎপরে ঐ বীজ দ্বাত্রিংশদ্বার জপ করিয়া দক্ষিণনাসিকারন্ধ্র দ্বারা বায়ু পরিত্যাগ করিবে। তদনন্তর দক্ষিণনাসিকাপুটে "রং" এই অগ্নিবীজ ভাবনা করত উহা ষোড়শধা জপ করিয়া বায়ু দ্বারা শরীর পূর্ণ করিবে এবং নাসাপুটদ্বয় রোধ পূর্ব্বক ঐ বীজ চতুঃষষ্টিবার জপসহকারে কুম্ভক করিয়া মূলাধারোত্থিত বহ্নি দ্বারা পাপপুরুষ সহ নিজদেহ দগ্ধ করত পুনরায় দ্বাত্রিংশদবার জপ করিবে। তদনন্তর বামনাসাপুট দ্বারা দগ্ধভস্ম সহ ঐ বায়ু পরিত্যাগ করিবে। পরে বামনাসাপুটে "ঠং" এই সোমবীজ ধ্যান করত ষোড়শধা জপ দ্বারা শ্বাস আকর্ষণ পূর্ব্বক ঐ বীজাকৃতি সোমকে ললাটদেশে ধ্যান করিয়া নাসাপুটযুগল রোধ করিবে এবং বরুণবীজ "বং" চতুঃষষ্টিবার জপ করিয়া কুম্ভক করত উল্লিখিত সোমদেব হইতে বিনিঃসৃত পঞ্চাশন্মাতৃকাবর্ণস্বরূপ সুধা দ্বারা সমস্ত দেহকে নূতনগঠিতবৎ ভাবনা করিবে। তৎপরে ধরাবীজ "লং" দ্বাত্রিংশদ্বার জপ করিয়া স্বীয় দেহকে সুদৃঢ় করত দক্ষিণনাসাপুট দ্বারা বায়ু ত্যাগ করিবে। পরে হংস (শূদ্র ও স্ত্রীলোকেরা নমঃ) এই মন্ত্রের দ্বারা বিলীন কুণ্ডলিনী সহ জীবাত্মা ও চতুর্ব্বিংশতিতত্ত্বকে পুনরায় নিজ স্থানে আবির্ভূত চিন্তা করিবে। অনন্তর স্বীয় দেহকে দেবদেহ সহ অভেদরূপে চিন্তা করিবে। পরে মাতৃকান্যাস করিবে।

মাতৃকান্যাস।* — অগ্রে কৃতাঞ্জলি হইয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে। যথা—

অস্য মাতৃকামন্ত্রস্য ব্রহ্মা ঋষির্গায়ত্রীচ্ছন্দো মাতৃকা সরস্বতী দেবতা হলো বীজানি স্বরাঃ শক্তয়ো মাতৃকান্যাসে বিনিয়োগঃ।

* মন্ত্রপাঠ পূর্ব্বক নির্দ্দিষ্ট স্থলে অঙ্গুলীস্থাপনের নাম ন্যাস। যে ন্যাসে কোন অঙ্গুলীর নিয়ম নাই, তথায় পুষ্প দ্বারা কিংবা অঙ্গুষ্ঠ ও অনামিকা যোগ করিয়া দক্ষিণ-হস্ত দ্বারা স্পর্শ করিতে হয়।

এই মন্ত্র পাঠ পূর্ব্বক মস্তকে দক্ষিণ-হস্ত দিয়া "ওঁ ব্রহ্মণে ঋষয়ে নমঃ," মুখে "ওঁ গায়ত্রীচ্ছন্দসে নমঃ," হৃদি "ওঁ মাতৃকাসরস্বত্যৈ দেবতায়ৈ নমঃ," গুহ্যে "ওঁ ব্যঞ্জনেভ্যো বীজেভ্যো নমঃ," পাদয়োঃ "ওঁ স্বরেভ্যঃ শক্তিভ্যো নমঃ," বলিয়া হস্ত স্পর্শ করিবে; * অনন্তর "অং কং খং গং ঘং ঙং আং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" মন্ত্রে দুই হস্তেরই তর্জ্জনী অঙ্গুলী বৃদ্ধাঙ্গুষ্ঠের উপর দিবে; "ইং চং ছং জং ঝং ঞং ঈং তর্জ্জনীভ্যাং স্বাহা" মন্ত্রে উভয় হস্তের অঙ্গুষ্ঠ তর্জ্জনীর উপর; "উং টং ঠং ডং ঢং ণং ঊং মধ্যমাভ্যাং বষট্" মন্ত্রে উভয় হস্তের বৃদ্ধাঙ্গুলী মধ্যমার উপর; "এং তং থং দং ধং নং ঐং অনামিকাভ্যাং হুং" মন্ত্রে উভয় হস্তের বৃদ্ধাঙ্গুলী অনামিকার উপর এবং "ওং পং ফং বং ভং মং ঔং কনিষ্ঠাভ্যাং বৌষট্" মন্ত্রের উভয় হস্তের অঙ্গুষ্ঠ কনিষ্ঠার উপর দিবে। তদনন্তর "অং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং অঃ করতলপৃষ্ঠাভ্যাং ফট্" মন্ত্রে দক্ষিণহস্তের তর্জ্জনী ও মধ্যমা যোগ করত বামহস্তের পৃষ্ঠ ও তলস্পর্শ করত তালি দিবে। পরে "অং কং খং গং ঘং ঙং আং হৃদয়ায় নমঃ" মন্ত্রে দক্ষিণ-হস্তের তর্জ্জনী, মধ্যমা ও অনামার অগ্র দ্বারা বক্ষঃস্থল; "ইং চং ছং জং ঝং ঞং ঈং শিরসে স্বাহা" মন্ত্রে তর্জ্জনী ও মধ্যমার অগ্র দ্বারা মস্তক; "উং টং ঠং ডং ঢং ণং ঊং শিখায়ৈ বষট্" মন্ত্রে বৃদ্ধাঙ্গুষ্ঠের অগ্র দ্বারা শিখা; "এং তং থং দং ধং নং ঐং কবচায় হুং" মন্ত্রে দক্ষিণহস্তের পঞ্চাঙ্গুলীর অগ্রভাগ দ্বারা বামবাহু ও বামহস্তের পঞ্চাঙ্গুলীর অগ্র দ্বারা দক্ষিণবাহু এবং "ওং পং ফং বং ভং মং ঔং নেত্রত্রয়ায় বৌষট্" মন্ত্রে দক্ষিণহস্তের তর্জ্জনী, মধ্যমা ও অনামার দ্বারা ক্রমান্বয়ে নেত্রদ্বয় ও নাসিকার মূল স্পর্শ করিবে। তৎপরে "অং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং অঃ করতলপৃষ্ঠাভ্যাং ফট্" মন্ত্রে দক্ষিণহস্তের তর্জ্জনী ও মধ্যমা যোগ করত বামহস্তের পৃষ্ঠ ও তল স্পর্শ করিয়া তালি দিবে। তৎপরে প্রাণায়াম করিতে হয়।

* অঙ্গন্যাস-করন্যাসের প্রণালী সর্ব্বত্রই এই প্রকার, কেবল মন্ত্র পৃথক্।

প্রণায়াম।—"নমঃ শিবায় নমঃ" শিবের এই মূলমন্ত্র দ্বারা প্রণব ষোড়শবার জপ করত পূরণ, চতুঃষষ্টিবার জপ দ্বারা কুম্ভক এবং দ্বাত্রিংশদ্বার জপ দ্বারা রেচকরূপ প্রাণায়াম করিতে হয়। অক্ষম হইলে চারিবার জপ দ্বারা পূরণ, ষোড়শবার জপ দ্বারা কুম্ভক এবং আটবার জপ দ্বারা রেচন করিবে। *

প্রাণপ্রতিষ্ঠা।—পরে কাংস্য, রৌপ্য বা স্বর্ণপাত্র ইত্যাদি যথা-বিহিত পাত্রে যথাযথভাবে স্থিত শিবলিঙ্গের প্রাণপ্রতিষ্ঠা করিতে হয় অর্থাৎ লেলিহামুদ্রাযোগে দূর্ব্বা, তণ্ডুল বা পুষ্প দ্বারা শিবলিঙ্গ ধারণ করিয়া "ওঁ শূলপাণে ইহ সুপ্রতিষ্ঠিতো ভব" মন্ত্রে প্রাণ-প্রতিষ্ঠা করিবে। তদনন্তর নিম্নলিখিতরূপে অঙ্গন্যাস ও করন্যাস করিতে হয়। †

অঙ্গন্যাস।—"ওঁ হৃদয়ায় নমঃ" মন্ত্রে বক্ষঃস্থল, "নং শিরসে স্বাহা" মন্ত্রে মস্তক, "মং শিখায়ৈ বষট্" মন্ত্রে শিখা, "শিং কবচায় হুং" মন্ত্রে বামবাহু ও দক্ষিণবাহু এবং "বাং নেত্রত্রয়ায় বৌষট্" মন্ত্রে নেত্রদ্বয় ও নাসিকার মূল স্পর্শ করত "যঃ করতলপৃষ্ঠাভ্যাং ফট্" মন্ত্রে বামহস্তের পৃষ্ঠ ও তল স্পর্শ করত তালি দিবে।

করন্যাস।—"ওঁ অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, নং তর্জ্জনীভ্যাং স্বাহা, মং মধ্যমাভ্যাং বষট্, শিং অনামিকাভ্যাং হুং, বাং কনিষ্ঠাভ্যাং বৌষট্" মন্ত্রে যথাক্রমে যথাযথ অঙ্গুলীর উপর যথাবিহিত অঙ্গুলী স্পর্শ করা-ইয়া "যঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্" মন্ত্রে দক্ষিণ-হস্তের তর্জ্জনী ও

* অনেকে এই স্থলে গণেশাদি পঞ্চদেবতার পূজা না করিয়া পুষ্পার্ঘ্য দিয়া থাকেন।

† অনেকে এই স্থানে "হরায় নমঃ" মন্ত্রে শিবলিঙ্গের মস্তকে কিঞ্চিৎ জল দিয়া বজ্রটি নামাইয়া পিনাকোপরি স্থাপন করেন এবং "মহেশ্বরায় নমঃ" বলিয়া মস্তকটি একটু টিপিয়া দিয়া পরে প্রাণপ্রতিষ্ঠা করিয়া থাকেন। ফল কথা, লিঙ্গের মস্তকে এরূপ ভাবে জল দিবে যেন, বজ্রটি স্বয়ং যথাস্থানে পতিত হয়। ইহাতে অক্ষম হইলে হস্ত দ্বারা তুলিয়া পিনাকোপরি রাখিবে।

মধ্যমা যোগ করত বামহস্তের পৃষ্ঠ ও তল স্পর্শ করিয়া তালি দিবে। তদনন্তর ঋষ্যাদিন্যাস ও ব্যাপকন্যাস করিবে।

ঋষ্যাদিন্যাস।—"ওঁ বামদেব-ঋষয়ে নমঃ" মন্ত্রে মস্তকে, "ওঁ পঙ্‌ক্তিচ্ছন্দসে নমঃ" মন্ত্রে বদনে, "ওঁ ঈশানায় দেবতায়ৈ নমঃ" মন্ত্রে হৃদয়ে দক্ষিণ-হস্ত স্পর্শ করাইবে।

ব্যাপকন্যাস।—করযুগল প্রসারণ করত "ওঁ নমঃ শিবায়" মন্ত্রে হস্তদ্বয় মস্তক হইতে পদ পর্য্যন্ত, পুনর্ব্বার পদ হইতে মস্তক পর্য্যন্ত নয়বার, সপ্তবার, পঞ্চবার কিংবা বারত্রয় লইয়া যাইবে।

ধ্যান।—তৎপরে কূর্ম্মমুদ্রা দ্বারা বামকরে একটি পুষ্প বা বিল্বপত্র লইয়া ধ্যান করিতে হয়। যথা—

ওঁ ধ্যায়েন্নিত্যং মহেশং রজতগিরিনিভং চারুচন্দ্রাবতংসং,
রত্নাকল্পোজ্জ্বলাঙ্গং পরশুমৃগবরাভীতিহস্তং প্রসন্নম্।
পদ্মাসীনং সমন্তাৎ স্তুতমমরগণৈর্ব্যাঘ্রকৃত্তিং বসানং,
বিশ্বাদ্যং বিশ্ববীজং নিখিলভয়হরং পঞ্চবক্ত্রং ত্রিনেত্রম্॥

ধ্যানপাঠান্তে বামহস্তস্থিত পুষ্প বা বিল্বপত্রটি স্বীয় মস্তকে দিবে এবং প্রার্থনা-মুদ্রা * প্রদর্শন পূর্ব্বক "আমি শিব" মনে মনে এইরূপ চিন্তা করত হৃদ্‌পদ্মমধ্যে তদ্গতচিত্তে ধ্যানলিখিত আকৃতি চিন্তা করিতে করিতে মানসপূজা করিবে।

মানসপূজা।—মানসপূজাতে যাহা কিছু কর্ত্তব্য, তৎসমস্তই মনে মনে করিতে হয়। ইহাতে বাহ্য উপকরণের আবশ্যক নাই। হৃৎপদ্মমধ্যে সুধাসমুদ্র চিন্তা করিবে। তন্মধ্যে রত্নদ্বীপমধ্যগত কল্পতরুমূলে দেবতার রূপ ধ্যান করিয়া হৃৎপদ্মেই আসন প্রদান পূর্ব্বক স্বাগত † জিজ্ঞাসা করিবে এবং লিঙ্গমূলস্থ কুলকুণ্ডলিনীচক্রস্থিত জলরূপ পাদ্য, মনোরূপ অর্ঘ্য, মস্তকস্থিত সহস্রদলপদ্ম হইতে বিগলিত সুধারূপ আচমনীয়, ক্ষিত্যাদি চতুর্ব্বিংশতিতত্ত্বরূপ গন্ধ,

* মুদ্রার বিষয় ৮ম বল্লীতে দ্রষ্টব্য।

† শুভাগমন জিজ্ঞাসা করার নাম স্বাগত

দয়াদিরূপ পুষ্প, প্রাণরূপ ধূপ, তেজোরূপ দীপ, ধর্ম্মাধর্ম্মরূপ নৈবেদ্য, সুধাসমুদ্রের জলরূপ পানীয়, হৃৎপদ্মস্থ অনাহত-চক্রের ধ্বনিরূপ বাদ্য, এই সকল মনে মনে প্রদান করিবে। পরে মনে মনে "ওঁ নমঃ শিবায়" মূলমন্ত্র যথাশক্তি জপ করিয়া মনে মনেই স্তবপাঠ, প্রদক্ষিণ ও প্রণাম করিতে হয়। তদনন্তর বিশেষার্ঘ্য স্থাপন করিবে।

বিশেষার্ঘ্য।—* পুরোবর্ত্তী কোশার বামদিকে মাটীতে জলাভ্যুক্ষণ পূর্ব্বক তদুপরি ত্রিকোণমণ্ডল অঙ্কিত করিয়া তাহার উপর ত্রিপদী স্থাপন করিবে। পরে "ফট্" বলিয়া জল দ্বারা অর্ঘ্যপাত্র প্রক্ষালন করত ত্রিপদীর উপর স্থাপন পূর্ব্বক "নমঃ" মন্ত্রে তাহাতে গন্ধ, পুষ্প, তণ্ডুল ও দূর্ব্বা দিবে। তদনন্তর "ওঁ নমঃ শিবায়" এই মূলমন্ত্র † এবং "ক্ষং লং হং সং ষং শং বং লং রং যং মং ভং বং ফং পং নং ধং দং থং তং ণং ঢং ডং ঠং টং ঞং ঝং জং ছং চং ঙং ঘং গং খং কং অঃ অং ঔং ওং ঐং এং ৡং ৯ং ৠং ঋং ঊং উং ঈং ইং আং অং" এই বিলোম মাতৃকাবর্ণ উচ্চারণ করত স্বচ্ছজল দ্বারা অর্ঘ্যপাত্র পূর্ণ করিবে। পরে ত্রিপদীতে "মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ," অর্ঘ্যপাত্রে "অং সূর্য্যমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ" এবং জলে "উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ" মন্ত্রে তণ্ডুলপ্রদান পূর্ব্বক অর্চ্চনা করিয়া অঙ্কুশমুদ্রাযোগে অর্ঘ্যপাত্রস্থ জল আলোড়ন করিতে করিতে "গঙ্গে চ যমুনে চৈব" ইত্যাদি মন্ত্র পাঠ করিবে। তৎপরে এইরূপ চিন্তা করিবে যে, সূর্য্যমণ্ডল

* স্বর্ণ, রৌপ্য বা তাম্রপাত্রে অর্ঘ্যস্থাপনই শিবপূজায় কর্ত্তব্য; শিব ও সূর্য্যপূজায় শঙ্খে অর্ঘ্যস্থাপন নিষিদ্ধ। অন্যান্য দেবতার অর্ঘ্যস্থাপন শঙ্খে করিবে। অর্ঘ্যপাত্র ষট্‌ত্রিংশৎ অঙ্গুলীপ্রমাণ উত্তম, চতুর্ব্বিংশত্যঙ্গুলীপ্রমাণ মধ্যম এবং অষ্টাঙ্গুলপ্রমাণ অধম। পরন্তু অষ্টাঙ্গুলীর ন্যূন হইলে তাহাতে অর্ঘ্যস্থাপন করিবে না।

† পূজামাত্রেই বিশেষার্ঘ্যস্থাপনের প্রণালী এই প্রকার। এই স্থলে যেখানে যেখানে "ওঁ নমঃ শিবায়" মূলমন্ত্র আছে, অন্যান্য দেবতাপূজায় সেই সেই স্থানে তত্তদ্দেবতার মূলমন্ত্র উচ্চারণ করিবে, এইমাত্র প্রভেদ

হইতে তীর্থসমূহ অর্ঘ্যপাত্রে অবতীর্ণ হইলেন। অনন্তর "ওঁ নমঃ শিবায়" বলিয়া হৃৎকমলস্থ মহাদেবকে ঐ জলে আনয়ন পূর্ব্বক "হুঁ" মন্ত্রে জলের উপর অবগুণ্ঠনমুদ্রা প্রদর্শন করত "ফট্" মন্ত্রে ঐ জলের উপর গালিনীমুদ্রা প্রদর্শন করিবে। পরে "ওঁ নমঃ শিবায় নমঃ" বলিয়া সেই জলের দিকে দৃষ্টিপাত করত গন্ধপুষ্প দ্বারা শিবের ষড়ঙ্গে (অঙ্গন্যাসমন্ত্রে) * পূজা করিবে। যথা—

এতে গন্ধপুষ্পে ওঁ হৃদয়ায় নমঃ, এতে গন্ধপুষ্পে নং শিরসে স্বাহা, এতে গন্ধপুষ্পে মং শিখায়ৈ বষট্, এতে গন্ধপুষ্পে শিং কবচায় হুং, এতে গন্ধপুষ্পে বাং নেত্রত্রয়ায় বৌষট্, এতে গন্ধ-পুষ্পে য়ঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্।

প্রত্যেক মন্ত্র পড়িয়া জলে গন্ধপুষ্প দিবে। † পরে গন্ধপুষ্প দ্বারা "ওঁ নমঃ শিবায় নমঃ" মন্ত্রে সেই সলিলমধ্যে শিবের পূজা করিয়া মৎস্যমুদ্রা দ্বারা জল আচ্ছাদন পূর্ব্বক তদুপরি মূলমন্ত্র জপ করত ধেনুমুদ্রা প্রদর্শন করিবে। অনন্তর "ফট্" মন্ত্র উচ্চারণ করত ঐ জল নির্ব্বিঘ্নে রক্ষিত হইল, এইরূপ চিন্তা করিয়া ঐ জলের কিঞ্চিৎ তুলিয়া সামান্যার্ঘ্যপাত্রে রাখিবে।

পুনর্ধ্যান ও আবাহন।—বিশেষার্ঘ্যস্থাপনান্তে পূর্ব্ববৎ অঙ্গ-ন্যাসকরন্যাস করিয়া কূর্ম্মমুদ্রা দ্বারা একটি সচন্দন পুষ্প বা বিল্ব-পত্রে নিশ্বাস দ্বারা ব্রহ্মরন্ধ্র হইতে দেবতাকে শিবলিঙ্গোপরি আনয়ন ও স্থাপন পূর্ব্বক আবাহনমুদ্রা দ্বারা "ওঁ পিনাকধৃক্ ইহা-গচ্ছাগচ্ছ" বলিয়া আবাহন, স্থাপনীমুদ্রা দ্বারা "ইহ তিষ্ঠ তিষ্ঠ" বলিয়া স্থাপন, সন্নিধাপনী মুদ্রা দ্বারা "ইহ সন্নিধেহি ইহ সন্নিধেহি" বলিয়া সন্নিধাপন, সংবোধিনী মুদ্রা দ্বারা "ইহ সন্নিরুদ্ধ্যস্ব" বলিয়া

* অন্যান্য দেবতার্চ্চনায় তত্তদেবতার অঙ্গন্যাসমন্ত্রে অর্চ্চনা করিতে হয়।

† স্ত্রী ও শূদ্রেরা "ওঁ নং মং শিং বাং য়ঃ" এই কয়টি বর্ণের পরিবর্ত্তে "শাং শীং শূং শৈং শৌং শঃ" এই কয়টি বর্ণ উচ্চারণ করত ষড়ঙ্গ-পূজা করিবে। অন্যান্য দেবতার পূজায় তত্তদ্দেবতার নামের আদ্যাক্ষরে ঐরূপ দীর্ঘস্বর ও অনু-স্বার যোগ করিয়া পূজা করিতোহয়।

সংবোধন, সম্মুখীকরণমুদ্রা দ্বারা "অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ" বলিয়া সম্মুখীকরণ করত কৃতাঞ্জলি হইয়া "যাবৎ পূজাং করোম্যহং তাবৎ স্থিরো ভব" বলিয়া শিবলিঙ্গকে স্নান করাইবে। (পূজামাত্রেই আবাহন এই প্রকার)

শিবলিঙ্গস্থাপন।—"ওঁ পশুপতয়ে নমঃ" বলিয়া কিংবা "ইদং স্নানীয়োদকং পশুপতয়ে নমঃ" উচ্চারণ পূর্ব্বক লিঙ্গোপরি বারত্রয় জলপ্রদান করত স্নান করাইবে। তৎপরে সম্প্রদায়ানুসারে বজ্র ফেলিয়া দিয়া পূজায় প্রবৃত্ত হইবে। শাক্ত, সৌর ও শৈবগণ ঈশানকোণে, গাণপ শিবলিঙ্গের মূলদেশে এবং বৈষ্ণবগণ পৃষ্ঠ-দেশে বজ্রটিকে নিক্ষেপ করিবে।

পূজা *।—এতৎ পাদ্যং ওঁ নমঃ শিবায় নমঃ, ইদমর্ঘ্যং † ওঁ নমঃ শিবায় নমঃ, ইদমাচমনীয়ং ওঁ নমঃ শিবায় নমঃ, ইদং স্নানীয়ং ওঁ নমঃ শিবায় নমঃ, এষ মধুপর্কঃ ওঁ নমঃ শিবায় নমঃ, ইদং পুন-রাচমনীয়ং ওঁ নমঃ শিবায় নমঃ, এষ গন্ধঃ ওঁ নমঃ শিবায় নমঃ, এতৎ পুষ্পং ওঁ নমঃ শিবায় নমঃ, এতৎ বিল্বপত্রং ওঁ নমঃ শিবায় নমঃ, ‡ এষ ধূপঃ ওঁ নমঃ শিবায় নমঃ, এষ দীপঃ ওঁ নমঃ শিবায়

* উপচার শিবের সদ্যোজাত নামক পূর্ব্বদিকস্থ মুখে প্রদান করিবে। তাঁহার পূর্ব্বদিকে সদ্যোজাত, পশ্চিমে বামদেব, উত্তরে অঘোর, দক্ষিণে তৎ-পুরুষ ও ঊর্দ্ধে ঈশান নামক মুখ বিদ্যমান।

† শিবের অর্ঘ্যে বিল্বপত্র ও রম্ভা দিবে।

‡ অনেক পুষ্প হইলে "এতানি পুষ্পাণি" এবং অনেক বিল্বপত্র হইলে "এতানি বিল্বপত্রাণি" উচ্চার্য্য। মল্লিকা, মালতী, জাতি, সেফালিকা, জবা, বকুল ও কাঠটগর পুষ্প শিবপূজায় নিষিদ্ধ। বিল্বপত্রের বৃন্ত ও মূল ত্যাগ করিয়া এবং দূর্ব্বার গর্ভ (কোঁক) ফেলিয়া শিবকে দিবে। ব্রাহ্মণেরা নিম্ন লিখিত মন্ত্র পাঠ করিয়াও শিবকে বিল্বপত্র দিতে পারেন, যথা—

ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনম্।
উর্ব্বারুকমিব বন্ধনাৎ মৃত্যোর্মুক্ষীয়মামৃতাৎ স্বাহা॥

নমঃ, এতৎ নৈবেদ্যং ওঁ নমঃ শিবায় নমঃ, * এতৎ পানার্থজলং ওঁ নমঃ শিবায় নমঃ, ইদং পুনরাচমনীয়ং ওঁ নমঃ শিবায় নমঃ, এতৎ তাম্বূলং ওঁ নমঃ শিবায় নমঃ, এষ সচন্দনপুষ্পবিল্বপত্রাঞ্জলিঃ ওঁ নমঃ শিবায় নমঃ। এইরূপে পূজা করিয়া অষ্টমূর্ত্তির পূজা করিবে। †

অষ্টমূর্ত্তিপূজা।—পূর্ব্বদিকে "এতে গন্ধপুষ্পে ওঁ সর্ব্বায় ক্ষিতিমূর্ত্তয়ে নমঃ", ‡ ঈশানকোণে "এতে গন্ধপুষ্পে ওঁ ভবায় জলমূর্ত্তয়ে নমঃ, উত্তরে "এতে গন্ধপুষ্পে ওঁ রুদ্রায় অগ্নিমূর্ত্তয়ে নমঃ", বায়ুকোণে "এতে গন্ধপুষ্পে ওঁ উগ্রায় বায়ুমূর্ত্তয়ে নমঃ", পশ্চিমে "এতে গন্ধপুষ্পে ওঁ ভীমায় আকাশমূর্ত্তয়ে নমঃ", নৈঋর্তে "এতে গন্ধপুষ্পে ওঁ পশুপতয়ে যজমানমূর্ত্তয়ে নমঃ", দক্ষিণে "এতে গন্ধপুষ্পে ওঁ মহাদেবায় সোমমূর্ত্তয়ে নমঃ", অগ্নিকোণে "এতে গন্ধপুষ্পে ওঁ ঈশানায় সূর্য্যমূর্ত্তয়ে নমঃ"।"

জপ ও জপবিসর্জ্জন।—তৎপরে প্রাণায়াম করিয়া দশবার বা অষ্টোত্তরশতবার শিবের মূলমন্ত্র জপ করত "ওঁ গুহ্যাতিগুহ্য" ইত্যাদি মন্ত্রে বিসর্জ্জন করিবে অর্থাৎ কোশাস্থিত সামান্যার্ঘ্য বা জলগণ্ডূষ দেবতার দক্ষিণ-হস্তে মনে মনে দিবে এবং ঊর্দ্ধস্থিত ঈশাননামক মুখে জপফল সমর্পণ করিবে। পরে দক্ষিণকরের বৃদ্ধাঙ্গুষ্ঠ ও তর্জ্জনী যোগ করিয়া তদ্দ্বারা "বম্ বম্" শব্দে দক্ষিণ-

* গন্ধমুদ্রা দ্বারা গন্ধ, পুষ্পমুদ্রা দ্বারা পুষ্প, ধূপমুদ্রা দ্বারা ধূপ, দীপমুদ্রা দ্বারা দীপ এবং নৈবেদ্যমুদ্রা দ্বারা নৈবেদ্য দিতে হয়। মুদ্রার বিষয় ৮ম বল্লীতে দ্রষ্টব্য। নৈবেদ্য দেবতার বাম, দক্ষিণ বা সম্মুখে স্থাপন করিবে।

† ষোড়শোপচার দ্বারা পূজাপ্রণালীও এইরূপ; কেবল কয়েকটি উপচারমাত্র অধিক দিতে হয়, এই প্রভেদ।

‡ পুষ্পের অভাবে আতপতণ্ডুল লইয়া "এতে গন্ধাক্ষতে" বলিয়া অর্চ্চনা করিবে।

গালবাদ্য করিতে হয়। * পরে কক্ষবাদ্য ও করতলবাদ্য করিবে। সময় থাকিলে স্তবকবচাদি পাঠ করিবে। তদনন্তর "এষ পুষ্প-বিল্বপত্রাঞ্জলিঃ ওঁ নমঃ শিবায় নমঃ" মন্ত্রে বারত্রয় দিবে।

তৎপরে প্রদক্ষিণান্তে প্রণাম করিবে। যথা—

ওঁ নমস্তুভ্যং বিরূপাক্ষ নমস্তে দিব্যচক্ষুষে।
নমঃ পিনাকহস্তায় বজ্রহস্তায় বৈ নমঃ ॥
নমস্ত্রিশূলহস্তায় দণ্ডপাশাসিপাণয়ে।
নমস্ত্রৈলোক্যনাথায় ভূতানাং পতয়ে নমঃ ॥
বাণেশ্বরায় নরকার্ণবতারকায়,
জ্ঞানপ্রদায় করুণাময়সাগরায়।
কর্পূরকুন্দধবলেন্দুজটাধরায়,
দারিদ্র্যদুঃখদহনায় নমঃ শিবায় ॥
নমঃ শিবায় শান্তায় কারণত্রয়হেতবে।
নিবেদয়ামি চাত্মানং ত্বং গতিঃ পরমেশ্বর ॥
নমস্তে ত্বাং মহাদেব লোকানাং গুরুমীশ্বরম্।
পুংসামপূর্ণকামনাং কামপূরামরাঙ্ঘ্রিপম্ ॥

আত্মসমর্পণ।—দক্ষিণ-হস্তে বিশেষার্ঘ্যজল লইয়া নিম্নলিখিত মন্ত্রে উহা শিবলিঙ্গোপরি দিবে; যথা—

ইতঃ পূর্ব্বং প্রাণবুদ্ধিদেহধর্ম্মাধিকারতো জাগ্রৎ-স্বপ্নসুষুপ্ত্য-বস্থাসু মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না যৎ স্মৃতং যদুক্তং যৎ কৃতং তৎ সর্ব্বং শ্রীশিবায় স্বাহা। মাং মদীয়ং সকলং সম্যক্ শ্রীশিবচরণে সমর্পয়ে।

ক্ষমাপ্রার্থনা।—আত্মসমর্পণান্তে কৃতাঞ্জলি হইয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ পূর্ব্বক ক্ষমা প্রার্থনা করিতে হয়, যথা—

ওঁ আবাহনং ন জানামি নৈব জানামি পূজনম্।
বিসর্জ্জনং ন জানামি ক্ষমস্ব পরমেশ্বর ॥

বিসর্জ্জন।—তৎপরে ঈশানকোণে জলের ছিটা দিয়া ত্রিকোণ-

* মতান্তরে প্রণামান্তে গালবাদ্য করারও বিধি আছে।

গুল অঙ্কন পূর্ব্বক সংহারমুদ্রা দ্বারা একটি নির্ম্মাল্য লইয়া নাসিকাগ্রে মাঘ্রাণ লইবে। আঘ্রাণ করিতে করিতে এই প্রকার ভাবনা করিবে যে, পূজিত দেবতা হৃৎপদ্মমধ্যে প্রবিষ্ট হইলেন। পরে ঐ পুষ্পটি পূর্ব্বকথিত ত্রিকোণমণ্ডলের উপর স্থাপন পূর্ব্বক "এতে গন্ধপুষ্পে ওঁ চণ্ডেশ্বরায় নমঃ" মন্ত্রে মণ্ডলোপরি অর্চ্চনা করিয়া 'মহাদেব ক্ষমস্ব" বলিয়া শিবটিকে কাইত করিয়া ফেলিবে। তৎকালে শিবের মস্তকে একটু জলও দিতে হয়। * তদনন্তর চরণামৃত ও নির্ম্মাল্যাদি গ্রহণ করিবে। শিবনির্ম্মাল্য ও নৈবেদ্যাদি প্রথমে বিষ্ণুকে নিবেদন পূর্ব্বক তৎপরে গ্রহণ করাই কর্ত্তব্য।

প্রস্তরময় শিবলিঙ্গের পূজা।

আবাহন নাই, বিসর্জ্জনও নাই, তদ্ভিন্ন সতন্তই পূর্ব্ববৎ। "ওঁ নমঃ শিবায় নমঃ", মন্ত্রে স্নান করাইবে।

জলে জলে শিবপূজা।

আবাহন নাই, বিসর্জ্জনও নাই। পাদ্যাদি প্রদানের মন্ত্র—এতৎ পাদ্যার্থং গঙ্গোদকং ওঁ নমঃ শিবায় নমঃ"। † সরোবরাদির জলে হইলে "এতৎ পাদ্যার্থং উদকং ওঁ নমঃ শিবায় নমঃ; এই প্রকার অর্ঘ্যার্থং, আচমনীয়ার্থং, পুনরাচমনীয়ার্থং, গন্ধার্থং, পুষ্পার্থং, বিল্বপত্রার্থং, ধূপার্থং, দীপার্থং, নৈবেদ্যার্থং, পানার্থং, পুনরাচমনীয়ার্থং, তাম্বুলার্থম্।

অষ্টমূর্ত্তিপূজা যথা —"এতৎ পুষ্পার্থং উদকং ওঁ সর্ব্বায় ক্ষিতিমূর্ত্তয়ে নমঃ" ইত্যাদি।

তদনন্তর গৌরীপূজা করিয়া জপ ও প্রণামাদি করিবে। ‡

---

* সর্ব্বত্রই এই নিয়মে পার্থিব শিবপূজা করিবে; কেবল শিবরাত্রিব্রতে কিঞ্চিৎ বিশেষ আছে, তাহা প্রকীর্ণ অংশে দ্রষ্টব্য।

† যে তীর্থের জলে পূজা করিবে, সেই নাম উচ্চার্য্য। যেমন ব্রহ্মপুত্র হইলে "এতৎ পাদ্যার্থং ব্রহ্মপুত্রোদকং ওঁ নমঃ শিবায় নমঃ।"

‡ কেহ কেহ এইরূপ ব্যবস্থা দেন যে, গৌরীপট্ট না থাকিলে অষ্টমূর্ত্তি পূজার আবশ্যক করে না।

বাণলিঙ্গে শিবপূজা।

বাণলিঙ্গে শিবপূজাও পার্থিবশিবলিঙ্গ-পূজাপদ্ধতির নিয়মে করিবে। কেবল প্রভেদ এই যে, ইহাতে আবাহন, বিসর্জ্জন ও প্রাণপ্রতিষ্ঠা নাই এবং "হৌঁ বাণেশ্বরায় নমঃ" মন্ত্রে সমস্ত উপ-চারাদি দিবে। বিশেষতঃ যেখানে যেখানে "নমঃ শিবায় নমঃ" এই মূলমন্ত্রের প্রয়োগ আছে, তথায় "হৌঁ" মন্ত্র প্রয়োগ করিবে। ইহার ধ্যানও পৃথক্, যথা—

ওঁ প্রমত্তং শক্তিসংযুক্তং বাণাখ্যঞ্চ মহাপ্রভম্।
কামবাণান্বিতং দেবং সংসারদহনক্ষমম্।
শৃঙ্গারাদিরসোল্লাসং বাণাখ্যং পরমেশ্বরম্॥

পার্থিব-শিবলিঙ্গপূজা-পদ্ধতির নিয়মে পূজা করিয়া শিবের স্তবকবচ পাঠ করিবে এবং সমর্থ হইলে বাণলিঙ্গের স্তবকবচও পাঠ করিতে হয়।

গুরুপূজা।

আচমন ও ধ্যান করিয়া মানসপূজা করিবে। যথা—

গুরুধ্যান।

শিরসি সহস্রদলকমলাবস্থিতং শ্বেতবর্ণং দ্বিভুজম্।
বরাভয়করং শ্বেতমাল্যানুলেপনং স্বপ্রকাশরূপম্।
স্ববামস্থিত-স্বরক্তশক্ত্যা স্বপ্রকাশস্বরূপয়া সহিতং গুরুম্

স্ত্রীগুরু হইলে নিম্নলিখিত প্রকারে ধ্যান করিবে। যথা—

স্ত্রীগুরুর ধ্যান।

সহস্রারে মহাপদ্মে কিঞ্জল্কগণশোভিতে।
প্রফুল্লপদ্মপত্রাক্ষীং ঘনপীনপয়োধরাম্॥
প্রসন্নবদনাং ক্ষীণ-মধ্যাং ধ্যায়েচ্ছিবাং গুরুম্।
পদ্মরাগসমাভাসাং রক্তবস্ত্রসুশোভনাম্॥
রক্তকুঙ্কুমপাণিঞ্চ রক্তনূপুরশোভিতাম্।
স্থলপদ্মপ্রতিকাশ-পাদপদ্মবিশোভিতাম্॥

শরদিন্দুপ্রতীকাশাং রক্তোদ্ভাসিতকুণ্ডলাম্।
স্বনাথবামভাগস্থাং বরাভয়করাম্বুজাম্।।"

কূর্ম্মমুদ্রা-যোগে একটি পুষ্প লইয়া ধ্যান করত স্বীয় মস্তকে প্রদান পূর্ব্বক মানসপূজা করিবে; কিন্তু প্রাতঃকৃত্যের মানস পূজাস্থলে পুষ্পের আবশ্যক করে না, মনে মনেই সমস্ত কার্য্য শেষ করিবে। প্রাতঃকৃত্যমধ্যে যে গুরুদেবের ধ্যান ও মানস-পূজাদির কথা বলা হইয়াছে, সে স্থলে এই প্রকার বিধানে তত্তৎ-কার্য্য সম্পাদন করিবে, পরন্তু নিজক্রোড়ে বামহস্তোপরি দক্ষিণ-হস্ত স্থাপন করিয়া ধ্যান করিতে হয়। কিন্তু তারা-উপাসকেরা দক্ষিণ-হস্তোপরি বামহস্ত রাখিবে। ফল কথা, সাধারণতঃ পুং-দেবতার ধ্যানকালে বাম-হস্তের উপরি দক্ষিণ-হস্ত এবং স্ত্রী-দেবতার ধ্যানকালে দক্ষিণ-হস্তের উপর বাম-হস্ত রাখিবে।

মানসপূজা।-ধ্যানান্তে গুরুদেবকে সদাশিবমূর্ত্তি এবং স্ত্রীগুরু হইলে শক্তিমূর্ত্তি চিন্তা করত মানস পঞ্চোপচারে পূজা করিবে। যথা —"ঐং শ্রীঅমুকানন্দনাথগুরবে * লং ভূম্যাত্মকং গন্ধং সমর্পয়ামি" বলিয়া নিজদেহস্থ পার্থিবাংশ গন্ধরূপে কল্পনা করত গন্ধমুদ্রা দেখাইবে, "ঐং অমুকানন্দনাথগুরবে হং আকাশাত্মকং পুষ্পং সমর্পয়ামি" বলিয়া দেহস্থ আকাশকে পুষ্পরূপে কল্পনা করত পুষ্পমুদ্রা দেখাইবে; "ঐং শ্রীঅমুকানন্দনাথগুরবে যং বায্বাত্মকং ধূপং সমর্পয়ামি" বলিয়া দেহস্থ বায়ুকে ধূপরূপে কল্পনা করত ধূপমুদ্রা দেখাইবে; "ঐং শ্রীঅমুকানন্দনাথগুরবে রং বহ্ন্যাত্মকং দীপং সমর্পয়ামি" বলিয়া দেহস্থ অগ্নিকে দীপরূপে কল্পনা করত দীপমুদ্রা দেখাইবে এবং "ঐং শ্রীঅমুকানন্দনাথ-গুরুবে বং জলাত্মকং নৈবেদ্যং সমর্পয়ামি" বলিয়া দেহস্থ জলীয় অংশ নৈবেদ্যরূপে কল্পনা করত নৈবেদ্যমুদ্রা দেখাইবে। তদনন্তর করন্যাস ও অঙ্গন্যাস করিবে।

করন্যাস।—"গাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" মন্ত্রে উভয় হস্তের বৃদ্ধাঙ্গু-

* মন্ত্রের মধ্যে যেখানে যেখানে "অমুকানন্দনাথ" আছে, সেই সেই স্থানে স্বীয় গুরুর নাম উচ্চার্য্য।

লীর উপর তর্জ্জনীদ্বয়, "গীং তর্জ্জনীভ্যাং স্বাহা" মন্ত্রে তর্জ্জনীর উপর অঙ্গুষ্ঠ, "গূং মধ্যমাভ্যাং বষট্" মন্ত্রে মধ্যমার উপর অঙ্গুষ্ঠ, "গৈং অনামিকাভ্যাং হুঁ" মন্ত্রে অনামিকার উপর অঙ্গুষ্ঠ এবং গৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্" মন্ত্রে হস্তদ্বয়ের কনিষ্ঠার উপর অঙ্গুষ্ঠদ্বয় রাখিবে। পরে "গঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্" বাক্যে দক্ষিণ-হস্তের তর্জ্জনী ও মধ্যমা যোগ করত বামহস্তের পৃষ্ঠ ও তলদেশ স্পর্শ পূর্ব্বক তালি দিবে। পরে অঙ্গন্যাস কর্ত্তব্য।

অঙ্গন্যাস—"গাং হৃদয়ায় নমঃ" মন্ত্রে দক্ষিণকরের তর্জ্জনী, মধ্যমা ও অনামিকার অগ্রভাগ দ্বারা হৃদয়; "গীং শিরসে স্বাহা" মন্ত্রে তর্জ্জনী ও মধ্যমার অগ্রভাগ দ্বারা মস্তক; "গূং শিখায়ৈ বষট্" বলিয়া অঙ্গুষ্ঠাগ্র দ্বারা শিখা. "গৈং কবচায় হুঁ" বলিয়া দক্ষিণ-হস্তের পঞ্চাঙ্গুলীর অগ্র দ্বারা বামস্কন্ধ ও বামহস্তের পঞ্চাঙ্গুলীর অগ্র দ্বারা দক্ষিণস্কন্ধ এবং "গৌং নেত্রত্রয়ায় বৌষট্" বলিয়া দক্ষিণ-হস্তের তর্জ্জনী, মধ্যমা ও অনামিকার অগ্র দ্বারা ক্রমান্বয়ে উভয় চক্ষু ও নাসামূল স্পর্শ করিবে। তৎপরে "গঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্" বলিয়া দক্ষিণকরের তর্জ্জনী ও মধ্যমা যোগ করত বামহস্তের পৃষ্ঠ ও তল স্পর্শ করিয়া তালি দিবে।

পূজা—তৎপরে পুনর্ব্বার ধ্যান করিয়া পঞ্চোপচারে বা দশোপচারে পূজা করিবে। "ঐঁ শ্রীগুরবে নমঃ" মন্ত্রে সমস্ত উপচার প্রদান করিতে হয়। অনন্তর পুনর্ব্বার উপরি-উক্তরূপে করাঙ্গন্যাস করিয়া গুরুপঙ্‌ক্তিকে নমস্কার করিবে।

গুরুপঙ্‌ক্তিনমস্কার ও জপবিসর্জ্জন। কৃতাঞ্জলি হইয়া বামে "ওঁ গুরুভ্যো নমঃ, ওঁ পরমগুরুভ্যো নমঃ, ওঁ পরাপরগুরুভ্যো নমঃ, ওঁ পরমেষ্ঠিগুরুভ্যো নমঃ"; দক্ষিণে "ওঁ গণপতয়ে নমঃ" মধ্যে "ঐঁ শ্রীগুরবে নমঃ" এইরূপে নমস্কার করত * ঐঁ এই মূলমন্ত্র অষ্টোত্তরশত জপ করিয়া "গুহ্যাতিগুহ্য" ইত্যাদি মন্ত্রে জপ বিসর্জ্জন করিতে হয়।

---

*অন্যান্য দেবতার্চ্চনার সময় তত্তদ্দেবতার মূলমন্ত্রযুক্ত নাম উচ্চার্য্য।

গুরুপ্রণাম।—পরে গুরুদেবকে প্রণাম করিবে। যথা—

ওঁ অখণ্ডমণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরম্।
তৎপদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥
অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥
নমোঽস্তু গুরবে তস্মৈ ইষ্টদেবস্বরূপিণে।
যস্য বাক্যামৃতং হন্তি বিষং সংসারসংজ্ঞিতম্॥

অনন্তর "প্রহ্লাদানন্দনাথায় গুরবে নমঃ, সনকানন্দনাথায় গুরবে নমঃ, কুমারানন্দনাথায় গুরবে নমঃ, বশিষ্ঠানন্দনাথায় গুরবে নমঃ, বোধানন্দনাথায় গুরবে নমঃ" এই প্রকারে প্রণাম করত গুরুর স্তব, কবচ ও গুরুগীতা পাঠ করিবে। স্ত্রীগুরু হইলে তদীয় স্তবকবচ পাঠ করিতে হয়।

গুরুর পাদুকাপূজা।*

"ঐঁ হ্রীঁ হ স খ ফ্রেঁ হ স ক্ষ ম ল ব র যূং হ স ক্ষ ম ল ব র যীং হ্সৌঃ শ্রীঅমুকানন্দনাথগুরো শ্রীঅমুকিদেব্যম্ব† শ্রীগুরু-পাদুকাং পূজয়ামি।" এই মন্ত্র স্মরণ করত গুরুপ্রণামান্তে গুরু-পাদুকাস্তোত্রাদি পাঠ করিতে হয়।

ইষ্টদেবতার পূজা।

গুরুপূজান্তে ইহা কর্ত্তব্য। যথাক্রমে মন্ত্রাচমন, সাধারণ ন্যাস দেবতার পীঠন্যাস, প্রাণায়াম, ঋষ্যাদি ন্যাস,‡ মূলমন্ত্রে সানুস্বার দীর্ঘস্বর যুক্ত করিয়া করাঙ্গন্যাস, ব্যাপকন্যাস, ধ্যান, এই সমস্ত শেষ

* প্রাতঃকৃত্যের মধ্যে যে গুরুপাদুকাপূজার উল্লেখ হইয়াছে, তথায় এই নিয়মে অর্চ্চনা করিবে।

† শ্রীঅমুকানন্দ স্থানে স্বীয় গুরুদেবের নাম এবং শ্রীঅমুকিদেবি স্থানে স্বীয় ইষ্টদেবীর নাম উচ্চার্য্য।

‡ ঋষ্যাদিন্যাস—অস্য অমুকদেবতা-মন্ত্রস্য অমুকঋষিঃ অমুকচ্ছন্দঃ অমুক-দেবতা অমুকবীজং অমুকশক্তিঃ অমুককীলকং মম অমুকসিদ্ধ্যর্থে বিনিয়োগঃ।

করিয়া বিশেষার্ঘ্যাস্থাপন পূর্ব্বক পীঠদেবতা ও পীঠমন্ত্রের পূজা করিবে। * তদনন্তর পুনর্ব্বার ধ্যানান্তে যথাবিধি মুদ্রাপ্রদর্শন পূর্ব্বক যথাশক্তি উপচারে অর্চ্চনা করিবে। অনন্তর প্রাণায়াম, জপ, তর্পণ ও নমস্কার করিতে হয়। সক্ষম হইলে আরত্রিক, প্রদক্ষিণ, বৈগুণ্যসমাধান † ও ক্ষমাপ্রার্থনা করিবে, যথা—

ক্ষমাপ্রার্থনা।

প্রীয়তাং পুণ্ডরীকাক্ষ সর্ব্বযজ্ঞেশ্বরো হরিঃ।
তস্মিংস্তুষ্টে জগৎ তুষ্টং প্রীণিতে প্রীণিতং জগৎ॥
অজ্ঞানাদ্‌যদি বা মোহাৎ প্রচ্যবেতাধ্বরেষু যৎ।
স্মরণাদেব তদ্বিষ্ণোঃ সম্পূর্ণঃ স্যাদিতি শ্রুতিঃ॥
যদসাঙ্গং কৃতং কর্ম্ম জানতা বাপ্যজানতা।
সাঙ্গং ভবতু তৎসর্ব্বং (শ্রী) হরেনর্নামকীর্ত্তনাৎ॥
যদক্ষরং পরিভ্রষ্টং মাত্রাহীনঞ্চ যদ্ভবেৎ।
পূর্ণং ভবতু তৎ সর্ব্বং ত্বৎপ্রসাদান্মহেশ্বর॥ ‡
প্রপন্নং পাহি মামীশ ভীতং মৃত্যুমহার্ণবাৎ।
যৎ সর্ব্বং ত্বয়ি সংন্যস্তং ত্বৎপ্রযুক্তং করোম্যহম্॥
মন্ত্রহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং জনার্দ্দন।
যৎ পূজিতং ময়া দেব পরিপূর্ণং তদস্তু মে॥

শিরসি অমুকঋষয়ে নমঃ, মুখে অমুকচ্ছন্দসে নমঃ, হৃদি অমুকদেবতায়ৈ নমঃ, গুহ্যে অমুকবীজায় নমঃ, পাদয়োঃ অমুকশক্তয়ে নমঃ, সর্ব্বাঙ্গে অমুক-কীলকায় নমঃ।

* মহতীপূজাতে বিশেষার্ঘ্যস্থাপন অবশ্য কর্ত্তব্য। সাধারণপূজায় না করিলেও চলে।

† বৈগুণ্যসমাধান—দক্ষিণকরে কিঞ্চিৎ জল লইয়া "ওঁ অদ্যেত্যাদি কৃতেঽস্মিন্ অমুককর্ম্মণি (যে কর্ম্ম করিবে, তাহা উচ্চার্য্য) যদ্বৈগুণ্যং জাতং তদ্দোষ-প্রশমনায় শ্রীবিষ্ণোর্নামস্মরণমহং করিষ্যে। (পরার্থে করিষ্যামি)" এই বলিয়া সেই জল মাটীতে নিক্ষেপ করত দশধা "ওঁ বিষ্ণু" জপ করিবে।

‡ দেবীপক্ষে—"মহেশ্বরি।"

আবাহনং ন জানামি নৈব জানামি পূজনম্।
বিসর্জ্জনং ন জানামি ক্ষমস্ব পরমেশ্বর ॥ *

ইষ্টদেবতার নিত্য সংক্ষিপ্ত হোম।

ইষ্টদেবতার পূজান্তে হোমও কর্ত্তব্য। প্রথমতঃ মূলমন্ত্র, তৎপরে বৌষট্ উচ্চারণ করিয়া ভূমি দর্শন করিবে। তদনন্তর ফট্ মন্ত্রে কুশ দ্বারা তাড়ন করিয়া হুং মন্ত্রে অর্ঘ্যজল দ্বারা ভূমিপ্রোক্ষণ করিতে হয়। তৎপরে মূলমন্ত্রে কুশ দ্বারা পশ্চিমদিক্ হইতে পূর্ব্ব-দিক্ পর্য্যন্ত রেখাত্রয় অঙ্কিত করিবে। পরে বহ্নিপ্রজ্বালন পূর্ব্বক পূর্ব্ববৎ দর্শন, তাড়ন ও প্রোক্ষণ করত "রং" মন্ত্রে বহ্নি লইয়া "হুং ফট্ ক্রব্যাদেভ্যঃ স্বাহা" মন্ত্রে একটি জ্বলন্ত কাষ্ঠ নৈর্ঋতভাগে নিক্ষেপ করিবে। তদনন্তর "রং" মন্ত্রে বহ্নিস্থাপন, অগ্নির উপর দশধা মূলমন্ত্র জপ, "হুং" মন্ত্রে অবগুণ্ঠন, ধেনুমুদ্রা দ্বারা অমৃতী-করণ, যোনিমুদ্রা-প্রদর্শন, হস্ত দ্বারা অগ্নি লইয়া কুণ্ড স্থণ্ডিলো-পরি বারত্রয় ভ্রামণ এবং মূলমন্ত্রপাঠ সহকারে আত্মাভিমুখে রেখার উপর বহ্নিস্থাপন করিবে। তদনন্তর দেবতাকে আবা-হনাদি করত "ওঁ ভূঃ স্বাহা, ওঁ ভুবঃ স্বাহা, ওঁ স্বঃ স্বাহা" এই মন্ত্র-ত্রয়ে এক একটি আহুতি দিয়া দেবতার ষড়ঙ্গ, আবরণ-দেবতা, ঋষি ও গুরুপংক্তিকে পূর্ব্বাদিক্রমে সতিলঘৃতে এক একটি আহুতি দিবে। তৎপরে মূলদেবতার উদ্দেশে ষোড়শ আহুতি দিতে হয়। পরে মূলমন্ত্র বা আত্মসমর্পণমন্ত্রে † পূর্ণাহুতি দিয়া সংহারমুদ্রা প্রদর্শন পূর্ব্বক ইষ্টদেবতাকে স্বহৃদয়ে স্থাপন করিবে। তদনন্তর স্তবকবচপাঠান্তে "অমুকদেব (অথবা অমুকিদেবি) ক্ষমস্ব" "অগ্নে ত্বং সমুদ্রং গচ্ছ" এই মন্ত্রে বহ্নিকে চন্দ্রমণ্ডলে বিসর্জ্জন করত

---

* দেবীপক্ষে—"পরমেশ্বরি।"

† আত্মসমর্পণ—কৃতাঞ্জলি হইয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করিতে হয়, যথা—
"ইতঃ পূর্ব্বং প্রাণবুদ্ধিদেহধর্ম্মাধিকারতো জাগ্রৎস্বপ্নসুষুপ্ত্যবস্থাসু মনসা বাচা কর্ম্মণা হস্তাভ্যাং পদ্ভ্যাং উদরেণ শিশ্না যৎ স্মৃতং যদুক্তং যৎ কৃতং তৎসর্ব্বং ব্রহ্মার্পণমস্তু স্বাহা। মাং মদীয়ং সকলং সম্যক্ অমুকদেবতায়ৈ সমর্পয়ামি স্বাহা।

"হ ৱং শীতলা ভব" বলিয়া দধি ও জল কুণ্ডে ফেলিবে। তৎপ র প্রণাম ও তর্পণান্তে হোমীয় ভস্মে তিলক, নির্ম্মাল্য, নিবেদিত চন্দন ও সিন্দুর ধারণ করিবে।

কুণ্ডলিনীপূজা। *

"হুং" অথবা "হংস," (বৈষ্ণবগণ এই স্থানে "সোঽহং" উচ্চারণ করিবেন) এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক মূলাধারের ত্রিকোণস্থ অগ্নি প্রজ্বালন করত কুণ্ডলিনী শক্তিকে জাগরিত করিবে এবং সুষুম্না-ভ্যন্তর দিয়া সহস্রদলকমলস্থ † পরমশিবে সংযোজিত করিবে। পরে পুনর্ব্বার "সোঽহং" মন্ত্রে ‡ সুষুম্নামার্গে মূলাধারে সংস্থাপন করত মনে মনে নিম্নলিখিতরূপে ধ্যান ও অর্চ্চনা করিবে।

ধ্যায়েৎ কুণ্ডলিনীং সূক্ষ্মাং মূলাধারনিবাসিনীম্।
তামিষ্টদেবতারূপাং সার্দ্ধত্রিবলয়ান্বিতাম্।
কোটিসৌদামিনীভাসাং স্বয়ম্ভুলিঙ্গবেষ্টিতাম॥

ধ্যানান্তে "ঐং" মন্ত্রে গন্ধপুষ্প, ধূপ দীপ, নৈবেদ্য ও পানীয় প্রদান করত অষ্টোত্তরশতবার "ঐং" মন্ত্র জপ করিয়া ইষ্টদেবতার

* প্রাতঃকৃত্যের মধ্যে যে কুণ্ডলিনীপূজার উল্লেখ হইয়াছে, তথায় এই নিয়মে মনে মনে পূজা করিবে। সেই স্থলে কেহ কেহ গুরুপাদুকাপূজার পূর্ব্বে কুণ্ডলিনীপূজা এবং কেহ কেহ বা গুরুপাদুকাপূজার পর কুণ্ডলিনীপূজা করিয়া থাকেন। মেরুদণ্ডের বামে ইড়া, দক্ষিণে পিঙ্গলা ও মধ্যভাগে সুষুম্না নাড়ী বিদ্যমান। তন্মধ্যে সুষুম্নার গ্রন্থিতে ক্রমান্বয়ে মূলাধারপদ্ম, স্বাধিষ্ঠানপদ্ম, মণিপূরপদ্ম, অনাহতপদ্ম, বিশুদ্ধ ও আজ্ঞাপদ্ম অবস্থিত আছে। মূলাধারপদ্ম চতুর্দ্দল ও লোহিতবর্ণ, মলদ্বারের চতুরঙ্গুলী উৰ্দ্ধে এই পদ্ম অধিষ্ঠিত। ঐ পদ্মের বীজকোষমধ্যে ত্রিকোণ একটি চক্র আছে, তন্মধ্যে স্বয়ম্ভুলিঙ্গ অধোমুখে সংস্থিত আছেন। কুণ্ডলিনীশক্তি ঐ স্বয়ম্ভুলিঙ্গকে বেষ্টন পূর্ব্বক সুশোভিত রহিয়াছেন। তিনি সার্দ্ধত্রিবলয়বেষ্টিনী, নিদ্রিতভুজগাকারা, অতি সূক্ষ্মতমা, শতকোটি তড়িদ্বৎ কান্তিমতী, দ্বাদশাঙ্গুলপ্রমাণা এবং ইষ্টদেবস্বরূপিণী। তিনি ধ্যান গম্যা, সাধারণ নেত্রের দৃশ্যা নহেন।

† সহস্রদলপদ্ম মস্তকে অবস্থিত।

‡ বৈষ্ণবগণের পক্ষে "সোঽহং" স্থলে "হংসঃ" উচ্চার্য্য।

প্রণামমন্ত্রে * প্রণাম করিবে। তৎপরে ঐরূপে গন্ধাদি দ্বারাইষ্ট-দেবতার মানসপূজা করিয়া অষ্টোত্তরশত মূলমন্ত্র জপ করত "গুহ্যাতিগুহ্য" ইত্যাদি মন্ত্রে জপবিসর্জ্জন করিবে। তদনন্তর ইষ্ট-দেবতার প্রণামমন্ত্রে প্রণাম করা কর্ত্তব্য।

শালগ্রামশিলায় নারায়ণপূজা। †

আচমন হইতে গন্ধাদির অর্চ্চনা পর্য্যন্ত সমস্ত শিবপূজা-পদ্ধতির নিয়মে সম্পাদন করিয়া শালগ্রাম স্নান করাইবে।

শালগ্রামস্নান।—ঘণ্টাধ্বনি সহকারে নিম্নলিখিত মন্ত্রে শাল-গ্রামকে স্নান করাইতে হয়। যথা—

ওঁ সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ।
স ভূমিং সর্ব্বতঃ স্পৃষ্ট্বা অত্যতিষ্ঠদ্দশাঙ্গুলম্ ॥

পঞ্চদেবতাপূজা।—স্নান করাইয়া "এতৎ স্নানীয়োদকং ওঁ বিষ্ণবে নমঃ" উচ্চারণ করিবে। তৎপরে একটি সচন্দন তুলসী-পত্র (চিৎভাবে) পরাইয়া যথাস্থানে শিলাস্থাপন পূর্ব্বক শিবপূজা-পদ্ধতির প্রণালীতে নারায়ণাদির অর্চ্চনা, পঞ্চোপচারে পঞ্চ-দেবতার পূজা এবং করন্যাসাঙ্গন্যাসাদি করিবে। পরন্তু "নাং নীং নূং নৈং নৌং নঃ" এই মন্ত্র দ্বারা অঙ্গন্যাস ও করন্যাস করিতে হয়।

মূলপূজা।—পরে শিবপূজাপদ্ধতি অনুসারে ধ্যান ও মানস-পূজা করিয়া পুনর্ব্বার ধ্যানান্তে দশোপচারে পূজা করিবে, যথা—

এতৎ পাদ্যং ওঁ বিষ্ণবে নমঃ, ইদমর্ঘ্যং ওঁ বিষ্ণবে নমঃ, ইদমা-

* শাক্তগণ শক্তিপ্রণামমন্ত্র, বৈষ্ণবেরা বিষ্ণুপ্রণামমন্ত্র, কৃষ্ণোপাসকেরা কৃষ্ণ-প্রণামমন্ত্র, শৈবগণ শিবপ্রণামমন্ত্র, গাণপগণ গণেশপ্রণামমন্ত্র এবং অন্যান্য দেবোপাসকেরা তত্তৎপ্রণামমন্ত্রে নমস্কার করিবে।

† ব্রাহ্মণ ভিন্ন অপর কেহ এ পূজার অধিকারী নহে। নারায়ণপূজার সময় বৈষ্ণবতিলক ও সংস্কৃত তুলসীমালা ধারণ করা কর্ত্তব্য। একত্র দুইটি শিবলিঙ্গ, দুইটি শিলা কিংবা দুইটি শক্তিমূর্ত্তি রাখিতে নাই। যদি থাকে, তবে পৃথক্ পৃথক্ পূজা করিবে। বহু শিলা একত্র থাকিলে এক পূজাতেই কার্য্য সিদ্ধ হয়। নিবেদিত পুষ্প দ্বারা দেবতাকে সজ্জিত করিবে না।

ইদং স্নানীয়োদকং ওঁ বিষ্ণবে নমঃ, এষ গন্ধঃ ওঁ বিষ্ণবে নমঃ এতৎ চমনীয়ং ওঁ বিষ্ণবে নমঃ, পুষ্পং ওঁ বিষ্ণবে নমঃ, এতৎ সচন্দনতুলসীপত্রং ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনে স্বাহা ওঁ বিষ্ণবে নমঃ এষ ধূপঃ ওঁ বিষ্ণবে নমঃ, এষ দীপঃ ওঁ বিষ্ণবে নমঃ, এতৎ নৈবেদ্যং ওঁ বিষ্ণবে নমঃ, ইদমাচমনীয়ং ওঁ বিষ্ণবে নমঃ। *

জপবিসর্জ্জন ও প্রণাম।—তৎপরে "ওঁ নারায়ণায়" এই মন্ত্র দশধা বা অষ্টোত্তরশতবার জপ করিয়া "গুহ্যাতিগুহ্য" ইত্যাদি মন্ত্রে জপবিসর্জ্জন করত নিম্নলিখিত মন্ত্রে প্রণাম করিবে। যথা—

ওঁ ধ্যেয়ং সদা পরিভবঘ্নমভীষ্টদোহং,
তীর্থাস্পদং শিববিরিঞ্চিনুতং শরণ্যম্।
ভৃত্যার্ত্তিহং প্রণতপাল ভবাব্ধিপোতং,
বন্দে মহাপুরুষ তে চরণারবিন্দম্॥
ত্যক্ত্বা সুদুস্ত্যজ-সুরেপ্সিতরাজ্যলক্ষ্মীং,
ধর্ম্মিষ্ঠ আর্য্যবচসা যদগাদরণ্যম্।
মায়ামৃগং দয়িতয়েপ্সিতমন্বধাবদ্-
বন্দে মহাপুরুষ তে চরণারবিন্দম্॥

*জটামাংসী, শ্বেতচন্দন, কুঙ্কুম, বেণামূল, অগুরু, দেবদারু বা পদ্মক, কুড় ও কর্পূর ইহাই বিষ্ণুপূজাবিষয়ক গন্ধ। জাতি, কুন্দ, বাসক, লবঙ্গ, কহ্লার, কুরবক সেফালিকা, মল্লিকা, শ্বেত জবা, তগর, অশোক, ভূমিচম্পক, পাটল, মালতী, বক, পলাশ, নাগকেশর, অতসী, কদম্ব, বকুল, যূথিক, করবীর, পদ্ম, কেতকী এই সমস্ত পুষ্পই বিষ্ণুপূজায় প্রশস্ত। পুষ্প যে ভাবে প্রস্ফুটিত হয়, সেই ভাবে দেবতাকে দিবে। তুলসীপত্র চিৎ করিয়া দিতে হয়। অনেক পুষ্প হইলে যে ভাবে ইচ্ছা দিতে পারে। পর্য্যুষিত, পদাদিস্পৃষ্ট, কীটকেশাদিদুষ্ট, মলিন, আঘ্রাত, নির্গন্ধ ও উগ্রগন্ধ পুষ্প দ্বারা পূজা করিবে না; কিন্তু তুলসীপত্র পর্য্যুষিত হইলেও দোষাবহ নহে। অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী দ্বারা বোঁটা ধরিয়া পুষ্প ও তুলসী প্রদান করিবে। নারায়ণকে তুলসীপত্র দশ বা অষ্টোত্তরশত কিংবা যত ইচ্ছা দিতে পারে।

ওঁ পাপোঽহং পাপকর্ম্মাহং পাপাত্মা পাপসম্ভবঃ।
ত্রাহি মাং পুণ্ডরীকাক্ষ ! সর্ব্বপাপহরো হরিঃ ॥ *
ওঁ নমো ব্রহ্মণ্যদেবায় গো-ব্রাহ্মণহিতায় চ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ ॥

তৎপরে গৃহে লক্ষ্মী, সরস্বতী, মনসা বা অন্যান্য দেবতা থাকিলে কিংবা ইচ্ছা হইলে শালগ্রামশিলাতেই তাঁহাদিগের অর্চ্চনা করিবে। পূজাপদ্ধতি সমস্তই একরূপ, কেবল ধ্যান ও প্রণামমন্ত্র পৃথক্ এবং উপচারাদি প্রদান-স্থলে তত্তদ্দেবতার নাম উচ্চারণ করিবে।

তদনন্তর "আদিত্যাদিনবগ্রহেভ্যো নমঃ, ইন্দ্রাদিদশদিক্-পালেভ্যো নমঃ, সর্ব্বদেবতাভ্যো নমঃ" এই কয়টি মন্ত্রে পঞ্চোপ-চারে অর্চ্চনা করত কৃতাঞ্জলি হইয়া নিম্নলিখিত মন্ত্র উচ্চারণ করিবে। যথা—

ওঁ মন্ত্রহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং জনার্দ্দন।
যৎ পূজিতং ময়া দেব পরিপূর্ণং তদস্তু মে ॥

ইতি পূজাবিধি।

---

* "সর্ব্বপাপহরো ভব" ইত্যপি পাঠঃ।

সপ্তম বল্লী

ধ্যান ও প্রণামমালা।

(পুংদেবতা)

গণপতির ধ্যান।

খর্ব্বং স্থূলতনুং গজেন্দ্রবদনং লম্বোদরং সুন্দরং,
প্রস্যন্দন্মদগন্ধলুব্ধমধুপব্যালোলগণ্ডস্থলম্।
দন্তাঘাতবিদারিতারিরুধিরৈঃ সিন্দূরশোভাকরং,
বন্দে শৈলসুতাসুতং গণপতিং সিদ্ধিপ্রদং কামদম্॥ *

মন্ত্র—গং গণেশায় নমঃ।

প্রণাম—একদন্তং মহাকায়ং লম্বোদরগজাননম্।
বিঘ্নবিনাশকং দেবং হেরম্বং প্রণমাম্যহম্॥

হেরম্বগণেশের ধ্যান।

মুক্তাকাঞ্চননীলকুন্দঘুসৃণচ্ছায়ৈস্ত্রিনেত্রান্বিতৈ-
র্নাগাস্যৈর্হরিবাহনং শশিধরং হেরম্বমর্কপ্রভম্।
দৃপ্তং দানমভীতিমোদকরদান্ টঙ্কং শিরোঽক্ষাত্মিকাং,
মালাং মুদ্গরমঙ্কুশং ত্রিশিখরং দোর্ভির্দধানং ভজে॥

মন্ত্র—ওঁ গূং নমঃ।

* "কর্ব্বূরং" ইতি পাঠান্তরম্।

প্রকারান্তর ।

পাশাঙ্কুশৌ কল্পলতাং বিষাণং,
দধৎ স্বশুণ্ডাহিতবীজপূরঃ ।
রক্তস্ত্রিনেত্রস্তরুণেন্দুমৌলি-
র্হারোজ্জ্বলো হস্তিমুখোঽবতাদ্বঃ ॥

মন্ত্র — গং ক্ষিপ্রপ্রসাদনায় নমঃ ।

মহাগণেশের ধ্যান ।

নবরত্নময়ং দ্বীপং স্মরেদিক্ষুরসাম্বুধৌ ।
তদ্বীচিধৌতপর্য্যন্তং মন্দমারুতসেবিতম্ ॥
মন্দারপারিজাতাদিকল্পবৃক্ষলতাকুলম্ ।
উদ্ভূতরত্নচ্ছায়াভিররুণীকৃতভূতলম্ ॥
উদ্যদ্দিনকরেন্দুভ্যামুদ্ভাসিতদিগম্বরম্ ।
তস্য মধ্যে পারিজাতং নবরত্নময়ং স্মরেৎ ।
ঋতুভিঃ সেবিতং ষড়্‌ভিরনিশং প্রীতিবর্দ্ধনৈঃ ॥
তস্যাধস্তান্মহাপীঠে রচিতে মাতৃকাম্বুজে ।
ষট্‌কোণান্তস্ত্রিকোণস্থং মহাগণপতিং স্মরেৎ ॥
হস্তীন্দ্রাননমিন্দুচূড়মরুণচ্ছায়ং ত্রিনেত্রং রসা-
দাশ্লিষ্টং প্রিয়য়া সপদ্মকরয়া স্বাঙ্গস্থয়া সন্ততম্ ।
বীজাপূরগদাধনুস্ত্রিশিখযুক্‌চক্রাব্জপাশোৎপলং,
ব্রীহ্যগ্রস্ববিষাণরত্নকলসান্ হস্তৈর্বহন্তং ভজে ॥
গণ্ডপালীগলদ্দানপূরলালসমানসান্ ।
দ্বিরেফান্ কর্ণতালাভ্যাং বারয়ন্তং মুহুর্ম্মুহুঃ ॥
করাগ্রধৃতমাণিক্যকুম্ভবক্ত্রবিনিঃসৃতৈঃ ।
রত্নবর্ষৈঃ প্রীণয়ন্তং সাধকান্ মদবিহ্বলম্ ।
মাণিক্যমুকুটোপেতং রত্নাভরণভূষিতম্ ॥

মন্ত্র—ওঁ শ্রীঁ হ্রীঁ ক্লীঁ গ্লৌঁ গং গণপতয়ে বর বরদ সর্ব্বজনং মে যশমানয় স্বাহা।

প্রকারান্তর।

হস্তৈর্ব্বিভ্রতমিক্ষুদণ্ডবরদৌ পাশাঙ্কুশৌ পুষ্কর-
স্পৃষ্টস্বপ্রমদাবরাঙ্গনয়াশ্লিষ্টং ধ্বজাগ্রস্পৃশা।
শ্যামাঙ্গ্যা বিধৃতাব্জয়া ত্রিনয়নং চন্দ্রার্দ্ধচূড়ং জবা-
রক্তং হস্তিমুখং স্মরামি সততং ভোগাভিলোলং বিভুম্॥

মন্ত্র—ওঁ হ্রীঁ গং হ্রীঁ বশমানয় স্বাহা।

প্রকারান্তর।

মুক্তাগৌরং মদগজমুখং চন্দ্রচূড়ং ত্রিনেত্রং,
হস্তৈঃ স্ফীতৈর্দধতমরবিন্দাঙ্কুশৌ রত্নকুম্ভম্।
অঙ্কস্থায়াঃ সরসিজরুচেস্তদ্ধ্বজালম্বিপাণে-
র্দ্দেব্যা যোনৌ বিনিহিতকরং রত্নমৌলিং ভজামঃ॥

মন্ত্র—হ্রীং গং হ্রীং মহাগণপতয়ে স্বাহা।

উচ্ছিষ্টগণেশের ধ্যান।

রক্তমূর্ত্তিং গণেশঞ্চ সর্ব্বাভরণভূষিতম্।
রক্তবস্ত্রং ত্রিনেত্রঞ্চ রক্তপদ্মাসনে স্থিতম্॥
চতুর্ভুজং মহাকায়ং দ্বিদন্তং সস্মিতাননম্।*
ইষ্টঞ্চ দক্ষিণে হস্তে দন্তঞ্চ তদধঃকরে॥
পাশাঙ্কুশৌ চ হস্তাভ্যাং জটামণ্ডলবেষ্টিতম্।
ললাটচন্দ্ররেখাঢ্যং সর্ব্বালঙ্কারভূষিতম্॥

মন্ত্র—ওঁ হস্তিপিশাচিনি খে স্বাহা।

* "সুমনোহরম্" ইত্যপি পাঠঃ।

হরিদ্রাগণেশের ধ্যান।

হরিদ্রাভং চতুর্ব্বাহুং হরিদ্রবসনং বিভুম্
পাশাঙ্কুশধরং দেবং মোদকং দন্তমেব চ ॥

মন্ত্র—(১) গ্লৌং। (২) গ্লং।

কার্ত্তিকেয়ের ধ্যান।

কার্ত্তিকেয়ং মহাভাগং ময়ূরোপরি সংস্থিতম্।
তপ্তকাঞ্চনবর্ণাভং শক্তিহস্তং বরপ্রদম্।
দ্বিভুজং শত্রুহন্তারং নানালঙ্কারভূষিতম্ ॥

মন্ত্র—ওঁ কার্ত্তিকায় নমঃ।

প্রণাম।—কার্ত্তিকেয়ং নমস্যামি গৌরীপুত্রং সুতপ্রদম্
ষড়াননং মহাভাগং দৈত্যদর্পনিসূদনম্ ॥

অজপার ধ্যান।

উদ্যদ্ভানুস্ফুরিততড়িদাকারমর্দ্ধাম্বিকেশং
পাশাভীতিং বরদপরশুং সন্দধানং করাব্জৈঃ।
দিব্যাকল্পৈর্নবমণিময়ৈঃ শোভিতং বিশ্বমূলং,
সৌম্যাগ্নেয়ং বপুরবতু বশ্চন্দ্রচূড়ং ত্রিনেত্রম্ ॥

মন্ত্র—হংসঃ।

নারায়ণের ধ্যান।

ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডলমধ্যবর্ত্তী,
নারায়ণঃ সরসিজাসনসন্নিবিষ্টঃ।
কেয়ূরবান্ কনককুণ্ডলবান্ কিরীটী,
হারী হিরণ্ময়বপুর্দ্ধৃতশঙ্খচক্রঃ ॥

মন্ত্র—ওঁ নমো নারায়ণায় ।

গায়ত্রী—নারায়ণায় বিদ্মহে বাসুদেবায় ধীমহি তন্নো বিষ্ণুঃ প্রচোদয়াৎ ।

প্রণাম—ওঁ নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণহিতায় চ ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ ॥

সত্যনারায়ণের ধ্যান ।

ধ্যায়েৎ সত্যং গুণাতীতং গুণত্রয়সমন্বিতম্ ।
লোকনাথং ত্রিলোকেশং পীতাম্বরধরং হরিম্ ॥
ইন্দীবরদলশ্যামং শঙ্খচক্রগদাধরম্ ।
নারায়ণং চতুর্ব্বাহুং শ্রীবৎসপদভূষিতম্ ॥
গোবিন্দং গোকুলানন্দং জগতঃ পিতরং গুরুম্ ।

প্রণাম—সত্যনারায়ণং দেবং বন্দেঽহং কামদং শুভম্ ॥
লীলয়া বিততং বিশ্বং যেন তস্মৈ নমো নমঃ ।

প্রার্থনা—ওঁ অচ্যুতং পুণ্ডরীকাক্ষং নৃসিংহং দৈত্যসূদনম্ ।
হৃষীকেশং জগন্নাথং বাগীশং বরদায়কম্ ॥
গুণত্রয়ং গুণাতীতং গোবিন্দং গরুড়ধ্বজম্ ।
জনার্দ্দনং জনানন্দং জানকীবল্লভং জয়ম্ ॥
প্রণমামি সদা সত্যনারায়ণমতঃ পরম্ ।
বিষমে দুর্গমে ঘোরে শত্রুভিঃ পরিপীড়িতে ॥
বিবিধাপৎসু দুষ্টেষু তথান্যেষ্বপি যদ্ভয়ম্ ।
নামান্যেতানি সঙ্কীর্ত্ত্য ঈপ্সিতং ফলমাপ্নুয়াৎ ॥

বিষ্ণুর ধ্যান ।

উদ্যৎকোটিদিবাকরাভমনিশং শঙ্খং গদাং পঙ্কজং,
চক্রং বিভ্রতমিন্দিরাবসুমতীসংশোভিপার্শ্বদ্বয়ম্ ।

কোটীরাঙ্গদহারকুণ্ডলধরং পীতাম্বরং কৌস্তুভো-
দ্দীপ্তং বিশ্বধরং স্ববক্ষবিলসৎশ্রীবৎসচিহ্নং ভজে ॥

মন্ত্র—(১) ওঁ শ্রীবিষ্ণবে নমঃ। (২) ওঁ নারায়ণায় নমঃ।

গায়ত্রী—ত্রৈলোক্যমোহনায় বিদ্মহে কামদেবায় ধীমহি তন্নো বিষ্ণুঃ প্রচোদয়াৎ।

প্রকারান্তর।

উদ্যৎপ্রদ্যোতনশতরুচিং তপ্তহেমাবদাতং,
পার্শ্বদ্বয়ে জলধিসুতয়া বিশ্বধাত্র্যা চ জুষ্টম্।
নানারত্নোল্লসিতবিবিধাকল্পমাপীতবস্ত্রং,
বিষ্ণুং বন্দে দরকমলকৌমোদকীচক্রপাণিম্ ॥

প্রকারান্তর।

বিষ্ণুং চতুর্ভুজং শঙ্খচক্রগদাপদ্মহস্তং গরুড়ারূঢ়ং লক্ষ্মীসরস্বতী-যুতোভয়পার্শ্বং নানালঙ্কারভূষিতাম্বরধরং শ্বেতযজ্ঞোপবীতিনং পদ্ম-নেত্রং গললম্বিতবনমালং প্রসন্নবদনং ধ্যায়েৎ।

শ্রীধররূপী বিষ্ণুর ধ্যান।

শুদ্ধস্ফটিকসঙ্কাশং সূর্য্যকোটিসমপ্রভম্।
প্রসন্নবদনং সৌম্যং স্ফুরন্মকরকুণ্ডলম্ ॥
কিরীটিনমুদারাঙ্গং বনমালাসমন্বিতম্।
পরংব্রহ্মস্বরূপঞ্চ শ্রীধরং চিন্তয়েৎ সুধীঃ ॥

সুদর্শনরূপী বিষ্ণুর ধ্যান।

ধ্যায়েৎ সুদর্শনং দেবং হৃদিপদ্মেঽমলে শুভে।
শঙ্খচক্রগদাপদ্মধরং সৌম্যং কিরীটিনম্ ॥

রামচন্দ্রের ধ্যান।

কালাম্ভোধরকান্তিকান্তমনিশং বীরাসনাধ্যাসনং,
মুদ্রাং জ্ঞানময়ীং দধানমপরং হস্তাম্বুজং জানুনি।
সীতাং পার্শ্বগতাং সরোরুহকরাং বিদ্যুন্নিভাং রাঘবং,
পশ্যন্তং মুকুটাঙ্গদাদিবিবিধাকল্পোজ্জ্বলাঙ্গং ভজেৎ॥

মন্ত্র—(১) শ্রীঁ রাম। (২) রাং রামায় নমঃ। (৩) ক্লীং রাম। (৪) রাম। (৫) ওঁ রাম। (৬) শ্রীং রাম।

গায়ত্রী—দাশরথায় বিদ্মহে সীতাবল্লভায় ধীমহি তন্নো রামঃ প্রচোদয়াৎ।

প্রণাম—রামায় রামচন্দ্রায় রামভদ্রায় বেধসে।
রঘুনাথায় নাথায় সীতায়াঃ পতয়ে নমঃ॥

প্রকারান্তর।

কোমলাঙ্গং বিশালাক্ষমিন্দ্রনীলসমপ্রভম্।
দক্ষিণাংশে দশরথং পুত্রাবেষ্টনতৎপরম্॥
পৃষ্ঠতো লক্ষ্মণং দেবং সচ্ছত্রং কনকপ্রভম্।
পার্শ্বে ভরতশত্রুঘ্নৌ তালবৃন্তকরাবুভৌ।
অগ্রে ব্যগ্রং হনূমন্তং রামানুগ্রহকাঙ্ক্ষিণম্॥

প্রাকারান্তর।

অযোধ্যানগরে রম্যে রত্নসৌবর্ণমণ্ডপে।
মন্দারপুষ্পৈরাবদ্ধবিতানে তোরণান্বিতে।
সিংহাসনসমারূঢ়ং পুষ্পকোপরি রাঘবম্॥
রক্ষোভির্হরিভির্দেবৈর্দিব্যযানগতৈঃ শুভৈঃ।
সংস্তূয়মানং মুনিভিঃ সর্ব্বতঃ পরিশোভিতম্॥
সীতালঙ্কৃতবামাঙ্গং লক্ষ্মণেনোপসেবিতম্।
শ্যামং প্রসন্নবদনং সর্ব্বাভরণভূষিতম্॥

মন্ত্র—হুঁ জানকীবল্লভায় স্বাহা।

প্রকারান্তর ।

ধ্যায়েৎ সিংহাসনে তস্মিন্ বীরাসনসমাশ্রিতম্ ।
সম্যগ্‌জ্ঞানময়ীং মুদ্রাং দধানং দক্ষিণে করে ॥
তেজঃপ্রকাশনং বামজানুমূর্দ্ধনি চাপকম্ ।
জানকীবল্লভং দেবমিন্দ্রনীলমণিপ্রভম্ ॥
ব্যাখ্যাননিরতং দেবং দ্বিভুজং রঘুনন্দনম্ ।
বশিষ্ঠবামদেবাদিমুনিভিঃ পরিসেবিতম্ ॥
বামভাগে সমাসীনাং সীতাং কাঞ্চনসন্নিভাম্ ।
ভজতাং কামদং নিত্যং রক্তোৎপলকরাম্বুজাম্ ॥
লক্ষ্মণং পশ্চিমে ভাগে ধৃতচ্ছত্রং সচামরম্ ।
পার্শ্বে ভরতশত্রুঘ্নৌ তালবৃন্তকরাবুভৌ ॥

প্রকারান্তর ।

অযোধ্যানগরে রম্যে রত্নমণ্ডপমধ্যগম্ ।
ধ্যায়েৎ কল্পতরোর্ম্মূলে রত্নসিংহাসনং শুভম্ ॥
তন্মধ্যেঽষ্টদলং পদ্মং নানারত্নপ্রবেষ্টিতম্ ।
তত্র শ্রীরামচন্দ্রাখ্যং ধ্যায়েদ্ব্রজং পরাৎপরম্ ॥
প্রকৃত্যা সীতয়া সার্দ্ধং স্থিত্যুৎপত্তিলয়োদ্বহম্ ।
দেবাসুরমুনীন্দ্রৈশ্চ যোগিবৃন্দৈশ্চ সেবিতম্ ॥
চতুর্ভুজং শঙ্খচক্রগদাপঙ্কজধারিণম্ ।
কিরীটহারকেয়ূররত্নকুণ্ডলশোভিতম্ ॥

প্রকারান্তর ।

ধ্যায়েদাজানুবাহুং ধৃতশরধনুষং বদ্ধপদ্মাসনস্থং,
পীতং বাসো বসানং নবকমলদলস্পর্দ্ধিনেত্রং প্রসন্নম্ ।
বামাঙ্গারূঢ়সীতামুখকমলমিলল্লোচনং নীরদাভং,
নানালঙ্কারদীপ্তং দধতমুরুজটামণ্ডলং রামভদ্রম্ ॥

রঘুনাথের ধ্যান।

রামং ত্রিনেত্রং সোমার্দ্ধধারিণং শূলিনং পরম্।
ভস্মোদ্ধূলিতসর্ব্বাঙ্গং কপর্দ্দিনমুপাস্মহে॥
রম্যাভিরামাং সৌন্দর্য্যসীমাং সোমাবতংসিনীম্।
পাশাঙ্কুশধনুর্ব্বাণধরাং ধ্যায়েৎ ত্রিলোচনাম্॥

প্রণাম—বামে কোদণ্ডদণ্ডং নিজকরকমলে দক্ষিণে বাণমেকং,
পশ্চাদ্ভাগে চ নিত্যং দধতমভিমতং সাসিতূণীরভারম্।
বামেঽবামে বসদ্ভ্যাং সহ মিলিততনুং জানকীলক্ষ্মণাভ্যাং,
শ্যামং রামং নমামি প্রণতজনমনঃখেদবিচ্ছেদদক্ষম্॥

প্রকারান্তর।

সরযূতীরমন্দারবেদিকাপঙ্কজাসনে।
শ্যামং বীরাসনাসীনং জ্ঞানমুদ্রোপশোভিতম্॥
বামোরুন্যস্ততদ্ধস্তং সীতালক্ষ্মণসংযুতম্।
আবেক্ষমাণমাত্মানমাত্মন্যমিততেজসম্।
শুদ্ধস্ফটিকসঙ্কাশং কেবলং মোক্ষকাঙ্ক্ষয়া॥

প্রকারান্তর।

ধ্যায়েৎ কল্পতরোর্ম্মূলে সুবর্ণময়মণ্ডপে।
পুষ্পকাখ্যবিমানান্তঃসিংহাসনপরিচ্ছদে॥
পদ্মে বসুদলে দেবমিন্দ্রনীলমণিপ্রভম্।
বীরাসনসমারূঢ়ব্যাখ্যামুদ্রোপশোভিতম্।
বামোরুন্যস্ততদ্ধস্তং সীতালক্ষ্মণসেবিতম্॥

রণরঘুর ধ্যান।

হত্বা যুদ্ধে দশাস্যং ত্রিভুবনবিষমং বামহস্তেন চাপং,
ভূমৌ বিষ্টভ্য তিষ্ঠন্নিতরকরধৃতং ভ্রাময়ন্ বাণমেকম্।

আরক্তোপান্তনেত্রঃ শরদলিতবপুঃ সূর্য্যকোটিপ্রকাশো,
বীরশ্রীর্বন্ধুরাঙ্গস্ত্রিদশপতিনুতঃ পাতু মাং বীররামঃ ॥

লক্ষ্মণের ধ্যান।

দ্বিভুজং স্বর্ণরুচিরতনুং পদ্মনিভেক্ষণম্।
ধনুর্ব্বাণকরং রামসেবাসংসক্তমানসম্।
ধ্যায়েদেবং সদা ভক্তো লক্ষ্মণং লক্ষণান্বিতম্ ॥

শ্রীকৃষ্ণের ধ্যান।

শঙ্খচক্রধনুর্ব্বাণ-পাশাঙ্কুশধরোঽরুণঃ।
বেণুং ধমন্ ধৃতো দোর্ভ্যাং ধ্যেয়ঃ কৃষ্ণো দিবাকরে ॥
মন্ত্র—ক্লীঁ হ্রীং শ্রীঁ গোপীজনবল্লভায় স্বাহা।

প্রকারান্তর।

স্মরেদ্‌বৃন্দাবনে রম্যে মোহয়ন্তমনারতম্।
গোবিন্দং পুণ্ডরীকাক্ষং গোপকন্যাঃ সহস্রশঃ ॥
আত্মনো বদনাম্ভোজে প্রেরিতাক্ষিমধুব্রতাঃ।
পীড়িতাঃ কামবাণেন চিরমাশ্লেষণোৎসুকাঃ ॥
মুক্তাহারলসৎপীনতুঙ্গস্তনভরানতাঃ।
স্রস্তধম্মিল্লবসনা মদস্খলিতভাষণাঃ ॥
দন্তপঙ্‌ক্তিপ্রভোদ্ভাসি-স্পন্দমানাধরাঞ্চিতাঃ।
বিলোভয়ন্তীর্বিবিধৈর্ব্বিভ্রমৈর্ভাবগর্ব্বিতৈঃ।
ফুল্লেন্দীবরকান্তিমিন্দুবদনং বর্হাবতংসপ্রিয়ং,
শ্রীবৎসাঙ্কমুদারকৌস্তুভধরং পীতাম্বরং সুন্দরম্।
গোপীনাং নয়নোৎপলার্চ্চিততনুং গোগোপসঙ্ঘাবৃতং,
গোবিন্দং কলবেণুবাদনপরং দিব্যাঙ্গভূষং ভজে ॥

মন্ত্র—(১) শ্রীঁ হ্রীঁ ক্লীঁ গোপীজনবল্লভায় স্বাহা। (২) গোপীজনবল্লভায় স্বাহা। (৩) ক্লীঁ কৃষ্ণায় গোবিন্দায় গোপীজনবল্লভায় স্বাহা।

প্রকারান্তর।

দ্বারাবত্যাং সহস্রার্কভাস্বরৈর্ভবনোত্তমৈঃ।
অনল্পৈঃ কল্পবৃক্ষৈশ্চ পরীতে মণিমণ্ডপে॥
জ্বলদ্রত্নময়স্তম্ভ-দ্বারতোরণকুড্যকে।
ফুল্লস্রগুল্লসচ্চিত্র-বিতানালম্বিমৌক্তিকে॥
পদ্মরাগস্থলীরাজদ্রত্ননদ্যোশ্চ মধ্যতঃ।
অনারতগলদ্রত্নাধারস্য স্বস্তরোরধঃ॥
রত্নদীপাবলীভিশ্চ প্রদীপিতদিগম্বরে।
উদ্যদাদিত্যসঙ্কাশ-মণিসিংহাসনাম্বুজে॥
সমাসীনোঽচ্যুতো ধ্যেয়ো দ্রুতহাটকসন্নিভঃ।
সমানোদিতচন্দ্রার্কতড়িৎকোটিসমদ্যুতিঃ॥
সর্ব্বাঙ্গসুন্দরঃ সৌম্যঃ সর্ব্বাভরণভূষিতঃ।
পীতবাসাশ্চক্রশঙ্খগদাপদ্মোজ্জ্বলভুজঃ॥
অনারতোচ্ছলদ্রত্ন ধারৌঘকলসং স্পৃশন্।
বামপাদাম্বুজাগ্রেণ কৃষ্ণতাপল্লবচ্ছবিম্॥
রুক্মিণীসত্যভামে দ্বে মূর্দ্ধ্নি রত্নৌঘধারয়া।
সিঞ্চন্ত্যৌ দক্ষবামস্থে স্বদোঃস্থকলসোত্থয়া॥
নাগ্নজিতী সুনন্দা চ দিশন্ত্যৌ কলসৌ তয়োঃ।
তাভ্যাঞ্চ দক্ষবামস্থে মিত্রবিন্দাসুলক্ষণে॥
রত্ননদ্যোঃ সমুদ্ধৃত্য রত্নপূর্ণৌ ঘটৌ তয়োঃ।
জাম্ববতী সুশীলা চ দিশন্ত্যৌ দক্ষবামকে॥
বহিঃ ষোড়শসাহস্রসংখ্যাতাঃ পরিতঃ প্রিয়াঃ।
ধ্যেয়াঃ কনকরত্নৌঘধারাযুকলসোজ্জ্বলাঃ॥
তদ্বহিশ্চাষ্টনিধয়ঃ পূরয়ন্তো ধনৈর্ধরাম্।
তদ্বহির্বৃষ্ণয়ঃ সর্ব্বে পুরোবচ্চ সুরাদয়ঃ॥

মন্ত্র -হ্রীঁ শ্রীঁ ক্লীঁ কৃষ্ণায় গোবিন্দায় গোপীজনবল্লভায় স্বাহা।

প্রকারান্তর।

বামোর্দ্ধহস্তে দধতং বিদ্যাসর্ব্বস্বপুস্তকম্।
অক্ষমালাঞ্চ দক্ষোর্দ্ধে স্ফাটিকীং মাতৃকাময়ীম্॥
শব্দব্রহ্মময়ং বেণুমধঃপাণিদ্বয়েরিতম্।
গায়ন্তং পীতবসনং শ্যামলং কোমলচ্ছবিম্॥
বর্হিবর্হকৃতোত্তংসং সর্ব্বজ্ঞং সর্ব্ববেদিভিঃ।
উপাসিতং মুনিগণৈরুপতিষ্ঠেদ্ধরিং সদা॥

মন্ত্র—সৌঃ ঐঁ ক্লীঁ কৃষ্ণায় হ্রীঁ গোবিন্দায় শ্রীঁ গোপীজন বল্লভায় স্বাহা।

প্রকারান্তর।

ধ্যায়েদ্‌বৃন্দাবনে রম্যে কাঞ্চনীভূমিমধ্যগে।
নানাপুষ্পলতাবৃক্ষষণ্ডৈশ্চ পরিমণ্ডিতে॥
কল্পাটবীতলে সম্যক্ শ্রীমন্মাণিক্যমণ্ডপে।
নারদাদ্যৈর্ম্মুনিশ্রেষ্ঠৈঃ স্তুতিভিঃ পরিবারিতে।
রত্নসিংহাসনে ধ্যায়েদুপবিষ্টং কজোপরি॥
সজলজলদশ্যামং রক্তপদ্মায়তেক্ষণম্।
রক্তপদ্মস্ফুরৎপাদ-পাণিভ্যাং পরিমণ্ডিতম্।
নবরত্নসমারব্ধভূষণৈঃ পরিভূষিতম্॥
শ্রীযুক্তবক্ষসি ভ্রাজৎকৌস্তভোদ্ভাসিতাম্বরম্॥
তারহারাবলীরম্যং শ্রীবৎসাঙ্কিতবক্ষসম্।
রোচনাতিলক-প্রান্তকুন্তলভ্রমরান্বিতম্॥
কন্দর্পচাপসদৃশচিল্লিমানবিরাজিতম্।
অনেকরত্নসংযুক্তস্ফুরন্মকরকুণ্ডলম্।
বর্হিবর্হকৃতোত্তংসং সর্ব্বজ্ঞং সর্ব্ববেদিভিঃ।
উপাসিতং মুনিগণৈরুপতিষ্ঠেদ্ধরিং সদা॥

মন্ত্র—ঐঁ ক্লীঁ হ্রীঁ শ্রীঁ গোপীজনবল্লভায় স্বাহা।

প্রকারান্তর।

ভগ্নবিদ্রুমসঙ্কাশং সর্ব্বতেজোময়ং বপুঃ।
কীরিটিনং কুণ্ডলিনং কেয়ূরবলয়ান্বিতম্॥
মুক্তাসদ্রত্নসন্নদ্ধ-তুলাকোটি-সমুজ্জ্বলম্।
নানালঙ্কারসুভগং পীতাম্বরযুগাবৃতম্॥
গরুড়োপরি সন্নদ্ধং রক্তপঙ্কজমধ্যগম্।
উত্তপ্তহেমসঙ্কাশং লক্ষ্মীং বামোরুসংস্থিতাম্॥
সর্ব্বালঙ্কারসুভগাং শুক্লবাসোযুগাবৃতাম।
সকামাং লীলয়া দেবং মোহয়ন্তং পুনঃ পুনঃ॥
শঙ্খচক্রগদাপদ্ম-পাশাঙ্কুশধনুঃশরান্।
ধারয়ন্তং জগন্নাথং রক্তপদ্মারুণেক্ষণম্॥

মন্ত্র—ক্লীঁ।

প্রকারান্তর।

তাপিঞ্ছচ্ছবিরঙ্গগাং প্রিয়তমাং স্বর্ণপ্রভামম্বুজ-
প্রোদ্যদ্বামভুজাং স্ববামভুজয়াশ্লিষ্যন্ সচিন্তাম্বরাম্।
শ্লিষ্যন্তীং স্বয়মন্যহস্তবিলসৎসৌবর্ণবেত্রশ্চিরং,
পায়ান্নঃ শনস্থনপীতবসনো নানাবিভূষো হরিঃ॥

মন্ত্র—ওঁ নমো ভগবতে রুক্মিণীবল্লভায় স্বাহা।

প্রকারান্তর।

কলায়কুসুমশ্যামং বৃন্দাবনগতং হরিম্।
গোপগোপীগবাবীতং পীতবস্ত্রযুগাবৃতম্॥
নানালঙ্কারসুভগং কৌস্তুভোদ্ভাসিবক্ষসম্।
সনকাদিমুনিশ্রেষ্ঠৈঃ সংস্তুতং পরয়া মুদা।
শঙ্খচক্রলসদ্বাহুং বেণুহস্তদ্বয়েরিতম্॥

মন্ত্র—শ্রীঁ হ্রীঁ ক্লীঁ কৃষ্ণায় স্বাহা।

প্রকারান্তর।

বন্দে বৃন্দাবনগুরুং কৃষ্ণং কমললোচনম্।
পীতাম্বরং ঘনশ্যামং বনমালাবিভূষিতম্॥

শ্রীদামদামসুবলস্তোককৃষ্ণার্জ্জুনাবৃতম্।
গোপীবল্লভমধ্যস্থং রাধিকাপ্রাণবল্লভম্।

প্রকারান্তর।

বরদাভয়হস্তাভ্যাং শ্লিষ্যন্তং স্বাঙ্গগে প্রিয়ে।
পদ্মোৎপলকরে তাভ্যাং শ্লিষ্টং চক্রগদোজ্জ্বলম্॥

মন্ত্র—(১) হ্রীং শ্রীং গোপীজনবল্লভায় স্বাহা শ্রীং হ্রীং। (২) শ্রীং হ্রীঁ ক্লীঁ গোপীজনবল্লভায় স্বাহা ক্লীঁ হ্রীঁ শ্রীঁ।

প্রকারান্তর।

পীতাম্বরং ঘনশ্যামং দ্বিভুজং বনমালিনম্।
বর্হিবর্হকৃতাপীড়ং শশিকোটিনিভাননম্॥
ঘূর্ণায়মাননয়নং কর্ণিকারাবতংসিনম্।
অভিতশ্চন্দনেনাথ মধ্যে কুঙ্কুমবিন্দুনা॥
রচিতং তিলকং ভালে বিভ্রতং মণ্ডলাকৃতিম্।
তরুণাদিত্যসঙ্কাশং কুণ্ডলাভ্যাং বিরাজিতম্॥
ঘর্ম্মাম্বুকণিকারাজদ্দর্পণাভ-কপোলকম্।
প্রিয়ামুখার্পিতাপাঙ্গ-লীলয়া চোন্নতভ্রুবম্॥
অগ্রভাগন্যস্তমুক্তাস্ফুরদুচ্চসুনাসিকম্।
দশনজ্যোৎস্নয়া রাজৎপক্কবিম্বফলাধরম্॥
কেয়ূরাঙ্গদসদ্রত্নমুদ্রিকাভির্লসৎকরম্।
বিভ্রতং মুরলীং বামে পাণৌ পদ্মং তথোত্তরে।
কাঞ্চীদামস্ফুরন্মধ্যং নূপুরাভ্যাং লসৎপদম্॥
রতিকেলিরসাবেশচপলং চপলেক্ষণম্।
হসন্তং প্রিয়য়া সার্দ্ধং হাসয়ন্তঞ্চ তাং মুহুঃ॥
ইত্থং কল্পতরোর্মূলে রত্নসিংহাসনোপরি।
বৃন্দারণ্যে স্মরেৎ কৃষ্ণং সুস্থিতং প্রিয়য়া সহ॥

গায়ত্রী—ক্লীঁ কামদেবায় বিদ্মহে পুষ্পবাণায় ধীমহি তন্নোঽনঙ্গঃ প্রচোদয়াৎ।

প্রণাম—(১) কৃষ্ণায় বাসুদেবায় হরয়ে পরমাত্মনে।
প্রণতক্লেশনাশায় গোবিন্দায় নমো নমঃ ॥

প্রণাম—(২) হে কৃষ্ণ করুণাসিন্ধো দীনবন্ধো জগৎপতে।
গোপেশ গোপিকাকান্ত রাধাকান্ত নমোঽস্তু তে ॥

প্রকারান্তর।

বর্হাপীড়াভিরামং মৃগমদতিলকং কুণ্ডলাক্রান্তগণ্ডং,
কঞ্জাক্ষং কম্বুকণ্ঠং স্মিতসুভগমুখং স্বাধরে ন্যস্তবেণুম্।
তত্র পূর্ব্বদিনে নিরামিষং সকৃদ্ভোজনং কৃত্বা পরদিনে দেব-পূজান্তং কর্ম্ম কৃত্বা দক্ষিণাভিমুখীভূয় পাদৌ প্রক্ষাল্য দর্ভহস্তঃ প্রাঙ্মুখ উদঙ্মুখো বা দ্বিরাচম্য গোময়েনোপলিপ্তায়াং ভূমৌ মধ্যাহ্নে শ্রাদ্ধপর্য্যুদস্তেতরকালে বা দর্ভাসনে চোপবিশ্য তিল-তৈলেন দীপং প্রজ্বাল্য ভোজ্যাদিকমুৎসৃজেৎ। তদ্‌যথা—ভোজ্যাদি-কমানীয় এতে গন্ধপুষ্পে ওঁ সোপকরণভোজ্যায় নমঃ ইতি ত্রিঃ সম্পূজ্য এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ, এতে গন্ধ-পুষ্পে এতৎসম্প্রদানায় ওঁ ব্রাহ্মণায় নমঃ, ইতি সম্পূজ্য কুশত্রয়সহিত-জলমাদায় ওঁ অদ্যামুকে মাস্যমুকপক্ষেঽমুকতিথৌ অমুকগোত্রস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ সাংবৎসরিক-শ্রাদ্ধবাসরে অমুকগোত্রস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ স্বর্গকাম ইদং সোপকরণভোজ্যং বিষ্ণু-দৈবতং যথানামগোত্রায় ব্রাহ্মণায়াহং দদানি। ততো দক্ষিণা। যথা,—এতে গন্ধপুষ্পে ওঁ কলায় নমঃ, ইতি ত্রিঃ সম্পূজ্য ওঁ অদ্যেত্যাদি কৃতৈতৎসোপকরণভোজ্যদানকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কলং বিষ্ণুদৈবতং যথানামগোত্রায় ব্রাহ্মণায়াহং দদানি। ততঃ দক্ষিণ-পাণৌ কৌশদ্বিদলরূপপবিত্রং বামে বহুতরকুশান্ ধৃত্বা ওঁ বাস্তুপুরু-ষায় নমঃ, ইতি গন্ধাদিনা বাস্তুং সম্পূজ্যান্নং দত্ত্বা ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততম্, ইত্যনেন হরিং স্মৃত্বা যজ্ঞেশ্বরং গন্ধাদিনা সম্পূজ্য এতৎশ্রাদ্ধীয়াগ্রভাগ-সঘৃতসোপ-করণান্নং যজ্ঞেশ্বরায় ওঁ বিষ্ণবে নমঃ, ইত্যনেন শ্রাদ্ধীয়াগ্রভাগং দত্ত্বা, পরকীয়ভূমৌ চেৎ তৎস্বামিনে মূল্যমথবা পিতৃ

এতদন্নং সোপকরণং এতদ্ভূস্বামিপিতৃভ্যঃ স্বধা ইত্যগ্রভাগং দদ্যাৎ। ততঃ উপবীতী দর্ভবটুং স্থাপয়িত্বা এতে গন্ধপুষ্পে ওঁ কুশময়ব্রাহ্মণায় নমঃ ইতি সংপূজ্য দক্ষিণামুখঃ প্রাচীনাবীতী পাতিতবামজানুস্তিলপ্রোক্ষিতদক্ষিণাগ্রৈকদর্ভযুক্তাসনে দর্ভবটুং সংস্থাপ্য জলগণ্ডূষং দত্ত্বা অদ্যেতাদি অমুকগোত্রস্য পিতুরমুকদেবশর্ম্মণ একোদ্দিষ্টবিধিকসাংবৎসরিকশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণেঽহং করিষ্যে। ওঁ কুরুষেতি প্রতিবচনম্। ততঃ সপ্রণবব্যাহৃতিকাং গায়ত্রীং জপেৎ। ততঃ ওঁ দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ মহাযোগিভ্য এব চ। নমঃ স্বধায়ৈ স্বাহায়ৈ নিত্যমেব ভবন্ত্বিতি ত্রিঃ পঠেৎ। ততঃ পুণ্ডরীকাক্ষং স্মরেৎ। ততো মৃজ্জলেন শ্রাদ্ধীয়দ্রব্যপ্রোক্ষণং কর্ত্তব্যম্। রক্ষার্থমুদকপাত্রমেকদেশে স্থাপয়েৎ। ততো ব্রাহ্মণায় জলং দত্ত্বা, ওঁ অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্নেতত্তে দর্ভাসনং স্বধা, ইত্যুৎসৃজ্য ব্রাহ্মণবামপার্শ্বে মোটকং দদ্যাৎ। ততঃ ওঁ অপহতাসুরারক্ষাংসি বেদিষদঃ ইতি তিলান্ বিকীর্য্য, ব্রাহ্মণাগ্রভূমৌ কুশপত্রমেকং দক্ষিণাগ্রং পাতয়িত্বা, তদুপরি পাত্রং সংস্থাপ্য, ওঁ পবিত্রাসি বৈষ্ণবী ইত্যনেনানখচ্ছিন্নং প্রাদেশমাত্রং ওঁ বিষ্ণোর্ম্মনসা পূতমসীত্যনেন প্রোক্ষিতৈকদলকং পবিত্রং তৎপাত্রে নিধায়, ওঁ শন্নো দেবীরভীষ্টয়ে শন্নো ভবন্তু পীতয়ে শং যোরভিস্রবন্তু নঃ,ইত্যনেন জলং তৎপাত্রে দদ্যাৎ। ততঃ ওঁ তিলোঽসি সোমদৈবত্যো গোসবো দেবনির্ম্মিতঃ। প্রত্নমদ্ভিঃ পৃক্তঃ স্বধয়া পিতৄন্ লোকান্ প্রীণাহি নঃ স্বাহা। ইত্যনেন তিলা দেয়াঃ। তূষ্ণীং গন্ধপুষ্পে চ দত্ত্বা পাত্রং কুশেন পিধায়, ওঁ অচ্ছিদ্রমিদমর্ঘ্যপাত্রমস্তু ইত্যবধারয়েৎ। ওঁ অচ্ছিদ্র্যস্তুরম্। ব্রাহ্মণহস্তে দক্ষিণাগ্রং অর্ঘ্যপাত্রীয়পবিত্রং দত্ত্বা, জলান্তরং পুষ্পান্তরঞ্চ দত্ত্বা, পুষ্পান্তরেণ ওঁ শিরঃপ্রভৃতি সর্ব্বগাত্রেভ্যো নমঃ,ইতি পূজয়েৎ। ততস্তৎপাত্রং বামহস্ততলে কৃত্বা দক্ষিণহস্তেনাচ্ছাদ্য ওঁ যা দিব্যা আপঃ পয়সা সংবভূবুর্যা অন্তরীক্ষা উত পার্থিবীর্যা হিরণ্যবর্ণা যজ্ঞিয়াস্তা ন আপঃ শিবঃ শং স্যোনাঃ সুহবা ভবন্তু। ওঁ

অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্নেতত্তেঽর্ঘ্যং স্বধেতি দদ্যাৎ। সংস্রবগ্রহণন্যুব্জীকরণং ন কর্ত্তব্যম্। ততস্তৎপাত্রং পরিত্যজ্য, ওঁ অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্নেতানি তে গন্ধপুষ্প ধূপদীপাচ্ছাদনানি স্বধেত্যুৎসৃজ্য, এষ তে গন্ধঃ, এতত্তে পুষ্পম্, এষ তে দীপঃ, এতত্ত আচ্ছাদনম্, ইতি প্রত্যেকং নিবেদয়েৎ। ওঁ গন্ধাদিদানমিদমচ্ছিদ্রমস্ত। ইত্যবধারয়েৎ। ওঁ অস্বিত্যুত্তরম্। ততঃ বস্ত্রযজ্ঞোপবীতস্বপ্রিয়পিতৃপ্রিয়ং দ্রব্যং যথাশক্তি দদ্যাৎ। ততো ব্রাহ্মণাগ্রস্থিতং কুশাদিকমমন্ত্রকমেবাপনীয়, নৈর্ঋতীমারভ্য দক্ষিণাগ্রয়া জলধারয়া বামাবর্ত্তেন চতুষ্কোণমণ্ডলং কৃত্বা অন্নপাত্রং পাতয়িত্বা, সর্ব্বমন্নাদিকং পাত্রান্তরিতহস্তাভ্যাং পত্নী স্বয়ং বা পরিবেশয়েৎ। তত ওঁ ইদং বিষ্ণুর্ব্বিচক্রমে ত্রেধা নিদধে পদং সমূঢ়মস্য পাংশুলে। বিষ্ণো কব্যমিদং রক্ষস্ব ইতি চ পাঠিত্বানথমঙ্গুষ্ঠং ক্ষিপেৎ। তত ওঁ অপহতাসুরারক্ষাংসি বেদিষদ ইতি তিলান্ বিকীর্য্য, ব্রাহ্মণায় জলগণ্ডূষং দত্ত্বা, গায়ত্রীং জপেৎ। ততোঽন্নে মধু দেয়ং, তদভাবে গুড়ং দেয়ম্। ততঃ সপ্রণবব্যাহৃতিকাং গায়ত্রীং ওঁ মধু বাতেতি পঠিত্বা, ওঁ মধু মধু মধ্বিতি চ জপেৎ। ততো বামহস্তেনান্নপাত্রং ধৃত্বা, ওঁ অমুক-গোত্র পিতরমুকদেবশর্ম্মন্নেতত্তেঽন্নং সোপকরণং স্বধেত্যুৎসৃজ্য, জলগণ্ডূষং দত্ত্বা, ওঁ ইদমন্নং ইমা আপঃ ইদং হবিঃ এতান্যুপকরণানি যথাসুখং বাগ্যতঃ সদ ইতি ব্রূয়াৎ। ততঃ সপ্রণবব্যাহৃতিকাং গায়ত্রীং মধুবাতেত্যৃচং ওঁ মধু মধু মধ্বিতি চ। ওঁ অন্নহীনং ক্রিয়াহীনং বিধিহীনঞ্চ যদ্ভবেৎ। তৎ সর্ব্বমচ্ছিদ্রমস্ত্বিত্যুক্ত্বা শ্রাব্যং পঠেৎ। তদ্‌যথা—সপ্রণবব্যাহৃতিকাং গায়ত্রীং মধুবাতেত্যৃচং ওঁ মধু মধু মধ্বিতি চ যজ্ঞেশ্বরো হব্য ইতি ওঁ যোগীশ্বরমিতি ওঁ মন্বত্রিবিষ্ণুহারীতেতি ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদমিতি ওঁ দুর্য্যোধন মন্যুময় ইতি ওঁ যুধিষ্ঠিরো ধর্ম্মময় ইতি ওঁ সপ্তব্যাধা ইতি। ততো দক্ষিণাগ্রান্ কুশানাস্তীর্য্য হস্তস্থয়াং ওঁ অগ্নিদগ্ধাশ্চ যে জীবা যেঽপ্যদগ্ধাঃ কুলে মম। ভূমৌ দত্তেন তৃপ্যন্তু তৃপ্তা যান্তু পরাং গতিম্। ওঁ যেষাং ন মাতা ন পিতা ন বন্ধু

নৈর্ব্বান্নসিদ্ধির্ন তথান্নমস্তি, তস্তুপ্তয়েঽন্নং ভুবি দত্তমেতৎ প্রয়ান্তু লোকায় সুখায় তদ্বৎ॥ ইতি মন্ত্রাভ্যাং ব্রাহ্মণাগ্রভূম্মৌ সতিলজল-প্রোক্ষিতদক্ষিণাগ্রকুশোপরি বিকীরেৎ। ততো হস্তৌ প্রক্ষাল্যা-চম্য, হরিং স্মৃত্বা, ব্রাহ্মণায় জলগণ্ডূষং দদ্যাৎ। ততঃ পূর্ব্ববদ্গায়ত্রীং পঠিত্বা, ওঁ মধুবাতা ঋতায়তে মধু ক্ষরন্তু সিন্ধবঃ মাধ্বীনঃ সন্তো-ষধীঃ ওঁ মধু নক্তমুতোষসো মধুমৎ পার্থিবং রজঃ মধু দ্যৌরস্তু নঃ পিতা ওঁ মধুমান্নো বনস্পতির্মধুমাংস্তু সূর্য্যো মাধ্বীর্গাবো ভবন্তু নঃ ইতি পঠিত্বা, ওঁ শেষমন্নং ক দেয়মিতি পৃচ্ছেৎ। ওঁ ইষ্টেভ্যো দীয়তামিত্যুত্তরম্। তত ওঁ পিণ্ডদানমহং করিষ্যে ইতি পৃচ্ছেৎ। ওঁ কুরুষ্বেত্যুত্তরম্। তত উচ্ছিষ্টসন্নিধৌ যত্রাচমনবিন্দবো ন প্রাপ্নু-বন্তি তত্র—নিহন্মি সর্ব্বং যদমেধ্যবদ্ভবেৎ ধৃতাশ্চ সর্ব্বেঽসুরদানবা ময়া। রক্ষাংসি যক্ষাঃ সপিশাচসঙ্ঘা হতা ময়া যাতুধানাশ্চ সর্ব্বে। ইত্যনেন নৈঋ‍তীমারভ্য, জলরেখয়া বামাবর্ত্তেন চতুষ্কোণমণ্ডলং কৃত্বা, প্রাদেশমাত্রং সাগ্রকুশপত্রদ্বয়ং গৃহীত্বা বামহস্তাম্বারব্ধদক্ষিণ-হস্তেন দক্ষিণাগ্রাং রেখাং মধ্য-স্থানে অপহতানিহন্মিভ্যাং কুর্য্যাৎ। তদ্দর্ভদ্বয়মুত্তরস্যাদ্দিশি ক্ষিপেৎ। ততঃ রেখোপরি সমূলাগ্রান্ কুশানাস্তীর্য্য, ওঁ এত পিতরঃ সোম্যাসো গম্ভীরেভিঃ পথিভিঃ পূর্ব্বিণেভির্দ্দত্তাস্মভ্যং দ্রবিণেহ ভদ্রং রয়িঞ্চ নঃ সর্ব্ববীরং নিযচ্ছত। ইত্যাবাহ্য তিলাংশ্চাস্তীর্ণকুশোপরি বিকীরেৎ। ততঃ সতিলজল-পাত্রং দক্ষিণহস্তেন গৃহীত্বা ওঁ অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্নেত-ত্তেঽবনেনিক্ষ্ব, স্বধা। ইতি কুশমূলেঽবনেজয়েৎ। ততো মধ্বা-জ্যতিলযুক্তং পিণ্ডং কৃত্বা দক্ষিণহস্তেন গৃহীত্বা, বামহস্তগৃহীতজল-পাত্রোপরি হরিং স্মৃত্বা, ওঁ মধুবাতা ইত্যাদিনা মধু মধু মধ্বিত্যন্তং পঠিত্বা, ওঁ অক্ষন্নমীমদন্ত হ্যবপ্রিয়া অধুষত অস্তোষত স্বভানবো বিপ্রা নবিষ্ঠয়া মতীয়ো যান্বিন্দ্রতে হরী। ইতি পঠিত্বা ওঁ অমুক-গো পিতরমুকদেবশর্ম্মন্নেষ তে পিণ্ডঃ স্বধা ইত্যবনেজনস্থানে বামহস্তাম্বারব্ধদক্ষিণহস্তেন দদ্যাৎ। ততঃ পিণ্ডশেষঞ্চ পিণ্ডান্তিকে দত্ত্বা অমন্ত্রকং করং নিম্বৃজ্যাচম্য হরিং স্মৃত্বা পিণ্ডপাত্রপ্রক্ষালন-

জলেন ওঁ অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্নেতত্তেঽবনেনিক্ষ্ব যেচ-ত্যনেন পিণ্ডমবনেজয়েৎ। ততঃ ওঁ অত্র পিতর্মাদয়স্ব যথাভাগমাবৃষায়স্ব। ইতি জপেৎ। ততো বামাবর্ত্তেনোদঙ্মুখো ভূত্বা প্রানিপর্য্যন্তং শ্বাসং ধৃত্বা, পিতরং ভাস্বরমূর্ত্তিকং ধ্যায়ন্ দক্ষিণামুখো ভবন্ ওঁ অমীমদৎ পিতা যথাভাগমাবৃষায়িষ্ট ইতি ত্যজেৎ। ততঃ ওঁ নমস্তে পিতঃ পিতর্নমস্তে ইতি কৃতাঞ্জলির্ব্বদেৎ। ওঁ গৃহান্নঃ পিতর্দ্দেহীতি গৃহিণীং পশ্যেৎ। ও সদস্তে পিতর্দ্দেশ্ম ইতি পিণ্ডং পশ্যেৎ। ততো নবমনবং বা শুক্লবস্ত্রদশাভবং সূত্রং দ্বিগুণকুশসহিতং বামহস্তাদ্দক্ষিণহস্তেন গৃহীত্বা ওঁ এতদ্বঃ পিতরো বাস ইতি পঠিত্বা, ওঁ অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্নেতত্তে বাসঃ স্বধা ইতি পিণ্ডে দদ্যাৎ। ওঁ উর্জ্জং বহন্তীরমৃতং ঘৃতং পয়ঃ কীলালং পরিস্রুতং স্বধা স্থ তর্পয়ত মে পিতরম্॥ ততস্তঞ্চৌং গন্ধাদিনা পিণ্ডং পূজয়েৎ॥ ততঃ কৃতাঞ্জলিঃ। ওঁ বসন্তায় নমস্তুভ্যং গ্রীষ্মায় চ নমো নমঃ। বর্ষাভ্যশ্চ শরৎসংজ্ঞঋতবে চ নমঃ সদা। হেমন্তায় নমস্তুভ্যং নমস্তে শিশিরায় চ॥ মাস-সংবৎসরেভ্যশ্চ দিবসেভ্যো নমো নমঃ। ইতি জপেৎ। ততঃ ওঁ সুপ্রোক্ষিতমস্তু॥ ইতি ব্রাহ্মণাগ্রভূমিমাসিঞ্চেৎ। ওঁ অস্তিতি প্রতিবচনম্। ততঃ ব্রাহ্মণহস্তে ওঁ শিবা আপঃ সন্তু ইতি জলং দদ্যাৎ। ওঁ সন্ত্বিতি প্রতিবচনম্। ওঁ সৌমনস্যমস্ত্বিতি পুষ্পং দদ্যাৎ। ওঁ অক্ষতঞ্চারিষ্টঞ্চাস্তু ইতি দূর্ব্বাক্ষতং দদ্যাৎ। ওঁ অস্ত্বিতি প্রতিবচনম্। ততস্তিলাজ্যমধুযুক্তং জলং গৃহীত্বা, ওঁ অমুকগোত্রস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ কৃতেঽস্মিন্ শ্রাদ্ধে মদ্দত্তমিদমন্নপানাদিকমুপতিষ্ঠতামিত্যনেন ব্রাহ্মণহস্তে পিণ্ডে চ দদ্যাৎ। ওঁ উপতিষ্ঠতামিতি প্রতিবচনম্। ওঁ অঘোরাঃ পিতাস্তু ইতি বদেৎ। ওঁ অস্ত্বিতি প্রতিবচনম্। ওঁ গোত্রং নো বর্দ্ধতামিতি বদেৎ। ওঁ বর্দ্ধতামিত্যুত্তরম্॥ ততঃ সপবিত্রকুশান্ পিণ্ডোপরি দত্ত্বা, ওঁ উর্জ্জং বহন্তীরমৃতং ঘৃতং পয়ঃ কীলালং পরিস্রুতং স্বধা স্থ তর্পয়ত মে পিতরম্। ইতি পিণ্ডং সিঞ্চেৎ। ততো দক্ষিণাং কুর্য্যাৎ। ততঃ ওঁ অদ্যেত্যাদি অমুক-

গোত্রস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ কৃতৈতদেকোদ্দিষ্টবিধিকসাংবৎসরিক-শ্রাদ্ধকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং রজতং তন্মূল্যং বা বিষ্ণুদৈবতং যথানামগোত্রায়াহং দদানি। ততঃ কৃতাঞ্জলিঃ।—সুমনাস্তন্মনা ভূত্বা দক্ষিণাং দিশং পশ্যন্ পিতরং যাচেত। ওঁ দাতারো নোঽভি-বর্দ্ধন্তাং বেদাঃ সন্ততিরেব চ। শ্রদ্ধা চ নো মা ব্যগমদ্বহু দেয়ঞ্চ নো-ঽস্ত্বিতি। অন্নঞ্চ নো বহু ভবেদতিথীংশ্চ লভেমহি। যাচিতারশ্চ নঃ সন্তু মা চ যাচিষ্ম কঞ্চন। অন্নং প্রবর্দ্ধতাং নিত্যং দাতা শতং জীবতু। যস্মৈ সঙ্কল্পিতো দ্বিজস্তস্যাক্ষয়া তৃপ্তিরস্তু। এতাঃ সত্যা-শিষঃ সন্তু। ওঁ সন্ত্বিতি প্রতিবচনম্। ততঃ ওঁ দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ মহাযোগিভ্য এব চ। নমঃ স্বধায়ৈ স্বাহায়ৈ নিত্যমেব ভবন্ত্বিতি॥ ইতি ত্রিঃ পঠেৎ। ততঃ ওঁ অভিরম্যতাং ইতি বিসর্জ্জনম্। ওঁ অভিরতোঽস্মীতি উত্তরম্। ততঃ ওঁ আ মা বাজস্য প্রসবো জগম্যা দ্যাবা পৃথিবী বিশ্বরূপে আ মা গন্তং পিতরা মাতরা যুবমা মা সোমোঽমৃতত্বায় গম্যাৎ॥ ইতি মন্ত্রেণ প্রদক্ষিণবারিধারয়া ব্রাহ্মণং বেষ্টয়ন্ পিতরং প্রণমেৎ। ততঃ পিণ্ডস্তু গোঽজবিপ্রেভ্যো দদ্যাৎ জলে বা ক্ষিপেৎ॥ শ্রাদ্ধীয়দ্রব্যং ব্রাহ্মণায় দদ্যাৎ জলে বা ক্ষিপেৎ। ততো বামদেবং গীত্বা অশক্তৌ ঋক্‌চতুষ্টয়ং ত্রিধা পঠেৎ। দক্ষিণপাণিনা দীপং প্রচ্ছাদ্য হস্তৌ প্রক্ষাল্যাচম্য কৃতৈতৎকর্ম্মাচ্ছি-দ্রমস্তু ইতি পৃচ্ছেৎ। ওঁ অস্ত্বিত্যুত্তরম্। ততঃ ওঁ অদ্যেত্যাদি কৃতৈত-দেকোদ্দিষ্টশ্রাদ্ধকর্ম্মণি যদ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় শ্রীবিষ্ণু-স্মরণমহং করিষ্যে। ইতি সঙ্কল্প্য তদ্বিষ্ণোরিত্যনেন বিষ্ণুং স্মরেদিতি।

পার্ব্বণ-শ্রাদ্ধ।

শ্রাদ্ধের পূর্ব্বে হবিষ্যাশী ও জিতেন্দ্রিয় হইয়া অবস্থিতি করিবে। শ্রাদ্ধদিনে দন্তকাষ্ঠ দ্বারা দন্তধাবন করিতে নাই এবং সর্ষপতৈল অথবা পক্বতৈল কিংবা পুষ্পবাসিত তৈল ব্যতীত অন্যান্য তৈলম্রক্ষণ নিষিদ্ধ।

খোলা,কুশা প্রভৃতি প্রস্তুত পূর্ব্বক সন্ধ্যা-পূজাদি নিত্যশ্রাদ্ধ ও বলিবৈশ্ব ব্যতীত) সমস্ত নিত্যকর্ম্ম সমাধা করিয়া সোত্তরীয়বস্ত্র-পরিধানান্তে প্রদীপ (শ্রাদ্ধসমাপনাবধি) জ্বালিয়া শূদ্রেতের ব্যক্তিরা (একবার প্রক্ষালিত তণ্ডুল দ্বারা) স্বয়ং, পত্নী বা সপিণ্ড (সপ্তম-পুরুষ মধ্যবর্ত্তী জ্ঞাতি) দ্বারা সক্ষম হইলে অন্নপাক করাইবে। (অবীরার অন্ন দেবতা ও বিপ্রের অভক্ষ্য।) অক্ষমস্থলে এবং গ্রহণসময়ে ও তীর্থস্থলে কৃত শ্রাদ্ধে অন্নপাক নাই, তণ্ডুলাদি দ্বারা শ্রাদ্ধ করিবে। (বৃদ্ধি, সংক্রান্তি ও গ্রহণশ্রাদ্ধে ভিন্ন আমশ্রাদ্ধে প্রক্ষালন নিষিদ্ধ) যজ্ঞেশ্বরাদির জন্য খোলায় চারিভাগ ঘৃত সমন্বিত ও উপকরণযুক্ত অন্ন বাড়িয়া লইতে হয়।

যথাসময়ে প্রথমতঃ বাম, পরে দক্ষিণপাদ ধৌত করিয়া উদ্বেগরহিত গোময়োপলিপ্ত ভূমিতে (ইষ্টকময় স্থলে মৃত্তিকা লেপন পূর্ব্বক) শ্রাদ্ধীয় পাত্রাদি সাজাইয়া লইবে।

দক্ষিণমুখ কর্ত্তার দক্ষিণভাগে বায়ুকোণ-সমীপস্থ স্থানে পশ্চিমাগ্র পাত্র করিয়া দৈবপক্ষ তদনন্তর সম্মুখে নৈর্ঋতকোণ সন্নিহিত স্থলে দক্ষিণাগ্র পিতৃপক্ষ, উহার পার্শ্বে অগ্নিকোণ সন্নিধানে মাতামহপক্ষ সাজাইয়া, কর্ত্তার বামপার্শ্বে পূর্ব্বাগ্রে পাঁচটি ভোজ্য সাজাইবে। কুশময়-ব্রাহ্মণ তিনটি উত্তরাগ্র করিয়া দেবপক্ষ-সন্নিধানে ভোগুাতে স্থাপন পূর্ব্বক উভয়দিকে (কোশার ন্যায়) দুইটি জলপাত্র রাখিবে।

পূর্ব্বমুখ হইয়া আচমন করত কুশহস্ত ও তিলযুক্ত হইয়া "ওঁ অপবিত্রঃ পবিত্রো বা" ইত্যাদি পাঠ করিয়া, নারায়ণ-গণেশাদিপূজা পূর্ব্বক (শ্রাদ্ধের পর দান নিষেধ, এই হেতু যাচকাদির জন্য অগ্রে) ভোজ্যোৎসর্গ করিবে। সর্ব্বত্র শূদ্র ও স্ত্রীলোকেরা ওঁকার এবংস্বধা স্থলে নমঃ উচ্চারণ করিবে আর শ্রাদ্ধের মন্ত্রভাগ পড়িবে না, ব্রাহ্মণ দ্বারা পড়াইবে।

শ্রাদ্ধবিশেষে ব্যবস্থা।

মলমাস ব্যতীত প্রতিমাসে অমাবস্যাতে, অসমর্থে চতুর্দ্দশী * ব্যতীত কৃষ্ণপক্ষীয় প্রায় যে কোন তিথিতে উত্তম দ্রব্যাদি প্রাপ্ত হইলে, (পক্ষের যত শেষ হইবে, ততই প্রশস্ত) সেই দিন গৌণ চান্দ্রমাসোল্লেখ করত পার্ব্বণশ্রাদ্ধ করিতে হয়। সাংবৎসরিক এবং ষোড়শশ্রাদ্ধে মুখ্যচান্দ্রমাস উল্লেখ করিবে।

সমস্ত শ্রাদ্ধই প্রতিনিধি দ্বারা সম্পন্ন হয়। ষোড়শশ্রাদ্ধ এবং সাংবৎসরিক ভিন্ন পার্ব্বণ পতিত হইবে না, সাংবৎসরিক শ্রাদ্ধ পতিত হইলে পুত্রপৌত্ররহিত ব্যক্তির কন্যাও একাদশী বা অমা· বস্যায় উহা সম্পন্ন করিতে পারে।

মহালয়া ও দীপান্বিতা শ্রাদ্ধ।—দ্বাদশমাসে অক্ষম হইলে, কন্যা, কুম্ভ ও বৃষস্থ সূর্য্যকালীন সৌরমাসে, তাহ'তে অক্ষম হইলে কন্যাতে শ্রাদ্ধ করিতে হইবে। কন্যাস্থার্ককালীন যে প্রেতপক্ষের অমাবস্যা, তাহারই নাম মহালয়া। অনেকেই মহালয়াতে সৌরমাসোল্লেখ করেন। মহালয়ায় এবং তীর্থপ্রাপ্তিনিমিত্তক পার্ব্বণশ্রাদ্ধান্তে ষোড়শ পিণ্ডদান কর্ত্তব্য। মহালয়ায় অক্ষম হইলে দীপান্বিতায় ষোড়শপিণ্ডদানান্তে শ্রাদ্ধ করিয়া সায়ংকালে উল্কাদান করিতে হয়।

ষোড়শপিণ্ডদান-প্রয়োগ।

উনবিংশতি পিণ্ডে ষোড়শপিণ্ডসংজ্ঞা (পঞ্চাম্রবৎ) লাক্ষণিক। দক্ষিণাগ্র পাঁচটি রেখার উপরিভাগে পশ্চিমাগ্রে ছয়টি রেখা অঙ্কিত করিলে বিংশতিসংখ্য ঘর হইবে, তাহার উপর কুশা বিস্তার করিয়া দিবে। তদনন্তর সতিল জলধারা দ্বারা আবৃত কুশার উপর পিতৃদিগকে আবাহন করিবে। মন্ত্র যথা—

* বিষ, শস্ত্র, শ্বাপদ,সর্প, পক্ষী কিংবা ব্রাহ্মণ কর্ত্তৃক বিনষ্টপ্রাণ ব্যক্তির মাসিক পার্ব্বণ কেবল কৃষ্ণাচতুর্দ্দশীতেই করিতে হয়।

ওঁ অস্মৎকুলে মৃতা যে চ গতির্যেষাং ন বিদ্যতে,
আবাহয়িষ্যে তান্ সর্ব্বান্ দর্ভপৃষ্ঠে তিলোদকৈঃ।
ওঁ মাতামহকুলে যে চ গতির্যেষাং ন বিদ্যতে,
আবাহয়িষ্যে তান্ সর্ব্বান্ দর্ভপৃষ্ঠে তিলোদকৈঃ।
ওঁ বন্ধুবর্গকুলে যে চ গতির্যেষাং ন বিদ্যতে,
অবাহয়িষ্যে তান্ সর্ব্বান্ দর্ভপৃষ্ঠে তিলোদকৈঃ ॥

তৎপরে তিলযুক্ত জলাঞ্জলি লইয়া নিম্নলিখিতরূপ মন্ত্রে কুশার উপর দিবে, যথা—

ওঁ আব্রহ্মস্তম্বপর্য্যন্তং দেবর্ষিপিতৃমানবাঃ।
তৃপ্যন্তু পিতরঃ সর্ব্বে মাতৃমাতামহাদয়ঃ ॥
অতীতকুলকোটীনাং সপ্তদ্বীপনিবাসিনাম্।
আব্রহ্মভুবনাল্লোকাদিদমস্তু তিলোদকম্ ॥

অনন্তর কুশার মূল হইতে ঊর্দ্ধক্রমে ক্রমশঃ এক এক মন্ত্র পড়িয়া পিতৃরীতিক্রমে পাঁচটি করিয়া তিনপঙ্ক্তিস্থ পঞ্চদশটি ঘরে পঞ্চদশ ও নৈর্ঋতকোণস্থ ঘরটি বাদ দিয়া পশ্চিমপার্শ্বস্থ শেষ পঙ্ক্তির চারিঘরে চারিটি পিণ্ড প্রদান করিবে। মন্ত্র যথা—

ওঁ অস্মৎকুলে মৃতা যে চ গতির্যেষাং ন বিদ্যতে।
তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দাদাম্যহম্ ॥ ১ ॥
ওঁ মাতামহকুলে যে চ গতির্যেষাং ন বিদ্যতে।
তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্ ॥ ২ ॥
ওঁ বন্ধুবর্গকুলে যে চ গতির্যেষাং ন বিদ্যতে।
তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্ ॥ ৩ ॥
ওঁ অজাতদন্তা যে কেচিৎ যে চ গর্ভপ্রপীড়িতাঃ।
তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্ ॥ ৪ ॥
ওঁ অগ্নিদগ্ধাশ্চ যে জীবা যেঽপ্যদগ্ধাস্তথাপরে।
বিদ্যুচ্চৌরহতা যে চ তেভ্যঃ পিণ্ডং দদাম্যহম্ ॥ ৫ ॥
ওঁ দাবদাহে মৃতা যে চ সিংহব্যাঘ্রহতাশ্চ যে।
দংষ্ট্রীভিঃ শৃঙ্গিভির্ব্বাপি তেভ্যঃ পিণ্ডং দদাম্যহম্ ॥ ৬ ॥

ওঁ উদ্বন্ধনমৃতা যে চ বিষশস্ত্রহতাশ্চ যে।
আত্মোপঘাতিনো যে চ তেভ্যঃ পিণ্ডং দদাম্যহম্ ॥ ৭ ॥
ওঁ অরণ্যে বর্ত্মনি বনে ক্ষুধয়া তৃষ্ণয়া হতাঃ।
ভূতপ্রেতপিশাচৈশ্চ তেভ্যঃ পিণ্ডং দদাম্যহম্ ॥ ৮ ॥
ওঁ রৌরবে চান্ধতামিস্রে কালসূত্রে চ যে মৃতাঃ।
তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্ ॥ ৯ ॥
ওঁ অনেকযাতনাসংস্থাঃ প্রেতলোকে চ যে গতাঃ।
তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্ ॥ ১০ ॥
ওঁ অনেকযাতনাসংস্থা যে নীতা যমকিঙ্করৈঃ।
তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্ ॥ ১১ ॥
ওঁ নরকেষু সমস্তেষু যাতনাসু চ যে স্থিতাঃ।
তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্ ॥ ১২ ॥
ওঁ পশুযোনিগতা যে চ পক্ষিকীটসরীসৃপাঃ।
অথবা বৃক্ষযোনিস্থাস্তেভ্যঃ পিণ্ডং দদাম্যহম্ ॥ ১৩ ॥
ওঁ জাত্যন্তরসহস্রেষু ভ্রমন্তঃ স্বেন কর্ম্মণা।
মানুষ্যং দুর্লভং যেষাং তেভ্যঃ পিণ্ডং দদাম্যহম্ ॥ ১৪ ॥
ওঁ দিব্যন্তরীক্ষভূমিষ্ঠা পিতরো বান্ধবাদয়ঃ।
মৃতাপ্যসংস্কৃতা যে চ তেভ্যঃ পিণ্ডং দদাম্যহম্ ॥ ১৫ ॥
ওঁ যে কেচিৎ প্রেতরূপেণ বর্ত্তন্তে পিতরো মম।
তে সর্ব্বে তৃপ্তিমায়ান্তু পিণ্ডদানেন সর্ব্বদা ॥ ১৬ ॥
ওঁ যেঽবান্ধবা বান্ধবা বা যেঽন্যজন্মনি বান্ধবাঃ।
তেষাং পিণ্ডো ময়া দত্তো হ্যক্ষয্যমুপতিষ্ঠতাম্ ॥ ১৭ ॥
ওঁ পিতৃবংশে মৃতা যে চ মাতৃবংশে চ যে মৃতাঃ।
গুরুশ্বশুরবন্ধূনাং যে চান্যে বান্ধবা মৃতাঃ।
যে যে কুলে লুপ্তপিণ্ডাঃ পুত্রদারবিবর্জ্জিতাঃ।
ক্রিয়ালোপগতা যে চ জাত্যন্ধাঃ পঙ্গবস্তথা ॥
বিরূপা আমগর্ভাশ্চ জ্ঞাতাজ্ঞাতাঃ কুলে মম।
তেষাং পিণ্ডো ময়া দত্তো হ্যক্ষয্যমুপতিষ্ঠতাম্ ॥ ১৮ ॥

ওঁ আব্রহ্মণো যে পিতৃবংশজাতা, মাতুস্তথা বংশভবা মদীয়াঃ।
কুলদ্বয়ে যে মম দাসভূতা, ভৃত্যাস্তথৈবাশ্রিতসেবকাশ্চ॥
মিত্রাণি সখ্যঃ পশবশ্চ বৃক্ষা, দৃষ্টা হৃদৃষ্টাশ্চ কৃতোপকারাঃ।
জন্মান্তরে যে মম দাসভূতাস্তেভ্যঃ স্বধা পিণ্ডমহং দদামি॥ ১৯॥

উল্কাদানপ্রয়োগ। *

নারিকেলপত্র অথবা পাকাটী প্রভৃতি দ্বারা উল্কা পিতৃরীতিক্রমে লইতে হয়।

উল্কা-গ্রহণের মন্ত্র যথা—

ওঁ শস্ত্রাশস্ত্রহতানাঞ্চ ভূতানাং ভূতদর্শয়োঃ।
উজ্জ্বলজ্যোতিষা দেহং দহেয়ং ব্যোমবহ্নিনা॥

উল্কা ভূমিতে রাখিবার মন্ত্র যথা—

ওঁ অগ্নিদগ্ধাশ্চ যে জীবা যেঽপ্যদগ্ধাঃ কুলে মম।
উজ্জ্বলজ্যোতিষা দগ্ধাস্তে যান্তু পরমাং গতিম্॥

ঐ উল্কা ভেলায় করিয়া জলাশয়ে ভাসাইবার প্রথা আছে। মন্ত্র যথা—

ওঁ যমলোকং পরিত্যজ্য আগতা যে মহালয়ে।
উজ্জ্বলজ্যোতিষা বর্ত্ম প্রপশ্যন্তো ব্রজন্তু তে॥

যজুর্ব্বেদীয়-পার্ব্বণশ্রাদ্ধ।

(এই পদ্ধতি অনুসারে কাণ্বশাখীদিগের ও শূদ্রদিগের কার্য্য সম্পন্ন হইবে। শূদ্রকৃত শ্রাদ্ধে মন্ত্রপাঠ দ্বিজাতির দ্বারা হইবে, কেবল উৎসর্গবাক্য [স্বধা স্থানে নমঃ বলিয়া] পাঠ এবং প্রদানাদি কার্য্য সমস্ত স্বয়ং আচরণ করিতে হইবে।)

* পূর্ব্বদিন প্রদোষব্যাপিনী অমাবস্যা হইলে পূর্ব্বদিন শ্রাদ্ধকাল না পাইলেও উল্কাদান করিবে। উত্তরদিন প্রদোষ পাইলে বা না পাইলে পরদিন উল্কাদান হইবে। মহালয়াশ্রাদ্ধ করিয়াও দ্বিতীয় দিনে উল্কাদান অনেকেই করিয়া থাকেন।

সামান্যতঃ ব্যবস্থাদি প্রায় সকলই সামবেদীয় শ্রাদ্ধের ন্যায়, কেবল প্রকরণ ও বিশেষ মন্ত্র সকল এবং উভয়বেদীয় সাধারণ মন্ত্রের প্রথম একটু ধরিয়া দেওয়া হইল। [ভোজ্যোৎসর্গ ও বাস্তু-পুরুষাদির অর্চ্চনা এবং ভূস্বামীকে অগ্রভাগাদি দান করিয়া ব্রাহ্মণত্রয়ের স্নানপূজা করিবে। সর্ব্বপ্রথমে করিলেও পারে।

করপুটে—ওঁ কুরুক্ষেত্রং গয়া-গঙ্গা-প্রভাস-পুষ্করাণি চ। তীর্থা-ন্যেতানি পুণ্যানি শ্রাদ্ধকালে ভবন্তিহ।

তদনন্তর গায়ত্রী-পাঠান্তে "ওঁ দেবতাভ্যঃ"—বারত্রয় পড়িয়া ব্রাহ্মণকে জল দিয়া করপুটে অনুজ্ঞা গ্রহণ করিবে এবং মৃত্তিকা-যুক্ত জল শ্রাদ্ধীয় দ্রব্যে ছিটাইয়া—"ওঁ রক্ষোঘ্নমুদকমসি যজ্ঞরক্ষাং কুরুষ" এই মন্ত্রে জল রাখিয়া আসন দিবে।

প্রথমতঃ দৈবাসন সামবেদীবৎ উৎসর্গ করত পরে পিতৃ-আসন ধরিয়া "ওঁ অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্ম (ত্রিপুরুষের নাম করিয়া) স্নেতত্তে দর্ভাসনং স্বধা" (সর্ব্বত্র যজুর্ব্বেদীশ্রাদ্ধে—যে চাত্র—মন্ত্র নাই) মাতামহপক্ষেও এই প্রকার।

আবাহনে, দৈবে,—বিশ্বদেবাস ইত্যাদি, বর্হিষি মাদয়ধ্বং ইত্যন্ত মন্ত্রদ্বয় পড়িবে এবং পিতৃপক্ষে "উশন্তস্ত্বা" মন্ত্র পাঠ করত (অপহতা মন্ত্রে তিলপ্রক্ষেপ করিয়া) আয়ান্ত নঃ—ইত্যাদি তেঽবন্ত্বস্মান্ ইত্যন্ত মন্ত্র পড়িতে হইবে।

অর্ঘ্যে,—"শন্নো দেবীরভীষ্টয়ে শন্নো ভবন্ত পীতয়ে" এই স্থানে আপো ভবন্ত পীতয়ে পাঠ করিবে এবং "যবোঽসি যবয়াস্মদ্দেষো যবয়ারাতীঃ" এই পর্য্যন্ত যবদানের মন্ত্র পাঠ করত যব দিবে।

অর্ঘ্য উৎসর্গে দৈবপক্ষে "এষ বোঽর্ঘ্যো নমঃ" আর পিতৃপক্ষে, "অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্নেষ তেঽর্ঘ্যঃ স্বধা" এইমাত্র প্রভেদ।

গন্ধাদি-দানান্তে মণ্ডলের উপর অন্নপাত্র স্থাপন করিয়া অগ্নৌ-করণ করিবে, ওঁ অগ্নৌ করিষ্যে * (ওঁ কুরুষ প্রতিবাক্য।) দৈব-

* এই মন্ত্রগুলিও শূদ্রের পাঠ করিতে নাই।

পৈত্র-মধ্যস্থাপিত জলে 'ওঁ অগ্নয়ে কব্যবাহনায় স্বাহা। ওঁ সোমায় পিতৃমতে স্বাহা' দুই মন্ত্রে বারদ্বয় হোম করিয়া আর দুইবার অমন্ত্রক হোম করিবে (এই প্রভেদ)। দৈব অন্নে অঙ্গুষ্ঠ রাখিয়া—'বিষ্ণো হব্যং রক্ষস্ব।' পিতৃপক্ষে—"ওঁ বিষ্ণো কব্যং রক্ষস্ব।" কিংবা উভয় দিকেই, 'ইদং বিষ্ণুর্বিচক্রমে' মন্ত্র পড়িয়া, 'অন্নহীনং'—মন্ত্রপাঠ করিবে এবং শ্রাব্যপাঠানন্তর অগ্নিদগ্ধার পিণ্ড দিবে।

অনন্তর হস্তক্ষালন, আচমন এবং দক্ষিণকর্ণ স্পর্শ করত গায়ত্রী ও মধুবাতা মন্ত্র পড়িয়া, পিণ্ডপ্রশ্ন করিয়া মণ্ডল করিবে এবং দুইটি কুশদ্বারা মণ্ডলচ্ছেদন পূর্ব্বক কটিদেশস্থ বস্ত্রের খুঁটের সহিত ঐ কুশা গুঁজিয়া রাখিবে। মণ্ডলের উপর পতকগুলি কুশা পাতিয়া 'এহি পিতঃ' (আবাহনমন্ত্র নাই) অবনেজনদানান্তর, —'ওঁ দেবতাভ্যঃ' এই মন্ত্র তিনবার পড়িয়া, "মধুবাতা" এই মন্ত্রপাঠ করত সতিল তুলসী ও মোটকপাতে একটি পিণ্ড লইয়া 'ওঁ অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্নেতত্তে পিণ্ডং সতিলোদকং স্বধা" বলিয়া দিবে। এই প্রকারে ছয়টি পিণ্ড দেয়।

তদনন্তর আস্তৃতকুশা দ্বারা লেপঘর্ষণ করিয়া দিয়া, হস্তক্ষালন ও হরিস্মরণ করত "অত্র পিতরো মাদয়ধ্বং" মন্ত্র পড়িয়া সম্মুখস্থ ডোঙা হইতে জলগ্রহণ পূর্ব্বক "অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্ প্রত্যবনেনিক্ষ্ব স্বধা" এই ক্রমে পিতামহাদির পিণ্ডাদির উপর প্রদান করিবে।

তদনন্তর কুশসমন্বিত (পূর্ব্ববদ্ধ) পরিধানবস্ত্রগ্রন্থি মোচন পূর্ব্বক (পুনর্ব্বদ্ধ করিয়া) আচমনান্তে ষড়ঞ্জলি দান অর্থাৎ পিতৃগণ ও ঋতুদিগকে নমস্কার করিবে, মন্ত্র যথা—

ওঁ নমো বঃ পিতরঃ শুষ্মায় ॥১॥ ওঁ নমো বঃ পিতরস্তপসে ॥ ২ ॥ ওঁ নমো বঃ পিতরো যজ্জীবং তস্মৈ ॥ ৩ ॥ ওঁ নমো বঃ পিতরো রসায় ॥ ৪ ॥ ওঁ নমো বঃ পিতরো ঘোরায় মন্যবে ॥৫॥ ওঁ স্বধায়ৈ বঃ পিতরো নমঃ ॥ ৬ ।

তৎপরে বাসসূত্র দিয়া পিণ্ডের উপর গন্ধপুষ্প-প্রদানান্তে 'পিণ্ডানি সম্পন্নানি' (সুসম্পন্নানি, প্রতিবাক্য) 'পিণ্ডানি গয়াং গচ্ছত,' 'সুসুপ্রোক্ষিতমস্ত' প্রভৃতি মন্ত্রে জলাদি দিয়া, গোত্রং নো বর্দ্ধতাম্, (বর্দ্ধতাম্ প্রতিবাক্য।) পর্য্যন্ত সমস্ত কার্য্য করিবে। পুষ্প লইয়া,—আশীষো মে প্রদীয়ন্তাং,—ইত্যাদি পিতৃবর-প্রসাদোঽস্তু ইত্যন্ত মন্ত্র পড়িবে। তদনন্তর স্বধাবাচনান্তে "উর্জ্জং বহন্তী" মন্ত্রে তর্পণ পূর্ব্বক ন্যুব্জোত্তান করিয়া, পিণ্ড আঘ্রাণানন্তর স্বস্থানে রাখিয়া দক্ষিণান্ত করিবে। অবশেষে "দেবতাভ্যঃ"— মন্ত্র পড়িয়া "বাজে বাজে"-মন্ত্রে ব্রাহ্মণদেহস্থ পিতৃদিগকে বিসর্জ্জনাদি শেষক্রিয়া সমাধা করিবে।

মাসিকৈকোদ্দিষ্টশ্রাদ্ধ।

ইহা সাধারণতঃ সাংবৎসরিক শ্রাদ্ধের ন্যায়, কেবল যাহা যাহা প্রভেদ আছে, তাহাই লিখিত হইল। এই প্রেতশ্রাদ্ধীয় মন্ত্র ও বাক্যে প্রায় সর্ব্বত্রই পিতৃপদস্থলে প্রেতপদের উল্লেখ করিবে। কেবল দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ—মধুবাতা ঋতায়তে—আমাবাজস্য এই কয়েকটি মন্ত্রস্থ পিতৃপদস্থলে প্রেত শব্দ উল্লেখ করিবে না।

প্রেতশ্রাদ্ধে,—"ওঁ দাতারো নোঽভিবর্দ্ধন্তাম্"—এই আশীঃ-প্রার্থনা মন্ত্রটি নাই। কোন কোন ব্যক্তির মতে পাঠ্য।

প্রেতশ্রাদ্ধীয় ব্রাহ্মণের অন্নে ও (অগ্নিদগ্ধার ব্যতীত) পিণ্ডে আমিষ (দগ্ধ মীন *) দিবে এবং উৎসর্গসময়ে এতত্তে সামিষান্নং এবং এষ তে সামিষপিণ্ড বলিয়া উল্লেখ করিবে।

প্রেতশ্রাদ্ধীয় (পাকপাত্রাবশিষ্ট অন্নাদি) শেষদ্রব্য সেবন করিবে না। শ্রাদ্ধীয় দ্রব্য ভোজন করাও নিষিদ্ধ।

অনুজ্ঞাতে।—বিষ্ণুরোমিত্যাদি—অমুকগোত্রস্য প্রেতস্য

---

* মৎস্য অভাবে অথবা বিধবাসম্পাদনক শ্রাদ্ধে কাঁচকলা দিবে, তদভাবে অন্য তরকারি দিতে হয়।

অমুকদেবশর্ম্মণঃ প্রথমমাসিকৈকোদ্দিষ্টশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণেঽহং করিষ্যে।-(ওঁ কুরুষ, প্রতিবাক্য) এই প্রকারে অনুজ্ঞা লইবে।

আদ্যৈকোদ্দিষ্টশ্রাদ্ধ।

অশৌচান্তদ্বিতীয়দিনে চতুর্থীশান্তি ও অঙ্গপ্রায়শ্চিত্ত প্রভৃতি সম্পন্ন করিয়া প্রেতশ্রাদ্ধ-কথিত দ্রব্যাদি সংগ্রহ করত অন্ন পাক করিবে এবং প্রেতশ্রাদ্ধোক্ত বিধানে সাজাইবে ও মন্ত্রাদি পাঠ করিবে। শ্রাদ্ধের অগ্রে ষোড়শদানাদি করিতে হইবে। প্রেতশ্রাদ্ধ হেতু ইহাতেও দক্ষিণ আবশ্যক। প্রেতশ্রাদ্ধ হইতে যে সমস্ত দ্রব্য ও মন্ত্রাদির প্রভেদ আছে, কেবল তাহাই এখানে লিখিত হইল।

ইহাতে যতগুলি দ্রব্য আবশ্যক, যথা —(আসনার্থ) পিঁড়ি, ছত্র, পাদুকা, প্রিমুজ বা লৌহের হানা সহ প্রদীপ, ব্রাহ্মণের (ভোজনার্থ) অন্নপাত্র এবং উপকরণসমন্বিত শয্যা।

ভোজ্যোৎসর্গ করত বাস্তুপুরুষাদির অর্চনা এবং ব্রাহ্মণের স্নান ও পূজা করিয়া অনুজ্ঞা গ্রহণ করিবে।

অদ্যামুকে মাসি অমুকে পক্ষেঽমুকতিথৌ অমুকগোত্রস্য প্রেতস্য অমুকদেবশর্ম্মণোঽশৌচান্তাদ্দ্বিতীয়েঽহ্নি * অমুকগোত্রস্য প্রেতস্য অমুকদেবশর্ম্মণ আদ্যৈকোদ্দিষ্টশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণেঽহং করিষ্যে।

অনুজ্ঞান্তে আসনার্থ পিঁড়ি ধরিয়া,—"ওঁ অমুকগোত্র প্রেত অমুকদেবশর্ম্মস্তন্নক্তে আসনং স্বধা" এই মন্ত্রে উৎসর্গ করত মন্ত্র পড়িবে, যথা—

ওঁ অত্রাসনে দেবরাজাভ্যনুজ্ঞাতো বিশ্রাম্যতাং দ্বিজবর্য্যানুগ্রহায় প্রসাদয়ে ত্বাসনং গৃহ্ণ পূতং জ্ঞানাগ্নিপূতেন করেন বিপ্র।

---

* অদ্য কর্ত্তব্য প্রেতের প্রায় সমস্ত কর্ম্মেই অশৌচান্তাদ্দ্বিতীয়েঽহ্নি এই পদের উল্লেখ আবশ্যক। ৩১ প্রান্ন দিনাস্তরে করিলে তাহার উল্লেখ করিতে হয় না।

তদনন্তর ছত্র ধরিয়া—"ওঁ অমুকগোত্র প্রেত অমুকদেবশর্ম্ম-প্রেতস্তে ছত্রং স্বধা।' পরে পাদুকা (চর্ম্মনির্ম্মিত, অভাবে কাষ্ঠ নির্ম্মিত ব্যবহার্য্য) ধরিবা—'ওঁ অমুকগোত্র প্রেত অমুকদেব-শর্ম্মপ্রেতস্তে পাদুকাযুগলং স্বধা" পাদুকা উৎসর্গ করিয়া এই মন্ত্র পড়িবে, যথা—

ওঁ সন্তপ্তবালুকাং ভূমিং সকণ্টকিতাং তথা।
সন্তারয়তি গচ্ছন্তি প্রেতং দত্তোপানহৌ॥

অনন্তর গায়ত্রী ও দেবতাভ্যঃ মন্ত্র পড়িয়া, মৃত্তিকা সমন্বিত জল দ্বারা শ্রাদ্ধীয় দ্রব্য প্রোক্ষণ করত পর্ভাসনাদি করিবে তৎপরে অর্ঘ্যদান পূর্ব্বক আবাহন করিবে, মন্ত্র যথা – 'ওঁ ইহলোকং পরি-ত্যজ্য গতোঽসি পরমাং গতিম্॥"

এই প্রকারে আবাহনের পর বস্ত্রোপরি সংস্থিত গন্ধাদি ধরিয়া, ওঁ অমুকগোত্র প্রেত অমুকদেবশর্ম্মপ্রেতানি তে গন্ধপুষ্প-ধূপদীপাচ্ছাদনানি স্বধা। এই মন্ত্রে উৎসর্গ করত বিশেষ মন্ত্রে প্রত্যেক দ্রব্য ব্রাহ্মণকে দিবে, মন্ত্র যথা,—

ওঁ সর্ব্বঃ সুগন্ধ এবায়ং শীতলঃ সুমনোহরঃ।
ময়া নিবেদিতো ভক্ত্যা গন্ধোঽয়ং প্রতিগৃহ্যতাম॥
এষ তে গন্ধঃ বলিয়া গন্ধ দিবে।
ওঁ শ্রিয়া দেব। সমাযুক্তং দেবৈশ্চ শিরসা ধৃতম্।
ময়া নিবেদিতং ভক্ত্যা পুষ্পমেতৎ প্রগৃহ্যতাম্॥
এতত্তে পুষ্পম্।
ওঁ বনস্পতিরসো দিব্যো গন্ধাঢ্যঃ সুমনোহরঃ।
আঘ্রেয়ঃ সর্ব্বদেবানাং ধূপোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥
এষ তে ধূপঃ।
ওঁ সুপ্রকাশো মহাদীপঃ সর্ব্বতস্তিমিরাপহঃ।
সবাহ্যাভ্যন্তরে দীপো দীপোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥

এষ তে তৈজসাধারদীপঃ এই প্রকার বস্ত্র লইয়া, 'এতত্ত আচ্ছাদনং" বলিয়া প্রদান করিবে।

অনন্তর,—"এতত্তে তৈজসাধার অন্নং সোপকরণং তৈজসাধার-গঙ্গাজলং স্বধা" এই মন্ত্রে অন্নোৎসর্গ করিতে হয়। অন্নদানান্তে অন্নহীনং ক্রিয়াহীনং—মন্ত্রপাঠ হইলে, শয্যা ধারণ পূর্ব্বক,—"ওঁ অমুকগোত্র প্রেত অমুকদেবশর্ম্মন্নেষা তে সোপকরণশয্যা স্বধা।" (এতদ্ব্যতীত প্রায় অন্য সকলই প্রেতশ্রাদ্ধের তুল্য হইবে।)

যজুর্ব্বেদীয়ৈকোদ্দিষ্ট।

যজুরেকোদ্দিষ্টশ্রাদ্ধে সামবেদী হইতে প্রভেদ এই যে গায়ত্রী ও দেবতাভ্যঃ—মন্ত্র পাঠ করিয়া অনুজ্ঞা করিবে। শন্নো দেবীর-ভীষ্টয়ে শন্নো ভবন্তু পীতয়ে এই স্থানে 'আপো ভবন্তু পীতয়ে' পাঠ করিবে। এতত্তেঽর্ঘ্যং স্বধা. এই স্থলে এষ তেঽর্ঘ্যঃ স্বধা এবং বিষ্ণো কব্যং রক্ষ এই স্থানে 'বিষ্ণো কব্যং রক্ষস্ব' বলিবে। পিণ্ড-প্রকরণে রেখাচ্ছেদের পর নীবিবন্ধন করিতে হয়। এই কার্য্যে পিতরঃ—এই আবাহনমন্ত্র আর অক্ষন্নমী—মন্ত্রপাঠ নিষেধ। অব-নেজনদানান্তে দেবতাভ্যঃ—মন্ত্র পাঠ করিবে। এষ তে পিণ্ডঃ এই স্থানে এতত্তে পিণ্ডং স্বধা বলিবে। লেপভুজদানান্তে অত্র পিতর্মা-দয়স্ব—মন্ত্র পড়িবে, তদনন্তর প্রত্যবনেনিক্ষ্ব স্বধা মন্ত্রে পিণ্ডপাত্র-প্রক্ষালিত ব্যতীত অন্য জল দ্বারা পুনরবনেজন প্রদান করিবে। নীবিমোক্ষণ পূর্ব্বক ষডঙ্গুলি শ্রবণ, বলিদান, অমন্ত্রক পিণ্ডার্চ্চনা, (বসন্তায—মন্ত্রপাঠ নিষেধ) পিণ্ডং সম্পন্নং—ইত্যাদি গোত্রং নো বর্দ্ধতাং এই পর্য্যন্ত, অবশেষে দাতারো মন্ত্রে আশীঃপ্রার্থনা করত ঊর্জ্জং বহন্তী মন্ত্রে তর্পণ করিয়া পিণ্ড উঠাইয়া আঘ্রাণ করিবে এবং যথাস্থানে সংস্থাপন করত দক্ষিণান্ত করিবে।

আভ্যুদয়িক বা বিকৃতপার্ব্বণে, একোদ্দিষ্টের উল্লিখিত বিষয়-গুলি এবং আবাহন যথা—ওষধয়ঃ সমবদন্ত—ইত্যাদি ও এত পিতরঃ সোম্যাস—এই দুইটি মন্ত্র পাঠ নিষেধ এবং অগ্নৌ করি-ষ্যামি স্থানে অগ্নৌকরিষ্যে বলিবে, এইমাত্র প্রভেদ।

আভ্যুদয়িক-শ্রাদ্ধ *

প্রাতঃস্নানাদি-সমাপনান্তে খোলা কুশ প্রভৃতি নির্ম্মাণ করিবে। প্রক্ষালিত তণ্ডুল ও উপকরণ † দ্বারা কার্য্যক্ষেত্রের পূর্ব্ব-দিকে গণেশের একটি, ষোড়শ মাতৃকার ষোড়শটি, পিত্রাদির ছয়টি ও বাস্তুপুরুষাদির চারিটি, এই সাতাইশটি ভোজ্য কদলীপত্রে সাজাইয়া প্রত্যেক ভোজ্যে রম্ভা পান ও সুপারি প্রদান করিবে, তদনন্তর যথাকালে হস্তকুশাদি লইয়া সর্ব্বমঙ্গলমঙ্গল্যং—ইত্যাদি মন্ত্র পাঠ করত গণেশাদিকে গন্ধপুষ্প দিয়া স্বস্তিবাচন করিবে।

উত্তরমুখ হইয়া আতপতণ্ডুল গ্রহণ পূর্ব্বক কর্ত্তব্যেষু এষু কর্ম্মসু ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু—ইত্যাদি তিল তুলসী, ত্রিপত্র, গন্ধপুষ্প ও হরীতকী সজল তাম্রপাত্রে লইয়া সঙ্কল্প করিবে।

অদ্যামুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুক-তিথৌ অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণোঽমুকক র্ম্মাভ্যুদয়ার্থং ষষ্ঠীমার্কণ্ডেয়পূজাপূর্ব্বক-শুভগন্ধাদ্যধিবাসনকর্ম্মাহং করিষ্যে।

তৎপরে ধ্যান করিয়া ষোড়শোপচারে ষষ্ঠী ও মার্কণ্ডেয়ের অর্চ্চনা করিবে। (তৈল, হরিদ্রা, গুবাক, তাম্বূল এবং লাড থাকিলে তাহাও ষষ্ঠীকে দিতে হয়)

অনন্তর যাহার অধিবাস, তাহাকে নিজবামে বিচিত্র পিঁড়ির উপর বসাইয়া চন্দন লইয়া গায়ত্রী পাঠ করত -"অনেন গন্ধেন অস্য (স্ত্রীলোকের অস্যাঃ) শুভাধিবাসনমস্তু' বলিয়া, ঐ চন্দন

* ইহাকেই নান্দীমুখ বা বৃদ্ধিশ্রাদ্ধ কহে। সংকল্পে ইহাকে আভ্যুদয়িক বলা যায় অর্থাৎ সংস্কারের শুভপ্রদ ও কর্ম্মের বিঘ্নহারক স্বস্ত্যয়নরূপ পিতৃপূজা।

† ইহাতে ডোঙা প্রায় পাঁচগণ্ডা, ব্রাহ্মণের আসন ছয়খানা, থালি প্রায় বারখানা, পুষ্পপাত্র দুইখানা আবশ্যক। ব্রাহ্মণ ছয়টি, পবিত্র আটটি, ত্রিপত্র (যোটক নাই) পাঁচগণ্ডা, হস্তকুশ চারিটি এবং আস্তর (সমূল কুশার) করিবে। অখণ্ড উপকরণ প্রদানের রীতি প্রচলিত আছে।

নারায়ণে ও তৎপরে ভূমিতে স্পর্শ করাইয়া, বালকের ললাটে স্পর্শ পূর্ব্বক বরণপাত্রে রাখিবে।

এই প্রকারে "অনয়া মহ্যা অস্য শুভাধিবাসনমস্তু," পুনর্ব্বার "অনেন গন্ধেন" এবং "অনয়া শিলয়া" ইত্যাদি প্রত্যেক দ্রব্য এই ক্রমে প্রদান করত বরণপাত্রে স্ব স্ব স্থানে স্থাপন করিবে।

দ্রব্য যথা—মহী গন্ধঃ শিলা ধান্যং দূর্ব্বা পুষ্পং ফলং দধি, ঘৃতং স্বস্তিক-সিন্দূরং শঙ্খ কজ্জলরোচনাঃ। (গোরোচনা, অভাবে হরিদ্রা) সিদ্ধার্থং (শ্বেতসর্ষপ) কাঞ্চনং রৌপ্যং, তাম্রো দীপশ্চ দর্পণম্ (বা তাম্রশ্চামরদর্পণম্)।

শ্রী (আগ) ইত্যাদি মাঙ্গল্যপদার্থ দ্বারা ও "অনেন মাঙ্গল্য-দ্রব্যেণ অস্য শুভাধিবাসনমস্তু" এইরূপে অধিবাস করাইয়া পরে সর্ব্বদ্রব্য সহিত বরণপাত্র গ্রহণ পূর্ব্বক,—

ওঁ উদ্দান্ লোকান্নরোচয়, ইমান্ লোকান্নরোচয়, প্রজাভূত-মরোচয়, বিশ্বভূতমরোচয় ॥

অনেন প্রশস্তপাত্রেণ অস্য শুভাধিবাসনমস্তু।

এই মন্ত্রে পূর্ব্বের ন্যায় নারায়ণ-স্পর্শাদি বারত্রয় করাইবে। তৎপরে পুরুষের দক্ষিণকরে স্ত্রীজাতির বামকরে রক্ত বা হরিদ্রাক্ত সূতা ৩।৫ বা ৭ খেই, ৩।৫ বা ৭ টা দূর্ব্বার সহিত বাঁধিয়া দিবে। অনন্তর সপ্তদশ যবপুঞ্জে বা শালগ্রামাধারে পঞ্চোপচারে গণেশ-অর্চ্চনা এবং এষ গন্ধঃ ওঁ গৌর্য্যৈ মাত্রে নমঃ, ওঁ পদ্মায়ৈ মাত্রে নমঃ, এই ক্রমে গৌর্য্যাদি ষোড়শ মাতৃকার অর্চ্চনা * করিবে, প্রত্যেকের পূজাশেষে ইদং সঘৃতোপকরণ-আমান্নভোজ্যং ওঁ গণেশায় নমঃ এইক্রমে পৃথক্ পৃথক্ ভোজ্য প্রদান করিবে। অনেকে ভোজ্যের পরিবর্ত্তে নৈবেদ্য দিয়া থাকেন।

গৌর্য্যাদিষোড়শমাতৃকা যথা—(গণেশ) গৌরী, ১। পদ্মা, ২ শচী, ৩। মেধা, ৪। সাবিত্রী, ৫। বিজয়া, ৬। জয়া, ৭। দেবসেনা,

---

* যে যে স্থানে আভ্যুদয়িক, প্রায় সেই সেই স্থলেই মাতৃকাপূজা করা উচিত।

৮। স্বধা, ৯। স্বাহা, ১০। (মাতরো লোকমাতরঃ।) শান্তিঃ, ১১। পুষ্টিঃ, ১২। ধৃতিঃ, ১৩। তুষ্টিঃ, ১৪। (আত্মদেবতায় সহ) কুলদেবতা ১৬। আদৌ বিনায়কঃ জ্যো হন্তে চ কুলদেবতা॥

বসুধারা।—পূর্ব্ব বা উত্তরের দিকের ভিত্তিতে উত্তরমুখ কর্ত্তার নাভিপ্রমাণ উচ্চস্থলে পাঁচ বা সাতটা (সিন্দূরের ও তাহিয়ে চন্দনের) চিহ্ন দিয়া কুশি দ্বারা ঘৃতগ্রহণ পূর্ব্বক প্রত্যেককে এই মন্ত্রে নিম্নস্থ ভূমিসংলগ্ন করিয়া ৫ বা ৭টি ধারা দিতে হয়।

মন্ত্র—ওঁ যদ্বর্চ্চো হিরণ্যস্য যদ্বা বর্চ্চো গবামুত।
সত্যস্য ব্রহ্মণো বর্চ্চস্তেন মা (মাং) সংসৃজামসি॥

ওঁ চেদিরাজবসো ইহাগচ্ছ—আবাহন করিয়া, "ওঁ চেদিরাজ বসবে নমঃ" মন্ত্রে যথাসাধ্য উহাতে অর্চ্চনা করিবে।

প্রণাম—ওঁ চেদিরাজ নমস্তুভ্যং শাপগ্রস্ত মহামতে।
ক্ষুৎপিপাসানুদে দান্তে চেদিরাজ নমোঽস্তু তে॥

অবশেষে করযোড় হইয়া আয়ুষ্যসূক্ত জপ করিবে,—

ওঁ আয়ুর্বিশ্বায়ুর্ব্বিশ্বং বিশ্বমায়ুরসিমহি, প্রজাত্বষ্ট বধিনিধেহাস্ম শতং জীবেম শরদে বয়ন্তে।

ওঁ আয়ুষে মে পবস্ব বর্চ্চসে মে পবস্ব বিভুঃ পৃথিব্যা দিবে। জনিত্র্যাঃ শৃণ্বন্ত্বাপোঽধঃ ক্ষরন্তী সোমে তোদগায় মমায়ুষে, মম ব্রহ্ম-বর্চ্চসস যজমানস্যর্দ্ধ্যা শ্রীঅমুকদেবশর্ম্মণো (সংস্কার্য্যের নাম করিয়া) অমুককর্ম্মণো রাজ্যায়। *

তৎপরে শ্রাদ্ধীয় পাত্রাদি প্রায় পার্ব্বণবৎ সাজাইবে। প্রভেদ এই যে, অগ্নিকোণ-সমীপে পিতৃপক্ষ এবং নৈর্ঋতকোণসন্নিধানে মাতামহপক্ষ হইবে। ইহাতে তিন পক্ষেই দুই দুই ব্রাহ্মণের (ত্রিপত্র ও তাম্বুলবিশিষ্ট) আসন দুইখানি করিয়া ছয়খানি এবং আসনের শিরোদেশে তিন পক্ষে তিনটি (রক্ষার্থ) জলপূরিত পাত্র যথাক্রমে রাখিয়া দৈবপক্ষসন্নিধানে ও পূর্ব্বদিকে নিজসমীপে যথা-

*নিজকর্ম্মে "যজমানস্যর্দ্ধ্যা অমুককর্ম্মণো রাজ্যায়" কহিবে

ক্রমে দুইটি জলপাত্র স্থাপন করিবে। ব্রাহ্মণগুলি পশ্চিমাগ্র করিয়া দৈবপক্ষে রাখিতে হয়।

ইহাতে দৈবপক্ষীয় কার্য্য উত্তরমুখ এবং পিতৃপক্ষীয় ক্রিয়া-সকল পূর্ব্বমুখ হইয়া করিবে। ইহাতে দৈবরীতি ভিন্ন পিতৃরীতিতে (বিপরীত-উত্তরীয়কাদি) কোন ক্রিয়া নাই এবং তিলস্থলে যব ব্যবহার্য্য ও দৈবপক্ষ হইতে পিতৃপক্ষে দক্ষিণাবর্ত্তে আসিতে হইবে। উৎসর্গ.—ত্রিপত্রবিশিষ্ট দ্রব্য অধোমুখ বামকর দ্বারা—ধারণ করিবে এবং স্বধা স্থানে সর্ব্বত্র নমঃ বলিবে, কিন্তু মন্ত্রস্থিত স্বধাপদস্থলে পুষ্টিপদের প্রয়োগ হইবে আর পিতৃশব্দের অব্যবহিত অগ্রে নান্দীমুখ শব্দ ব্যবহৃত হইবে। কেবল দেবতাভ্যঃ—মধুবাতা—(দিব্যপিতৃক বলিয়া) পিতা স্বর্গঃ পিতা ধর্ম্ম—এবং আমা-বাজস্য—এই কয়েকটি মন্ত্রগত পিতৃপদের অগ্রে নান্দীমুখ পদ ব্যবহার্য্য নহে.

ভোজ্যোৎসর্গ।—ভোজ্য ছয়টি ধারণ পূর্ব্বক অর্চ্চনা করিয়া অদ্যামুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ (ষট্পুরুষের নাম করিয়া) স্বর্গ-স্বর্গকাম ইদং সঘৃতসোপকরণ-আমান্নভোজ্য-মর্চ্চিতং—ইত্যাদি। তদনন্তর কৃতৈতৎ—দানকর্ম্মণঃ সাঙ্গতার্থং—(এই নিয়মে) দক্ষিণান্ত করিতে হইবে।

অক্ষয়ব।—স্বপুরুষ এবং ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং মন্ত্রে বিষ্ণু-স্মরণ পূর্ব্বক যজ্ঞেশ্বর বিষ্ণু ও গঙ্গাকে পঞ্চোপচারে অর্চ্চনা করিয়া দৈবপ্রণালীতে ভূস্বামীকে অগ্রাংশ দিয়া, ব্রাহ্মণের স্নান-পূজা করিয়া, ছয় আসনে (দৈবপক্ষ হইতে) ক্রমান্বয়ে রাখিবে।

দৈবে অনুজ্ঞা।—দৈবব্রাহ্মণে † জল প্রদান পূর্ব্বক উত্তরমুখ

* স্বজন্য আভ্যুদয়িকে অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা। অহং কর্ত্তা ভ্যুদয়ার্থী প্রকার উচ্চার্য্য।

† সর্ব্বত্র জলাদিদান একপঙ্ক্তিস্থ দুই ব্রাহ্মণের মধ্যে প্রত্যেকে না করিয়া এক ব্রাহ্মণকে করিবে

হইয়া, বিষ্ণুরোম তৎসদদ্যামুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতুরমুক দেবশর্ম্মণঃ * শুভ অমুককর্ম্মাভ্যুদয়ার্থং অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ (তুই পক্ষীয় ষট্ পুরুষের নাম করত আভ্যুদয়িকশ্রাদ্ধে কর্ত্তব্য, ওঁ বসুসত্যয়োর্বিশ্বেষাং দেবানাং আভ্যুদয়িকশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণয়োরহং করিষ্যে (ওঁ কুরুষ প্রতিবচনে।)

পিতৃপক্ষে দক্ষিণাগ্রে আগমন পূর্ব্বক পূর্ব্বমুখ হইয়া জল-গণ্ডূষ ব্রাহ্মণকে দান করত—বিষ্ণুরোমিত্যাদি অমুকদেবশর্ম্মণঃ শুভ-অমুককর্ম্মাভ্যুদয়ার্থং অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতুরমুকদেব-শর্ম্মণঃ অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য নান্দীমুখস্য প্রপিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ আভ্যু-দয়িকশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণয়োরহং করিষ্যে। (ওঁ কুরুষ প্রতিবচন।)

অনন্তর গায়ত্রীপাঠ করিয়া—ওঁ দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ মহা-যোগিভ্য এব চ। নমঃ পুষ্ট্যৈ স্বাহায়ৈ নিত্যমেব ভবন্ত্বিতি।

এই প্রকারে ব্রাহ্মণে জলদান করত অদ্যেত্যাদি বলিয়া মাতা মহাদিত্রয়েরও গোত্র-সম্বন্ধ নামোচ্চারণ করিয়া অনুজ্ঞা গ্রহণ করিবে। এই মন্ত্র বারত্রয় পাঠ করত মৃত্তিকা-বিশিষ্ট জল শ্রাদ্ধীয় দ্রব্যে ছিটা দিয়া, 'ওঁ বসোপবিত্রমুদকর্মাসি যজ্ঞরক্ষাং কুরুষ' এই মন্ত্রে ব্রাহ্মণের মস্তকস্থ পাত্রে রক্ষার্থ জল রাখিবে।

আসনদান—দৈবব্রাহ্মণে জল প্রদান পূর্ব্বক উহার দক্ষিণ-ভাগে আসনার্থ একটি ত্রিপত্র স্থাপন করিয়া ওঁ বসুসত্যৌ বিশ্বে-দেবা এতদ্বো দর্ভাসনং নমঃ, এই মন্ত্রে উৎসর্গ করিবে।

পিতৃপক্ষে ব্রাহ্মণকে জলপ্রদানান্তে বামভাগে একটি ত্রিপত্র স্থাপন পূর্ব্বক ওঁ অমুকগোত্র নান্দীমুখ পিতরমুকদেবশর্ম্মন্নমুকগোত্র নান্দীমুখ পিতামহ অমুকদেবশর্ম্মন্নমুকগোত্র নান্দীমুখ প্রপিতা-

* অকাধ্যে 'অমুকদেবশর্ম্মা' উচ্চার্য্য।

মহ অমুকদেবশর্ম্মন্নেতত্তে দর্ভাসনং, ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে নমঃ, এই মন্ত্র দ্বারা উৎসর্গ করিতে হইবে।

মাতামহপক্ষেও এই প্রকারে ত্রিপত্রাসন-উৎসর্গ নিয়মে ধ গোত্র-সম্বন্ধ-নামোচ্চারণপূর্ব্বক উৎসর্গ করিবে।

তদনন্তর দৈবে—ওঁ বিশ্বান্ দেবানাবাহয়িষ্যে ? জিজ্ঞাসা করত— ওঁ আবাহয় (প্রতিবাক্য' ওঁ বিশ্বেদেবাস আগত ইত্যাদি আবাহন, মন্ত্র উচ্চারণ করিবে ও যব ছড়াইয়া দিবে। শেষে করপুট হইয়া,— ওঁ বিশ্বেদেবাঃ শৃণুতেমং হবং, —ইত্যাদি মন্ত্র পাঠ করিতে হইবে।

পুনর্ব্বার যবগ্রহণ পূর্ব্বক জলস্পর্শ করিয়া পিতৃপক্ষে,—ওঁ নান্দীমুখান্ পিতৄনাবাহয়িষ্যে ? জিজ্ঞাসা করত ওঁ আবাহয়, (অনুজ্ঞা প্রাপ্ত হইয়া,) ওঁ এত নান্দীমুখাঃ পিতরঃ সোম্যাসো গম্ভীরেভিঃ ইত্যাদি আবাহ নান্দীমুখান্ পিতৄন হবিষেঽত্তবে ইত ত্ত) মন্ত্রদ্বয় পড়িবে এবং আবাহন করত করপুট হইয়া, ওঁ আয়ান্তু নো নান্দীমুখাঃ পিতরঃ সোম্যাসোঽগ্নিষ্বাত্তাঃ পথিভির্দ্দেবযানৈঃ,অস্মিন্ যজ্ঞে পুষ্ট্যা মদন্তোঽধিব্রুবন্তু তেঽবন্ত্বস্মান্। ওঁ অপহতাসুরা রক্ষাংসি বেদিষদ এই মন্ত্রে যব বিকীরণ করিবে।

অর্ঘ্য। দৈবাদি ক্রমান্বয়ে দেবব্রাহ্মণ সন্নিধানে পশ্চিমাগ্র কুশার উপরিভাগে দুইটি এবং নিজ-সন্নিধানে পূর্ব্বাগ্র কুশার উপরিভাগে পিতৃপক্ষে তিন আর তদ্দক্ষিণে মাতামহপক্ষে তিন, এই ছয়টি অর্ঘ্যপাত্র স্থাপন পূর্ব্বক ওঁ পবিত্রে স্থো বৈষ্ণব্যৌ মন্ত্রে (নখ ভিন্ন পবিত্র ছেদন করত "ওঁ বিষ্ণুর্মনসা পূতেস্থ" মন্ত্রে একটু জল প্রক্ষেপ করিবে। এই ক্রমে অষ্টপাত্রে পবিত্র রাখিতে হয়।

ওঁ শন্নো দেবীরভীষ্টয়ে—এই মন্ত্র দ্বারা প্রত্যেক পাত্রের উপরিভাগে জল প্রদান করিবে। দৈবে,—ওঁ যবোঽসি যবয়াস্মদ্দ্বেষো যবয়া—মন্ত্র দ্বারা অর্ঘ্যপাত্রে যব দিবে। পুনর্ব্বার যবগ্রহণ পূর্ব্বক—

ওঁ যবোঽসি সোমদেবত্যো গোষবো দেবনির্ম্মিতঃ, প্রত্নমদ্ভিঃ পৃক্তঃ পুষ্ট্যা নান্দীমুখান্ পিতৄন লোকান্ প্রীণাহি নঃ স্বাহা. এই মন্ত্রে পিতৃপক্ষীয় প্রতি পাত্রে যব প্রদান করিবে। পরে দৈবাদি-

ক্রমে অমন্ত্রক গন্ধপুষ্প ও দূর্ব্বাদি দ্বারা অর্ঘ্য সাজাইয়া দিয়া, দৈবে —ওঁ অচ্ছিদ্রেঽর্ঘ্যপাত্রে স্তাং,পিতৃপক্ষে - ওঁ অচ্ছিদ্র অর্ঘ্যপাত্রাণি সন্তু, মাতামহপক্ষেও এই প্রকার বলিয়া অর্ঘ্যপাত্রের উপরিভাগে তিন দিকে তিনটি কুশা আচ্ছাদন পূর্ব্বক উঠাইয়া বামভাগে প্রক্ষেপ করিবে। 'ব্রাহ্মণহস্তে পবিত্রং' বলিয়া দেব-ব্রাহ্মণ-করে প্রাগগ্র পবিত্রদ্বয় প্রদান করত জলান্তর দিবে এবং 'এতে গন্ধপুষ্পে ওঁ শিরঃ প্রভৃতি সর্ব্বগাত্রেভ্যো নমঃ' উচ্চারণ পূর্ব্বক অর্চ্চনা করিতে হইবে।

তদনন্তর বামহস্ততলে দৈব অর্ঘ্যপাত্রদ্বয় উপর্য্যুপরি করিয়া উঠাইয়া লইয়া, —ওঁ যা দিব্যা ইত্যাদি মন্ত্র পাঠ করত মাটীতে রাখিয়া ধরিয়া ওঁ বসুসত্যৌ বিশ্বেদেবা এতদ্বোঽর্ঘ্যং নমঃ বলিয়া উৎস। করত অর্ঘ্য দৈব ক্ষীণ ব্রাহ্মণকেই প্রদান করিতে হইবে।

তৎপরে পিতৃব্রাহ্মণ করে তিলাগ্র পবিত্রত্রয় ও জলান্তর এবং পুষ্পান্তর প্রদান পূর্ব্বক যা দিব্যা মন্ত্র পাঠ করত ত্রিপত্রাবশিষ্ট অর্ঘ্য ধারণ করিয়া, —'অমুকগোত্র নান্দীমুখ পিতরমুকদেবশর্ম্ম-ন্নেতত্তেঽর্ঘ্যং ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে নমঃ, এই মন্ত্রে পিতৃ-ব্রাহ্মণকে একটি অর্ঘ্য প্রদান করিবে'। পিতামহ প্রপিতামহকেও যা দিব্যা —মন্ত্র পাঠ করিয়া অর্ঘ্য উৎসর্গ করত পৃথক্ পৃথক্ প্রদান করিতে হয়। মাতামহকেও পবিত্রদান, জলান্তর ও পুষ্পান্তর দিয়া, যা দিব্যা, —মন্ত্রপাঠ সহকারে অর্ঘ্য পৃথক্ পৃথক্ উৎসর্গ করিয়া তুলিয়া দিবে।

অনন্তর স্বীয় বামভাগে একটি কুশা স্থাপন পূর্ব্বক পিতামহাদির দুই পাত্রের অর্ঘ্যাবশিষ্ট জল পিতৃপাত্রে একত্র করত প্রপিতামহ-পাত্র দ্বারা উহা আবরণ করিবে এবং উল্টাইয়া বামভাগস্থ কুশার উপর স্থাপন করিবে। মন্ত্র, —'ওঁ নান্দীমুখেভ্যঃ স্থানমসি।'

গন্ধাদিদান।—দৈবে দুই যোড়া যজ্ঞের উপরিভাগে চন্দন ও পুষ্প রাখিয়া ধূপ দীপ জ্বালিয়া বস্ত্র ধরিয়া, —'ওঁ বসুসত্যৌ বিশ্বেদেবা এতানি বো গন্ধপুষ্পধূপদীপাচ্ছাদানি নমঃ' মন্ত্রে উৎসর্গ করিবে,ওঁ

এষ বো গন্ধঃ, ওঁ এতদ্বঃ পুষ্পং, ওঁ এষ বো ধূপঃ, ওঁ এষ বো দীপঃ, ওঁ এতদ্ব আচ্ছাদনং, এইরূপে ঐ পক্ষীয় এক ব্রাহ্মণকে দিবে।

পিতৃপক্ষে ঐ প্রকারে তিন যোড়া বস্ত্রাদি ধারণ করত, "ওঁ অমুকগোত্র নান্দীমুখ পিতরমুকদেবশর্ম্মন্নমুকগোত্র নান্দীখ পিতামহ অমুকদেবশর্ম্মন্নেতানি তে গন্ধপুষ্পধূপদীপাচ্ছাদনানি, ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে নমঃ" এই মন্ত্রে উৎসর্গ করত এষ তে গন্ধঃ - এই নিয়মে দিবে। মাতামহপক্ষেও এই প্রকার তিন যোড়া বস্ত্রাদি ধারণ পূর্ব্বক সম্বন্ধ-নামোল্লেখ করিয়া যথাক্রমে উৎসর্গ করিতে হইবে।

অন্নদান। - দৈবাদিক্রমে ব্রাহ্মণ-সন্নিহিত পরিষ্কৃত স্থলে (তিনপক্ষেই ঈশানকোণ হইতে দক্ষিণাবর্ত্তে জল দ্বারা মণ্ডল রচনা করত ভোজনপাত্র তিনটি ক্রমান্বয়ে স্থাপন করিবে।

ঘৃতসমন্বিত অন্ন লইয়া, দৈব ও পৈত্র ব্রাহ্মণের মধ্যস্থ জলে হোম করিবে, -"ওঁ অগ্নৌ করিষ্যামি" (ওঁ কুরুষ্ব প্রতি-বচন) 'ওঁ স্বাহা' আহুতি দিয়া,—ওঁ সোমায় পিতৃমতে' বলিবে। পুনর্ব্বার আহুতি দিয়া—'ওঁ অগ্নয়ে কব্যবাহনায়' বলিবে। অমন্ত্রক আর বারত্রয় হোম করিয়া,দৈবপাত্রে বারদ্বয়, পিতৃ ও মাতামহপক্ষীয় পাত্রে তিন তিনবার অমন্ত্রক (অভাবে তণ্ডুল) প্রদান করিবে। পিণ্ডার্থ হুতশেষ কিঞ্চিৎ স্থাপন করিতে হইবে।

দৈবাদিক্রমে তিনটি অন্নপাত্রে প্রত্যেকের উপরিভাগে অধোমুখ করদ্বয় আচ্ছাদন দিয়া,—'ওঁ পৃথিবী তে পাত্রং' ইত্যাদি মন্ত্র উচ্চারণ করিবে। পরে সোপকরণ অন্নাদি (নিরামিষ অন্নাদি ব্যবহার্য্য) দৈবাদি পাত্রক্রমে (তিনবার পরিবেশন করিয়া, জল-প্রক্ষেপ দিয়া প্রোক্ষণ করত—"ওঁ বিষ্ণো হব্যমিদং রক্ষ মদীয়ং বলিবে, পিতৃপক্ষে,—'ওঁ বিষ্ণো কব্যং রক্ষ' অথবা তিন পক্ষেই, —'ইদং বিষ্ণুর্বিচক্রমে ত্রেধা নিদধে পদং সমূঢ়মস্য পাংশুলে ইদং হবিঃ' বলিয়া অন্নে অধোমুখকরের (নখ ব্যতীত) অঙ্গুষ্ঠমধ্যদেশে স্থাপন করিবে: মাতামহপক্ষে এই প্রকার হইবে

তদনন্তর দৈবে অমন্ত্রক এবং পিতৃপক্ষে—ওঁ অপহতাসুরা-রক্ষাংসি বেদিষদঃ, এই মন্ত্রে অন্নোপরি যব দিবে। দৈব-অন্নে মধু-প্রদান পূর্ব্বক গায়ত্রীপাঠ সহকারে (মধুবাতা মন্ত্র না পড়িয়া) ওঁ মধু ওঁ মধু ওঁ মধু এইমাত্র মন্ত্র পাঠ করত, অন্নের উপর ত্রিপত্র, যব ও তুলসী দিয়া, উত্তরমুখ হইয়া এবং আবদ্ধ বামকর দ্বারা অন্ন-পাত্র ধরিয়া—"ওঁ বসুসত্যো বিশ্বেদেবো এতদ্বোঽন্নং সোপকরণং সযবোদকং নমঃ" মন্ত্রে অন্ন উৎসর্গ করিয়া দিয়া, ইদমন্নং ইমা আপ - এই মন্ত্র উচ্চারণ করিবে।

তৎপরে পিতৃপক্ষে, গায়ত্রী পাঠ করত ওঁ মধু বারত্রয় বলিয়া যব, ত্রিপত্র ও তুলসীবিশিষ্ট অন্নপাত্র ধারণ করিয়া "ওঁ অমুক-গোত্র নান্দীমুখ পিতরমুকদেবশর্ম্মনমু গোত্র নান্দীমুখ পিতামহ অমুকদেবশর্ম্মন্নমুকগোত্র নান্দীমুখ প্রপিতামহ অমুকদেবশর্ম্মন্নে-তদ্বোঽন্নং সোপকরণং সযবোদকং "যে চাত্র ত্বমনু যাংশ্চ ত্বামনু-তস্মৈ তে নমঃ।" ইদমন্নং ইমা আপ—ইত্যাদি পাঠ করিবে। মাতামহপক্ষেও এই নিয়ম।

তদনন্তর দৈবাদিক্রমে প্রত্যেককে জলপ্রদান পূর্ব্বক গায়ত্রী ও মধুবাতা মন্ত্রপাঠ সহকারে, 'ওঁ অন্নহীনং ক্রিয়াহীনং"—এই মন্ত্র উচ্চারণ করিবে। পুনশ্চ গায়ত্রী ও মধুবাতা মন্ত্র এবং যজ্ঞেশ্বরো হব্য প্রভৃতি শ্রাবা মন্ত্র পড়িতে পড়িতে ব্যঞ্জন, মধু ঘৃত, দধি, যব ও বদরসংযুক্ত পিণ্ড মাখিবে। (শ্রাবান্তর্গত সপ্তব্যাধা দশার্ণেষু -এই মন্ত্রটি আভ্যুদয়িকে পাঠ নাই।)

অনন্তর পিতৃব্রাহ্মণের দক্ষিণভাগে অর্থাৎ অগ্নিকোণে গুটিকতক প্রাগগ্রকুশা পাতিয়া ও অগ্নিদগ্ধাশ্চ যে জীবা—প্রভৃতি মন্ত্র দুইটি পাঠ করিয়া, সযব তুলসী, ত্রিপত্র ও জলের সহিত একটি পিণ্ড দিতে হইবে। 'ওঁ সম্পন্নং' এইটি জিজ্ঞাসা করিবে, (ওঁ সুসম্পন্নং, প্রতিবাক্য উচ্চার্য্য)

অবশেষে হস্ত-প্রক্ষালন, আচমন এবং দক্ষিণকর্ণ স্পর্শ করিয়া ব্রাহ্মণকে জল দিয়া গায়ত্রী ও মধুবাতা মন্ত্র উচ্চারণ করিবে।

'ওঁ শেষমন্নং ক দেয়ং' (জিজ্ঞাসা করিবে) 'ওঁ ইষ্টেভ্যো দীয়তাং, (প্রতিবচন।) "ওঁ পিণ্ডদানমহং করিষ্যে" প্রশ্ন করিবে, 'ওঁ কুরুষ্ব' (প্রতিবচন।) তদনন্তর পূর্ব্বমুখ কর্ত্তার নিকটে "ওঁ ইন্দ্রি সর্ব্বং"-মন্ত্রে ঈশানকোণ-সমীপস্থ জল দক্ষিণাবর্ত্তে ঐশান্যাক্রমে প্রাগগ্র মণ্ডল ত্রয় এবং তদ্দক্ষিণে অগ্নিকোণ সমীপস্থ স্থানে ঐ প্রকার অপর তিনটি মণ্ডল করিয়া- ওঁ ধর তারাবল্যাপাংসি বেদঃ ওঁ ইন্দ্রি সর্ব্ব'—প্রভৃতি মন্ত্রে ঐ মণ্ডলমধ্যে পবিত্র দ্বারা পূর্ব্বাগ্ররেখা অঙ্কিত করত উত্তরদিকে নিক্ষেপ করিতে হইবে।

তদনন্তর ঐ মণ্ডলদ্বয়ের উপর পূর্ব্বাগ্র কতিপয় কুশা বিস্তৃত করিয়া - ওঁ দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ মন্ত্র তিন তিনবার পাঠ করিবে।

"ওঁ এত নান্দীমুখাঃ পিতরঃ সোম্যাসো'—এই মন্ত্রে আবাহন পূর্ব্বক আস্তৃত কুশার উপরিভাগে যব ছড়াইয়া দিবে।

আস্তৃত কুশার মূলদেশ দৈবরীতিক্রমে ধারণ পূর্ব্বক,—"ওঁ অমুক গোত্র নান্দীমুখ পিতরমুকদেবশর্ম্মন্নবনেনিক্ষ্ব, ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে নমঃ" এই মন্ত্রে উহাতে জল প্রদান করিবে।

এই প্রকারে পিতামহাদি পঞ্চকের প্রত্যেকের গোত্র, সম্বন্ধ ও নামোচ্চারণ পূর্ব্বক আস্তৃত কুশার মূল, মধ্য, অগ্রদেশ ধারণ করত ঐ ঐ স্থলে পৃথক্ পৃথক্ যবসংযুক্ত জল দিবে।

অতঃপর ত্রিপত্র, তুলসী এবং ঘৃতযবমিশ্রিত হুতশেষসংবলিত পিণ্ড গ্রহণ পূর্ব্বক কেবল মধুবাতা এবং অক্ষন্নমী মদন্ত প্রভৃতি মন্ত্র দুইটি পাঠ করিয়া পূর্ব্বমুখ হইয়া দৈবতীর্থ দ্বারা, অমুক গোত্র নান্দীমুখ পিতরমুকদেবশর্ম্মন্নেষ তে সযবোদকপিণ্ডঃ, ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে নমঃ, এই প্রকারে মধুবাতা ও অক্ষন্নমী মন্ত্রপাঠ করত আস্তৃত কুশার মূল, মধ্য ও অগ্রভাগে এক এক করিয়া দুই পঙ্ক্তে,(পরস্পর কিঞ্চিৎ লগ্ন করত) ষট্‌পিণ্ড দান করিবে।

পিতৃপক্ষীয় আস্তৃত কুশার মূলদেশে "ওঁ লেপভুজো নান্দীমুখাঃ পিতরঃ প্রীয়ন্তাম্" এই মন্ত্রে লেপভাগী ঊর্দ্ধতন পুরুষগণের উদ্দেশে করঘর্ষণ পূর্ব্বক দিবে।

অনন্তর আচমন করিয়া পিণ্ডপাত্র-প্রক্ষালিত জল গ্রহণ পূর্ব্বক "ওঁ অমুকগোত্র নান্দীমুখ পিতরমুকদেবশর্ম্মন্নবনেনিক্ষ, ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে নমঃ" এই মন্ত্রে ক্রমান্বয়ে পিণ্ডোপরি পুনর্ব্বার পিতামহাদিপক্ষেও এই নিয়মে গোত্র, সম্বন্ধ ও নাম উচ্চারণ করিয়া পৃথক্ পৃথক্ জল দিতে হইবে।

ওঁ অত্র নান্দীমুখাঃ পিতরো মাদয়ধ্বং যথাভাগ মা বৃষায়ধ্বম্। ও অমী মদন্ত নান্দীমুখাঃ পিতরো বৎ আগমাবৃষাস্থিতঃ।"

এই মন্ত্রে বামাবর্ত্তে শিরোপরি যুক্তহস্ত ঘুবাইবে।

তৎপরে করপুটে প্রণাম করিবে,—"ওঁ নমো বো নান্দীমুখাঃ পিতরো নান্দীমুখাঃ পিতরো নমো বঃ, ওঁ গৃহান্নো নান্দীমুখাঃ পিতরো দত্ত, সদো বো নন্দীমুখাঃ পিতরো দিশ্মঃ।"

অনন্তর "ওঁ এতদ্বো নান্দীমুখাঃ পিতরো বাসঃ" এই মন্ত্রে প্রতি পিণ্ডোপরি সূত্র প্রদান পূর্ব্বক ধরিয়া "ও অমুকগোত্র নান্দীমুখ পিতরমুকদেবশর্ম্মন্নেতত্তে, ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে নমঃ।" এই নিয়মে পিতামহাদি পক্ষকেও ভিন্ন ভিন্ন ব স দিতে হয়।

পিণ্ডোপরি গন্ধ, পুষ্প ও তাম্বূল প্রদানান্তে তেজোময় পিতৃমূর্ত্তি চন্তা করিয়া করপুটে ওঁ বসন্তায় নমস্তভ্যং প্রভৃতি মন্ত্র পাঠ করিবে।

তৎপরে ওঁ সুস্নপ্রোক্ষিতমস্তু (সর্ব্বত্র) 'ওঁ অস্তু' (প্রতিবচন) এই মন্ত্রে ভূমিতে জল দিয়া, ওঁ শিবা আপঃ সন্তু—(সন্তু, প্রতিবাক্য) ব্রাহ্মণকে জল দিবে আর অক্ষতঞ্চারিষ্টাঞ্চাস্তু (ওঁ অস্তু প্রতি বাক্য) মন্ত্রে ব্রাহ্মণকে দূর্ব্বাসমন্বিত যব দিতে হইবে।

নিকটস্থ পাত্র হইতে ঘৃত, মধু ও যবসমন্বিত জল লইয়া—"ওঁ অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ কৃতেঽস্মিন্ শ্রাদ্ধে দত্তমদমন্নপানাদিকমক্ষয্যমস্তু।" এই বাক্যে ঐ পক্ষীয় ব্রাহ্মণকে দিবে। এই নিয়মে পিতামহাদি পক্ষকেরও গোত্র, সম্বন্ধ ও নামোচ্চারণ পূর্ব্বক ঐ পাত্র হইতে প্রত্যেকের জন্য ব্রাহ্মণকে পৃথক্ পৃথক্ সলিল প্রদান করিতে হয়।

"ওঁ অঘোরা নান্দীমুখাঃ পিতরঃসন্তু" (ওঁসন্তু প্রতিবচন।) "ওঁ

গোত্রং নো বর্দ্ধতাম্," (বর্দ্ধতাং প্রতিবাক্য।) অবশেষে পিত্রাদি-ক্রমে সপবিত্র কুশা প্রতি পিণ্ডের উপর প্রদান করত দৈবে,—"ওঁ নান্দীমুখাঃ পিতরঃ প্রীয়ন্তাং," (ওঁ প্রীয়ন্তাং প্রতিবাক্য।) বলিয়া, 'ওঁ নান্দীমুখেভ্যঃ প্রীয়ন্তাং, ও নান্দীমুখেভ্যঃ পিতামহেভ্যঃ প্রীয়ন্তাং ওঁ নান্দীমুখেভ্যঃ প্রপিতামহেভ্যঃ প্রীয়ন্তাং' কহিবে। এই প্রকার মাতামহপক্ষেও বলিয়া, 'ওঁ প্রীয়ন্তাং' (প্রতিবাক্য) শেষে একবার মাত্র বলিবে।

তৎপরে সেই উভয়পক্ষীয় সপবিত্র কুশাবৃত পিণ্ডোপরি "ওঁ উর্জ্জং বহন্তী"—এই মন্ত্রে অঞ্জলি করিয়া জলপ্রদান পূর্ব্বক তর্পণ করিবে এবং বামভাগস্থিত ন্যুব্জপাত্র খুলিয়া দিবে।

দক্ষিণান্ত।- পিতৃপক্ষে,—'ওঁ অদ্যেত্যাদি অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য নান্দীমুখস্য প্রপিতামহস্য অমুক-দেবশর্ম্মণঃ কৃতৈতৎ-আভ্যুদয়িকশ্রাদ্ধকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং দ্রাক্ষামলক-যবমূলমূল্যং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায় অহং দদানি।' মাতামহপক্ষেও এই প্রকার হইবে।

দৈবে -অদ্যেত্যাদি (ষট্‌পুরুষের নাম উচ্চারণ করত) আভ্যু-দয়িকশ্রাদ্ধে কৃতে ওঁ বসুসত্যয়োর্ব্বিশ্বেষাং দেবানাং কৃতৈতদাভ্যু-দয়িকশ্রাদ্ধকর্ম্মণঃ প্রতিষ্ঠায়াং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণু-দৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায় অহং দদানি।

দৈবে ব্রাহ্মণে কিঞ্চিৎ জল দিয়া, "ওঁ বিশ্বদেবাঃ প্রীয়ন্তাং" কহিবে। (প্রীয়ন্তাং প্রতিবাক্য।)

করযোড়ে পূর্ব্বমুখ হইয়া, ওঁ দাতারো নোঽভিবর্দ্ধন্তাম্— প্রভৃতি মন্ত্রপাঠ পূর্ব্বক আঘ্রাতপুষ্প শিরোপরি রাখিয়া,* ওঁ দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ - মন্ত্র বারত্রয় পড়িবে। বাজে বাজেঽবত বাজিনো নো- এই মন্ত্রে প্রথমে পিতৃপক্ষের, পরে মাতামহপক্ষীয় ব্রাহ্মণকে ত্রিপত্র দ্বারা স্পর্শ করত বিসর্জ্জন পূর্ব্বক অবশেষে দেবপক্ষে বিসর্জ্জন করিবে।

ওঁ আমাবাজস্য -প্রভৃতি মন্ত্র উচ্চারণ সহকারে করপুটে জল-ধারা দ্বারা কুশময় ব্রাহ্মণগণকে দক্ষিণাবর্ত্তে বেষ্টন করিবে।

অনন্তর "ওঁ পিতা স্বর্গঃ পিতা ধর্ম্মঃ" মন্ত্রে প্রণাম পূর্ব্বক, 'যেষাং শ্রাদ্ধং কৃতং তেষামক্ষয়ায়ৈ তৃপ্তয়ে পানীয়মন্নং অম্ভসি (গঙ্গায় - গঙ্গাজলে) সমর্পয়ামি।'

তৎপরে মহাদেবমন্দেবক্ষঋষি—মন্ত্রে শান্তিদান করত অচ্ছিদ্রাবধারণ এবং বৈগুণ্য সমাধান করিতে হইবে।

অনন্তর যথাসময়ে শেষভোজন করিবে, কিন্তু উপবাসদিনে শেষ আঘ্রাণ করিতে হইবে। আভ্যুদয়িক শ্রাদ্ধান্তে সন্ধ্যা এবং দানাদি কার্য্যকরণে দোষ নাই।

পিণ্ডহীন আভ্যুদয়িক। *

কুলাচারবশতঃ অথবা দেশকালাদির অনুরোধে অক্ষমতা প্রযুক্ত সম্পূর্ণ আভ্যুদয়িক করিতে অসমর্থ হইলে এইরূপে শ্রাদ্ধ তত্ত্বোক্ত পিণ্ডহীন শ্রাদ্ধও করিতে পারে।

অধিবাসাদির অবসানে (আভ্যুদায়িকোক্ত) বাস্তুপূজনাদির অর্চ্চনা হইতে আসনদানান্ত কর্ম্ম করিয়া, গন্ধাদি দান করত অগ্নৌকরণ ভিন্ন) অন্নপরিবেশন হইতে, অন্নহীনং ক্রিয়াহীনং-(এই মন্ত্রান্ত পর্য্যন্ত কর্ম্ম করিবে। অনন্তর পিতৃপক্ষীয় দক্ষিণান্ত হইতে অবিশিষ্ট ক্রিয়াগুলি সম্পন্ন করিতে হইবে।

পঞ্চপাত্রশ্রাদ্ধ।

কেবলমাত্র অপরপক্ষে মৃত পিতামাতার অথবা অমাবস্যাতে মৃত পিতামাতার বার্ষিক শ্রাদ্ধ পার্ব্বণবিধিতে কর্ত্তব্য (বিমাতা

* অসমর্থস্থলে পিণ্ডহীন পার্ব্বণাদিও করা যায়, কিন্তু তপায় ইহার স্থায় বিশেষ প্রমাণ না থাকায় কেবল পিণ্ডকাণ্ড হীন করিয়া অবশিষ্ট কার্য্য সম্পন্ন করিতে হয়।

প্রভৃতির নহে) ; কিন্তু মলমাসীয় ভাদ্রকৃষ্ণপক্ষমৃত ব্যক্তির বর্ষা-ন্তরে অপরপক্ষে মৃত তিথি হইলেও প্রেতপক্ষে মৃতত্বের অভাব হেতু ত্রৈপুরুষিক পার্ব্বণ হইবে না। কোন কোন ব্যক্তির মতে দত্তক পুত্র একোদ্দিষ্টবিধানে শ্রাদ্ধ করিবে।

ত্রৈপুরুষিক শ্রাদ্ধে কেবল দৈব ও পিতৃপক্ষের কার্য্য করিতে হইবে, মাতামহপক্ষ নাই। মাতার পার্ব্বণে মাতা, মাতামহী ও প্রপিতামহী এই তিনের শ্রাদ্ধ কর্ত্তব্য। ত্রৈপুরুষিক শ্রাদ্ধে ব্রাহ্মণ পাঁচটি অর্থাৎ দৈবে দুই ও পিতৃপক্ষে তিনটি, ভিন্ন ভিন্ন পাত্রে পার্ব্বণবিধানে স্থাপন করিতে হইবে।

অনুজ্ঞা।—অদ্যেত্যাদি অমুকতিথৌ অমুকগোত্রস্য পিতুরমা-বস্যা য়- (কিংবা প্রেতপক্ষক্ষয়) নিমিত্তক পার্ব্বণবিধিকসাংবৎ-সরিক শ্রাদ্ধার্থং অমুকগোত্রস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ (তিনপুরুষের নাম উল্লেখ করত) পার্ব্বণবিধিনা শ্রাদ্ধে কর্ত্তব্যে ও পুরূরবোমাদ্র-বসোর্বিশ্বেষাং দেবানাং পার্ব্বণবিধিকশ্রাদ্ধং দক্ষিণব্রাহ্মণয়োরহং দক্ষিণয়ব্রাহ্মণেহহং করিষ্যে।

নবান্নশ্রাদ্ধ।

আশ্বিনশুক্লপক্ষে [শরৎপক্ক নবীন ধান্যের অভাবে হৈমন্তিক ধান্য দ্বারা আর নূতন অভাবে (মুখ্যকালে) পুরাতন দ্বারাও] শ্রাদ্ধ করিবে। অক্ষম হইলে বৃশ্চিকস্থ ভাস্করে অথবা মকর বা কুম্ভস্থ রবিতে, তাহাতে অসমর্থ হইলে মেষস্থ সূর্য্যে কিংবা হরি-শয়নের অগ্রে শুক্লপক্ষে নবান্নশ্রাদ্ধ করিতে হয়।

নবান্নশ্রাদ্ধকারীর নবান্ন না হইলে, ঊর্দ্ধ্বর্ষীয় ধান্য দ্বারা দৈব-পৈত্র কার্য্য করা নিষিদ্ধ, সুতরাং দেহাশৌচে অনুবর্ষীয় ধান্যের অভাবে দুগ্ধফলমূলাদি দ্বারা প্রেতশ্রাদ্ধ করিতে হইবে। পুরাতন-ধান্যের অভাবে নূতন তণ্ডুল দ্বারা বলিবৈশ্বাদি ও ব্রাহ্মণকে ভোজ্যাদি দিয়া, ব্রাহ্মণের অনুজ্ঞা গ্রহণ পূর্ব্বক দেহাশৌচী ব্যক্তি নূতন আহারাদি করিতে পারেন।

নবান্নের উপযুক্ত দিনে, ব্যক্তিগত এই দোষসমূহ দেখিতে হইবে। যথা—জন্মচন্দ্রে, জন্মতিথিতে ও অষ্টমচন্দ্রে আর জন্মতারা ও প্রত্যরি-তারাত্রয়ে নবান্ন করা নিষেধ। অভাবপক্ষে এই দোষসমূহের প্রতিবিধানার্থ শঙ্খ, লবণ, শ্বেততণ্ডুলাদি যথাবিধানে উৎসর্গ পূর্ব্বক নবান্নারম্ভ করিতে হইবে।

দৈবে অনুজ্ঞা—অদ্যেতাদি অমুকদেবশর্ম্মণঃ (ষট্ পুরুষের নাম যথাক্রমে উল্লেখ করত) নবান্নাগমননিমিত্তক-পার্ব্বণবিধিনা শ্রাদ্ধে কর্ত্তব্যে ওঁ পুরূরবোমাদ্রবসোর্ব্বিশ্বেষাং দেবানাং নবান্না-গমন-নিমিত্তক-পার্ব্বণবিধিকশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণেঽহং করিষ্যে।

পিতৃপক্ষে অনুজ্ঞা।—অদ্যামুকে মাসি অমুকে পক্ষে অমুক-তিথৌ অমুকগোত্রস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ (প্রভৃতি তিন পুরুষের নাম লইয়া) নবান্নাগমননিমিত্তক-পার্ব্বণবিধিশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণে ঽহং করিষ্যে। মাতামহপক্ষেও এই প্রকার হইবে।

শ্রাদ্ধের অনধিকারী বা অশক্ত ব্যক্তিরা তদ্দিনে ভোজ্য উৎ-সর্গ করিবে, যথা—সঘৃত-সোপকরণ-ভোজ্যায় নমঃ, পূজা করিয়া অদ্যেতাদি—অমুকগোত্রস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ (ইত্যাদি ষট্ পুরুষের নাম করিয়া) নবান্নাগমন-নিমিত্তক-পার্ব্বণবিধিক-শ্রাদ্ধা-নুকল্পভোজ্যোৎসর্গবাসরে, [পুনর্ব্বার ষট্ পুরুষের ঐ প্রকার নাম লইয়া,] অক্ষয়স্বর্গকাম ইদং সঘৃত-সোপকরণ নবান্নাগমন-নিমিত্তকপার্ব্বণবিধিকশ্রাদ্ধানুকল্পভোজ্যমর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায় অহং দদানি॥

তদনন্তর শেষ উপকরণ ও তণ্ডুলাদি দধির সহিত একত্র করত ব্রাহ্মণ দ্বারা গায়ত্রী পাঠ করিয়া মাখাইয়া, ইষ্টদেব ও নারায়ণকে প্রদান পূর্ব্বক (বায়সপক্ষীকে কিঞ্চিৎ দিয়া), ব্রাহ্মণের অনুজ্ঞা লইয়া, স্বয়ং যথাকালে সেবন করিবে এবং জ্ঞাতিবর্গকে খাওয়াইবে।

কৃত্তিকা, জ্যেষ্ঠা এবং মূলানক্ষত্রে নবান্ন করিলে শ্রাদ্ধকর্ত্তা ব্যতীত অপর কেহ নবান্ন ভোজন করিবে না।

বৃষোৎসর্গ-ব্যবস্থাদি ।

আদ্য শ্রাদ্ধাহ অর্থাৎ অশৌচান্ত-দ্বিতীয়দিন, ত্রিপক্ষ (শুক্লা-দ্বিতীয়া তিথি হইলে, তৃতীয়পক্ষীয় কৃষ্ণা তৃতীয়া) ও ষষ্ঠমাসিকের তিথি এবং সপিণ্ডীকরণতিথি প্রেতবৃষোৎসর্গে এই চতুষ্টয় কাল, প্রেতবৃষোৎসর্গে মলমাসাদি অকাল-প্রতিবন্ধক নাই। কাম্য বৃষোৎসর্গ অকালে নিষিদ্ধ।

আষাঢ়ী ও কার্ত্তিকী পূর্ণিমা ; রেবতী-নক্ষত্রান্বিতা আশ্বিনী পূর্ণিমা, অয়ন, বিষুবসংক্রান্তি-চতুষ্টয়,ফাল্গুনী অষ্টকাতিথি এবং চন্দ্র-সূর্য্যের উপরাগকাল,এই সকল সময়ে দেবোদ্দেশ্যে বা পিতৃ-লোকের স্বর্গোদ্দেশ্যে কাম্য বৃষোৎসর্গ করিতে পারে। তত্তৎ সময়ে বৃষোৎসর্গ করিলে, পূর্ব্বাপর চতুর্দ্দশ পুরুষের উদ্ধার হয়। কাম্য বৃষোৎসর্গে বৃদ্ধিশ্রাদ্ধাদি কর্ত্তব্য।

সগোত্র বা ভিন্নগোত্র স্ত্রী বা পুরুষ যে ব্যক্তির মরণে অশৌচ হয়, সেই প্রেতেরই স্বর্গোদ্দেশ্যে বৃষোৎসর্গ করিতে হয়। পতি-পুত্রবতী স্ত্রীর স্বর্গার্থে চন্দনধেনু দান করিবে। বৃষোৎসর্গ না করিলে প্রেতত্ব দূর হয় না ; সুতরাং চন্দনধেনুদান স্থলে অন্য-দ্বারাও বৃষোৎসর্গ সম্পাদন করা সর্ব্বথা কর্ত্তব্য।

অবিকৃতাঙ্গ এবং জীববৎসা দুগ্ধবতীর এক বা দুই বর্ণবিশিষ্ট বলিষ্ঠ বৎসকেই নির্ব্বাচন করিবে। বৃষের অগ্রে রক্তবর্ণের বৎ-সতরী, উভয় পার্শ্বে শ্বেত-কৃষ্ণমিশ্রিত বর্ণের এবং পশ্চাদ্দিকে কৃষ্ণ-বর্ণের বৎসতরী, এইরূপ বৎসতরী চারিটি হওয়া উচিত। তদ্রূপ না পাইলে একটিতেও কার্য্য সিদ্ধ হয়।

বৃষোৎসর্গে সংকল্পের পর স্বস্তিবাচন করিতে হয়।

বেদী যজমানের হস্তের চতুর্হস্ত দীর্ঘ, চতুর্হস্ত প্রস্থ, এক হস্ত উচ্চ এবং গোময়োপলিপ্ত হইবে। বেদীর উপরিভাগে নারি-কেলাদিপত্র-শাখা দ্বারা মণ্ডপ রচনা করিবে এবং মণ্ডপের উ বিচিত্র নববস্ত্রাদি আচ্ছাদন করিয়া দিবে। বেদীর পূর্ব্বপার্শ্বে

পঞ্চশস্যবিক্ষিপ্ত, ফলপল্লবযুক্ত, দধ্যক্ষত বস্ত্র ও সিন্দূরাদি-ভূষিত পঞ্চ ঘট সংস্থাপন করিবে। উহার ঈশানকোণে পঞ্চপল্লব ও ফলাদি-সমন্বিত যুগ্মবস্ত্রাচ্ছাদিত শান্তিকুম্ভ স্থাপন পূর্ব্বক ঘটসমীপে সর্ব্বতোভদ্রমণ্ডল (অসামর্থ্য পক্ষে অষ্টদল পদ্ম) নির্ম্মাণ করিয়া, উহার উপর তাম্রাসনে রাখিবে স্বর্ণ-গোপাল-প্রতিমা (অভাবে শালগ্রামশিলা) রাখিতে হয়।

সমিধ —অঙ্গুষ্ঠপরিমিত স্থূল প্রাদেশপরিমিত দীর্ঘ, শাখাশূন্য ও ত্বক্‌সমন্বিত এবং একটি পত্রবিশিষ্ট ও কীটাদিবিহীন সমিধ প্রশস্ত।

কাংস্যপাত্রে অগ্নিগ্রহণ প্রশস্ত, অভাবে নূতন সরাবে লইবে। বস্ত্র, সূর্প বা কেবল হস্তসঞ্চালন দ্বারা বহ্নিপ্রজ্বালন নিষিদ্ধ। মৃণ্ময়ী বা তাম্রময়ী চরুস্থালীই প্রশস্ত। তণ্ডুল দেবতার জন্য বারত্রয়, মনুষ্যের জন্য বারদ্বয় এবং পিতৃলোকের জন্য একবার ধৌত করিবে।

সামবেদীয়-বৃষোৎসর্গ-প্রয়োগ।

শ্রাদ্ধকর্ত্তা স্নানান্তে জলাশয়-সমীপে অথবা বেদীর নিকটে পূর্ব্বাস্যে আসীন হইয়া চতুর্দ্ধাশান্তি, অঙ্গ-প্রায়শ্চিত্ত, বৈতরণী ও তিলকাঞ্চন সমাধা করত মধ্যাহ্ন-সন্ধ্যা (কেহ কেহ প্রাতঃসন্ধ্যাও করেন) ও নিত্যপূজা সমাপন করিবেন।

সঙ্কল্প।—বেদীসন্নিধানে কুশতিল-জলাদি গ্রহণ পূর্ব্বক উত্তরাস্য হইয়া, বীরাসনে উপবেশন করত সঙ্কল্প করিবে, যথা,—বিষ্ণুরোম্ তৎসদোমদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য প্রেতস্য অমুকদেবশর্ম্মণোঽশৌচান্তাদ্বিতীয়েঽহ্নি অমুকগোত্রস্য প্রেতস্য অমুকদেবশর্ম্মণঃ প্রেতলোকবিমুক্তস্বর্গলোকগমনকামঃ সোপকরণবৎসতরী-চতুষ্টয়-সহিত সোপকরণ-বৃষোৎসর্গমহং করিষ্যামি। ওঁ দেবো বো দ্রবিণোদাঃ পূর্ণাম্ বিবষ্ট্বা সিচং উত বা সিঞ্চধ্বমুপ বা পৃণুধ্বমাদিদ্বো দেব ওহতে॥

স্বস্তিবাচন।— কর্ত্তব্যেঽস্মিন্ সোপকরণ-বৎসতরী চতুষ্টয়-সহিত

সোপকরণ-বৃষোৎসর্গ-কর্ম্মণি ওঁ পুণ্যাহমিত্যাদি।—ওঁ সোমং রাজানং বরুণমগ্নিমন্বারভামহে আদিত্যং বিষ্ণুং সূর্য্যং ব্রহ্মাণঞ্চ বৃহস্পতিম্॥

(মহাভারতনামোচ্চারণ ও বিরাটপর্ব্ব পাঠের সংকল্পেও স্বস্তিবাচন পৃথক্ করা কর্ত্তব্য, কিন্তু পুরোহিতগণ 'কর্ত্তব্যেষেষু কর্ম্মসু ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু" ইত্যাদিক্রমে সকল ক্রিয়ায় একদা স্বস্তিবাচন করিয়া থাকেন।)

অদনন্তর যজমান কুশতিলাদি লইয়া অদ্যেত্যাদি মৎসঙ্কল্পিত-সোপকরণবৎসতরী চতুষ্টয়-সহিত-সোপকরণ বৃষোৎসর্গাঙ্গ-হোমীয়হবিরক্ষণত্ব-কামো দশধা 'মহাভারত'-নামোচ্চারণমহং করিষ্যে। (সঙ্কল্পান্তে দশবা 'মহাভারত' এই নামোচ্চারণ করিবে।)

পুনর্ব্বার যজমান কুশতিলাদি লইয়া, অদ্যেত্যাদিমৎসংকল্পিত-সোপকরণবৎসতরী চতুষ্টয় সহিত সোপকরণবৃষোৎসর্গাঙ্গ হোমীয়-হবিরক্ষণত্ব কামঃ শ্রীকৃষ্ণদ্বৈপায়নাভিধান মহর্ষি-বেদব্যাস প্রোক্ত-জয়াখ্যমহাভারতান্তর্গত-জনমেজয় উবাচ ওঁ কথং বিরাটনগরে মম পূর্ব্বপিতামহাঃ ইত্যাদি 'নগরং মৎস্যরাজস্য শুশুভে ভরতর্ষভ' ইত্যন্তং বিরাট্পর্ব্ব পাঠনামহং করিষ্যামি। কতিপয়শ্লোকপাঠে —"জনমেজয় উবাচ কথং বিরাটনগরে মম পূর্ব্বপিতামহাঃ ইত্যাদি বিরাটপর্ব্বীয়কতিপয়শ্লোকপাঠনামহং করিষ্যামি।"

বরণ।—পূর্ব্বমুখ যজমান উত্তরাস্য ব্রহ্মাকে বলিবে, "সাধু ভবানাস্তাম্", ব্রহ্মা বলিবেন, "সাধ্বহমাসে", যজমান "অর্চ্চয়িষ্যামো ভবন্তং" ব্রহ্মা "অর্চ্চয়"। যজমান ব্রহ্মাকে গন্ধপুষ্প-বস্ত্র দিয়া, দক্ষিণাতণ্ডুল দ্বারা ব্রহ্মার জানুদেশ ধারণ করত বলিবেন, "অদ্যেত্যাদি অমুকগোত্রস্য প্রেতস্য অমুকদেবশর্ম্মণোহশৌচান্তাদ্বিতীয়েহহ্নি মৎসঙ্কল্পিত-সোপকরণ-বৎসতরী-চতুষ্টয় সহিত-সোপকরণ-বৃষোৎসর্গাঙ্গ-হোমকর্ম্মণি ব্রহ্মকর্ম্মকরণায় অমুকগোত্রং শ্রীঅমুক-দেবশর্ম্মাণং গন্ধাদিভিরভ্যর্চ্চ্য ভবন্তমহং বৃণে।" ব্রহ্মা "বৃতোঽস্মি", কর্ত্তা "যথাবিহিতং ব্রহ্মকর্ম্ম কুরু" ব্রহ্মা "যথাজ্ঞানং করবাণি।"

এই নিয়মে অন্যান্য বরণ করিবে,—"হোত্রাদি-কর্ম্মকরণায়।" "তন্ত্রধারককর্ম্মকরণায়।" "সদস্যকর্ম্মকরণায়।" যজমান ব্যবহারানুসারে সঙ্কল্পিত ব্যক্তিগণকে যথা-নির্দ্দিষ্টক্রিয়ায় বাচনিক নিয়োগ করিবেন।

তদনন্তর হোতা নিজ আসনে বসিয়া পঞ্চগব্য শোধন করিবেন, যথা,—গায়ত্রী পড়িয়া গোমূত্র। ১। ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং— মন্ত্রে গোময়। ২। ওঁ আপ্যায়স্ব সমেতু তে—দুগ্ধ। ৩। ওঁ দধিক্রাব্ণো—দধি। ৪। ওঁ ঘৃতবতী-ঘৃত। ৫। ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্ব্বাহুভ্যাং পূষ্ণো হস্তাভ্যাং হস্তমাদধে। ৬। শেষোক্ত মন্ত্রে পঞ্চগব্যে কুশবারি দিয়া, পঞ্চগব্য একত্র সংযোগ করত ত্রিপত্রাগ্র দ্বারা লইয়া বেদী অভ্যুক্ষণ করিবে, মন্ত্র ওঁ বেদ্যা বেদিঃ সমাপ্যতে বর্হিষা বর্হিরিন্দ্রিয়ং যূপেন যূপ আপ্যায়তাং প্রাণীতেঽগ্নিরগ্নিনা।

পরে মহীদ্যৌঃ পৃথিবী চ ন ইমং যজ্ঞং মিমিক্ষতাং—ইত্যাদি মন্ত্রে ঘটস্থাপন করিবে। (ঘটস্থাপনক্রম,—ভূমিং ধান্যং ঘটঞ্চৈব সিন্দূরং পল্লবং তথা। জলং ফলং তথা পুষ্পং স্থিরীকরণমেব চ॥)

অনন্তর সামান্যার্ঘ্য হইতে স্নাসাদি যথাসাধ্য করত পঞ্চোপচারে বা দশোপচারে ঘটে আবাহন করিয়া গণেশাদির অর্চ্চনা করিবে, যথা,—গণেশ। দুর্গা। শিব। সূর্য্য। অগ্নি। কেশব। নবগ্রহ। ইন্দ্রাদি দশদিক্‌পাল।

তদনন্তর বিষ্ণুর ধ্যান করিবে—ওঁ বিষ্ণুং শারদচন্দ্রকোটিসদৃশং শঙ্খং রথাঙ্গং গদামম্ভোজং দধতং সিতাব্জনিলয়ং কান্ত্যা জগন্মোহনম্। আবদ্ধাঙ্গদহারকুণ্ডলমহামৌলিং স্ফুরৎ-কঙ্কণং, শ্রীবৎসাঙ্কমুদারকৌস্তুভধরং বন্দে মুনীন্দ্রৈঃ স্তুতম্॥ ষোড়শোপাচারে বিষ্ণুর অর্চ্চনা করিয়া, ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং মন্ত্রে বারত্রয় পুষ্পাঞ্জলি দিবে।

তৎপরে লক্ষ্মীর এবং রুদ্রের পূর্ব্ববৎ ষোড়শোপাচারে অর্চ্চনা করিবে।

হোমাদি— পূজা-দ্রব্যাদি অপসারণ করত অগ্নিস্থাপন-নিমিত্তক

স্থণ্ডিল প্রস্তুত করিয়া, রেখাকরণ, উৎকর-নিরসন, কাংস্যপাত্র বা নব-শরাবস্থ বহ্নি হইতে ক্রব্যাদাংশ-ত্যাগ, অগ্নিস্থাপন এবং 'অগ্নে ত্বং সাহসনামাসি' নামকরণ ও আবাহনাদি পূর্ব্বক সমিধ প্রক্ষেপ করিয়া ব্রহ্মস্থাপন করিবে।

চরুপাক—বহ্নির উত্তরে চরুপাত্র, স্রুক্, স্রুব, মেক্ষণ, ঘৃতপাত্র, সমিধ এবং দক্ষিণপশ্চিমে উদূখল মুষল ও সূর্পাদি সংগ্রহ করিয়া চমসস্থ জল দ্বারা প্রোক্ষিত তণ্ডুল প্রত্যেকের জন্য এক এক প্রসৃতি (এক এককোষার্দ্ধ-প্রমাণ) উদূখলে লইয়া, পশ্চাদুক্ত মন্ত্রে যথাক্রমে অবঘাত করিবে, যথা,—ওঁ অগ্নয়ে ত্বা জুষ্টং নির্ব্বপামি।১। ওঁ পূষ্ণে ত্বা জুষ্টং নির্ব্বপামি ২। ওঁ ইন্দ্রায় ত্বা জুষ্টং নির্ব্বপামি।৩ ওঁ ঈশ্বরায় ত্বা জুষ্টং নির্ব্বপামি ৪ বিনা মন্ত্রে আর দুই প্রসৃতি তণ্ডুলও পূর্ব্ববৎ অবঘাত করিবে। তৎপরে সূর্প দ্বারা বারত্রয় প্রস্ফোটন করত তিনবার বিশেষ প্রক্ষালনান্তে উত্তরাগ্র পবিত্র ও দুগ্ধযুক্ত চরুস্থালীতে ঐ তণ্ডুল কিঞ্চিৎ জল দ্বারা পাক করিবে। দক্ষিণাবর্ত্তে অবঘট্টন দ্বারা পাক সমাপ্ত হইলে প্রজ্বলিত কাষ্ঠের আলোক দ্বারা স্থালীমধ্য দর্শন করত উহাতে ঘৃতধারা দিয়া বহ্নির উত্তরে কুশার উপর রাখিয়া, পুনর্ব্বার স্থালীমধ্য দর্শন ও ঘৃত প্রদান করিবে।

পরে ভূমিজপ, ভূমিমার্জ্জন, দশদিকে তণ্ডুলক্ষেপ, ঘৃতসংস্কার, উদকাঞ্জলিসেক এবং বিরূপাক্ষজপান্ত কুশণ্ডিকা সমাধা করিতে হয়। তদনন্তর প্রকৃতকর্ম্মারম্ভে ঘৃতপ্রক্ষিত সমিধ অমন্ত্রক বহ্নিতে দিয়া, কুশি দ্বারা চারিবার ঘৃতবিন্দু লইয়া,—ওঁ অগ্নের স্বাহা মন্ত্রে বহ্নির উপর উত্তরভাগে পূর্ব্বাভিমুখী ঘৃতধারা দিবে। পুনর্ব্বার এইক্রমে কুশি দ্বারা ঘৃতবিন্দু-চতুষ্টয় লইয়া 'ওঁ সোমায় স্বাহা' মন্ত্রে অগ্নির দক্ষিণভাগে পূর্ব্বাভিমুখী ঘৃতধারা দিবে। (ভৃগুগোত্রভার্গব-প্রবর যজমান সম্বন্ধে ঘৃতবিন্দু চারিবার স্থলে পাঁচবার লইতে হয়।)

চরুহোম।—অগ্রে কুশিতে ঘৃতবিন্দু দিয়া, চরুমধ্যে ঘৃত প্রদান করত মেক্ষণ দ্বারা ঐ ঘৃতযুক্ত অন্ন লইয়া কুশিতে রাখিবে।

পরে স্থালীমধ্যে যে স্থান হইতে চরু লওয়া হইয়াছে, তথায় ঘৃত দিয়া শিষ্থিত চরুর উপর ঘৃত দিবে। (এইরূপ প্রায় সর্ব্বত্র বার; য় ঘৃত লইতে হয়, কিন্তু ভৃগুগোত্রদিগের বিশেষ এই যে, কুশিণ্ডি চরুর উপর শেষ ঘৃতদান দুইবার করিতে হয় বলিয়া, ঘৃতগ্রহণ উহাদিগের পাঁচবার ঘটিয়া থাকে)।

হোমমন্ত্র যথা,—ওঁ অগ্নয়ে স্বাহা। ১(পূর্ব্বক্রমে ঘৃত ও চরু লইয়া) ওঁ পুষ্ণে স্বাহা। ২। ওঁ ইন্দ্রায় স্বাহা।। ওঁ ঈশ্বরায় স্বাহা।৪। এই চরুহোমচতুষ্টয় করিয়া, তৎপরে কুশিতে কেবল ঘৃতবিন্দু চারিবার [ভৃগুগোত্রের (সর্ব্বত্র) পাঁচবার] লইয়া ওঁ সোমং রাজানং বরুণমগ্নিমন্বারভামহে আদিত্যং বিষ্ণুং সূর্য্যং ব্রহ্মাণঞ্চ বৃহস্পতিং স্বাহা।

পুনর্ব্বার পূর্ব্ববৎ কুশিতে চারিবাব চারিবার ঘৃত গ্রহণ পূর্ব্বক প্রত্যেক মন্ত্রে হোম করিবে, যথা,—ওঁ শুক্রং তেহন্যৎ যজতন্তেহন্যৎ বিষুরূপেহহনী দ্যৌরিবাসি। বিশ্বা হি মায়া অবসি স্বধাবন্ ভদ্রা তে পূষন্নিহ রাতিরস্তু স্বাহা। ওঁ ইন্দ্রা পর্ব্বতা বৃহতা রথেন বামী বর্ব (মারীরিষং) আহতং সুবীরাঃ। বীতং হব্যান্যধ্বরেষু দেবা বর্দ্ধেথাং গীর্ভিরিড়য়া মদন্তা স্বাহা। ওঁ আবোরাজানমধ্বরস্য রুদ্রং হোতারং সত্যযজং রোদস্যোঃ। অগ্নি পুরা তনয়িত্নোরচিত্তাদ্ধিরণ্যরূপমবসে কৃণুধ্বং স্বাহা॥

তদনন্তর কুশিতে একবার ঘৃতবিন্দু দিয়া মেক্ষণ দ্বারা স্থালীর ঈশানকোণ হইতে প্রচুরতর চরু লইয়া কুশিতে স্থাপন পূর্ব্বক উহার উপর ঘৃতস্রুবদ্বয় দিয়া 'ওঁ অগ্নয়ে স্বিষ্টিকৃতে স্বাহা' মন্ত্রে অগ্নির ঈশানকোণে হোম করিবে। (ভৃগুগোত্রেরা আদ্যন্তে দুই দুইবার ঘৃতবিন্দু দিবে।)

অনন্তর প্রাদেশপরিমিত ঘৃতাক্ত সমিধ বহ্নিতে দিয়া ঘৃত দ্বারা মহাব্যাহৃতিহোম করিবে,যথা,—প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভূঃ স্বাহা।১। প্রজাপতির্ঋষিরুষ্ণিকৃছন্দো বায়ুর্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভুবঃ স্বাহা। ২। প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দঃ সূর্য্যো দেবতা

মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ স্বঃ স্বাহা। এই প্রকৃত-কর্ম্মোক্ত হোম সম্পন্ন হইলে, অগ্নিতে সমিধ দিয়া মেক্ষণ অগ্নিতে ফেলিয়া দিবে।

প্রকৃত কর্ম্ম। বৎসতরীচতুষ্টয় * সহিত বৃষকে পূর্ব্বাভিমুখে বহ্নিসন্নিধানে আনয়ন পূর্ব্বক বৃষের দক্ষিণপাদের মূলদেশে দণ্ডোৎপল (দণ্ডকলস নামক বৃক্ষবিশেষের লেখনী) অভাবে অঙ্ককাষ্ঠিকা দ্বারা কুঙ্কুম অভাবে হরিদ্রা লইয়া ত্রিশূল অঙ্কিত করিবে, মন্ত্র যথা—ওঁ মানস্তোকে তনয়ে মা ন আয়ুষি মানো গোষু মানো ২শ্বেষু বীরান্মানো রুদ্র ভা মনো২বধীর্হবিষ্মন্তঃ সদমি (স) ত্বা হবামহে॥ বৃষের বামপাদমূলে পূর্ব্ববৎ হরিদ্রা দ্বারা চক্রাকার অঙ্কিত করিবে, মন্ত্র যথা,—ওঁ বৃষাহ্যসি ভানুনা দ্যুমন্তং ত্বা হবামহে। পবমানঃ স্বর্দৃশম্॥

অনন্তর উত্তপ্ত লৌহ দ্বারা হরিদ্রাঙ্কিত ত্রিশূল ও চক্রচিহ্ন গোপালক দ্বারা স্পষ্টরূপে অঙ্কিত করাইবে। ত কালে যজমান বেদীর ঈশানকোণ-সন্নিধানে হস্তপরিমিত গর্ত্তের চারিদিকে চারিটি উপযূপকাষ্ঠিকা দিয়া, যূপকে দৃঢ়রূপে প্রোথিত করিবে।†

তৎপরে যজমান কলসস্থ (অভাবে অন্যপাত্রস্থ) সর্ব্বৌষধি অভাবে চন্দনাদিসংযুক্ত সুগন্ধি জল-প্রক্ষেপ দ্বারা বৃষকে স্নান করাইবে, মন্ত্র যথা—ওঁ একো বৃষা বিরাজতি। ওঁ য এক ইদ্বিদয় তে (ইত্যু-দয়তে) বসু মর্ত্তায় দাশুষে। ঈশানো২প্রতিষ্কু (ষ্কু) ত ইন্দ্রো২ঙ্গ॥

তদনন্তর সর্ব্বৌষধি-জল দ্বারা বৎসতরী-চতুষ্টয়কে অমন্ত্রক স্নান

* অক্ষম ব্যক্তি একটি বৎসতরীও দিতে পারে, প্রমাণ যথা—
"ত্রিহায়ণীভির্ধ্বাভিশ্চতুর্ভিঃ সহ রূপবান্।
উৎস্রষ্টব্যো বৃষশ্চৈকস্তদভাবে একয়াপি বা॥"

† যূপের লক্ষণ শাস্ত্রে যেরূপ লিখিত আছে, এই স্থলে তাহা উদ্ধৃত হইল
"চতুর্হস্তো ভবেদ্যূপো যজ্ঞবৃক্ষসমুদ্ভবঃ।
বর্ত্তুলঃ শোভনঃ স্থূলঃ কর্ত্তব্যো বৃষমৌলিকঃ॥"

করাইয়া শুক্ল বসনদ্বয় দ্বারা বৃষকে আচ্ছাদন করত সালঙ্কৃত * বৃষস সন্নিধানে শ্রাব্য মন্ত্র পাঠ করিবে।

ওঁ সত্য মিথ্যা বৃষোদসি বৃষাজুতিনে ংহবিতা বৃষাহ্যগ্ন অশ্বিনে পরাবতি বৃষোহর্চ্চা বলি শ্রুতঃ॥ ওঁ বৃষোসোম (বৃষাদেব) ত্বমাং অসি বৃষাদেবো বৃষা ব্রতং বৃষা ধর্ম্মাণি দধ্রিসে॥ বৃষকে একবার বহিপ্রদক্ষিণ করাইবে এবং ঐ বৃষের পশ্চাৎ রক্তবর্ণের বৎসতরী-টিকেও প্রদক্ষিণ করাইতে হয়, অধিকন্তু পশ্চাদুক্ত নামাষ্টক দ্বারা গোদিগকে সম্বোধন করিবে, যথা—ওঁ কাম্যাসি প্রিয়াসি হব্যাসি ইড়াসি রন্তাসি সরস্বত্যাসি মহ্যসি বিশ্রুতিবসি॥

প্রদক্ষিণীকৃত ও বৃষাভরণসমন্বিত বৃষকে যূপে পূর্ব্বাভিমুখে বস্ত্র দ্বারা বন্ধন করিবে, সালঙ্কারা বৎসতরী-চতুষ্টয়কেও † যূপসংলগ্ন উপযূপ-চতুষ্টয়ে বন্ধন করিতে হয়। অনন্তর মাল্যাভরণাদিযুক্ত বৎসতরী সহিত বৃষকে পাদ্যাদি দ্বারা অর্চ্চনা করিবে, যথা.— এতৎ পাদ্যং সোপকরণ-বৎসতরীচতুষ্টয়সহিত-সোপকরণবৃষায় নমঃ। অর্চ্চনান্তে বৃষকর্ণে মন্ত্রপাঠ করিবে যথা,- ওঁ বৃষোহসি ভগবান্ ধর্ম্মশ্চতুষ্পাদঃ প্রকীর্ত্তিতঃ। বৃণোমি ত্বামহং ভক্ত্যা স মাং রক্ষতু সর্ব্বদা॥ হে বৎসতর্য্যো বো যুষ্মাকং এনং যুবানং পতিং স্বামিনং দদামি ত্যজামি ত্যক্তুং প্রার্থয়ামি তেন বৃষেণ প্রিয়েণ সহ ক্রীড়ন্তীঃ খেলন্ত্যঃ সুভগা লোকস্য প্রিয়াশ্চরথ (তৃণানি ভক্ষয়থ) ভ্রমথ হে বৎসতর্য্যো যূয়মপি মা নঃ নাস্মৎস্বত্ববিষয়া ভবিষ্যথ,; কিন্তু ময়া ত্যক্তব্যা বয়ং বৃষস্য বৎসতরীণাঞ্চ ত্যাগেন রায়স্পোষেণ ধনসমৃদ্ধ্যা সাপ্তজন্মুষা সপ্তজন্মব্যাপকেন ইষা অন্নেন চ সম্মদেম হৃষ্টা ভবেম॥

উক্ত মন্ত্রের অর্থ বোধ করিয়া মন্ত্র পাঠ করিবে, যথা—এনং

---

* বৃষালঙ্কার যথা—স্বর্ণশৃঙ্গ ২। রজতখুর ৪। তাম্রপৃষ্ঠ ১। কাংস্যক্রোড়। দর্পণ। ১ লৌহঘণ্টা। ১। চামর,। ১। লৌহনূপুর।

† বৎসতরীর অলঙ্কার যথা—মালা, চিরুণী, কাজললতা, ঝাঁপি, ঘুন্সী, কৌটা, ক্ষুদ্রদর্পণ।

যুবানমিত্যস্য যাজ্ঞবল্ক্যঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দো গাবো দেবতা বৃষোৎসর্গে বিনিযোগঃ। ওঁ এনং যুবানং বো দদামি তেন ক্রীড়ন্তীশ্চরথ প্রিয়েণ মানঃ সাপ্ত জনুষা সুভগা রায়স্পোষেণ সমিষামদেম ॥

তৎপরে যজমান কুশতিল-গন্ধ-পুষ্পাদি-সমন্বিত জলপাত্রে হস্ত স্থাপন পূর্ব্বক বৃষসংস্পৃষ্ট বস্ত্র বামকরে ধরিয়া বৃষ উৎসর্গ করিবে, যথা—বিষ্ণুরোম্ তৎসদোমদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুক-তিথৌ অমুকগোত্রস্য প্রেতস্য অমুকদেবশর্ম্মণোহশৌচান্তাদ্দ্বিতীয়ে-ঽহ্নি অমুকগোত্রস্য প্রেতস্যামুকদেবশর্ম্মণঃ প্রেতলোকবিমুক্তস্ব-র্গলোকগমনকাম এনং রুদ্রদৈবতং সোপকরণ-বৃষমহমুৎসৃজামি ॥

অনন্তর স্বাভা, পৌষ্ণী প্রভৃতি রৌদ্রী সংহিতাদি মন্ত্রবিশেষ ক্রমান্বয়ে বৃষকে শ্রবণ করাইবে। স্বাভা যথা,—ওঁ উপস্থা জাময়ো গিরো দেদীশতীর্হবিষ্কৃতঃ। বায়োরানীকে অস্থিরন্ ॥ পৌষ্ণী যথা,—ওঁ পরাবরা পবয়েনান্ বহূনিমাংশ্চ ত্ব ইন্দ্রো সরসি প্রধয়ঃ. ব্রয়শ্চিদ্ যস্য বাতো ন জূতিং পুরুমেধাশ্চিত্তকরেণ বন্ধাঃ ॥ পাদ্যং যথা—ওঁ প্রসম্রাজং চর্ষণীনামিন্দ্রং স্তোতা নব্যং গীর্ভিঃ। নরং নৃষাহং মংহিষ্ঠম্ ॥ বাষাহবাদ্যং যথা,—ওঁ অচিক্রদদ্বৃষা হরির্মহান্ মিত্রো অদর্শতঃ। সংসূর্য্যেণ দিদ্যুতে ॥ সোমঃ পৌষং যথা,—ওঁ সোমঃ পূষা চিচেতভুর্বিশ্বাসাং সুক্ষিতীনাম্। দেবত্রা রথ্যোর্হিতাঃ ॥ গবাং ব্রতং যথা,—ওঁ তে মন্বত প্রথমং নাম গোনাং ত্রিঃ সপ্ত পরমং নাম জানন্ তা জানতীরভ্যনূষতক্ষা আবির্ভুবন্নরুণীর্যশসা গাবঃ ॥

ওঁ অগ্নি মীলে পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্বিজম্। হোতারং রত্ন-ধাতমম্। রুদ্রাধ্যায়-ঋকচতুষ্টয়ং যথা,—ওঁ আবো রাজানমধ্বরস্য রুদ্রং হোতারং সত্যযজং রোদস্যোঃ। অগ্নিং পুরাতনয়িত্নোরচিত্তা-দ্ধিরণ্যরূপমবসে কৃণুধ্বম্। ১। ওঁ তদ্বোগায় সু তে সচা পুরুহূতায় সৎস্বনে। শং যদ্গবেন শাকিনে। ২। ওঁ মূর্দ্ধানং দিবো অরতিং পৃথিব্যা বৈশ্বানর-মৃত আজাতমগ্নিম্। কাবং সম্রাজমতিথিং জনা নামাসন্না পাত্রং জনয়ন্ত-দেবাঃ। ৩। অধিপতে মিত্রপতে ক্ষত্রপতে স্বঃপতে ধনপতে নমঃ। ৪। বামদেব্যং যথা,—ওঁ কয়া নশ্চিত্র দূতীঃ

সদাবৃধঃ সখা। কয়াশচীষ্ঠয়া বৃতা। ওঁ কস্থা সত্যো মদানাং মংহিষ্ঠো মৎসদন্ধসঃ। দৃঢ়াচিদারুজে বসু। ওঁ অভীষুণঃ সখীনামবিতা জরিতৃণাম্। শতং ভবা্সঃ স্যূতয়ে। ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ব-বেদাঃ স্বস্তি নস্তার্ক্ষ্যোঽরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দধাতু। ওঁ যথেষ্টং যূথং পর্য্যট। এই মন্ত্রে বৎসতরী-চতুষ্টয়সমন্বিত বৃষকে যূপ হইতে মোচন করত ঈশানদিকে কিঞ্চিৎ সঞ্চালন করিবে।

অনন্তর করপুটে কহিবে,—ওঁ ন খাদেঃ পরশস্যানি নাক্রামে গর্ভিণীঞ্চ গাম্॥ পরে যজমান বৃষকে প্রদক্ষিণ করত পুটাঞ্জলি হইয়া মৎস্যপুরাণীয় মন্ত্র বলিবে,—ওঁ ধর্ম্মোঽসি ত্বং চতুষ্পাদ চতস্রাস্তে প্রিয়াস্থিমাঃ। চতুর্ণাং পোষণার্থায় ময়োৎসৃষ্টাস্ত্বয়া সহ। দেবানাঞ্চ পিতৃণাঞ্চ মনুষ্যাণাঞ্চ যোষিতঃ। ভূতানাং তৃপ্তিজননাস্ত্বয়া সার্দ্ধং বজস্থিমাঃ। নমো ব্রহ্মণ্য দেবেশ পিতৃভূতর্ষিপোষক। ত্বয়ি মুক্তেঽক্ষয়া লোকা মম সন্তু নিরাময়াঃ। মা মে ঋণোঽস্তু দৈবোঽথ পৈত্রো ভৌতোঽথ মানুষঃ। ধর্ম্মস্ত্বং ত্বৎপ্রপন্নস্য যা গতিঃ সাস্তু মে ধ্রুবা। যৎকিঞ্চিৎ দুষ্কৃতং কর্ম্ম লোভ-মোহকৃতং ভবেৎ। তস্মাদুদ্ধৃত্য দেবেশ পিতুঃ স্বর্গং প্রযচ্ছ মে। যাবন্তি তব রোমাণি শরীরে সম্ভবন্তি চ। তাবদ্বর্ষ-সহস্রাণি স্বর্গে বাসোঽস্তু মে পিতুঃ॥

তৎপরে ভবিষ্যপুরাণীয় মন্ত্র পাঠ করিবে, যথা—

পুণ্যক্ষয়াদিহাগত্য পিতা মে সর্ব্বধর্ম্মবিৎ। দশজন্মনি বিপ্রত্বং প্রাপ্য শ্রৌতক্রিয়ারতঃ॥ ততঃ প্রক্ষীণ-কর্ম্মাসৌ মোক্ষমাপ্নোত্বসংশয়ম্॥

তদনন্তর আচারানুসারে প্রাচীনাবতী, উত্তরীয়বিহীন, পাতিতবামজানু ও দক্ষিণামুখ হইয়া কুশময় মোটক ও তিলসমন্বিত বৃষপুচ্ছসংস্পৃষ্ট জল তাম্রাদি পাত্রে লইয়া,দক্ষিণাগ্র কুশত্রয়ের উপর তর্পণ করিবে, যথা,—"বিষ্ণুরোম্ অমুকগোত্রং প্রেতং অমুকদেবশর্ম্মাণং বৃষপুচ্ছগলিতসতিলোদকেন (সতিলগঙ্গোদকেন) তর্পয়ামি।" এই মন্ত্রে বারত্রয় তর্পণ করিবে। তৎপরে বিপরীত-

উত্তরীয় ধারণ করত পশ্চাদুক্ত মন্ত্রে ঐ জল দ্বারা বারত্রয় তর্পণ করিতে হয়, যথা,—ওঁ স্বধা পিতৃভ্যো মাতৃভ্যো বন্ধুভ্যশ্চাপি তৃপ্তয়ে। মাতৃপক্ষাশ্চ যে কেচিৎ যে চান্যে পিতৃপক্ষজাঃ। গুরু-শ্বশুরবন্ধূনাং যে কুলেষু সমুদ্ভবাঃ। যে প্রেতভাবমাপন্না যে চান্যে শ্রাদ্ধবর্জ্জিতাঃ। বৃষোৎসর্গেণ তে সর্ব্বে লভন্তাং প্রীতিমুত্তমাম্ ॥

উদীচ্য।—প্রকৃতকর্ম্ম বৃষোৎসর্গ শেষ হইলে, হোতা বহ্নিতে বিনা মন্ত্রে সমিধ প্রদান করত মহাব্যাহৃতি-হোম করিয়া উদীচ্য-কর্ম্ম করিবে। সঙ্কল্প যথা,—কুশতিলাদিসমন্বিত জলে হস্ত রাখিয়া,—অদ্যেত্যাদি—অশৌচান্তাদ্দ্বিতীয়েঽহ্নি অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ সঙ্কল্পিতসোপকরণবৎসতরীচতুষ্টয়সহিতসোপ-করণবৃষোৎসর্গাঙ্গহোম-কর্ম্মণি যদ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় ব্যস্ত-সমস্ত-মহাব্যাহৃতিভিঃ প্রায়শ্চিত্ত-হোমমহং করিষ্যামি।

পরে করপুটে কহিবে,—'অগ্নে ত্বং বিধুনামাসি' বিধুনামাগ্নে ইহাগচ্ছাগচ্ছ ইত্যাদি ক্রমে আবাহন করত অর্চ্চনা করিয়া, মহাব্যাহৃতিহোমকরণানন্তর প্রায়শ্চিত্ত-হোম করিবে, যথা,—প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দেবতা মহাব্যাহৃতিভিঃ প্রায়-শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ ভূঃ স্বাহা। প্রজাপতির্ঋষিরুষ্ণিক্ ছন্দো বায়ুর্দেবতা মহাব্যাহৃতিভিঃ প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ ভুবঃ স্বাহা। প্রজাপতির্ঋষিরনুষ্টপ্ ছন্দঃ সূর্য্যো দেবতা মহা-ব্যাহৃতিভিঃ প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ স্বঃ স্বাহা। প্রজা-পতির্ঋষির্বৃহতীচ্ছন্দঃ প্রজাপতির্দেবতা ব্যস্তসমস্তমহাব্যাহৃতিভিঃ প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ ভূর্ভুবঃস্বঃ স্বাহা।

পূর্ব্ববৎ সমিধ প্রক্ষেপ করত মহাব্যাহৃতিহোম করিবে। তৎ-পরে নবগ্রহহোম, দশদিক্পালহোম ও প্রত্যক্ষদেবতা-হোম সমা-ধানন্তর জলাঞ্জলি দ্বারা অগ্নিপর্য্যুক্ষণ ও উদকাঞ্জলিসেক এবং দর্ভজুটিকাহোম পর্য্যন্ত কার্য্য সমাধা করিবে। *

পূর্ণাহুতি।—'ওঁ অগ্নে ত্বং মৃড়নামাসি' অগ্নির নামকরণ,আবা-

---

* এই সকল হোমের মন্ত্রাদি প্রকীর্ণ অংশে দ্রষ্টব্য।

হন ও অর্চ্চনা করিয়া যজমান কর্ত্তৃক অন্বারব্ধহস্ত দ্বারা দ্বাদশমূল-সংস্পৃষ্ট হোতা ফল-তাম্বূল সমন্বিত প্রচুর ঘৃত লইয়া পূর্ণাহুতি দিবে, মন্ত্র যথা —প্রজাপতির্ঋষির্বিরাড়্ গায়ত্রীচ্ছন্দ ইন্দ্রো দেবতা যশস্কামস্য যজনীয়প্রয়োগে বিনিয়োগঃ। ' পূর্ণহোমং যশসে জুহোমি যোঽস্মৈ জুহোতি বরমস্মৈ দদাতি। বরং বৃণে যশসা ভামি লোকে স্বাহা ॥

পূর্ণপাত্র দক্ষিণা ব্রহ্মাকে প্রদান পূর্ব্বক —"ব্রহ্মন্ ক্ষমস্ব" জল দ্বারা ব্রহ্মবিসর্জ্জন এবং বহ্নিতে জল দিয়া,—"অগ্নে ত্বং সমুদ্রং গচ্ছ" "পৃথ্বি ত্বং শীতলা ভব" মন্ত্রে দুগ্ধাদি স্থণ্ডিলের ঈশানদিকে দিবে। তৎপরে হুতশেষ দ্বারা তিলকদানান্তে শান্তিদান করিবে।

বরণদক্ষিণান্ত।—যজমান মুদ্রাদি অর্চ্চনা পূর্ব্বক অদ্যেত্যাদি অশৌচান্তাদ্দ্বিতীয়েঽহ্নি কৃতৈতৎ-মৎসঙ্কল্পিতসোপকরণ-বৃৎসতরী-চতুষ্টয়-সহিত সোপকরণবৃষোৎসর্গাঙ্গ-হোমকর্ম্মণি ব্রহ্মকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণাং তৎকাঞ্চনমূল্যং রজতখণ্ডমর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং অমুকগোত্রায় অমুকদেবশর্ম্মণে ব্রহ্মণে তুভ্যমহং সম্প্রদদে। পরে হোত্রাদিকর্ম্মণঃ সাঙ্গতার্থং—এই ক্রমে তন্ত্রধারক ও সদস্যসম্প্র-দানক দক্ষিণা প্রদান করিবে। হোতা প্রভৃতি "ওঁ স্বস্তি" বলিয়া দক্ষিণা গ্রহণ করিবেন। তদনন্তর বিরাটের ও মহাভারতনাম জপের দক্ষিণান্ত করিতে হয়।

মূলদক্ষিণা।—অদ্যেত্যাদি—কৃতৈতৎমৎসঙ্কল্পিত-সোপকরণ বৎসতরী-চতুষ্টয়-সহিত-সোপকরণ-বৃষোৎসর্গকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণাং তৎকাঞ্চনমূল্যং—ইত্যাদি।

মতান্তরে যজমান এই বাক্যগুলি ব্রাহ্মণদিগকে শুনাইবেন, যথা,—অস্মিন্ কর্ম্মণি যৎকিঞ্চিৎ ময়োৎসৃষ্টঞ্চ নির্জ্জনে। তৎকশ্চি-দজ্ঞো ন নয়েদ্বিভজ্যঞ্চ যথাক্রমম্। ন বাহ্যং ন চ তৎক্ষীরং পাতব্যং কেনচিৎ ক্বচিৎ ॥

পরে অচ্ছিদ্রাবধারণ করিয়া, বৈগুণ্যসমাধান করত প্রীয়তাং পুণ্ডরীকাক্ষ—ইত্যাদিরূপে বিষ্ণুস্মরণ করিবে।

আদ্যশ্রাদ্ধদিন হইলে এই সময়ে প্রেতের আদ্যশ্রাদ্ধ এবং ব্রাহ্মণাদিভোজন করাইতে হয়।

চন্দন-ধেনুদানপ্রয়োগ *

যজমান চতুর্দ্ধি-শান্তি প্রভৃতি অশৌচান্ত-দ্বিতীয়-দিনের কার্য্য ও নিত্যকার্য্যসমাপনান্তে বেদি-সন্নিধানে উত্তরাস্যে বসিয়া গণেশাদিকে গন্ধপুষ্প দিয়া—কর্ত্তব্যেঽস্মিন্ চন্দনাঙ্কিত-ধেনুদানকর্ম্মণি পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু ওঁ পুণ্যাহং (৩) ইত্যাদিরূপে স্বস্তিবাচন করিবে। তৎপরে সংকল্প করিতে হয়।

সঙ্কল্প।—বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রায়াঃ প্রেতায়াঃ অমুক্যা অশৌচান্তাদ্দ্বিতীয়েঽহ্নি অমুকগোত্রায়াঃ প্রেতায়াঃ অমুকীদেব্যা প্রেতলোকবিমুক্তিপূর্ব্বকস্বর্গলোকগমনকামঃ সোপকরণ-চন্দনাঙ্কিত-ধেনুদানমহং করিষ্যামি। পরে স্বশাখোক্ত সংকল্পসূক্ত পাঠ করিবে।

অনন্তর কুশ-জলাদি লইয়া,—অদ্যেত্যাদি—চন্দনাঙ্কিত-ধেনুদাননিমিত্তক-হোমীয়-হবিরক্ষয়ত্বকামো দশধা মহাভারতনামোচ্চারণমহং করিষ্যে। 'মহাভারত' এই বাক্য দশধা জপ করিবে। তৎপরে বিরাটের সংকল্প করিবে।

বরণ। যজমান উত্তরমুখ ব্রহ্মাকে গন্ধ-পুষ্প-বস্ত্রাদি দ্বারা পূজা করিয়া তদীয় জানু ধারণ করত বলিবে,—অদ্যেত্যাদি অমুকগোত্রায়াঃ প্রেতায়া অমুকীদেব্যা অশৌচান্তাদ্দ্বিতীয়েঽহ্নি মৎসঙ্কল্পিতসোপকরণ-চন্দনাঙ্কিত-ধেনুদান-কর্ম্মাঙ্গহোমকর্ম্মণি ব্রহ্মকর্ম্মকরণায় অমুকগোত্রং শ্রীঅমুকদেবশর্ম্মাণমভ্যর্চ্চ্য ভবন্তমহং বৃণে। ব্রহ্মা ওঁ

---

* পতিপুত্রবতী রমণীর মৃত্যু হইলে চন্দনধেনু দান করা প্রাচীনগণের অনুমোদিত। স্মার্ত্তমতে এক পুত্র স্থলে বৃষোৎসর্গ করিতে হয়। একাধিক পুত্র বিদ্যমানে সক্ষমস্থলে জ্যেষ্ঠ পুত্র চন্দনধেনু দান ও অন্য পুত্রেরা বৃষোৎসর্গ করিবে। উভয় কর্ম্মে অশক্ত হইলে কেবল বৃষোৎসর্গ করাই উচিত। নিবৃত্তরজস্কা (৬০ বর্ষের অধিকবয়স্কা) নারীর মৃত্যু হইলে প্রাচীনমতেও বৃষোৎসর্গ করা ব্যবস্থা। তাদৃশ স্থলে চন্দনধেনু দান করিবে না।

বৃতোঽগ্নি' কহিবে। এই প্রণালীতে হোতা, তন্ত্রধার ও সদস্তকে বরণ করিতে হয়।

পরে স্ব স্ব বেদীয় বৃষোৎসর্গলিখিত বিধানে পঞ্চগব্য-শোধন, ঘটস্থাপন ও গণেশাদির অর্চ্চনা করত বিষ্ণু, লক্ষ্মী ও রুদ্রের পূজা করিবে। তৎপরে স্ব স্ব বেদীয় বিধানে অগ্নিস্থাপন পূর্ব্বক বৃষোৎসর্গপদ্ধতিক্রমে হোমাদি সমাধা করিবে।

প্রকৃত কর্ম্ম।—সবৎসা ধেনুকে বেদীর নিকটে পূর্ব্বাভিমুখী করিয়া রাখিবে। তৎপরে হোতা কুশা দ্বারা শ্বেতচন্দন লইয়া,—"ওঁ মানস্তোকে তনয়ে মান আয়ুষি মানো গোষু মানো অশ্বেষু রীরিষঃ। রীরাম্মানো * হবিষ্মন্তঃ সদসি ত্বা হবামহে।" এই মন্ত্রে ধেনুর বাম সক্‌থিনী (বামপদমূলদেশ) স্থানে ষড়ঙ্গুলপরিমিত ত্রিশূল অঙ্কিত করিবে। পুনর্ব্বার কুশা দ্বারা চন্দন গ্রহণ পূর্ব্বক—ওঁ বৃষাহসি ভামুনা দ্যুমন্তং ত্বা হবামহে। পবমানঃ স্বর্দৃশম্। এই মন্ত্রে ধেনুর দক্ষিণপাদমূলে পঞ্চাঙ্গুলিপরিমিত গোলাকার চক্র অঙ্কিত করিতে হয়।

এই কালে যজমান বেদীর ঈশানকোণে সবৎস-ধেনু চিহ্নিত বৃপ আরোপণ করাইবে।

তৎপরে যজমান বৃষোৎসর্গোক্ত বৃষস্নানমন্ত্রে ধেনুকে স্নান করাইবে, মন্ত্র যথা,—ওঁ একো বৃষা বিরাজতি। ওঁ যে এক ইদ্দয়তে বসুমর্ত্তায় দাশুষে। ঈশানোঽপ্রতিষ্কৃত ইন্দ্রোঽঙ্গঃ।

অনন্তর বস্ত্র দ্বারা ধেনুর দেহমার্জ্জনা করত গন্ধদ্রব্য, চন্দন, পুষ্পাঞ্জলি, সিন্দূর, গোরোচনা, স্বর্ণশৃঙ্গদ্বয়, রৌপ্যখুর, কাংস্যক্রোড়, তাম্রপৃষ্ঠ, ঘণ্টা, চামর, বস্ত্র, প্রবাল ও মণি-মাণিক্যাদি দ্বারা ধেনুকে অলঙ্কৃত করিয়া,—"এতৎ পাদ্যং ওঁ ধেনবে নমঃ" ইত্যাদিরূপে পাদ্যাদি দ্বারা ধেনুর অর্চ্চনা করিয়া, বৃষোৎসর্গোক্ত শ্রাব্য মন্ত্র তিনটি পড়িবে, যথা,—ওঁ সত্য মিথ্যা বৃষোদসি। ১। বৃষাদেব জ্যমাং অসি। ২। ওঁ, কাম্যাসি

* বীরাম্মান স্থলে যজুর্ব্বেদীয়েরা বীরাম্ পাঠ করিবে।

প্রিয়াসি। ৩। তৎপরে ধেনুকে প্রাঙ্মুখী করিয়া বসন দ্বারা যূপে বন্ধন করিবে। অনন্তর যজমান উত্তরাভিমুখ হইয়া, ধেনুর মস্তকাদিক্রমে অঙ্গদেবতার অর্চ্চনা করিবে, যথা—শিরসি ওঁ ব্রহ্মণে নমঃ। এইরূপ ললাটে বৃষধ্বজায়। কর্ণয়োঃ অশ্বিনীকুমারাভ্যাম্। চক্ষুষোঃ শশিভাস্করাভ্যাম্। জিহ্বায়াং সরস্বত্যৈ। দন্তে বসুভ্যঃ। ওষ্ঠয়োঃ সন্ধ্যায়ৈ। গ্রীবায়াং নীলকণ্ঠায়। হৃদি স্কন্দায়। রোমকূপেষু ঋষিভ্যঃ। দক্ষিণপার্শ্বে কুবেরায়। বামপার্শ্বে বরুণায়। রোমাগ্রে রশ্মিভ্যঃ। উরুষু ধর্ম্মায়। জঙ্ঘাসু অধর্ম্মায়। শ্রোণিতটে পিতৃভ্যঃ। খুরমধ্যে গন্ধর্ব্বেভ্যঃ। খুরাগ্রে অপ্সরোভ্যঃ। লাঙ্গুলে দ্বাদশাদিত্যেভ্যঃ। গোময়ে মহালক্ষ্ম্যৈ। গোমূত্রে গঙ্গায়ৈ। পয়োধরেষু চতুঃসাগরায়।

পরে কৃতাঞ্জলি হইয়া কহিবে,—ওঁ ইন্দ্রস্য চ ত্বমিন্দ্রাণী বিষ্ণোর্লক্ষ্মীশ্চ যা স্থিতা। রুদ্রস্য গৌরী যা দেবী সা দেবী বরদাস্তু মে॥ ওঁ যা লক্ষ্মীর্লোকপালানাং যা চ দেবেষবস্থিতা। ধেনুরূপেণ সা দেবী তস্যাঃ পাপং ব্যপোহতু॥ দেহস্থা যা চ রুদ্রাণী শঙ্করস্য সদা প্রিয়া। ধেনুরূপেণ সা দেবী তস্যাঃ শান্তিং প্রযচ্ছতু। ওঁ সর্ব্বদেবময়ী দোগ্ধ্রী সর্ব্বলোকময়ী তথা। ধেনুরূপেণ সা দেবী তস্যাঃ স্বর্গং প্রযচ্ছতু।

তদনন্তর যজমান ওঁ আচার্য্যায় নমঃ বলিয়া গন্ধ-পুষ্পাদি দ্বারা সম্প্রদানীয় হোমকর্ত্তা আচার্য্যকে অর্চ্চনা করিবে।

'ওঁ রুদ্রায় নমঃ' বাক্যে অধিপতি দেবতাকে অর্চ্চনা করত ত্রিপত্র দ্বারা ধেনুর অঙ্গে জলের ছিটা দিয়া, ধেনু দান করিবে, যথা—

সবস্ত্রালঙ্কৃত-বৎসসহিতচন্দনার্চ্চিতধেনবে নমঃ, এই প্রণালীতে বারত্রয় প্রোক্ষণ ও পূজা করিয়া, তদধিপতয়ে রুদ্রায় নমঃ, সম্প্রদানায় আচার্য্যায় নমঃ, গন্ধপুষ্প দিয়া বিষ্ণুরোম্ তৎসদোমদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রায়াঃ প্রেতায়াঃ অমুক্যাঃ অশৌচান্তাদ্বিতীয়েঽহ্নি অমুকগোত্রায়াঃ প্রেতায়াঃ

অমুক্যাঃ প্রেতলোকবিমুক্তি-পূর্ব্বকস্বর্গলোকগমনকামঃ এতাং সবস্ত্রালঙ্কৃতচন্দনাঙ্কিত-সবৎসাং ধেনুং রুদ্রদেবতাকাং অমুক-গোত্রায় শ্রীঅমুকদেবশর্ম্মণে আচার্য্যায় ব্রাহ্মণায় তুভ্যমহং সম্প্রদদানি। কর্ত্তা আচার্য্য-করে জল দিবে। গৃহীতা ধেনুর পুচ্ছ ধরিয়া, সপ্রণব গায়ত্রী পাঠ করত "ধেনুরিয়ং রুদ্র দেবতাকা" বলিবে এবং (স্বশাখোক্ত) কামস্তুতিমন্ত্র পাঠ করিবে, যথা—ওঁ ক ইদং কস্মা অদাৎ কামঃ কামায়াদাৎ কামো দাতা কামঃ প্রতিগৃহীতা কামঃ সমুদ্রমাবিশৎ কামেন ত্বাং প্রতিগৃহ্লামি কামৈতত্তে॥*

অনন্তর যজমান দক্ষিণমুখ ও বিপরীতোত্তরীয় হইয়া ধেনু-পুচ্ছগলিত সতিল জল দ্বারা তিনবার তর্পণ করিবে, যথা—ওঁ অমুকগোত্রাং প্রেতাং অমুকীদেবীং এতৎসচন্দনাঙ্কিত-ধেনুপুচ্ছ গলিতোদকেন তর্পয়ামি। পুনর্ব্বার ঐ ক্রমে পশ্চাল্লিখিত মন্ত্রে তিনবার তর্পণ করিবে, যথা ওঁ স্বধা পিতৃভ্যো, মাতৃভ্যো বন্ধুভ্য শ্চাপি তৃপ্তয়ে, মাতৃপক্ষাশ্চ যে কেচিৎ যে চান্যে পিতৃপক্ষজাঃ। গুরুশ্বশুর-বন্ধূনাং যে কুলে চ সমুদ্ভবাঃ। যে প্রেতভাবমাপন্না যে চান্যে শ্রাদ্ধবর্জ্জিতাঃ। ধেনুৎসর্গেন তে সর্ব্বে লভন্তাং প্রীতিমুত্তমাম্॥

ধেনুদানের দক্ষিণান্ত।—দক্ষিণা অর্চ্চনা করিয়া, অদ্যেত্যাদি কৃতৈতৎ-সালঙ্কৃতচন্দনাঙ্কিতসবৎসধেনুদানকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণাং তৎগোমূল্যং কাঞ্চনমর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং অমুকগোত্রায় শ্রীঅমুকদেবশর্ম্মণে আচার্য্যায় ব্রাহ্মণায় তুভ্যমহং সম্প্রদদানি। আচার্য্য ওঁ স্বস্তি বলিয়া দক্ষিণা লইবেন।

অনন্তর বৃষোৎসর্গোক্ত স্নাভা, পৌষ্ণী প্রভৃতি ও রুদ্রাধ্যায়, ঋক্-

---

* যজুর্ব্বেদী কামস্তুতি যথা—

"ওঁ দ্যৌস্ত্বা পরিদদাতু পৃথিবী ত্বা পরিগৃহ্লাতু ও কোহদাৎ কস্মা অদাৎ কামঃ কামায়াদাৎ কামো দাতা কামঃ প্রতিগৃহীতা কামৈতত্তে তব কামশতাং ভুঞ্জামহে॥"

ঋগ্বেদীয় কামস্তুতি যথা—সামবেদীয় কামস্তুতির শেষে "ওঁ বৃহিরসি দ্যৌস্ত্বা পরিদদাতু পৃথিবী ত্বা পরিগৃহ্লাতু" পাঠ করিবে।

চতুষ্টয় এবং বামদেব্য মন্ত্র লইয়া পঞ্চদশসংখ্যায় লিখিত শ্রাব্য মন্ত্র সকল পাঠ করিবেন।

তৎপরে হোতা উদীচ্য কর্ম্ম করিবেন,—সঙ্কল্পে—অদ্যেত্যাদি অমুকগোত্রায়াঃ প্রেতায়াঃ অমুক্যাঃ অশৌচান্তাদ্বিতীয়েঽহ্নি অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ (যজমানের নামোল্লেখ করিয়া) সঙ্কল্পিতসোপকরণচন্দনাঙ্কিত-ধেনুদান-কর্ম্মাঙ্গ হোমকর্ম্মণি যদ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় ব্যস্তসমস্তমহাব্যাহৃতিভিঃ প্রায়শ্চিত্ত-হোমমহং করিষ্যামি।

উদীচ্যকর্ম্মসমাধানান্তে যজমান বরণদক্ষিণা প্রদান করিয়া,—অদ্যেত্যাদি কৃতৈতৎ-মৎসঙ্কল্পিত-সোপকরণ চন্দনাঙ্কিত সবৎস ধেনু-দানকর্ম্মণঃ সাঙ্গতার্থং ইত্যাদিক্রমে মূলদক্ষিণা করিয়া, অচ্ছিদ্রাবধারণ, বৈগুণ্যসমাধান ও বিষ্ণুস্মরণ করিবে।

ইতি শ্রাদ্ধপ্রকরণ সমাপ্ত।

একাদশ বল্লী

অশৌচ ও প্রায়শ্চিত্ত-ব্যবস্থা

অশৌচ।

অশৌচ দুই প্রকার,—জননাশৌচ ও মৃতাশৌচ। দাহাধিকার, মুমূর্ষুকৃত্য, অন্ত্যেষ্টিক্রিয়া ও সপিণ্ডাধিকার, এই কয়েকটি মৃতাশৌচের অন্তর্গত। এইগুলি বিশেষরূপে পরিজ্ঞাত থাকা আবশ্যক।

দাহাধিকার।

মরণান্তে দাহ হইতে আরম্ভ করিয়া সপিণ্ডীকরণ পর্য্যন্ত সমস্ত ক্রিয়ার অধিকারী জ্যেষ্ঠপুত্র। তদভাবে কনিষ্ঠ পুত্র, পৌত্র, প্রপৌত্র অপুত্রা স্ত্রী বা সপুত্রা স্ত্রী। তদভাবে অদত্তা তনয়া, তদভাবে দত্তা তনয়া, দৌহিত্র, জ্যেষ্ঠভ্রাতা, কনিষ্ঠভ্রাতা, বৈমাত্রেয় ভ্রাতা, তদভাবে সহোদর-পুত্র, তদভাবে বৈমাত্রেয় ভ্রাতৃপুত্র, তদভাবে পিতা, মাতা, পুত্রবধূ, তদভাবে অদত্তা পৌত্রী, দত্তা পৌত্রী, তদভাবে অদত্তা প্রপৌত্রী, দত্তা প্রপৌত্রী, তদভাবে পিতৃব্য, পিতামহ, সপিণ্ড জ্ঞাতি, সমানোদক সগোত্র, মাতামহ, মাতামহী, মাতুল, ভাগিনেয়, মাতামহ-সপিণ্ড ও তৎসমানোদক, তদভাবে বাগ্দত্তা স্ত্রী, শ্বশুর, জামাতা, পিতামহীভ্রাতা, গুরু, শিষ্য, পুরোহিত, আচার্য্য, মিত্র, সখা, একগ্রামবাসী সজাতীয় ও বেতনগ্রাহী সজাতীয় ব্যক্তি এই প্রকারে যথাক্রমে অধিকারী হইয়া থাকে।

নারীজাতির দাহাদি ক্রিয়ায় জ্যেষ্ঠপুত্রই অধিকারী, তদভাবে

ক্রমান্বয়ে কনিষ্ঠ পুত্র, পৌত্র, প্রপৌত্র, অদত্তা তনয়া, বাগ্দত্তা তনয়া, দত্তা তনয়া, দৌহিত্র, সপত্নীপুত্র, পতি, পুত্রবধূ, সপিণ্ড ও সমানোদক, সগোত্র, পিতা, ভ্রাতা, সহোদরা, ভ্রাতৃভগিনীতনয়া, পতির ভ্রাতা, তৎপুত্র, স্বামীর ভাগিনেয়, জামাতা, পতির মাতুল, পতির শিষ্যাদি পিতৃমাতৃবংশীয়বর্গ ক্রমান্বয়ে অধিকারী হইবে।

অগ্নিদাতাই প্রেতের পিণ্ডদানে অধিকারী। অক্ষম হইলে মৃতের পুত্রাদিরা পূরকপিণ্ডদান করিবে। পূরকদান অশৌচমধ্যে কর্ত্তব্য ; বিঘ্নবশতঃ না হইলে আদ্যশ্রাদ্ধের পূর্ব্বে কর্ত্তব্য।

পূরকপিণ্ডদান।

অশৌচমধ্যে যে দশপিণ্ড দিতে হয়, তাহারই নাম পূরকপিণ্ড।

ত্র্যহাশৌচে।— ১ম দিনে ১, ২য় দিনে ৪, ৩য় দিনে ৫, কিংবা ১ম দিনে ৩, ২য় দিনে ৪, ৩য় দিনে ৩টি পূরকপিণ্ড দিবে।

চতুরহাশৌচে।—১ম দিনে ২, ২য় দিনে ৩, ৩য় দিনে ৩ এবং চতুর্থ দিনে দুই পিণ্ড দিবে।

পঞ্চাহাশৌচে।—১ম দিনে ১, ২য় দিনে ২, ৩য় দিনে ৪, ৪র্থ দিনে ২, ৫ম দিনে একটি পিণ্ড দিবে।

ষড়হাশৌচে।—১ম দিনে , ২য় দিনে ৩, ৩য় দিনে ১, ৪র্থ দিনে ৩, ৫ম দিনে ১ এবং ৬ষ্ঠ দিনে একটি পিণ্ড দিবে।

সপ্তাহাশৌচে।—১ম দিনে ১, ২য় দিনে ১, ৩য় দিনে ২, ৪র্থ দিনে ২, ৫ম দিনে ২, ষষ্ঠ দিনে ১ এবং সপ্তম দিনে একটি পিণ্ড দিবে।

অষ্টাহাশৌচে।—১ম দিনে ১, ২য় দিনে ১, ৩য় দিনে ১, ৪র্থ দিনে ২, ৫ম দিনে ২, ৬ষ্ঠ দিনে ১, ৭ম দিনে ১ এবং ৮ম দিনে ১ পিণ্ড দিবে।

নবাহাশৌচে।—১ম দিনে ১, ২য় দিনে ১, ৩য় দিনে ১, ৪র্থ

দিনে ১, ৫ম দিনে ২, ৬ষ্ঠ দিনে ১, ৭ম দিনে ১, ৮ম দিনে ১ এবং ৯ম দিনে ১টি পিণ্ড দিবে।

দশাহাশৌচে।—প্রথমাবধি দশাহ পর্য্যন্ত প্রত্যহ এক পিণ্ড দিবে।

পক্ষিণী অশৌচে।—দুই দিবস পঞ্চ পঞ্চ এবং ত্র্যহাশৌচেও ঐ প্রকার দাতব্য।

দ্বাদশাহশৌচে।—১ম দিন হইতে ৯ম দিন পর্য্যন্ত ৯টি পিণ্ড এবং অশৌচান্ত-দিবসে ১টি পিণ্ড প্রদান করিবে। বৈশ্যের পক্ষে এবং শূদ্রের পক্ষেও এই বিধি। সদ্যঃশৌচ স্থানে অথবা একাহাশৌচস্থানে সেই দিনেই সমস্ত পিণ্ড প্রদান করিতে হয়।

পূরকপিণ্ডপ্রদানের নিয়ম। মুষ্টিদ্বয় তণ্ডুল বারত্রয় ধৌত করিয়া মৃত্তিকাপাত্রে উৎকৃষ্টরূপে পাক করিতে হইবে। ঈশানদিকে পাক করিতে হয়। তদনন্তর বিশুদ্ধহস্ত হইয়া বিপরীত উত্তরীয় করত ভূমে জানু পাতিয়া দক্ষিণাস্যে উপবিষ্ট হইবে। তৎপরে চতুর্দ্দিকে একহস্তপ্রমাণ ও চারি অঙ্গুলা উচ্চ এবং দক্ষিণদিক্ নিম্ন এই প্রকার বেদী করিয়া কুশজল নিক্ষেপ করিবে। পরে তাহার উপর নৈর্ঋত-ক্রমে চারিকোণ রেখা করত কুশ আস্তীর্ণ করিয়া"অমুকগোত্র প্রেত অমুকদেবশর্ম্মন্নবনেনিক্ষ্ব"এই মন্ত্রে তিলসংযুক্ত জল প্রদান করিবে। তদনন্তর তিল, মধু ও ঘৃতসমন্বিত বিল্বপত্রপ্রমাণ তপ্তপিণ্ড গ্রহণ পূর্ব্বক "অদ্যেত্যাদি অমুকগোত্রস্য প্রেতস্যামুকদেবশর্ম্মণঃ এতত্তে প্রথমং পিণ্ডপূরকং" এই মন্ত্রপাঠ সহকারে কুশার উপর দিবে। তৎপরে পুনর্ব্বার হস্তপ্রক্ষালিত জল ঐ অবনেনিক্ষ্ব মন্ত্রে পিণ্ডের উপর দিবে। পরে ঊর্ণাতন্তুময় বাস গ্রহণ পূর্ব্বক "অমুকগোত্র প্রেতামুকদেবশর্ম্মন্নেতত্তে ঊর্ণাতন্তুময়ং বাস" এই মন্ত্রে পিণ্ডের উপর প্রদান করিবে। তদনন্তর কাঁচা মৃত্তিকাপাত্রে পিণ্ডসন্নিধানে জল স্থাপন করিবে। পিণ্ডের উপর শক্ত্যানুসারে গন্ধপুষ্প দিয়া ধূমোদগম পর্য্যন্ত পিণ্ডসমীপে থাকিয়া দেখিবে। পরে জলে বিসর্জ্জন পূর্ব্বক গৃহে আসিতে হয়। অনুপনীত ব্যক্তি বা অবিবাহিতা

কুশাস্তরণ ভিন্ন পিণ্ড দিবে। অষ্টমবর্ষ বয়ঃক্রম অতীত হইলেই কুশার উপর পিণ্ড প্রদান করিতে হয়। ঐ বয়সের মধ্যে উপনয়ন হইলে এবং কন্যার বিবাহ হইলে কুশাস্তরণের উপর পিণ্ড দিতে পারে।

মুমূর্ষু-ক্রিয়া।

মরণের অব্যবহিত পূর্ব্বে বৈতরণী করিতে হয়। উহা দ্বারা নরকোদ্ধার হয়। কি পবিত্র কি অপবিত্র সর্ব্বাবস্থাতেই বৈতরণী করিতে পারে। অক্ষম হইলে অপর ব্যক্তি পবিত্রভাবে করিবে। সবৎসা ধেনুদানই উহার ব্যবস্থা। অক্ষম হইলে একটিমাত্র ধেনু দাতব্য। সবৎসা ধেনু দান করিতে হইলে স্বর্ণশৃঙ্গ, রৌপ্যখুর, কাংস্যক্রোড, তাম্রপৃষ্ঠ ইত্যাদি দ্বারা শোভিত করিয়া সবস্ত্র করত দিবে। ধেনুপ্রদানে অক্ষম হইলে তন্মূল্যস্বরূপ এক কাহন কপর্দ্দকদান বিধি।

অগ্নিযোগ-ব্যবস্থা।

দুই বৎসরের ন্যূনবয়স্ক বালক-বালিকার মৃত্যু হইলে গ্রামের বাহিরে পবিত্র স্থানে পুতিয়া রাখিবে, দাহ করিবে না।

কুশপুত্তলিদাহ।

যাহাকে মরণান্তে দাহ করা হয় নাই অথবা যাহার অস্থি পাওয়া যায় নাই, তাহার উদ্ধারকরণার্থ কুশপুত্তলিদাহ কর্ত্তব্য। শরপত্র দ্বারা একটি পুত্তলি গঠিয়া মস্তকে ৪০টি, গলে ১০টি, বক্ষঃপ্রদেশে ৩০টি, জঠরে ২০টি, বাহুতে ১০০টি, অঙ্গুলীতে ১০টি, কোষে ৬টি, শিশ্নে ৪টি, উরুতে ১০০টি, জানুজঙ্ঘাতে ৩০টি এবং চরণাঙ্গুলীতে ১০টি পলাশপত্র দিয়া মেষলোমজ সূত্রে বেষ্টন করত যবপিষ্টের লেপ দিবে এবং পুত্তলির শিরোদেশে একটি [illegible] নারিকেল দিতে হয়। তৎপরে দাহ করিবে।

সদ্যঃশৌচ।

নৃপতির নৃপতিকর্ম্মে, ব্রতীর ব্রতে, শিল্পীর শিল্পক্রিয়ায়, দেব-প্রতিষ্ঠা ও বিবাহসময়ে, যাজ্ঞিকের যজ্ঞে, পূর্ব্বসংকল্পিত কোন ব্রতসময়ে, রাজাজ্ঞাকারীর রাজার ইচ্ছায়, দাসদাসীর দাস্যকরণ-সময়ে এবং চিকিৎসকের চিকিৎসাতে সপিণ্ডের মরণ হইলে অশৌচ হয় না, কেহ কেহ সদ্যঃশৌচের ব্যবস্থা দেন।

বিদ্যুদনলে, অভিশাপে, দুর্ভিক্ষে, রাজহীন রণে ও রাষ্ট্রবিপ্লবে মরিলে সপিণ্ডের সদ্যঃশৌচ ব্যবস্থেয়।

বহু যন্ত্রণাতে মরিলে, আপদে মৃত্যু হইলে অথবা উপসর্গ হেতু মরিলে সদ্যঃশৌচ ব্যবস্থেয়।

চাতুর্ব্বর্ণাশৌচ।

(সূর্য্যোদয়ের অগ্রে অশৌচ হইলে পূর্ব্বদিবস হইতে গণনা করিবে; কেন না, অশৌচের দিনস্থির না হইলে অশৌচগ্রহণ কিরূপে হইবে ?)

ব্রাহ্মণের পক্ষে দশাহ, ক্ষত্রিয়ের দ্বাদশ দিন, বৈশ্যের পক্ষ আর শূদ্রের পক্ষে একমাস পূর্ণাশৌচ ব্যবস্থেয়। বিদেশে জন্ম বা মরণ হইলে যে দিবস সংবাদ জ্ঞাত হওয়া যায়, সেই দিন হইতে আরম্ভ করিয়া অশৌচের অবশিষ্ট কয় দিবস আশৌচগ্রহণই জ্ঞাতিগণের কর্ত্তব্য। যদি জননাশৌচ গত হইলে সংবাদ আইসে, তবে অশৌচগ্রহণ করিবে না, পরন্তু আপনার পুত্রজন্মসমাচার অশৌচাবসানে জ্ঞাত হইলে কেবল স্নান পূর্ব্বক বিশুদ্ধ হইবে। অশৌচাবসানে সপিণ্ডের মরণ-সংবাদ পাইলে ত্রিরাত্র অশৌচ, একবর্ষাভ্যন্তরে সপিণ্ডের মরণসংবাদ শুনিলে ত্রিরাত্র অশৌচ গ্রাহ্য, তৎপরে সংবাদ পাইলে সদ্যঃশৌচ গ্রহণ করিবে। কিন্তু পিতা, মাতা কিংবা জ্ঞাতিমরণ-সংবাদ পাইলেও ত্রিরাত্রি অশৌচ গ্রাহ্য।

গর্ভস্রাবাশৌচ।

দ্বিতীয়মাসে, তৃতীয়মাসে, চতুর্থমাসে, পঞ্চমমাসে অথবা ষষ্ঠ-মাসে গর্ভস্রাব ঘটিলে যে কয় মাসের গর্ভ, সেই কয় দিন অশৌচ-গ্রহণান্তে বিপ্রাণীর ১ দিন, ক্ষত্রিয়ার দুই দিন, বৈশ্যার ৩ দিন এবং শূদ্রাণীর ৬ দিন অতিরিক্ত থাকে। ছয়মাসের মধ্যে গর্ভস্রাব হইলে যে কয় মাসের গর্ভ, তত দিন অশৌচ গ্রহণীয়। ছয়মাসের পর অষ্টমমাসের মধ্যে স্রাব হইলে সেই রমণী স্ব স্ব জাতিবিহিত পূর্ণাশৌচ গ্রহণ করিবে। এতদ্ব্যতীত সপিণ্ডের সদ্যঃশৌচ, নির্গুণের এক দিন আর যথেচ্ছাচারীর তিন রাত্রি বিহিত। যদি সপ্তম অথবা অষ্টমমাসে গর্ভে মৃত হইয়া ভূমিষ্ঠ হয়, তবে সকলেই পূর্ণাশৌচ গ্রহণ করিবে। নবম-দশম মাসেও এই ব্যবস্থা। (গর্ভস্রাবের কাল অষ্টমমাস পর্য্যন্ত নিরূপিত।)

সহমরণাশৌচ।

নারীজাতির সহমরণে অথবা অনুমরণে তদীয় জ্ঞাতি, তনয় তাঁহারা ত্রিরাত্রি অশৌচ গ্রহণ করিবে, কিন্তু বিপ্রাণীর অনুমরণ নাই, সহমরণ আছে। পতিমরণাশৌচ সহমরণাশৌচ অপেক্ষা প্রধান, কারণ গুরু অশৌচে লঘু অশৌচের শেষ হইয়া থাকে। সংগ্রামাদিতে মৃত স্বামীর লঘু অশৌচ হইলেও সহ-গমন করিলে সহমরণাশৌচ গ্রাহ্য নহে, পরন্তু পৃথক্ চিতায় আরূঢ় হইলে ত্রিরাত্রি অশৌচ ব্যবস্থা।

সপিণ্ডাদ্যশৌচ।

কি মৃত্যু, কি জন্ম, সকল অবস্থাতেই সাপিণ্ডের পূর্ণাশৌচ হয়, সাকুল্যের ত্রিরাত্রি আর গোত্রজের স্নানমাত্রে শুদ্ধি হইবে।*

*সমালোচকের নিবৃত্তিভাব অর্থাৎ নামমাত্র প্রত্যুত্তরে ইহা পুনঃ বলা যায়। অশৌচাবস্থার মধ্যে বিপ্রের পক্ষে ব্যবস্থাই লিখিত হইল, ক্ষত্রিয়াদির নিজ নিজ জাতিবিহিত অশৌচের বিভাগমতে ব্যবস্থা নিরূপণ করিয়া লইতে হইবে

নারীবিষয়কাশৌচ।

পুত্র কিংবা কন্যার জননে ব্রাহ্মণী, ক্ষত্রিয়া, বৈশ্যা ইহাদের দশ দিন এবং শূদ্রাণীর ৩ দিন অস্পৃশ্যত্ব থাকে। বিপ্রাণী, ক্ষত্রিয়া ও বৈশ্যা পুত্রপ্রসবের পর বিংশতিদিনান্তে আর কন্যাপ্রসবের পর মাসান্তে স্নান করিয়া শুদ্ধ হইবে। * শূদ্রার পক্ষে পুত্র বা কন্যার জননাশৌচ পূর্ণ একমাস আর অস্পৃশ্যত্ব ১৩ দিবস। দ্বিবর্ষের ন্যূনবয়স্কা বালিকা মরিলে সদ্যঃশৌচ হইবে। বাগ্দত্তা কন্যা মরিলে একরাত্রি অশৌচ ব্যবস্থেয়। বাগ্দান সুসিদ্ধ হইবার পর বিবাহ পর্য্যন্ত সময়ের মধ্যে মরিলে কি পিতৃকুল কি স্বামিকুল দুই কুলেই তিনরাত্রি অশৌচ হয়। † বিবাহের পর মরিলে স্বামিকুলে পূর্ণা-শৌচ গ্রহণ করিবে। বিবাহিতা কন্যা পিতৃভবনে উপস্থিত হইয়া দেহত্যাগ করিলে অথবা প্রসব করিলে জনকজননীর তিন রাত্রি আর ভ্রাতৃগণের এক রাত্রি অশৌচ হইয়া থাকে। অজাতদন্তা অবস্থায় কন্যার মৃত্যু ঘটিলে তদীয় ভ্রাতার সদ্যঃশৌচ হইবে আর জাতদন্তা অবস্থায় মরিলে তাহার সহোদর তিন রাত্রি অশৌচ গ্রহণ করিবে। ‡ বিবাহান্তে মৃত্যু ঘটিলে ভ্রাতার অশৌচ হয় না, তৎকালে কেবলমাত্র স্বামিকুলেরই পূর্ণাশৌচ হয়।

বালকাদি-মরণাশৌচ।

যদি গর্ভাভ্যন্তরে মরিয়া পুত্র অথবা কন্যা ভূমিষ্ঠ হয় তবে সক লকে পূর্ণাশৌচ গ্রহণ করিতে হইবে। নবম অথবা দশম মাসে

---

* উপরে যে ব্রাহ্মণীর পক্ষে দশদিন বলা হইল, উহা অস্পৃশ্যত্ববিষয়ক আর এই বিংশতি দিন আশৌচবিষয়ক।

† বিবাহের পূর্ব্বক্ষণ যাবৎ সময়কেই বাগ্দানকাল বলা যায়।

‡ ইহার তাৎপর্য্য বুঝাইতেছে যে, চূড়াকরণ পর্য্যন্ত এক রাত্রি অশৌচ ব্যবস্থা।

বালক জন্মগ্রহণ করিয়া সে জননাশৌচের মধ্যেই মরিলে জনক-জননীর অল্প, শুদ্ধজাতাশৌচ আর সপিণ্ডের সদ্যঃশৌচ। জননাশৌচ অবসানে মৃত্যু ঘটিলে সহোদরের এক দিন অশৌচ ব্যবস্থেয়।

জননাশৌচাবসানে দন্তোদ্গমযাবৎ কালের মধ্যে মৃত্যু হইলে জনকজননীর একাহ এবং দন্ত-উৎপত্তির পর মরিলে ত্রিরাত্রি অশৌচ, হয়। জাতদন্ত হইয়া মরিলে সপিণ্ডের একাহ আর চূড়াকরণের পর মৃত্যু হইলে ত্রিরাত্রি অশৌচ গ্রাহ্য। মতান্তরে জননাশৌচান্ত ষণ্মাসমধ্যে বালকের মৃত্যু হইলে সপিণ্ডের সদ্যঃশৌচ হয়। ষণ্মাসান্তে দুই বর্ষমধ্যে মৃত্যু হইলে একদিন আর দুই বর্ষান্তে ছয় বৎসর তিন মাসাভ্যন্তরে মৃত্যু হইলে ত্রিরাত্রি অশৌচ গ্রহণীয়।

যাহার উপনয়ন হয় নাই, তাহার মৃত্যুতে ত্রিরাত্রি অশৌচ গ্রহণ করিবে, কিন্তু পঞ্চম বর্ষ বয়ঃক্রমে উপনয়ন হইয়া পরে মরিলে পূর্ণাশৌচ গ্রহণীয়। কোন কোন মতে এই প্রকার নির্দ্দিষ্ট আছে যে, অপূর্ণ দুই বর্ষ বয়ঃক্রমের মধ্যে কৃতচূড় ব্রাহ্মণ-বালকের মরণে সকলের পক্ষেই তিন রাত্রি অশৌচ গ্রহণীয়। জাবালির মতে এইরূপ নির্দ্দিষ্ট আছে যে ষণ্মাসমধ্যে যাহার দন্ত জন্মিয়াছে, একবর্ষবয়ঃক্রমকালে চূড়াকর্ম্ম হইয়াছে, আর পঞ্চবর্ষ বয়ঃক্রমকালে উপনয়ন হইয়াছে, তাহার মরণে জ্ঞাতিগণ তদনুরূপ দশ দিন, তিন দিন ও এক দিন অশৌচ গ্রহণ করিবে। *

যে শূদ্রবালক অপূর্ণ ছয়মাস-বয়স্ক, তাহার মরণে পিতা-মাতা ও সপিণ্ডের পক্ষে তিন রাত্র অশৌচ ব্যবস্থেয়। অঙ্গিরার মতে এই প্রকার নিরূপিত আছে যে দুই বর্ষের ন্যূনবয়স্ক শূদ্রশিশুর মরণে পাঁচ দিন, তদূর্দ্ধবয়স্ক হইলে ছয় বর্ষমধ্যে মরণে দ্বাদশ দিন আর ছয় বৎসর গতে মরিলে পূর্ণ অশৌচ ব্যবস্থেয়। ফল কথা, দ্বিজাতির উপনয়নের ন্যায় শূদ্রের পক্ষে বিবাহই প্রধানসংস্কার।

* বিপ্রের পক্ষে যে নিয়ম, তাহাই এখানে লিখিত হইল, শূদ্রের পূর্ণাশৌচ একমাস, সুতরাং তাহাদের পক্ষে সেই সংখ্যা অনুসারে অশৌচ গ্রহণীয়।

এই জন্য ছয় বৎসর বয়সের মধ্যে শূদ্রের বিবাহ হইয়া মৃত্যু ঘটিলে এক মাস অশৌচ গ্রহণীয়। বর্ণসঙ্করদিগের পক্ষে শূদ্রের ন্যায় অশৌচ ব্যবস্থেয়।

অঙ্গাস্পৃশ্যত্বাদ্যশৌচ।

পুত্র-কন্যার মৃত্যুতে পিতামাতারই অঙ্গাস্পৃশ্যত্ব হয়, সপিণ্ডের নহে।

বালকবালিকার জন্মের পর পিতা বা বিমাতা সূতিকা স্পর্শ করিলে মাতার সমান অঙ্গাস্পৃশ্যত্ব হইবে, কিন্তু অন্যের হইবে না।

পূর্ণাশৌচস্থলে বিপ্রের পক্ষে তিন দিন অঙ্গাস্পৃশ্যত্ব থাকে, ক্ষত্রিয়ের পক্ষে দিন, বৈশ্যের ৮ দিন, শূদ্রের পক্ষে দশ দিন নির্দ্দিষ্ট।

আদিপুরাণে লিখিত আছে, পুত্র-কন্যার জননে ব্রাহ্মণী, ক্ষত্রিয়া ও বৈশ্যার পক্ষে দশ দিন এবং শূদ্রার পক্ষে ১৩ দিন অঙ্গাস্পৃশ্যত্ব নির্দ্দিষ্ট। অশৌচাবসানে শ্রবণ করিলে সচেল স্নান দ্বারা শুদ্ধ হইতে হইবে।

খণ্ডাশৌচস্থলে অশৌচদিবসকে ত্রিধা বিভক্ত করিয়া একভাগে যে সময় হয়, ততক্ষণ অঙ্গাস্পৃশ্যত্ব থাকিবে। অশৌচাবসানে স্নানান্তে শুদ্ধ হইয়া থাকে।

অশ্রুপাতাদ্যশৌচ

অস্থিসঞ্চয়ের অগ্রে নিজ নিজ জাতির গৃহে গমন পূর্ব্বক অশ্রুপাত করিলে ত্র্যহাশৌচ গ্রহণীয়। বিপ্র হইয়া ক্ষত্রিয় গৃহে অথবা বৈশ্যগৃহে অশ্রুত্যাগ করিলে দুই দিবসের পর শুদ্ধিলাভ করিবে এবং শূদ্রের স্থলে উপবাস ব্যবস্থেয়। যদি মৃত ব্যক্তির বান্ধবের সহিত অশ্রুত্যাগ করে, তাহা হইলে এক দিন অশৌচ গ্রহণ করিবে।

সর্ব্বস্থলে এক দিন দানাদি বা অধ্যয়নাদি করিতে নাই। শূদ্রের মরণে যত দিন অঙ্গাস্পৃশ্যত্ব থাকে, তত দিনের মধ্যে ব্রাহ্মণ হইয়া শূদ্রালয়ে গমন পূর্ব্বক অশ্রুত্যাগ করিলে তিন রাত্রি অশৌচ গ্রহণীয়। যদি মৃতব্যক্তির চিতাধূম অঙ্গে লগ্ন হয়, তাহা হইলে সকল জাতিই স্নানাবসানে শুদ্ধ হইবে। অঙ্গাস্পৃশ্যত্বশান্তির শেষে একমাসাভ্যন্তরে শূদ্রগৃহে গমন পূর্ব্বক অশ্রুত্যাগ করিলে ব্রাহ্মণকে এক দিন অশৌচ গ্রহণ করিয়া তৎপরে সবস্ত্র স্নান পূর্ব্বক শুদ্ধিলাভ করিতে হয়।

শবানুগমনাদ্যশৌচ।

শূদ্রশবের অনুগমন করা ব্রাহ্মণের পক্ষে নিষিদ্ধ। হঠাৎ গমন করিলে স্নানান্তে বহ্নিস্পর্শ ও ঘৃতপ্রাশন পূর্ব্বক শুদ্ধিলাভ করিবে। কূর্ম্মপুরাণে লিখিত আছে, ইচ্ছাবশে বিপ্র হইয়া বিপশবের অনুগামী হইলে সচেল স্নানান্তে ঘৃতপ্রাশন ও বহ্নিস্পর্শ করিবে। ক্ষত্রিয় হইয়া ক্ষত্রিয়শবের অনুগমন করিলে সচেল স্নান, এক দিন উপবাস ও ঘৃতপ্রাশন করিবে, বৈশ্য বৈশ্যশবের অনুগমন করিলে দুই রাত্রি অনাহারে থাকিয়া স্নানান্তে ঘৃতপ্রাশন করিবে এবং শূদ্র হইয়া শূদ্রশবের অনুগামী হইলে, স্নানান্তে ঘৃতপ্রাশন, তিন দিন উপবাস ও শত প্রাণায়াম করিতে হয়।

নিকৃষ্টজাতি যদি শ্রেষ্ঠজাতীয় শবদাহাদি করে, অথবা শ্রেষ্ঠজাতি নিকৃষ্টজাতীয় শবদাহাদি করে তাহা হইলে মৃতব্যক্তির জাত্যুক্ত অশৌচ গ্রহণীয়।

কোন দরিদ্র ব্রাহ্মণের বা অনাথ ব্রাহ্মণের মরণান্তে অন্যান্য ব্রাহ্মণেরা বহন-দাহনাদি করিলে সচেল স্নানান্তে ঘৃতপ্রাশন করিবে। *

* এই যে নিয়ম কথিত হইল, ইহা অসম্বন্ধিস্থলে বোদ্ধব্য অর্থাৎ মৃত ব্যক্তির সহিত কোন সম্বন্ধ না থাকিলেই সদ্যঃশৌচ গ্রহণীয়. কিন্তু সম্বন্ধ থাকিলে তিন রাত্রি ব্যবস্থেয়।

অর্থলোভে ভিন্নগোত্রীয় শবদাহাদি করিলে বিপ্রের পক্ষে দশ দিন, ক্ষত্রিয়ের পক্ষে দ্বাদশ দিন, বৈশ্যের পক্ষে পঞ্চদশাহ আর শূদ্রের পক্ষে একমাস অশৌচ গ্রহণীয়।

যদি বিপ্র হইয়া সরস অস্থি স্পর্শ করে, তাহা হইলে সচেল স্নান করিবে এবং নীরস অস্থি স্পর্শ করিলে গোস্পর্শ ও সূর্য্য দেখিয়া শুদ্ধ হইতে হয়। *

খণ্ডাশৌচ।

পিতৃবন্ধুর † মরণে পক্ষিণী ‡ অশৌচ ব্যবস্থেয়। কিন্তু দাহাদি হইলে ত্রিরাত্রি গ্রহণ করিতে হয়।

পিতামাতার মৃত্যু হইলে বিবাহিতা কন্যা যদি দাহাদি না করে, তথাপি তিন রাত্রি অশৌচ গ্রহণ করিবে।

শ্বশুর, শাশুড়ী, মাসী, মাতুল, পুরোহিত, গুরু ও শিষ্য যদি স্বগৃহে মরে বা নিকটে মৃত্যু হয়, তবে তিন রাত্রি অশৌচ গ্রহণ করাই ব্যবস্থা।

মাতুল, মাতুলানী, মাসী, পিসী, শ্বশুর, শাশুড়ী, ভগিনী দূরে মরিলে পক্ষিণী অশৌচ ব্যবস্থেয়।

ভাগিনেয় ও দৌহিত্রের মৃত্যু হইলে পক্ষিণী অশৌচ গ্রহণীয় কিন্তু দাহাদি করিলে ত্রিরাত্রি।

যে ব্যক্তির সহিত কোন সম্বন্ধ নাই, যদি তাহার দাহাদি করা যায়, তবে সদ্যঃশৌচ হইবে। যে ব্যক্তির সহিত কোন সম্বন্ধ

---

*মতান্তরে প্রকাশিত আছে যে, স্নিগ্ধাস্থিস্পর্শে তিন রাত্রি আর নীরসাস্থি স্পর্শে অহোরাত্রি অশৌচ গ্রহণ করিতে হয়।

† পিতৃবন্ধু অর্থাৎ পিতামহের ভগ্নীর পুত্র, পিতামহীর ভগ্নীর পুত্র আর পিতার মাতুলপুত্র।

‡ পক্ষিণী—আগামীবর্ত্তমানদিনযুক্ত রাত্রি।

আছে, তাহার দাহাদি করিলে তিন রাত্রি অশৌচ ব্যবস্থেয়। বিবাহিতা কন্যার পক্ষে সর্ব্বত্রই তিন রাত্রি অশৌচ গ্রহণ করা কর্ত্তব্য।

শ্বশুর, শাশুড়ী, শ্যালক, উপাধ্যায়, শিষ্য, সহাধ্যায়ী গুরুপুত্র, গুরুদারা ইহারা অন্যস্থানে মরিলে একদিন অশৌচ গ্রহণীয়, কিন্তু যদি স্বগৃহে মৃত্যু হয় অথবা একগ্রামে মরে, তবে পক্ষিণী অশৌচ গ্রহণ করিবে।

মাতুল, শিষ্য, পুরোহিত ও আত্মবান্ধব * ইহাদের দাহাদি না হইলে পক্ষিণী অশৌচ ব্যবস্থেয়, কিন্তু দাহাদি হইলে তিন রাত্রি অশৌচ গ্রহণীয়।

বিষপ্রয়োগে মৃত, চণ্ডাল দ্বারা মৃত, চৌরাদি দ্বারা মৃত, বজ্রাঘাতে মৃত, উচ্চস্থান হইতে পতিত হইয়া মৃত, জলমগ্ন হইয়া মৃত শৃঙ্গী দ্বারা মৃত, সর্পাঘাতে মৃত, প্রদ্বারবেশে মৃত, দংষ্ট্রী দ্বারা মৃত, শাস্ত্রীয়রূপে আত্মঘাতী ইত্যাদি স্থলে তিন রাত্রি অশৌচ গ্রহণীয়। পরন্তু অনাহার, অগ্নিপ্রবেশ, বজ্রাঘাত, জলনিমজ্জন, বিষপ্রয়োগ, উচ্চস্থান হইতে পতন এবং দংষ্ট্রী, নখী, শস্ত্রী, শৃঙ্গী মৎস্য প্রভৃতি দ্বারা হত হইয়া তিন দিবসের মধ্যে মরিলে ত্রিরাত্রি এবং তৎপরে বা সাত দিন পরে মরিলে পূর্ণাশৌচ ব্যবস্থেয়। অশাস্ত্রীয়রূপে আত্মহত্যা করিলে অশৌচ নাই। মহাপাপী, দুষ্কর্ম্মা ও পতিত ব্যক্তির মরণে অশৌচ গ্রহণ করিবে না।

গুরু, নৃপতি, মিত্র, গোত্রজ ও মাতৃবন্ধু † মরণে একদিন অশৌচ ব্যবস্থেয়; সমানোদকের মরণে তিন রাত্রি অশৌচ গ্রহণ করিবে।

ইচ্ছাপূর্ব্বক বিষ, বজ্র, জল, শৃঙ্গী, নখী, সর্প, দণ্ডী চৌর চণ্ডাল প্রভৃতির মুখে পড়িয়া মরিলে দাহাদি, শ্রাদ্ধাদি ও অশৌচ নাই।

---

*আত্মবান্ধব— মাসীর পুত্র, বন্ধু ও মাতুলপুত্র।

† মাতৃবন্ধু— মাতামহীর ভগ্নীর পুত্র, মাতামহের ভগ্নীর পুত্র এবং মাতার পুত্রপুত্র।

প্রমাদবশে উক্ত সমস্তের কোন একটি দ্বারা মৃত্যু ঘটিলে দাহাদি করণীয়।

অনেকের মত এই যে, অস্ত্রাঘাতে তিন দিন পরে মরিলে যে কোন জাতিই হউক না কেন, পূর্ণাশৌচ হইবে। তিন দিনমধ্যে মৃত্যু ঘটিল ত্রিরাত্রি ব্যবস্থেয়।

শাস্ত্রে এ প্রকারও লিখিত আছে যে, বিনা রোগে যুদ্ধাদিতে সপ্তাহমধ্যে মরিলে তিন রাত্রি আর তৎপরে মরিলে স্ব স্ব জাতি বিহিত অশৌচ গ্রহণ করিবে।

স্নেহবশে কুষ্ঠরোগীকে দাহাদি করিলে দাহাদিকারী ব্যক্তি চান্দ্রায়ণ বা ধেনুচতুষ্টয় দান করিবে। রোগী নিজে প্রায়শ্চিত্ত করিয়া মরিলে আর দাহাদিকারীকে প্রায়শ্চিত্ত করিতে হয় না। উক্ত ব্রতে অক্ষম হইলে সপাদ একাদশকার্ষাপণীদানরূপ প্রায়শ্চিত্ত করণীয়।

রোষবশে অন্ধ হইয়া উপবাস কিংবা জল অথবা বহ্নিপ্রবেশ পূর্ব্বক মরিলে দাহ, শ্রাদ্ধাদি বা অশৌচ নাই।

মহাপাপী, পতিত, অভিশপ্ত, যোনিচিহ্নিত-মুখবিশিষ্ট, পরদার গমনকালে কোন ব্যক্তি কর্ত্তৃক নিহত, কলহকালে চণ্ডাল বা সঙ্করজাতি কর্ত্তৃক হত, বিষদাতা, অগ্নিদাতা ইত্যাদি ব্যক্তির মরণে দাহ, অন্ত্যেষ্টিক্রিয়া, অস্থিসঞ্চয়, অশ্রুপাত, শ্রাদ্ধাদি কিছুই নাই। ঐ সকল ব্যক্তিকে দাহ করিলে দাহাদিকারী তপ্তকৃচ্ছ্র ব্রতদ্বয় করিবে অথবা সার্দ্ধদ্বাবিংশতি কার্ষাপণীদানরূপ প্রায়শ্চিত্ত করিবে।

অশৌচমধ্যে কর্ত্তব্যতা।

অশৌচমধ্যে দেবতর্পণ, ব্রাহ্মণদিগকে বন্দন, অন্যের প্রণামাদি গ্রহণ, অধ্যয়ন, বৈশ্বদেবার্চ্চনা, হোম, সন্ধ্যা, আতিথ্য, প্রত্যুক্তক্রিয়া প্রভৃতি করিবে না। কেবলমাত্র স্নানান্তে মানসোপচারে ইষ্টপূজা করিতে পারে; কিন্তু তাহাও সকলের পক্ষে বিধেয় নহে অর্থাৎ যে সকল ব্যক্তি প্রথম দীক্ষাগ্রহণকাল হইতে এই প্রকার সঙ্কল্প করিয়া

থাকেন যে, যাবজ্জীবন প্রত্যহ পূজা করিবেন, তাঁহারাই অশৌচ-মধ্যে ঐরূপ মানসোপচারে ইষ্টপূজা করিতে পারেন। অশুচি ব্যক্তি তৈল, পণ্যদ্রব্য, তণ্ডুল, অজিন, দুগ্ধ, ঘৃত, দধি, জল, তৃণ, মধু, কাষ্ঠ, মাংস, লবণ, ফল, ফুল, মূল, শাক এই সকল দ্রব্য স্পর্শ করিলে তাহা গ্রহণে দোষ নাই। অযাচিতভাবে কেহ কোন দ্রব্য দিলে অশৌচ ব্যক্তি তাহা গ্রহণ করিতে পারে, কিন্তু পতিত, পাষণ্ড দুষ্কর্ম্মা ও কুলটা স্ত্রী ইহারা কিছু দিলে গ্রহণ করিতে নাই।

প্রায়শ্চিত্ত।

চান্দ্রায়ণ।

প্রকৃত, যতি, শিশু প্রভৃতি ভেদে চান্দ্রায়ণ বহুবিধ তাহার মধ্যে প্রকৃত চান্দ্রায়ণে সার্দ্ধত্রিংশতি কার্ষাপণী বরাটক আর যতি চান্দ্রায়ণাদিতে সপাদ একাদশকার্ষাপণী বরাটক দান ব্যবস্থেয়।

পরাকব্রত।

জিতেন্দ্রিয় হইয়া দ্বাদশাহ উপবাস করিতে হয়। অক্ষমস্থলে ষট্‌সংখ্য ধেনুদান বা তন্মূল্য পঞ্চদশ কাহন বরাটকদান ব্যবস্থা

অতিকৃচ্ছ্র ব্রত।

প্রথমতঃ তিন দিন প্রত্যহ প্রাতে এক গ্রাস, তৎপরে তিন দিন প্রত্যহ সন্ধ্যাসময়ে এক এক গ্রাস, তৎপরে তিন দিন অযাচিত-ভাবে প্রত্যহ এক এক গ্রাস ভোজন করিবে। তৎপর তিন দিন উপবাসী থাকিতে হয়। অসমর্থপক্ষে ধেনুত্রয়দান বা তন্মূল্য ছয় কাহন বরাটকদান ব্যবস্থেয়।

প্রায়শ্চিত্তের পূর্ব্বদিনকৃত্য।

প্রায়শ্চিত্তের পূর্ব্বদিনে কেশমুণ্ডন, নখকর্ত্তন ইত্যাদি করিয়া দিবাভাগে [illegible] ও সন্ধ্যা করিবে এবং ঘৃতপ্রাশন পূর্ব্বক মৌনী ও সংযত হইয়া রহিবে। কেশমুণ্ডনাদি না করিলে দ্বিগুণ দক্ষিণা দিতে হয় অর্থাৎ প্রায়শ্চিত্তে যেরূপ দক্ষিণার বিধি আছে, তাহার দ্বিগুণ দিবে।

প্রায়শ্চিত্তের দিননিরূপণ।

বুধবার, শনিবার, অষ্টমীতিথি ও চতুর্দ্দশী ভিন্ন অন্যান্য দিনে প্রায়শ্চিত্ত করণীয়।

প্রায়শ্চিত্তকাল-অতিক্রমে বিধি।

যদি প্রায়শ্চিত্তের প্রকৃত কাল অতীত হইয়া যায়, তবে দ্বিগুণ প্রায়শ্চিত্ত করণীয়; পরন্তু একবর্ষমধ্যে প্রায়শ্চিত্ত করিলে কালাতিপাত-দোষ ঘটে না, কিন্তু তদূর্দ্ধেই এই বিধি জ্ঞাতব্য।

মুণ্ডন-ব্যবস্থা।

পূর্ণপ্রায়শ্চিত্তস্থলে শিরোমুণ্ডন বিধেয়; কিন্তু একপাদস্থলে গাত্রলোমমাত্র মুণ্ডন, দ্বিপাদস্থলে শ্মশ্রুমুণ্ডন এবং ত্রিপাদস্থলে শিখা ব্যতীত সমস্ত মুণ্ডন করিবে। পতিব্রতা স্ত্রীর কোনরূপ পাপেই মস্তকমুণ্ডন নাই। স্ত্রীজাতির পক্ষে মস্তকস্থ কেশগুচ্ছ ধরিয়া অঙ্গুলীদ্বয়-প্রমাণ ছেদন করিলেই হইবে, পরন্তু বিধবারা মস্তকমুণ্ডন করিবে।

বয়োভেদ প্রায়শ্চিত্তের ব্যবস্থা।

ষোড়শবর্ষের ন্যূনবয়স্ক অশীতিবর্ষবয়স্ক, রোগী ও নারীজাতি ইহারা অর্দ্ধ-প্রায়শ্চিত্ত করিবে। পাঁচ হইতে দশমবর্ষমধ্যস্থ বালকের পক্ষে একচতুর্থাংশ প্রায়শ্চিত্ত করণীয়।

প্রায়শ্চিত্ত অকরণে দোষ।

প্রায়শ্চিত্তযোগ্য হইয়া তদনুষ্ঠানে ক্ষান্ত হইলে ইহলোকে নিন্দনীয় এবং পরলোকে নিরয়গামী হইতে হয়।

আত্মোচ্ছিষ্ট-ভোজন-প্রায়শ্চিত্ত।

ভোজন করিতে করিতে উঠিয়া পুনরায় সেই পাত্রে উচ্ছিষ্ট বস্তু সেবন করিলে বিপ্রের পক্ষে চান্দ্রায়ণ বা ২২॥০ কাহন বরাট দান, ক্ষত্রিয় ও বৈশ্যের পক্ষে তপ্তকৃচ্ছ্র বা ৯ কাহন এবং শূদ্রের পক্ষে ৪॥৹ কাহন দান ব্যবস্থেয়।

গুরুপত্নীগমন-প্রায়শ্চিত্ত।

জ্ঞানক্রমে গুরুপত্নীগত হইলে জটাবল্কল ও শ্মশ্রুকেশাদি ধারণ করিয়া এক বৎসরাভ্যন্তরে ৩০টি প্রাজাপত্য বা ৯০কাহন বরাটক দান ও ৬০ কাহন দক্ষিণা দিবে অথবা আপনার শিশ্ন কর্ত্তন করিয়া অঞ্জলিতে ধারণ করত মরণযাবৎ নৈঋ‌‌র্তদিকে দৌড়াইয়া যাইবে।

বিমাতৃ প্রভৃতি গুরুপত্নীগত হইলে সুতপ্ত শয্যায় শয়ান হইয়া জ্বলন্ত লৌহময়ী স্ত্রীমূর্ত্তিকে আলিঙ্গন পূর্ব্বক দেহত্যাগ করিবে।

অসবর্ণা গুরুপত্নী-গমন-পাপ শিন্ন মাসে তিনটি চান্দ্রায়ণ অথবা প্রতি চান্দ্রায়ণে ২২॥০ কাহন বরাটকদান ব্যবস্থেয়।

ব্রাত্যপ্রায়শ্চিত্ত।

যথাকালে উপনয়ন না হইলে তাহার নাম ব্রাত্য। মনু-সংহিতায় লিখিত আছে যে, ৩টি কৃচ্ছ্রব্রত করিয়া ব্রাত্যব্যক্তিকে উপনয়ন গ্রহণ করিতে হয়।

অথবা তিনটি প্রাজাপত্য বা ৯ কাহন বরাটক দান ও ১কাহন দক্ষিণা ব্যবস্থেয়।

গর্ভপাত-প্রায়শ্চিত্ত।

সজ্ঞানে গর্ভ নষ্ট করিলে ব্রহ্মহত্যাসম প্রায়শ্চিত্ত ও অজ্ঞানে করিলে নরহত্যার প্রায়শ্চিত্ত ব্যবস্থেয়।

সুরাপান প্রায়শ্চিত্ত।

সুরাপায়ীকে অগ্নিমধ্যে ফেলিয়া তাহার মুখ অগ্নিদগ্ধ করিলেই প্রায়শ্চিত্ত হয়।

দিবামৈথুনাদিপ্রায়শ্চিত্ত।

দিবাভাগে নারীতে উপগত হইলে, উলঙ্গ হইয়া জলে স্নান করিবে আর উলঙ্গিনী স্ত্রীকে দর্শন করিলে একদিন উপবাস করিয়া শুদ্ধ হইবে।

ব্যাভিচারিণী-বধপ্রায়শ্চিত্ত।

ব্যভিচারিণী ব্রাহ্মণীকে বধ করিলে ১০১ কাহন বরাটকদান ব্যবস্থেয়। একবার পরপুরুষরতা নারীকে বধ করিলেও উক্ত ব্যবস্থা।

যক্ষ্মা-প্রায়শ্চিত্ত।

যক্ষ্মারোগে পরাকব্রত বা পঞ্চসংখ্য ধেনু অথবা তন্মূল্য ১৫ কাহন বরাটকদান ব্যবস্থেয়।

অর্শোরোগে—

অকৃতপ্রায়শ্চিত্ত অশুচি-শুক্রজাত পুত্র-কন্যাও প্রায়শ্চিত্ত করিবে। তাহাদের পক্ষে ১০ কাহন বরাটকদানের ব্যবস্থা আছে। কন্যার পক্ষে তৃতীয় ভাগের এক ভাগ বিধি।

উপপাতক-প্রায়শ্চিত্ত।

জ্বর, ছর্দ্দি, জলোদর, অজীর্ণ, মোহ, ভ্রম, এই সমস্ত রোগ পূর্ব্বজন্মান্তরীণ উপপাপ হইতে জন্মে। এই সকল রোগে ৭॥০ কাহন বরাটকদান ব্যবস্থেয়।

অনুপাতকে—

মহাপাতকের সমান অনুপাতকী প্রায়শ্চিত্ত করিবে। * ত্রিসহস্র গায়ত্রী জপ দ্বারাও শুদ্ধ হয়।

---

*সর্ব্বসাধারণের বিদিতার্থ এই স্থানে মহাপাতকাদিনিরূপণ বিবৃত হইল, যথা—

ব্রহ্মহত্যা, সুরাপান, চৌর্য্য, গুরুদারাগমন এই চারিটি মহাপাপ বলিয়া পরিগণিত। মাতা, দুহিতা ও পুত্রবধূগমন করিলে অতিপাতক হয়। পিতৃব্যপত্নী, পিতৃষ্বসা, মাতৃষ্বসা... রজস্বলা, অস্পৃশ্যাচারী, পরিত্যক্তা নারী, সন্ন্যাসিনী, নিক্ষেপরক্ষিতা চণ্ডালী, ভগ্নীর সখী, উত্তম বর্ণা রমণী, সগোত্রা নারী, উপাধ্যায়পত্নী, পুরোহিতপত্নী, রাজমহিষী, শাশুড়ী, মাতৃষ্বসা, মাতার মাতামহী, মাতুলানী, পিসী প্রভৃতি গমন করিলে অনুপাতক হয়। গোবধ, অযাজ্যযাজন, পরিবেত্তার যাজন, পরিবেত্তা বা পরিবিত্তিকে কন্যাদান, অঙ্গুলি দ্বারা ভার্য্যার বা কন্যার যোনিবিদারণ, কর্জ্জ দিয়া বৃদ্ধিগ্রহণ, ব্রতভঙ্গকরণ, পুষ্করিণী প্রভৃতি বিক্রয়, উদ্যানাদি বিক্রয়, পুত্রাদি বিক্রয়, আত্ম

প্রকীর্ণপাপপ্রায়শ্চিত্ত।

প্রকীর্ণপাপক্ষয়ার্থ ৮ পণ বরাটকদান করিবে।

প্রায়শ্চিত্তান্তে পাপনাশজ্ঞান।

যথাবিধানে প্রায়শ্চিত্ত শেষ করিয়া গোগণকে যবাদি দিলে যদি তাহারা না খায়, তবে পুনর্ব্বার প্রায়শ্চিত্ত করিবে। তাহারা আহার করিলে জানিবে যে, পাপের শান্তি হইল।

পাপজরোগের প্রায়শ্চিত্ত।

কোন্ পাপে পরজন্মে কি রোগ জন্মে এবং সেই রোগে কিরূপ প্রায়শ্চিত্ত বক্তব্য, নিম্নলিখিত তালিকা দৃষ্টি করিলেই তাহা বোধগম্য হইবে, যথা—

পাপজনিত রোগ।	প্রায়শ্চিত্তবিধি।
তাম্রহরণজনিত শ্বিত্ররোগে	— প্রাজাপত্যব্রতানুষ্ঠান ও একশত পল তাম্রদান।
তাম্বূলহরণজনিত শ্বেতৌষ্ঠে	— দক্ষিণা সহ প্রবালদান।
রাজহত্যাজনিতক্ষয়রোগে	— গো, ভূমি, স্বর্ণ, মিষ্টান্নসামগ্রী, জল, বস্ত্র, তিলধেনু ও ঘৃতধেনু দান।
মেষবধজনিত পাণ্ডুরোগে	— একপল কস্তূরিকাদান।
দুগ্ধহরণজনিত বহুমূত্ররোগে	— দুগ্ধবতী গাভীদান।
ঘৃতহরণজনিত নেত্ররোগে	— দুগ্ধবতী গাভীদান।

সংস্কারহীনতা, ত্রিসন্ধ্যাবর্জ্জন, নিকৃষ্টব্যক্তিকে অধ্যয়ন করান, নিকৃষ্টব্যক্তির নিকট শিক্ষাগ্রহণ, লৌহাদি বিক্রয়, সমস্থান ও কর প্রভৃতি গ্রহণ, মানবপ্রাণহিংসার্থ অভিচারাদি মন্ত্র-প্রবর্ত্তন, নারী উপজীবিকা, ঔষধ বিক্রয়, পরহিংসা, জীবিত বৃক্ষ ছেদন ইত্যাদিকে উপপাতক কহে। কৃমিকীটাদিনাশ মদ্যাদিগত কাষ্ঠফল পুষ্পহরণ, কাষ্ঠহরণ, অন্নলোভে অধিক আহার ইত্যাদি প্রকীর্ণপাপ

পাপজনিত রোগ। প্রায়শ্চিত্তবিধি।

সীসহরণজন্য শীর্ষরোগে — একদিন উপবাস পূর্ব্বক শত পল সীসকদান।

রঙ্গহরণজন্য শ্লেষ্মারোগে — একদিন উপবাস পূর্ব্বক শত পল রঙ্গদান।

তৈলহরণজন্য কণ্ডু রোগে — উপবাসী থাকিয়া দুইটি তৈলপূর্ণ কুম্ভদান।

ফলহরণজন্য অঙ্গুলিব্রণরোগে — দশসহস্র নানারূপ ফলদান।

গুড়হরণজন্য গুল্মরোগে — গুড়ধেনুদান।

বিপ্রস্বত্বহরণজন্য অনপত্যে — মহারুদ্রমন্ত্র জপ।

বিবিধদ্রব্যহরণজন্য গ্রহণীতে — অন্ন, জল, বস্ত্র ও স্বর্ণদান।

রক্তবস্ত্র ও প্রবাল হরণজন্য রক্তবাতে — মণিরাগযুক্তা সবৎসা মহিষীদান।

কাষ্ঠহরণজন্য স্বরহে — দুই পল রক্তচন্দনদান।

কন্দমূলহরণজন্য হ্রস্বপাণি রোগে — দেবমন্দির ও উদ্যানদান।

পুস্তকহরণজন্য মূকরোগে — ন্যায়শাস্ত্র বা ইতিহাস লেখাইয়া সদক্ষিণ দান।

পরনিন্দাজনিত টাকরোগ — কাঞ্চনসহ দুগ্ধবতী ধেনুদান।

দেবমন্দিরে মলমূত্রত্যাগজন্য গুহ্যরোগে — একমাস দেবার্চ্চনা, দুইটি গোদান এবং প্রাজাপত্য বা তন্মূল্যদান।

দাবাগ্নিদায়কের রক্তাতিসারে — জলাশয়-খনন, অন্নদান ও বটবৃক্ষ-রোপণ।

গর্ভপাতজন্য যকৃৎ প্লীহাদিরোগে — যকৃতে ৩ পল স্বর্ণ, প্লীহাতে ৩ পল রৌপ্য ও জলোদরে ৩ পল তাম্রসহ জলধেনু দান।

পক্ষপাতজন্য পক্ষাঘাতে — তিন নিষ্ক কাঞ্চনদান।

[illegible]নজন্য রক্তপিত্তে — ঘৃতপূর্ণ কুম্ভ এবং স্বর্ণযুক্ত অর্দ্ধকুম্ভপূরিত মধুদান। *

---

* গৌড়ীপৈষ্টী ব্যতীত বারুণীপ্রভৃতি মাদক দ্রব্যের নাম মদ্য।

পাপজনিত রোগ।		প্রায়শ্চিত্তবিধি।
বিষদানজন্য ছর্দ্দিরোগে	—	দশটি দুগ্ধবতী ধেনু-দান।
পরোপতাপদানজন্য শূল	—	অন্নদান এবং দশ সহস্র রুদ্রমন্ত্র জপ।
কূপারামধ্বংসনজন্য শ্বাসকাসে	—	সহস্রপল ঘৃতদান।
অনিবেদিতভোজনজন্য অলসরোগে	—	সহস্র বা অক্ষমস্থলে দুই শত ব্রাহ্মণ-ভোজন।
পুত্রবধজন্য মৃতবৎস রোগে	—	প্রথমতঃ একটি বিপ্রের বিবাহ দিবে, পরে হরিবংশ শ্রবণ, মহারুদ্রপূজা, দুর্ব্বা দ্বারা অযুত হোম, একাদশনিষ্কপ্রমাণ স্বর্ণপুত্রিকা সদক্ষিণ দান, তৎপরে অন্য ব্রাহ্মণকে সাধ্যমত দক্ষিণা দিয়া বরুণমন্ত্রে স্ত্রী-পুরুষকে স্নান করাইয়া বসনভূষণাদি দিবে।
মাতৃপিতৃবধজন্য জড়-জন্মান্ধরোগে	—	মাতাকে বধ করিলে অন্ধ এবং পিতাকে বধ করিলে জড় হয়। তৎপাপমোচনার্থ ত্রিশটি প্রাজাপত্য বা ত্রিশটি ধেনুদান পূর্ব্বক এক পল-প্রমাণ স্বর্ণ-নৌকা ও রৌপ্যকুম্ভ প্রস্তুত করিয়া তাম্রভাণ্ডোপরি রাখিবে। পরে নিষ্কপ্রমাণ হিরণ্ময় কৃষ্ণমূর্ত্তি পট্টবস্ত্রে বেষ্টিত করিয়া তদুপরি স্থাপন পূর্ব্বক পূজা ও হোম করিবে অনন্তর বিসর্জ্জন করিয়া অন্যান্য ব্রাহ্মণকে দক্ষিণা দিবে।
বিধবাগমনজন্য প্রমেহে	—	একমাস রুদ্রমন্ত্র জপ ও যথাশক্তি স্বর্ণদান।
সুরাপানজন্য শ্যাবদন্তে	—	একটি প্রাজাপত্য বা তদনুকল্প, তৎপরে সাতটি শর্করার তুলাপুরুষদান, পরে অযুত মহারুদ্রমন্ত্র জপ ও তাহার দশাংশ হোম।
সগোত্রাগমনজন্য ভগন্দরে	—	মহিষী-দান।
সজাতীয়াগমনজন্য হৃদ্‌ব্রণে	—	দুইটি প্রাজাপত্য।
পশুযোনিগমনজন্য মূত্রাঘাতে	—	দুইটি তিলপাত্রদান।

পাপজনিত রোগ।		প্রায়শ্চিত্তবিধি।
বেশ্যাগমনজন্য শুক্ররোগে		সহস্রকুম্ভ জল দ্বারা এক-মাস শিবলিঙ্গ স্নান করাইতে হয়।
মাতুলানীগমনজন্য পৃষ্ঠকুব্জে	—	কৃষ্ণাজিনদান।
পিতৃষ্বসৃগমনজন্য সর্ব্বাঙ্গাবচ্ছিন্নব্রণে		সম্যক্রূপ বিবিধদান।
গুরুপত্নীগমনজন্য মূত্রকৃচ্ছ্রে	—	অগ্রে বেদী নির্ম্মাণ করিয়া তাহার পশ্চিমে একটি কুম্ভ নীলবস্ত্রে আবৃত ও নীলমালালঙ্কৃত করত স্থাপন করিবে। তদুপরি তাম্রভাণ্ড স্থিত পঞ্চনিষ্কপ্রমাণ কাঞ্চননির্ম্মিত বিশ্বরূপী বরুণমূর্ত্তি স্থাপন পূর্ব্বক পুরুষসূক্তমন্ত্রে পূজা করিবে। পরে জপ ও জপের দশাংশ হোম করিবে। তৎপরে সামবেদজ্ঞ বিপ্র সামবেদ পাঠ করিবে। পরে বিংশনিষ্কপ্রমাণ স্বর্ণপুত্রিকা ব্রাহ্মণকে দিবে। তৎপরে আচার্য্যকে স্তুতি করত বরুণপ্রতিমা দান করিবে।
স্বজনৈঃ সার্দ্ধং পুত্রাদি-প্রাপ্তয়ে ময়া। প্রত্যুবাচ ততো নত্বা রাজানং মধুরং বচঃ॥ সত্যং কথয় মে রাজন্ ব্রতমেতৎ করোম্যহম্। মমাপি সন্ততির্নাস্তি সত্যমেতৎ সুরব্রতম্। ততো নিবৃত্ত্য বাণিজ্যাৎ সানন্দং গৃহমাগতঃ। ভার্য্যায়ৈ কথিতং সর্ব্বং ব্রতঞ্চ সন্ততিপ্রদম্।। তদা ব্রতং করিষ্যামি যদা মে সন্ততির্ভবেৎ। সৎ কিঞ্চিদ্দিবসে তস্য ভার্য্যা লীলাবতী সতী। গর্ভযুক্তানন্দচিত্তা ভবদ্ধর্ম্মপরায়ণা। পূর্ণে গর্ভে ততো জাতা বালিকা চাতিনির্ম্মলা। দিনে দিনে বর্দ্ধমানা শুক্লপক্ষে যথা শশী। ততো বণিক্সুতায়াশ্চ জাতকর্ম্মাদিকঞ্চরন্। নাম্না কলাবতী লোকে তন্নামকরণং কৃতম্॥ ততো লীলাবতী প্রাহ স্বামিনং মধুরং বচঃ। ন করোষি কিমর্থং বা পুরা যচ্চ প্রতিশ্রুতম্। বিবাহসময়েঽপ্যস্যাঃ করিষ্যামি ব্রতং প্রিয়ে। ইতি ভার্য্যাং সমাশ্বাস্য জগাম নগরং প্রতি। ততঃ কলাবতীকন্যা বর্দ্ধিতা পিতৃবেশ্মনি। দৃষ্ট্বা কন্যাং ততঃ সাধুর্নগরে বন্ধুভিঃ সহ। মন্ত্রয়িত্বা দ্রুতং দূতং প্রেরয়িত্বা স ধর্ম্মবিৎ। বিবাহার্থঞ্চ কন্যায়া বরং শ্রেষ্ঠং বিচারয়ন্। তেনাজ্ঞপ্তশ্চ দূতোঽসৌ কাঞ্চনং নগরং যযৌ। তস্মাদেকং বণিক্পুত্রং সমাদায়াগতো হি সঃ। দৃষ্ট্বা তং সুন্দরং বালং বণিক্পুত্রং গুণান্বিতম। জ্ঞাতিভিঃ বন্ধুভিঃ সার্দ্ধং পরিতুষ্টেন চেতসা। দত্তবান্ সাধুরাহূয় কন্যাং বিধিবিধানতঃ। ততো ভাগ্যবশাত্তেন বিস্মৃতং ব্রতমুত্তমম্॥ বিবাহসময়েঽপ্যস্যাস্তেন রুষ্টোঽভবদ্বিভুঃ। ততঃ কালেন কিয়তা নিজধর্ম্মবিশারদঃ। বাণিজ্যার্থং গতঃ শীঘ্রং জামাতৃসহিতো বণিক্। রত্নসারপুরে রম্যে গত্বা সিন্ধু-সমীপতঃ। বাণিজ্যং কুরুতে সাধুর্জামাত্রা শ্রীমতা সহ। পুরীং নির্ম্মায় নগরে চন্দ্রকেতোর্নৃপস্য চ। এতস্মিন্নেব কালে তু সত্যনারায়ণঃ প্রভুঃ। ভ্রষ্টপ্রতিজ্ঞমালোক্য শাপং তস্মৈ প্রদত্তবান্ অদ্য প্রভৃতি কালঞ্চ মহাদুঃখং ভবিষ্যতি। তস্মিন্নেব দিনে রাজ্ঞো ধনধান্যস্য তস্করঃ। তেনৈব বর্ত্মনা যাতঃ পৃষ্ঠাদেশং বিলোকয়ন্। তৎপশ্চাদ্ধাবকান্ দূতান্ দৃষ্ট্বা ভীতেন চেতসা। ধনং সংস্থাপ্য তত্রৈব গতঃ শীঘ্রমলক্ষিতঃ। ততো দূতাঃ সমাযাতা যত্রাস্তে সজ্জনো বণিক্। দৃষ্ট্বা নৃপধনং তত্র বদ্ধা দূতঃ। বণিক্সুতৌ। হর্ষযুক্তা

ধাবমান উন্নৃপসমীপতঃ। তস্করৌ দ্বৌ সমানীতৌ বিলোক্যা-
জ্ঞাপয় প্রভোঃ। তে নৃপাজ্ঞাং সমাদায় দৃঢ়ং বদ্ধা নীতাবুভৌ।
স্থাপিতৌ দ্বৌ মহাদুর্গে কারাগারেঽবিচারয়ন্॥

সূত উবাচ। মায়য়া সত্যদেবস্য ন শ্রুতঞ্চ তয়োর্বচঃ। তত-
স্তয়োর্ধনং যচ্চ গৃহীতং চন্দ্রকেতুনা। তচ্ছাপাচ্চ তয়োর্গেহে ভার্য্যা
চ দুঃখিতাভবৎ। চৌরেণাপহৃতং সর্ব্বং গৃহে যচ্চ স্থিতং ধনম্।
আধিব্যাধি-সমাযুক্তা ক্ষুৎপিপাসাতিপীড়িতা। অন্নচিন্তাপরা ভূত্বা
ভ্রমতে চ গৃহে গৃহে। ততঃ কলাবতী কন্যা বভ্রাম প্রতিবাসরে।
একস্মিন্ দিবসে রাত্রৌ ক্ষুধার্ত্তা দ্বিজমন্দিরম্। গত্বাপশ্যদ্ব্রতং তত্র
সত্যনারায়ণস্য সা। উপবিশ্য কথাং শ্রুত্বা বরং প্রার্থয়তী মুদা।
প্রসাদং ভক্ষণং কৃত্বা যযৌ রাত্রৌ গৃহং প্রতি। ততো লীলাবতী
কন্যাং ভর্ৎসয়ামাস তাং ভৃশম্। পুত্রি রাত্রৌ স্থিতা কুত্র কিং তে
মনসি বর্ত্ততে। দ্বিজালয়ে ব্রতং মাতর্দৃষ্টং বাঞ্ছিতসিদ্ধিদম্। তৎ
শ্রুত্বা কন্যকাবাক্যং ব্রতং কর্ত্তুং সমুদ্যতা। সমুতা সা বণিগ্ভার্য্যা
সত্যনারায়ণস্য চ। ব্রতং চক্রে চ বৈ সাধ্বী বন্ধুভিঃ স্বজনৈঃ সহ।
ভর্ত্তৃজামাতরৌ ক্ষিপ্রমাগচ্ছেতাং স্বমাশ্রমম্। ইতি দেবং বরং
যাচে সত্যদেবং পুনঃ পুনঃ। অপরাধঞ্চ ভর্ত্তুর্মে জামাতুঃ ক্ষন্তুমর্হসি।
ব্রতেন তস্যাস্তুষ্টোঽভূৎ সো সত্যনারায়ণঃ প্রভুঃ। দর্শয়ামাস স্বপ্নং হি
চন্দ্রকেতুং নৃপোত্তমম। বন্দিনৌ মোচয় প্রাতর্বণিজৌ নৃপসত্তম।
দেয়ং ধনঞ্চ তৎ সর্ব্বং বিধিনা দ্বিগুণীকৃতম। নোচেৎ ত্বাং নাশয়-
িষ্যামি সরাজ্য-ধনপুত্রকম্। এবমাভাষ্য রাজানং ধ্যানগম্যো
ঽভবৎ প্রভুঃ। ততঃ প্রভাতসময়ে রাজা চ স্বজনৈঃ সহ। উপবিশ্য
সভামধ্যে প্রাহ দূতজনং প্রতি। বদ্ধৌ মহাজনৌ শীঘ্রং মোচয়ধ্বং
বণিক্সুতৌ। ইতি রাজ্ঞো বচঃ শ্রুত্বা মোচয়িত্বা মহাজনৌ। সমা-
নীয় নৃপস্যাগ্রে প্রাহুশ্চ বিনয়ান্বিতঃ। আনীতৌ দ্বৌ বণিক্-
পুত্রৌ মুক্তৌ নিগড়বন্ধনাৎ। ততো মহাজনৌ নত্বা চন্দ্রকেতুং
নৃপোত্তমম। স্মৃত্বা চ পূর্ব্ববৃত্তান্তং বিস্ময়াদ্ভয়-বিহ্বলৌ। রাজা
বণিক্সুতৌ বীক্ষ্য প্রোবাচ সাদরং বচঃ। দৈবাৎ প্রাপ্তং মহৎ কষ্ট-

ইদানীং নাস্তি তে ভয়ম্। ইদানীমেব নক্তস্থঃ ক্ষুরকর্ম্মাদিকঞ্চর।
ততো নৃপবরঃ শ্রীমান্ স্বর্ণরত্নবিভূষণৈঃ। অলঙ্কৃত্য বণিক্পুত্রৌ
বচসা প্রীণয়দ্ভৃশম্। পুরা নীতঞ্চ যদ্দ্রব্যং দ্বিগুণীকৃত্য দত্তবান্।
প্রোবাচ তৌ ততো রাজা গচ্ছ সাধো নিজাশ্রমম্। রাজা চ
প্রণিপত্যাহ গন্তব্যং তৎ প্রসাদতঃ। যাত্রাং কৃত্বা ততঃ সাধুর্ম্মঙ্গ-
লাচারপূর্ব্বিকাম্। ব্রাহ্মণেভ্যো ধনং দত্ত্বা সহর্ষো নগরং যযৌ।
কিয়দ্দূরে গতে সাধৌ সত্যনারায়ণঃ প্রভুঃ। জিজ্ঞাসাং কৃতবান্
সাধো কিমস্তি তরণৌ তব। ততো মহাজনো মত্তো হেলয়া
বা গহস্য চ। কথং পৃচ্ছসি ভো দণ্ডিন্ মুদ্রাং কিং লব্ধুমিচ্ছসি।
লতাপত্রাদিকঞ্চৈব বর্ত্ততে তরণৌ মম। নিষ্ঠুরঞ্চ বচঃ শ্রুত্বা সত্যং
ভবতু তে বচঃ। এবমুক্ত্বা গতঃ শীঘ্রং দণ্ডী তস্য সমীপতঃ।
কিয়দ্দূরে ততো গত্বা স্থিতঃ সিন্ধুসমীপতঃ। গতে দণ্ডিনি সাধুশ্চ
কৃতনিত্যক্রিয়স্তদা। উত্থিতস্তরণীং দৃষ্ট্বা বিস্ময়ং পরমং যযৌ।
লতাপত্রাদিকং দৃষ্ট্বা মূর্চ্ছিতো ন্যপতদ্ভুবি। লব্ধসংজ্ঞো বণিক্পুত্র
স্ততশ্চিন্তাপরোঽভবৎ। শ্বশুরং দুহিতুঃ কান্তো বচনঞ্চেদম
ব্রবীৎ।

জামাতোবাচ। কিমর্থং ক্রিয়তে শোকঃ শাপো দত্তশ্চ দণ্ডিনা।
শক্যতে তেন সর্ব্বং হি কর্ত্তুং হর্ত্তুং ন সংশয়ঃ। ততস্তচ্ছরণং যামো
বাঞ্ছিতার্থো ভবিষ্যতি। জামাতুশ্চ বচঃ শ্রুত্বা তৎসকাশং গত
স্তদা। দৃষ্ট্বা চ দণ্ডিনং ভক্ত্যা নত্বা প্রোবাচ সাদরম্। ক্ষমস্ব
চ পরাধং মে যদুক্তং তব সন্নিধৌ। ময়া দুরাত্মনা দেব মুগ্ধোঽহং
তব মায়য়া। যদুক্তং তদ্বচো নাথ দুষ্টং মে ক্ষন্তুমর্হসি। যতঃ
পরকৃতাঃ সর্ব্বে ক্ষমাসারা হি সাধবঃ। পুনঃ পুনস্ততো নত্বা রুরোদ
শোকবিহ্বলঃ। তমুবাচ ততো দণ্ডী বিলপন্তং বিলোক্য চ। মা
রোদীঃ শৃণু মে বাক্যং মম পূজাপরাঙ্মুখঃ। মামবজ্ঞায় দুর্ব্বুদ্ধে
লব্ধং দুঃখং মুহুর্ম্মুহুঃ। তৎ শ্রুত্বা ভগবদ্বাক্যং স্তুতিং কর্ত্তুং
সমুদ্যতঃ॥

সাধুরুবাচ। ত্বন্মায়ামোহিতাঃ সর্ব্বে ব্রহ্মাদ্যাস্ত্রিদিবৌকসঃ।

ন জানামি গুণং রূপং তবাশ্চর্য্যমিদং প্রভো। মূঢ়োঽহং ত্বাং কথং জানে মোহিতস্তব মায়য়া। প্রসীদ পূজয়িষ্যামি যথা-বিভব-বিস্তরৈঃ পুত্রং বিত্তঞ্চ ভো দেব পাহি মাং শরণাগতম্। শ্রুত্বা ভক্তিযুতং বাক্যং পরিতুষ্টো জনার্দ্দনঃ। বরঞ্চ বাঞ্ছিতং দত্ত্বা তত্রৈবান্তরধীয়ত। ততোঽসৌ নাবমারুহ্য দৃষ্ট্বা রত্নাদি-পূরিতাম্। কৃপয়া সত্যদেবস্য সফলং বাঞ্ছিতং মম। ইত্যুক্ত্বা স্বজনৈঃ সার্দ্ধং পূজাং কৃত্বা যথা-বিধি। হর্ষেণ মহতা সাধুঃ প্রস্থানঞ্চাকরোত্তদা। নাবং সংযোজ্য বেগেন স্বদেশমগমত্তদা। ততো জামাতরং প্রাহ পশ্য রত্নপুরীং মম। দূতঞ্চ প্রেষয়ামাস নিজবিত্তস্য রক্ষকম্। ততোঽসৌ নগরং গত্বা সাধোর্ভার্য্যাং বিলোক্য চ। প্রোবাচ বাঞ্ছিতং বাক্যং নত্বা বদ্ধাঞ্জলিস্তদা। নিকটে নগরস্যৈব জামাত্রা সহিতো বণিক্। আগতো বন্ধুবর্গৈশ্চ ধনৈর্বহুবিধৈস্তথা। শ্রুত্বা দূতমুখাদ্বাক্যং মহাহর্ষযুতা সতী সত্যপূজাং ততঃ কৃত্বা প্রোবাচ তনুজাং প্রতি। ব্রজামি শীঘ্রমাগচ্ছ সাধুসন্দর্শনায় চ ইতি মাতৃবচঃ শ্রুত্বা ব্রতং কৃত্বা সমাপ্য চ। প্রসাদং সংপরিত্যজ্য গতা সা চ পতিং প্রতি। তেন রুষ্টঃ সত্যদেবো ভর্ত্তারং তরণীং তথা। সংহৃত্য চ ধনৈঃ সার্দ্ধং জলে তস্মিন্ সমর্পয়ৎ। ততঃ কলাবতী কন্যা নালোক্য নিজকং পতিম্। শোকেন মহতা তত্র রুদন্তী চাপতদ্ভুবি। দৃষ্ট্বা তথাবিধাং কন্যাং তৎপতিং তরণীং তথা। ভীতেন মহতা সাধুঃ কিমাশ্চর্য্যমিদং মহৎ। বিচিন্ত্যমানাঃ সর্ব্বে তে বভূবুস্তরিবাহকাঃ। ততো লীলাবতী সাধ্বী দৃষ্ট্বা তদ্বিহ্বলা সতী। বিললাপাতিদুঃখেন ভর্ত্তারঞ্চেদমব্রবীৎ। ইদানীং নৌকয়া সার্দ্ধমদৃশ্যোঽভূদলক্ষিতম্। ন জানে কেন দৈবেন হেলয়া বাপহারিতম্। সত্যদেবস্য মাহাত্ম্যং কিং জ্ঞাতুং ন হি শক্যতে। ইত্যুক্ত্বা বিললাপ। তত্রস্থা স্বজনৈঃ সহ। ততো লীলাবতী কন্যাং ক্রোড়ে কৃত্বা রুরোদ চ। ততঃ কলাবতী কন্যা নষ্টে স্বামিনি দুঃখিতা। গৃহীত্বা পাদুকাং তস্য অনুগন্তুং মনো দধে। কন্যায়াশ্চরিতং দৃষ্ট্বা সভার্য্যঃ সুজনো বণিক্। অতিশোকেন সন্তপ্তশ্চিন্তয়ামাস ধর্ম্মবিৎ। হৃতো হি

সত্যদেবেন জামাতা সমায়াস্যা। সত্যপূজাং করিষ্যামি যথা বিভববিস্তরৈঃ। ইতি সর্ব্বান্ সমাহূয় কথিতঞ্চ মনোরথম্। নত্বা চ দণ্ডবদ্ভূমৌ সত্যদেবং পুনঃ পুনঃ। ততস্তুষ্টঃ সত্যদেবো গগনাদ্বণিজং প্রতি। জগাদ বচনঞ্চেদং নৈবেদ্যমবমন্য চ। আগত্য স্বামিনং দ্রষ্টুমতোঽদৃশ্যোঽভবৎ প্রভুঃ। গৃহং গত্বা প্রসাদঞ্চ ভুক্ত্বা চায়াতি সা পুনঃ। লব্ধভর্ত্তৃস্তথা সাধ্বী ভবিষ্যতি ন সংশয়ঃ। ততশ্চ প্রাণবং বাক্যং শ্রুত্বা গগনমণ্ডলাৎ। ক্ষিপ্রং তদা গৃহং গত্বা প্রসাদং প্রতিভুজ্য চ। অপশ্যৎ পুনরাগত্য পতিং নাবং জনৈঃ সহ। ততঃ কলাবতী তুষ্টা জগাদ পিতরং প্রতি। এহি তাত গৃহং যামি বিলম্বং কুরুষে কথম্। তৎ শ্রুত্বা কন্যকাবাক্যং সন্তুষ্টোঽভূদ্বণিক্সুতঃ। পূজনং সত্যদেবস্য কৃত্বা বিধিবিধানতঃ। ধনৈর্বন্ধুগণৈঃ সার্দ্ধং জগাম নিজমন্দিরম্। পৌর্ণমাস্যাঞ্চ সংক্রান্ত্যাং পূজাং কৃত্বা যথাবিধি ইহলোকে সুখং ভুক্ত্বা চান্তে সত্যপুরং যযৌ ॥

সূত উবাচ　অথ চান্যং প্রবক্ষ্যামি শৃণুধ্বং মুনিসত্তমাঃ। আসীদ্বংশধ্বজো রাজা প্রজাপালনতৎপরঃ। প্রসাদং সত্যদেবস্য ত্যক্ত্বা দুঃখমবাপ সঃ। একদা স বনং গত্বা হত্বা চ বিবিধান্ মৃগান্। আগত্য বটমূলে চ দৃষ্ট্বা সত্যস্য পূজনম্। গোপাঃ কুর্ব্বন্তি সন্তুষ্টা ভক্তিযুক্তাঃ সবান্ধবাঃ। রাজা দৃষ্ট্বা তু দর্পেণ নাগতো ন ননাম সঃ। ততো গোপগণাঃ সর্ব্বে প্রসাদং নৃপসন্নিধৌ। সংস্থাপ্য পুনরাগত্য ভুক্ত্বা সর্ব্বে যথেপ্সিতম্। ততঃ প্রসাদং সংত্যজ্য রাজা দুঃখমবাপ সঃ। তস্য পুত্রশতং নষ্টং ধন-ধান্যাদিকঞ্চ যৎ। সত্যদেবেন তৎ সর্ব্বং নাশিতং মম নিশ্চিতম্। অতস্তত্রৈব গচ্ছামি যত্র দেবস্য পূজনম্। মনসেতি বিনিশ্চিত্য যযৌ গোপলসন্নিধিম্। ততোঽসৌ সত্যদেবস্য পূজাং গোপগণৈঃ সহ। ভক্তিশ্রদ্ধান্বিতো ভূত্বা চকার বিধিবন্নৃপঃ। সত্যদেবপ্রসাদেন ধনপুত্রান্বিতোঽভবৎ। ইহলোকে সুখং ভুক্ত্বা চান্তে বিষ্ণুপুরং যযৌ। য ইদং কুরুতে সত্যব্রতং পরমদুর্লভম্ শৃণোতি চ কথাং

পুণ্যাং ভুক্তিমুক্তিফলপ্রদাম্। ধনধান্যাদিকং তস্য ভবেৎ সত্যপ্রসাদতঃ। দরিদ্রো লভতে বিত্তং বদ্ধো মুচ্যেত বন্ধনাৎ। ভীতো ভয়াৎ প্রমুচ্যেত সত্যমেতন্ন সংশয়ঃ। ঈপ্সিতঞ্চ ফলং ভুক্ত্বা চান্তে সত্যপুরং ব্রজেৎ। ইতি বঃ কথিতং বিপ্রাঃ সত্যনারায়ণব্রতম্। যৎ কৃত্বা সর্ব্বদুঃখেভ্যো মুক্তো ভবতি মানবঃ। বিশেষতঃ কলিযুগে সত্যপূজাকথাফলম্। সত্যনারায়ণং কেচিৎ সত্যদেবং তথাপরে। নানারূপধরো ভূত্বা সর্ব্বেষামীপ্সিতপ্রদঃ। ভবিষ্যন্তি কলৌ সত্যব্রতরূপী সনাতনঃ। য ইদং পঠতে নিত্যং শৃণোতি মুনিসত্তমাঃ। তস্য নশ্যন্তি পাপানি সত্যদেবপ্রসাদতঃ॥

ইতি স্কন্দপুরাণে রেবাখণ্ডে সত্যনারায়ণব্রতকথা সমাপ্তঃ।

সত্যনারায়ণের পাঁচালী।

পয়ার।

একদিন নারায়ণ যুধিষ্ঠির সাথে। মহারঙ্গে বন্ধ সঙ্গে পুরী হস্তিনাতে॥ নানামতে কৌতুকেতে আছে গদাধর। মনে পড়ে কলি র'ল বলির নগর॥ দ্বাপরের অন্তে তার রাজ্যপ্রাপ্তি হবে। ভাবি মনে নারায়ণ কহিছে পাণ্ডবে॥ চল ভূপ অপরূপ নিতে সুশ্রাব। বলি-পাশ ইতিহাস ধর্ম্মের প্রস্তাবে॥ রাজা বলে কুতূহলে চল দয়াময়। তুমি যার বন্ধু তার কোন্ কর্ম্ম হয়॥ চলিলেন দুই জন হয়ে পদগতি। পদে পদে পাপ ছেদ পুণ্যা বসুমতী॥ পুণ্যবায় পায় পায় অশ্বমেধপাত। মহীতলে কতূহলে আজি সুপ্রভাত॥ চলিলেন দুইজনে পরম সন্তোষে। দেখিছেন সেই স্থানে দুয়ের বিবাদ॥ এক চাষা অতি খাসা ক্ষেতে করে চাষ। স্বর্ণ-ভাণ্ড খণ্ড খণ্ড তাহাতে প্রকাশ॥ পেয়ে ধন সেই জন ব্রাহ্মণকে কয়। তব ভূমে মোর শ্রমে ধন লভ্য হয়॥ লও ধন নিকেতন ঠাকুর গোঁসাই। বিপ্র বলে মূর্খ মেলে আর ঠেকি নাই॥ পেয়েছিস্ তুই দিস মোরে কি কারণ। আমি নিয়া হব ইহা পাপের ভাজন॥ চাষা বলে বেদপুরাণে শুনেছি শ্রবণে। তুমি

যার বিত্ত তার লিখেছে পুরাণে ॥ সীতা পেয়ে চাষা দেয়ে দিল জনকেতে। প্রভু বুঝি মোরে আজি ঠেকালে পাপেতে ॥ শুনি কানে দুই জনে চলিলে ত্বরিতে। দ্রুতগতি উপস্থিত বলির পুরীতে ॥ ধর্ম্ম দেখি কহে ডাকি কলি অবতার। মহারাজা মোর সাজা দেখ একবার ॥ বহুকাল বদহাল মোর নাম কলি। বিনা দোষে বাঁধি পাশে রাখিয়াছে বলি ॥ ধর্ম্মসুত অদভুত এ ভিক্ষা চাই। মোর প্রাণ দাও দান ধর্ম্মের দোহাই ॥ রাজা শুনি কৈলা পুনি করিব মোচন। সবিস্মিত উপনীত বলির সদন ॥ অয়ে অয়ে পুণ্যাপুণ্যে হইবে মিলন। বলি কাছে ভিক্ষা যাচে পাণ্ডুর নন্দন ॥ মহাশয় পুণ্যময় এত পুণ্য কার। আমি চাই ভিক্ষা পাই কলি অবতার ॥ চক্রপাণি চক্র মানি আজ্ঞা দিলা বলি। অনুচরে মুক্ত করে হয়ে কুতূহলী ॥ মুক্ত হয়ে কলি বেয়ে রাজা হলে স্থিত। কম্পমান নিয়া প্রাণ দ্বাপর অতীত ॥ বলি সঙ্গে নানা রঙ্গে বিদায় হইলা। তুষ্টমনে দুই জনে গমন করিলা ॥ সেই পথে সেই ক্ষেতে সেই চাষা সাথে। সেই দ্বিজ নিরানন্দ বিপরীত তাতে ॥ বিপ্র বলে কোন্ কালে হয়েছে এমন। ক্ষেতে মোর বিত্ত তোর এ কথা কেমন ॥ ওরে বেটা চাষা ঠেঁটা ধন মোর দে রে। চাষা বলে বাক্যচ্ছলে তুই বেটা কে রে ॥ বিচড়ামি করি তুমি ধন বুঝি পেলে। ভাগ্য তোর হেথা মোর নাহি লোক ছেলে ॥ কলিরাজ নিজ সাজ পরিয়া ত্বরায়। ডাকে এক দীন মুখ হাসি হাসি যায় ॥ শিবর নারী করে ধরি জননীর কেশ। যাতা পাত কষ্ট অতি আশেষ বিশেষ ॥ এলো বুড়ী আটকুড়ী নাহি তার ধন। কত আর সব তার পাপিষ্ঠা অধম ॥ পক্ককেশী শ্বাসকাসী পেচক লোচনী। দন্তহীনা কুরূপিণী পাপিনী তাপিনী ॥ নারী প্রতি ভক্তি অতি মিষ্ট কথা কয়। সাবধান ওলো প্রাণ বাঘে পাছে হয় ॥ দীর্ঘ কেশ কটিদেশ সিংহের আকার। পদ্মআঁখি পদ্ম মুখী পদ্মিনী আমার ॥ সচকিত বিপরীত দেখি যুধিষ্ঠির। থর থর কলেবর হইলা অস্থির ॥ যুড়ি কর নৃপবর হরিণ সাক্ষাৎ। জিজ্ঞা-

গিলা এ কি লীলা কহ জগন্নাথ॥ হরি কয় মহাশয় জিজ্ঞাস কি রীত। মহীপাল কলিকাল দ্বাপর অতীত॥ শুন ভূপ অপরূপ যুগ-ধর্ম্ম-ফল। অতি বৃষ্টি অনাবৃষ্টি হইবে সকল॥ রাজা সনে প্রজাগণে করিবে ছলন। প্রাণিগণ অনুক্ষণ পরদারে মন॥ নারী সবে কামী হবে পতি প্রতি দ্বেষ। পর পতি প্রতি অতি সরস আবেশ॥ ধন লোভে প্রাণী সবে মিথ্যা সাক্ষ্য দিবে। ছলনায় সর্ব্বদায় পাপ উপার্জ্জিবে॥ ধর্ম্মাধর্ম্ম মর্ম্মামর্ম্ম পাইবে বিনাশ। দিনে দিনে ক্ষণে ক্ষণে অধর্ম্ম প্রকাশ॥ অসম্ভব শুনি সব হরির বদনে। রাজা কয় দয়াময় কহ ত এক্ষণে॥ এই মত হবে যত জীবের দুর্দ্দশা। বল শুনি চক্রপাণি কি হবে ভরসা॥ হরি কহে শুন যাহে জীবের নিস্তার। অসত্যেতে সত্যমতে ভাবিবে সংসার॥ সত্যমূর্ত্তি হলে কীর্ত্তি করিব অচল। নামবলে কলি হলে তারিবে সকল॥ এত বলি বনমালী করিলা গমন। গঙ্গাতীরে তীরে ফিরে পতিত পাবন॥ দ্বিজমূর্ত্তি হলে কীর্ত্তি প্রকাশ কারণ। বসিছেন তীরে যেন প্রভাত তপন॥ সেই পথে প্রাপ্ত হলো এক দ্বিজ যান। গঙ্গাবাস তার নাম দারিদ্র প্রধান॥ বৃদ্ধ বিপ্র গঙ্গা ক্ষিপ্র নঙ্গুষ্ঠ গলে। গঙ্গামাটী পরিপাটী দাগ ফোটা ভালে॥ যষ্টি হাতে শীনদাত বায়ুতে হেলায়। ধন আশ ক্ষুদ্র কাশ টাকমাল চায়॥

লঘু ত্রিপদী।

কহে গদাধর, ওহে দ্বিজবর, কোথা যাও মহাশয়। ক্ষীণ দোষ দেহ, সঙ্গে নাহি কেহ, না কর জীবন ভয়॥ বিপ্র বলে বাপু মোর এই বপু, বাঘে সাপে নাহি খায়। কোন দৈববাদে, ঘোর অপরাধে, সৃজিয়াছে বিধাতায়॥ কি জিজ্ঞাস তুমি, জন্মদুঃখী আমি, ভাই বন্ধু নাহি একা। বান্ধব সকলে, অন্য পথে চলে, মোর সনে হলে দেখা॥ কাঙ্গালী দেখিয়া, হাততালি দিয়া, লোকে দেয় খেদাইয়া। ঘরে যদি যাই, প্রিয়বাক্য নাই, নারী ডাকে অভাগিয়া॥ ভাবিয়াছি মনে, এ ছার জীবনে, বাঁচিয়া কি ফল আর। পাপবিনাশিনী, তাপ-বিমোচনী, যদি মোরে করে পার॥

শুনি দুঃখরাশি, প্রভু কহে হাসি, এ আর কতেক দায়। সত্য নারায়ণ, করহ পূজন, দুঃখ না রহিবে তায়॥ ধন পুত্র জন, প্রবাল কাঞ্চন, অনায়াসে দিতে পারি। দরিদ্রের ধন, সত্য নারায়ণ, ভবার্ণবের কাণ্ডারী॥ আটা রম্ভা পয়, গুড় আদি চয়, এ সব রচনা দিয়া। সোয়া পরিমিতে, মণে বা সেরেতে, সন্ধ্যা-কালেতে পূজিয়া॥ পুরোণোক্ত তন্ত্রে, নারায়ণ মন্ত্রে, বিষ্ণুকে করিবে দান। পড়িয়া পাঁচালী, দ্বিজে দিবে ডালি, ভক্তিতে করিবে পান॥ গঙ্গারাম কয়, ওহে মহাশয়, তুমি কে বল তা শুনি। প্রভু কহে আমি, ত্রিভুবনস্বামী, মোরে ভাবে সুর মুনি॥ তব ভাগ্যফলে, আসিয়াছি ছলে, মহিমা করিতে দান। দ্বিজ তবে ভণে, শুনেছি পুরাণে, চতুর্ভুজ ভগবান্॥ সেই রূপ যদি, ধর গুণনিধি, তবে সে প্রত্যহ হয়। গোলকবিহারী, চতুর্ভুজ ধারী, হইলেন সে সময়॥ চারি কর-মাঝে, আভরণ সাজে, শঙ্খ চক্র গদা পদ্মে। বিনতানন্দন, পরে নারায়ণ, পীতাম্বর কটিবন্ধে। কমলা ভারতী, দুই পার্শ্বে স্থিতি, শ্বেত-রক্ত বর্ণকায়। জলধরোপর, স্থির ঘনতর, চপলা যেন খেলায়। দেখি গঙ্গারাম, করিছে প্রণাম, প্রণতিতে স্তব-স্তুতি। শুভাদৃষ্টফলে, হৃদি-পদ্ম-দলে সরস্বতী হৈল স্থিতি॥ তুমি হরি হর, তুমি দিবাকর, তুমি দিবস শর্ব্বরী। তুমি পদ্মযোনি, তুমি স্বর্ণমণি, তুমি বিনোদ বিহারী॥ আগম পুরাণ, নিগম বিধান, তুমি দিক্ দশধারী, তুমি ধরামেরু, তুমি কল্পতরু, তুমি মুক্ত মোক্ষকারী॥ তুমি দাও মুক্তি, তুমি সর্ব্বশক্তি, তুমি শঙ্করের গৌরী। কৃষ্ণ-বলরাম, শ্রীদাম সুদাম, তুমি সুরাসুর সৌরি॥ জঠর-যাতন, যমের তাড়ন, তোমার নামেতে তরি। তুমি সুধাকর, সর্ব্বঘটে চর, হর যোগিনামধারী॥ হীনজন প্রতি অখিলের পতি, দয়া কৈলা যদি ভারী। শমন-আগার, নিজ গুণে তার, ভবে যেন নাহি ঘুরি॥ কহে ভগবান্, অন্তকালে স্থান, দিব লইব উদ্ধারি। দিয়া বরদান, হন অন্তর্দ্ধান, দেবদেব মুর-অরি॥

(ধনপতি সদাগরের উপাখ্যান)

পয়ার।

উপদেশ পেয়ে বিপ্র যাইয়া ভবনে। পূজিলেন দীননাথে অনেক যতনে॥ হইল মহান্ সুখ দুঃখির কারণ। দাস দাসী হাতী ঘোড়া রত্ন-সিংহাসন॥ যে নারী কহিত কটু উদর-জ্বালায়। মিষ্টকথা হাস্যমুখ সদা সর্ব্বদায়॥ নিত্য নিত্য করে পূজা বিবিধ বিধানে। উপনীত এক কাঠুরিয়া সেই স্থানে॥ কাষ্ঠ-আঁটি রাখি মাটী করিয়া আসন। শুনিছে মহিমাগুণ ভরিয়া শ্রবণ। মানস করিল মনে প্রসাদ খাইয়া। পরদিন পূজিলেক গৃহেতে যাইয়া। ভক্তিতে দিলেন শৌর্য্য বীর্য্য ভগবান্। নিত্য করে সত্যসেবা বিবিধ বিধান॥ নদীতীরে পূজা করে সব কাঠুরিয়া। উপনীত এক সাধু তরণী বাহিয়॥ কামাখ্যাতে ঘর ধনপতি নাম তার। মহাচীনে গিয়াছিল করিতে ব্যাপার॥ সমারোহ দেখি তটে উঠে সদাগর। জিজ্ঞাসে পূজার কথা সবার গোচর॥ কাঠুরিয়া বলে সত্যনারায়ণ হরি। পূজিলে মানস সিদ্ধি পরলোকে তরি॥ সাধু বলে সুত সুত মোর যদি হয়। লক্ষ তঙ্কা দিয়া পূজা করিব নিশ্চয়॥ এবমস্তু এবমস্তু বলে কাঠুরিয়া। সাধু চলে নিজ দেশে মানস করিয়া॥ কত দিনে উত্তরিলা সাধু নিজাগার। সে দিবসে ঋতুস্নান সাধুর জায়ার॥ প্রকাশ-কমলে বিন্দু হইল পতন। মুদিল কমলদল গর্ভের লক্ষণ॥ হইল পূর্ণিত দশ মাস অবসান। প্রসবিল এক কন্যা রোহিণী সমান॥ দিনে দিনে বাড়ে কন্যা যেন শশিকলা। শশিমুখী নাম রাখে দেখিয়া বিমলা॥ দশম বৎসর হলো বয়স কন্যার। মিষ্ট কথা হাস্যমুখ সদা রসভার॥ দেবদত্ত কন্যা মত্তকুঞ্জরগামিনী। অঙ্গ আভা যেন শোভা স্থির সৌদামিনী। দীর্ঘ কেশ কটিদেশ সিংহের সমান। দেখি তারে পঞ্চশরে নিত্য মোহ যান॥ সম্পূর্ণ ষোড়শী নেত্র হেন নীলোৎপল। সুধাকর নিন্দি তার বদনমণ্ডল॥ গলে দোলে সারি সারি মালা মুকুতার। লোকে সবে অনুভবে পদ্মিনী আকার॥ কেহ বলে কুম্ভ ছলে

উর্ব্বশী আসিলা। কিবা ফিরে জনকের জানকী জন্মিলা॥ ছাড়ি পতি বুঝি রতি গতি পুনর্ব্বার। রুক্মিণী দ্রৌপদী কিম্বা মাদ্রীর আকার॥ ধনপতি কন্যা দেখি সুখী সর্ব্বদায়। সম্বন্ধ করিল স্থির ঘটক দ্বারায়॥ মহারাষ্ট্রে ঘর বর হরিশ্চন্দ্র নাম। রূপে গুণে কুলে শীলে অতি অনুপাম॥ হরিশ্চন্দ্র চন্দ্র সম বদন আকৃতি। তার স্থানে কন্যা দান কৈল ধনপতি॥ কত দিন সুখে আছে জামাতা লইয়া। সত্যসেবা পাসরিল সুখেতে ভুলিয়া। হরির হৈল কোপ সাধুর চরিতে। মনোগত কৈল সাধু বাণিজ্যে যাইতে॥ জামাতা যাইবে সঙ্গে দিন স্থির হৈল। উষা'ত করিবে যাত্রা সকলে জানিল॥ পূর্ব্বদিকে রক্তবর্ণ দিক্ সুপ্রকাশ। দিনমণি আগমনে নক্ষত্র বিনাশ॥ বাসায় থাকিয়া পাখী ডাকিছে তৎকাল। কোকিল করিছে কুহুরব সুরসাল॥ উষা পেয়ে যাত্রা করে সাধু ধনপতি। ইষ্টদেব স্মরিয়া নৌকায় কৈল গতি॥ নারায়ণ পাসরিল সাধুর নন্দন। কি ঘটে ললাটে দেখ বিধির লিখন॥

একাবলী ছন্দ।

ধনপতি যেয়ে উঠিল নায়। খুলিল বহর দক্ষিণ বায়॥ সিংহলে যাইতে করিল মনে। বাহিছে তরণী রজনী দিনে॥ কামাখ্যা হইতে ছাড়িল তরী। আশে পাশে রাখে কতেক গিরি॥ ব্রহ্মপুত্র তীর্থরাজ সুগভীর। সুঠাম সুগতি উজ্জ্বল নীর॥ যার দরশনে মুকতি পায়। তার পরে তরী বাহিয়া যায়। যোগী গোফা আদি রাখিয়া পাছে। উপনীত করতোয়ার কাছে॥ কর্ণধারে সাধু জিজ্ঞাসে কথা। কত দিনের পথ আসিছ এথা॥ কর্ণধার বলে দিক্তর হ'তে। এসেছি শতেক যোজন পথে॥ পাঁচ দিনে এনু বাদাম-বলে। বিশেষ তোমার ভাগ্যের ফলে॥ শুনি সদাগর হরিষ তায়। যোড়া ফেলি দিল কাণ্ডারীর গায়॥ পরশুরামের বাড়ী দেখিয়া। খুলিল বহর হরিষ হইয়া॥ ব্রহ্মপুত্র ছাড়ি লক্ষাতে পড়ি। আটিয়া বাধিল বাদাম দাড়॥ মেঘনাতে ডিঙ্গা ধরিল বলে। বদর বদর নেয়ারা বলে। কত

নদ নদী নগর ছাড়ি। দাঁড়ী-মাঝীগণে গাইছে সারি॥ উতরিলা যেয়ে কপিলাশ্রমে। উঠে সদাগর অতি সম্ভ্রমে॥ গঙ্গাসাগরেতে করিয়া স্নান। সেথা হ'তে ত্বরা করে প্রস্থান॥ সাধু কহে কর্ণ-ধারেরে তবে। নীলাচল যেতে ক-দিন লাগিবে॥ ঝর ঝর বারি আঁখিতে ঝরে। পুনঃ পুনঃ সাধু জিজ্ঞাসা করে॥ কর্ণধার বলে ধনেশ ধীর। সমুদ্রের বড় উথার নীর॥ সাগরসঙ্গম হইতে ছাড়ি। মাসেকের পথ ঠাকুরবাড়ী॥ কেন বারি ঝরে কমলনেত্রে। সাত দিনে নিব বিমল ক্ষেত্রে॥ শুনি কহে সাধু গভীর রবে। হেন শুভ ভাগ্য মোর কি হবে॥ তীরসম তরী বাদামে চলে। নলের ঘোটক নিন্দিয়া চলে॥ নৌকাপরে স্নান নোকাতে পাক। সরোবরে যেন হংসের ঝাঁক॥ সপ্তম দিবস হৈল পূর্ণিত। কর্ণধার হৈল মনেতে ভীত। দূরবীণ ধরি পশ্চিম দিকে। এক আঁখি দিয়া দেখিতে লাগে॥ ধূ ধূ মণিকোঠা দেখিয়া চোকে। কর্ণধার ত্বরা সাধুকে ডাকে॥ ওহে সদাগর দেখহ আসি। নীলাচলোপরি গোলোক-বাসী॥ কথোপকথনে মন-উল্লাসে। তরী লাগে যেয়ে দক্ষিণ পাশে॥ ধনপতি স্মরি জগন্নাথ উঠিলেন ধেয়ে জামাতা সাথ॥ দাঁড়ী মাঝী সঙ্গে এক হাজার। দ্বিগুণ বন্ধু-বান্ধব তাহার। সাধুসঙ্গে চলে সঙ্গীরা যত। হরিশ্চন্দ্র স্বর্গগমন মত। আঠারনালাতে কৈলা পয়াণ। পাণ্ডা মিলে আসি সাধুর স্থান॥ গলে দিব্যমালা তিলক নাকে। করে বেত্রাঘাত প্রভুকে ডাকে॥ বেত্রাঘাত করে সাধুর পরে। ধনপতি-ভাগ্য প্রশংসা করে॥ সহস্র সুবর্ণ-মুদ্রা আনিয়া আঠার-নালার চৌদিকে দিয়া॥ ধনপতি সুখী পথগমনে। কবি-বর সুখে সরল ভণে।

লঘু ত্রিপদী।

চলে ধনপতি, অতি দ্রুতগতি, জগন্নাথ দরশনে। কুবের তোড়ানী, প্রথমেতে কিনি, পান করেছে যতনে॥ কত দর হাটি, দেখে পরিপাটি, অন্নের হাট বাজার। কিনি সাধুগণ, করিছে ভোজন, ব্যঞ্জন কত প্রকার। পরক পায়স, আদি ছয় র...

করয়া বাউ খিচড়ী। কাঙ্গালী সকল, হয়ে কুতূহল, করিতেছে কাড়াকাড়ি॥ চণ্ডালে আসিয়া, আটিয়া কিনিয়া, দিতেছে ব্রাহ্মণ মুখে। পেয়ে বিপ্রগণ, হবিষে মগন, খাইছেন মহাসুখে॥ কুকুর বদন, হইতে তখন, অন্ন যদি হয় পাত। তাহা খাইবার, কাক অবতার, দেবগণ সাথে সাথ॥ দেখি সদাগর, হরিষ অন্তর, বাজার কিনিয়া লয়। বিবিধ প্রকার, করিয়া ভাণ্ডার, অন্ন-কল্পতরু হয়॥ ইন্দ্র-দ্যুম্ননাথ, যাইয়া ত্বরায়, অক্ষয় বট দেখিয়া। দীনবন্ধু পাশ, করিলেক বাস পুলকে পূরিত হিয়া। গোলোক বিহারী, পদ্মাকুমারী, দেখয়া দৃষ্টি করি। সাধু কলেবর, সুখে গরগর, নয়নে বহিছে বারি॥ লক্ষ্মীর পুরীতে, যাইয়া ত্বরিতে, সকল দেখিয়া যায়। উদর ভরিয়া, ভোজন করিয়া, উঠিলেন যেয়ে নায়॥ নীলাচলোপর, দেখে যেই নর, দারুব্রহ্ম অবতার। সে যায় গোলোকে, জিনিয়া ত্রিলোকে, কাটাইয়া ভব ভার॥ প্রভুর মহিমা, দিতে নারি সীমা, স্মরিতে কলুষক্ষয়। সর্ব্বতীর্থ আসি, হয় মিশামিশি, যেখানে প্রসঙ্গ হয়॥ তথা হৈতে গতি, কৈলা ধনপতি, সেতুবন্ধে উপনীত॥ রামেশ্বর নাম, অতি অনুপম, শিবলিঙ্গ বিরাজিত। কাণ্ডারী-গোচর, কহে সদাগর, শুন কর্ণধার ভাই। মনের উল্লাস, এক রাত্রি বাস, করিব এ পুণ্য ঠাঁই॥ শুনেছি পুরাণে, সেতুবন্ধস্থানে, যে করে নিশিতে বাস। শমন দমন, প্রসঙ্গে ভঞ্জন, জঠর যাতনা নাশ। সে নিশি বঞ্চিয়া, শিবকে অর্চ্চিয়া, খুলিল সাধু বহর। বামে লঙ্কা রাখি, কর্ণধারে ডাকি, কহিতেছে সদাগর॥ সমুদ্রেতে নাও, খরতর বাও সাবধান পাছে শঙ্কা। সব নীরাকার, অপার পাথার, দশরথ মাত্র লঙ্কা॥ সেতুবন্ধ হৈতে, সিংহল যাইতে, চারি মাসে সবে যায়। হরির চক্রেতে, বায়ুর বেগেতে, চারি প্রহরে লাগায়॥ দেখিয়া নগর, অতি মনোহর, উঠিলেন ধনপতি। অশেষ বিশেষ, এই কোন্ দেশ, জিজ্ঞাসে সবার প্রতি॥ বলিছে সকলে, আসিছ সিংহলে, কোথা যাবে মহাশয়। শুনি সদাগর, হরিষ অন্তর, নিতান্ত বিস্মিত

হয়। কর্ণধার কহে, কহে সদাগরে, কি শুভ যাত্রার ফল। চারি মাস পথ, দিনেতে আগত, বাণিজ্যে হবে মঙ্গল। মহা সুখ রঙ্গে, জামাতার সঙ্গে, বাস করিলেন স্থির। অট্টালিকা পর, বালাখানা ঘর, মনোহর বিরাজিত॥ সিংহল নগর, বর্ণিতে দুষ্কর, ধর্ম্মশীল সত্যবাদী। মহা মহীপাল, প্রভাবে বিশাল, নিষ্পাপ বিহীন ব্যাধি॥ রূপসী সুন্দরী, পদ্মিনী নাগরী, ঘরে ঘরে প্রকাশিত। ছয় ঋতু রয়, প্রতিদিনে ক্ষয়, বসন্ত সদা উদিত॥ কমলিনীগণ কখন কখন কটাক্ষভঙ্গিমা করে। বন্ধু ছাড়ি কাম, অমনি বিশ্রাম, রতিরে মনে বিস্মরে॥ হীরা মুক্তা চুণি, হেম নীলমণি রাখিয়াছে ভরি ভাণ্ডার। জৌরী ধনিয়ারে, সমযোগ্য হারে, তুলা ওজনে ব্যাপার॥ দেখি ধনপতি, হরষিত অতি, মনে সব আশা করে। এবার আমার, সাধের ব্যাপার, দিয়াছেন ধনেশ্বরে॥ কবিবর কয় আশা অতিশয়, যথা তথ অমঙ্গল। স্বর্ণমৃগ দেখি, আশায় জানকী, পেয়েছিল প্রতিফল।

একাবলী ছন্দ।

যে দিবস সাধু গেল সিংহলে। রাজপুরী চুরি হৈল বিরলে। রাণীর গলায় মতির হার। চোর বেচিবারে নিল বাজার॥ মনোহর হার সাধু আনিয়া। জামাতার গলে দিল কিনিয়া॥ সভাসদ কোটালে আনিয়া ভূপে। তজ্জন করিছে অশেষরূপে॥ হেনকালে হরি সর্ব্বজ্ঞবেশে। উপনীত হৈল রাজার বাসে॥ শুভ্র যজ্ঞসূত্র গলেতে দোলে। হর হর হর বদনে বলে॥ সূর্য্য সম তেজ বিরাজে কায়। জাহ্নবী মৃত্তিকা ভূষিত গায়॥ দেখি মহারাজ করে প্রণাম। জিজ্ঞাসে প্রভুর কোথায় ধাম॥ হরি কহে ধাম হরির দ্বার। যাইব সাগর সঙ্গম পার। যোগবলে আমি সকলি জানি। চোর সাধু সব দেখিলে চিনি॥ রাজা বলে প্রভু কহিতে ডরি। হায়-চোর মোরে দেহ ত ধরি॥ ভূমে খড়ি পাতি কহিছে হরি। শুন চোর নাম নৃপকেশরী॥ নাম ধনপতি কামাখ্যাবাসী। বাসা করিয়াছে নগরে

আসি ॥ হরিশ্চন্দ্র নামে জামাতা তার। তারা চুরি করি নিয়াছে হার ॥ কোটাল ছুটিল নগর পাশে। ধরে যেয়ে সাধুর নাম উদ্দেশে ॥ নকিবে ফুকারে হরিষ পায়। চোর ধরা গেছে সহিতে হার ॥ রাজা বলে হার আন গোচরে। চোর নিয়া রাখ মশান-ঘরে ॥ হরি-নাম ভুলি হবির সঙ্গে। সাধু হৈল বন্দী জামাতা সঙ্গে ॥ দেশে দুরদৃষ্ট সাধুর বাড়ী। হৈল গৃহদাহ অগ্নিতে পুড়ি ॥ মহা দুঃখ হৈল সাধুর জায়ার। দিনান্তে না ঘটে আহার তার ॥ বিরলে বসিয়া সাধুরমণী। শ্রবণে শুনিল হরির ধ্বনি ॥ স্মরণে পড়িল মানস কথা। দেব আরাধিয়া জন্মিল সুতা। মানস করিল দেবের ঠাঁই। প্রভু আন দেশে সঙ্গে জামাই ॥ ভক্তি দেখিয়া দয়াল নাথ। সিংহলে চলিল রাজ-সাক্ষাৎ ॥ স্বপনে রাজারে কহেন কাণে। সাধু দুইজনে কেন মশানে ॥ কোথা কোন জানি ব্রাহ্মণ দুষ্ট। তার বাক্যে দাও এতেক কষ্ট ॥ মহাজ্ঞানী সে সেবক মোর। হার কিনি হৈল এদেশে চোর। শীঘ্র ছাড়ি দাও সংহলনাথ। নহে সবংশেতে হবে নিপাত। প্রভাতে উঠিয়া সিংহলপতি। কম্পিত স্বপন ভয়েতে অতি ॥ আনি দুই সাধু করিল মোচন। নৌকা পরি দিল হীরা কাঞ্চন ॥ দেশে চলে সাধু হরষ মনে। দিবা নিশি নাহি ভেদ গাহনে ॥ সত্যনারায়ণ করিল লীলা। নদীতীরে দিবা সন্ন্যাসী হৈলা ॥ গেরুয়া বস্ত্র কটিতে আঁটা। প্রয়াগের কলি কপালে ফোঁটা ॥ শিরে জটাভার কুণ্ডল কাণে। ঢুলু ঢুলু আঁখি বিজয়া পানে ॥ সাধুকে জিজ্ঞাসে মধুর স্বরে। সদাগর যাবে কোন্ নগরে ॥ কিবা দ্রব্য তুমি ভরেছ নায়। সাধু শুনি কহে কুপিয়া তায়। মাটীতে পূরেছি তরণী আমি। পুনঃ পুনঃ কেন জিজ্ঞাস তুমি ॥ প্রভু কহে হাসি মাটীর ভরা। মোর বাক্যবলে হউক ত্বরা ॥ সাধু দেখি মাটী সকল নায়। কান্দি পড়ে যেয়ে সন্ন্যাসী-পায় ॥ স্তব স্তুতি করে অতি সরস। ভগবান্ হৈলা সন্তোষ বশ ॥ হাসি কহে হরি সাধুর পাশে। [illegible] মানস

ছিল। কন্যা বিয়া দিলা পূজা না হৈল॥ সিংহলেতে দুঃখ তাঁহার রোষে। পূজা কর গিয়া আপন দেশে॥ পূর্ব্বমত ভরা হইবে নায়। উঠি নেয়ে সাধু দিবস যায়॥ অন্তর্দ্ধান হৈল প্রভু তথায়। ধনপতি হৈল ত্রাসিত তায়॥ বান্ধা বাধে রত্ন সেবা-কারণ। নৌকাপরে উঠি করেন গমন। বহুকালে তরী লাগিল ঘাটে। সাধুর পুরীতে সংবাদ রটে॥ সাধুসুতা সত্যসেবার পরে। লইছে প্রসাদ খাইতে করে॥ সংবাদ শুনিয়া আহ্লাদভরে। ফেলিল প্রসাদ কয়েক দূরে॥ নারায়ণ হৈলা তাহে কুপিত। ডুবিল জামাতা নৌকা সহিত॥ সাধু মোহ হৈল দেখিয়া তায়। পুরে অমঙ্গল শুনিতে পায়॥ সাধুনারী শুনে সুতার সাথে। বিনা মেঘে হৈল বজ্রাঘাত॥ ক্রন্দনের রোল সাধুর দেশে। কবিবর ভণে লাচাড়ি শেষে।

ত্রিপদী—পদ্মপুরাণ ছন্দ।

শুনিয়া দারুণ বাণী, সাধুসুতা সুবদনী, পড়িল কাঁদিয়া বর পদে। কমল যুগল করে, হানিছে মস্তকোপরে, নয়নেতে বারি ঝর ঝর। ওহে প্রভু প্রাণনাথ, বজ্রাঘাত অকস্মাৎ, নিদয়া শিরেতে হানিলা। বাহিতে প্রবাস পথে, কত বুঝাইনু তাতে, ঘাটে আসি সব বিস্মরিলা॥ চিরকাল পরবাস, মনেতে করেছি আশ, দেখিব বদন শশধর। অভাগিনী হৈল দগ্ধ যৌবনের সাধ ক্ষয়, হেলাতে করিলা প্রাণেশ্বর॥ নবীন দারুণ দায়, হায় রমণীর গতি, নারীর বসন-ভূষা পতি। কান্দিছে সাধুর বালা, ধরণী করিয়া আলা, মদন বিরহে যেন রতি॥ জলে পড়ে বারে বারে, ঝাঁপ দিতে চাহে নীরে, সবে ধরে রাখিছে যতনে। কোথা গেলে প্রাণেশ্বর, আসিয়া দেহ উত্তর, অবলা দুঃখী দীন জনে। ভাবিয়া পরাণ যায়, সমুদ্র জিনিয়া বারি, বল দেখি কোথা তব গেলা। না দেখিয়া পারাবার, উত্তাল করিছে সার, বাম হৈল করিয়াছে ছল॥ ওহে প্রভু দয়াময়, বিরিঞ্চি অনিলেশ্বর, বিদিত তোমার কলেবর। ত্রেতা যুগে অবতার, নাশিতে ক্ষিতির ভার, হয়েছিলে

অযোধ্যা-নগর ॥ পিতার আজ্ঞার ছলে, বনবাস কুতূহলে, জানকী লক্ষ্মণ সঙ্গে করি। উপজিল দুঃখজাল, পরিয়া গাছের ছাল, শিরে জটা হাতে ধনু ধরি ॥ ছিলা পঞ্চবটী বন, তথা হৈতে দশানন, সীতা হরি নিল লঙ্কাপুরী। বিরহে হইয়া ছন্ন, বিবর্ণ হইল বর্ণ, ব্যাকুল হইলে বনে ঘুরি ॥ পূর্ণব্রহ্ম অবতারী, সুগ্রীবেরে সখা করি, বালি বধ বিনা অপরাধে। সমুদ্র তোমার সৃষ্টি পাষাণ করিয়া বৃষ্টি, অলজ্ঘ্য বাঁধিলা শোক বাদে ॥ অতি শোকে কোপ-রাশি, সবংশে রাবণে নাশি, সীতা সঙ্গে হৈল দরশন। হরিষ হইয়া রঙ্গে, বানর ভল্লুক সঙ্গে, সুখে কৈলা অযোধ্যা-গমন ॥ আমি বানা পরশূন্য, শরীরে নাহিক পুণ্য, পুণ্যহীনে দেবতা নির্দ্দয়। অধম অজ্ঞান জানি, দয়া কর চক্রপাণি, তব নাম দীন-দয়াময় ॥ লোচনে বহিছে ধারা, যেন মন্দাকিনী পারা, নারায়ণ স্মরে বারে বার। বিপত্তিতে অভিরাম, শ্রীমধুসূদন নাম, কবিবর রচিছে পয়ার ॥

পয়ার।

এরূপে ক্রন্দন কত করে সাধুবালা। বাহুতে গাসিছে যেন পূর্ণ শশিকলা ॥ নিতান্ত দুর্গতি দেখি সত্যনারায়ণ। করিলা আকাশবাণী শুনে সর্ব্বজন ॥ আহ্লাদে ত্যজিয়াছিলে প্রসাদ আমার। ভক্তিভরে খাও যেয়ে দুঃখ হবে পার ॥ আকাশ বাণীতে যেন পেয়ে হারাধন। পরম ভক্তিতে খায় প্রসাদ তখন ॥ উঠিল ভাসিয়া নৌকা হরিশ্চন্দ্র সনে। জয় জয় শব্দ হয় সাধুর ভবনে ॥ ধনপতি জামাতাকে সঙ্গেতে লইয়া। পুরে প্রবেশিলা শংসাগর ডুবিয়া ॥ ধনপতি মহাসুখী কৈল ভগবান্। জন্মিলেক ইতি তার অপূর্ব্ব সন্তান ॥ যুগে যুগে অবতার হৈয়া মনোহর। এরূপ মহিমা প্রকাশিলা গদাধর ॥ কলিতে জাগত দেব সত্য-নারায়ণ। অপুত্রকে পুত্র দেন দরিদ্রকে ধন ॥ রোগযুক্ত হয় মুক্ত সঙ্কটে নিস্তার। কারাগারে বন্দী পায় মানসে উদ্ধার ॥ বোবাজন কথা কয় মূর্খে বিদ্যা পান। কি না কারে দিতে পারে

হৈল দারিদ্র দোষেতে। করি ভিক্ষা দণ্ড রক্ষা করয়ে কষ্টেতে জন্মাবধি অমঙ্গল না ছাড়ে এ ধাম। পুত্রের রাখিলা দ্বিজ সুমঙ্গল নাম॥ পঞ্চম বর্ষেতে পুত্রে পড়িবারে দিল। জ্ঞানদার জ্ঞানদানে জ্ঞানবান্ হৈল॥ চিরদিন শাস্ত্রচিন্তা বিনা চিন্তা নাই চিত্তে চিন্তে চিন্তামণি অন্তে যেন পাই॥ শিক্ষা করি নানা বিদ্যা ভ্রমি নানা দেশে। জনকজননী প্রাণ ত্যজিলেক শেষে॥ শুনি লোকমুখে দুঃখে জ্বলিল তখন। বিষ্ণুপদে পিণ্ডদান করিল তখন॥ গৃহ ত্যজি ভিক্ষা মাগি পিত্তের দমন। বহুক্লেশ করে বিপ্র বিদ্যার কারণ॥ দুর্দ্দশাতে ক্ষিপ্তপ্রায় তাতে শুবোদ্দশা। যেমি দশা তাতে উপজিল শনিদশা॥ যে দশাতে স্বয়ং বিষ্ণু অস্থির হইয়া। গণ্ডকী পর্ব্বতে ছিলা শিলারূপী হৈয়া॥ কীটরূপে ছায়াসুত প্রবেশি প্রস্তরে। খণ্ড খণ্ড করি দণ্ড করিল বিষ্ণুরে॥ দেবের অসহ্য দৈর্য্য মনুষ্যে কি হয়। সর্ব্বদায় ভাবে দায় দ্বিজের তনয়। দৈবযোগে যোগে যোগে সুযোগের যোগ। শ্রীবৎস রাজার পুরে হইল সংযোগ॥ দেখি রাজা করি পূজা জিজ্ঞাসে তখন। কোথা ধাম কিবা নাম হেথা কি কারণ॥ দ্বিজ কন অবধান করহ ভূপতি। সুমঙ্গল নাম মম হরির সন্ততি॥ স্বদেশে বিদেশে মম বিদেশ স্বদেশ। যথারণ্য তথা গৃহ দরিদ্রের শেষ॥ পিতা মাতা হীন বন্ধুজন মাত্র নাই। সম্পদ সারদা পদে ইথে অন্য নাই॥

পয়ার।

রাজা কন তপোধন শুন নিবেদন। বস্ত্র করি দুঃখ দূর থাক এ ভবন॥ ভাল বটে অতিপটু শাস্ত্রের আকর। বাসনা আসন হেথা থাকে নিরন্তর॥ দ্বিজ বলে সিদ্ধিরস্তু কামনা তোমার। তথাস্তুতে শুভমস্তু বাসনা আমার॥ রাজা বলে বহু ছেলে আমার ভবনে। পড়াইবে আত্মভাবে অতি সযতনে॥ দ্বিজবর তুষ্ট বড় রাজার কথায়। সুমঙ্গলে সুমঙ্গল রহিল তথায়॥ প্রতিদিন শিষ্যগণ করে অধ্যয়ন। ভোজনীয় অপ্রমিত খাওয়ায় ব্রাহ্মণ॥ একাহার যোগ্য তার রাশি শনৈশ্চর। হরণ করেন ক্লেশ পায় দ্বিজবর॥ রূপান্তর

শনৈশ্চর করিয়া ধারণ। দণ্ড বেশে দ্বিজপাশে করেন গমন ॥ দ্বিজ প্রতি দুষ্টমতি হয়ে শনি কন। গেল দুঃখ হবে সুখ শান্ত কর মন। শনি বলে মনে করি পড়ি তব কাছে। বিপ্র কন ইহা হৈতে সুখ কিবা আছে ॥ ইহা শুনি গ্রহ শনি পাঠ আরম্ভিল। কিছু দিন মধ্যে শাস্ত্র সকল শিখিল ॥ মনেতে করিল পূজা করিব প্রচার। যান যথা জ্ঞানদাতা দ্বিজের কুমার ॥ প্রণতি করিয়া দ্বিজে কহে শনৈশ্চর। বর লও মনোনীত ওহে দ্বিজবর ॥ দ্বিজ বলে দীন বলি হইলে সদয় পরে দিবে বর অগ্রে দেহ পরিচয় ॥ শনি বলে দ্বিজপুত্র শুনহ বচন। শনৈশ্চর নাম মোর সূর্য্যের নন্দন ॥ দ্বিজ বলে কি আশ্চর্য্য শুনাইলে বাণী। কি গুণে অধীনে কৃপা করিলে আপনি। গ্রহরূপী নারায়ণ তুমি মহাশয়। বুঝি এত দিনে হৈল ভাগ্যের উদয়। কিম্বাধিক বরে কার্য্য দেহ এই বর। তব ভোগ হয় ত্যাগ নয় রাশি-পর ॥ শনি বলে তথা অদ্য দিনু এই বর। মম ভোগ হবে ত্যাগ তোমার উপর ॥ মম ভোগ দশ বর্ষ দুর্ভোগের শেষ। অবশিষ্ট আছে বিষ্ট ছয় মাস ক্লেশ ॥ অর্দ্ধবর্ষ মধ্যে দশ দণ্ড ভোগ হবে। তার পর দ্বিজবর বড় সুখ পাবে ॥ কিন্তু দশ দণ্ডে তব জীবন সংশয়। তাহার উপায় কহি দ্বিজের তনয় ॥ মম বারে গঙ্গাতীরে করিবে আসন। দশ দণ্ড বসি মনে ভাব নারায়ণ ॥ সে ভাব অভাবে দুঃখ হবে ঘোরতর। এ বলিয়া অন্তর্দ্ধান হন শনৈশ্চর। আজ্ঞামতে দ্বিজসুত শনির বাসরে। শ্রীহরি ভাবেন বসি জাহ্নবীর তীরে। দণ্ড দশ অবশেষে মনে জ্ঞান ক'র। ধ্যানভঙ্গ করি স্মরে শ্রীহরি শ্রীহরি ॥ পরে দশ দণ্ড গত না দেখি ব্রাহ্মণ। নয়ন মুদিয়া পুনঃ ভাবে নারায়ণ ॥ দেখি শনি কন সাক্ষী হও নারায়ণ। ভোগ দৃষ্ট হয়ে নষ্ট হইল ব্রাহ্মণ ॥ মম বাক্য ঐক্য নাহি করে সুমঙ্গল। দিব দণ্ড অতি চণ্ড কাণ্ডমত ফল ॥ বক্রগতি এই মতি করিয়ে তখন। গোপনে রাখিলা দৃষ্টি রাজার নন্দন ॥ দিবে দণ্ড ভাবি মুণ্ড গঠন করিল। মুণ্ডদ্বয় লয়ে বিপ্র-উরুতে রাখিল ॥ নয়ন মুদিয়া আছে দ্বিজের নন্দন। না দেখে

না জানে কিছু ইহার কারণ॥ বিপ্রের উরুতে দেখি রাজপুত্র মুণ্ড। রাজাকে বলিল সবে ব্রাহ্মণের কাণ্ড॥ গৃহে তত্ত্ব করি পুত্র না দেন ভূপতি। ঊর্দ্ধশ্বাসে যান ত্রাসে যথা ভাগীরথী॥ নিকটস্থ যোগগ্রস্ত দেখে সে ব্রাহ্মণ। নিজ পুত্র মুণ্ড তার উরুতে স্থাপন॥ হতজ্ঞান অচেতন ভূপতি হইল। কিছু পরে নৃপবর চেতন পাইল॥ পাষাণ পাষাণ নহে রাজার ক্রন্দনে। ত্রিপদী প্রবন্ধে দ্বিজ কবিবর ভণে॥

ত্রিপদী—পদ্মপুরাণ ছন্দ।

শিরে করি করাঘাত, কান্দে রাজা নরনাথ, অকস্মাৎ কি হইল আমার। শিরে বজ্রাঘাত হবে, পুত্রশোক প্রাণে সবে, সেই হেতু জন্মিল কুমার॥ অতি শান্ত বুদ্ধিমন্ত, দেখে দ্বিজে বিদ্যাবন্ত, অন্তঃপুরে যতনে রাখিল। কে জানে যে কালরূপ, অশেষ গরল-রূপ, সুধারূপ হইয়ে আসিল॥ তনয় সঙ্কটে পড়ে, পিতা যে সঙ্কট বাড়ে, মায়া হৈতে হৈল বিপরীত। গৃহ কাটি সিঁধ করে শমন আসিয়া ঘরে, হইলাম তনয়-বর্জ্জিত॥ কোথা পুত্র গুণধাম, কেন মোরে হলে বাম, শোকাগ্নিতে জ্বালিলে যে মোরে। হয়ে যদি থাকে দোষ, ক্ষম বাছা সেই রোষ, পুত্রে কি পিতৃ-দোষ ধরে॥ মিথ্যা মোর রাজ্যধন, তোমামাত্র ছিল ধন, অন্য ধন নাই তোমা বিনে। হারাইয়া সেই ধন, কি জন্যে রাখি জীবন, জীবন ত্যজিব জীবনে॥ সিন্ধু শোকে অন্ধ মুনি, হয়ে মণিহারা ফণী, নিজ বপু ত্যজিল জীবন। বিধি করে সেই বিধি, অধর্ম্মের কর্ম্মনিধি, বিধি কর্ম্মে করিল লিখন॥ যা রে দ্বিজ ভণ্ডস্তম্ভ, পয়োমুখ বিষকুম্ভ, এককালে নাশিলি আমারে। অকারণে বধ নরে, এ কি পাপ দ্বিজবরে, ববি প্রাণে তবে দুঃখ হরে॥ জন্ম নিলে বিপ্রকুলে, ভাল বিদ্যা শিখে ছিলে অপকর্ম্ম করিলে কুমতি। মেরেছিস্ আমার দফা, এ জন্মের দফা রক্ষা, পিণ্ডলোপ হৈল অধোগতি॥ হেথা রাজনিতম্বিনী, পুত্র-শোকে পাগলিনী, মণিহারা ফণী মত হয়। ক্ষণে উঠে ক্ষণে পড়ে, শতধারা চক্ষুনীরে, শোকানলে জ্বলিছে হৃদয়॥ কোথা গেলি

রাজনন্দন, বাছা অন্ধের লোচন, শূন্য করে আমারি আলয়। আয় রে কোলে যাদুমণি, ডাকে দুঃখিনী জননী, মা ব'লে কি নাহি মনে হয়॥ পয়োধর পয়োধরে, অধরে শ্রবণে ধারে, এস ক্রোড়ে থাক স্তনপানে। আয় রে কাছে ঘুরে ঘুরে, দুঃখিনী অঞ্চল ধ'রে, মা বলিয়া ডাক চাঁদবদনে॥ রাণী কান্দে এইমত, শুন পুরবাসী যত, জ্ঞানাভাবে উন্মাদিনী প্রায়। হেথা কান্দে নৃপবরে, শোক সম্বরিয়া পরে, ভাবে মনে কি করি উপায়॥ বিধাতার লিপি সার, খণ্ডিবার শক্তি কার, কেন্দে পরকাল নষ্ট সার। বধিলে সে কুষ্মাণ্ডেরে, ব্রহ্মহত্যার পাপ ধরে, পুত্র না পাইব পুনর্ব্বার॥ এত ভাবি নৃপবরে, অনুমতি দিল চরে, ব্রাহ্মণে দাও কারাগারে। দ্বিজ কবিবরে ভণে, নৃপতির ধর্ম্মজ্ঞানে, তনয় পাইবে অতঃপরে॥

পয়ার।

রাজদূতে বিপ্রসুতে কারাগারে নিল। নয়ন প্রকাশি বসি কান্দিতে লাগিল॥ কান্দি বিপ্র বলে এ কি পাপ ঘটে মোরে। হায় হায় প্রাণ যায় থাকি কারাগারে॥ বিধাতার কি বিচার না বুঝি কারণ। কারে ধরে কেবা মারে রাজার নন্দন॥ দুরদৃষ্ট অদৃষ্টেতে এ কষ্ট আমার। যতো ধর্ম্মস্ততো জয় শাস্ত্রের বিচার॥ এইমত দ্বিজসুত করেন রোদন। হেথা দশ দণ্ড গত হইল তখন॥ অর্ত মৌন সিংহাসনে আছেন রাজন্। আচম্বিতে উপনীত পুত্র দুই জন॥ রাজা কন বিবরণ কহ বাছাধন। ছিলে কোথা থেয়ে মাথা তোরা এতক্ষণ॥ দুই ভ্রাতা পিতা মাতায় নিবেদন করে। নিদ্রাজ্ঞানে অচেতন ছিনু বনান্তরে॥ রাজা কন শীঘ্র আন দ্বিজের নন্দন। শুনি সব সমাচার ইহার কারণ॥ আজ্ঞামাত্র দূত গিয়া আনে দ্বিজবরে। জ্ঞানহারা চক্ষে ধারা বহে যোড়করে॥ মনে মনে সে ব্রাহ্মণ হইল সভয়। এইবার দ্বিজবর দফা সারা হয়॥ করি নতি সে ভূপতি কহে দ্বিজ প্রতি। কেন চিন্ত হয়ে ভ্রান্ত শান্ত কর মতি॥ এ কি কান্দ শিশু মুণ্ড তব উরু রয়। হর্ষান্তরে বল মোরে দ্বিজের তনয়॥ শুনি কন তপোধন কহি সারাৎসার।

যায় নিজালয়। নিত্য করে গঙ্গাতীরে পূজার আসন। অতি ভক্ত অনুরক্ত হইয়া ব্রাহ্মণ। প্রতি শনিবারে শনি করেন ভজন॥

শঙ্খপতি সদাগরের উপাখ্যান।

পয়ার।

বিজয় নগরে ধাম নাম শঙ্খপতি। অলক্ষ্যেতে বাণিজ্যেতে ঘটিল দুর্গতি॥ শত তরী সঙ্গে করি ফিরে দেশান্তরে। দৈবাধীন আগমন জাহ্নবীর তীরে॥ হয় দৃষ্ট লোক দৃষ্ট সময় এমন। উপস্থিত সাধুসুত বিপ্রের নন্দন॥ বিপ্রের নিকটে সাধু করে নিবেদন। পূজা কর কার বিপ্র বলহ কারণ॥ বিপ্র কন বিবরণ শুন সদাগর। পূজা করি বিঘ্নহারী দেব শনৈশ্চর॥ আরাধনে সে চরণে বিঘ্নগণে নাশ। পায় ধন অপ্রমাণ শাস্ত্রেতে প্রকাশ॥ সদাগর কন মোর লভ্য নাহি হয়। আশ্বাসে হয় বিনাশ আসলের ক্ষয়॥ এইবার লভ্য মোর বাণিজ্যেতে হয়। নিরন্তর শনৈশ্চর পূজিব নিশ্চয়॥ পূজিবার বিধি আর পাঁচালী তখন। লয় লিখি বিধি দেখি সাধুর নন্দন॥ করি সাধ্যে প্রসাদ যতনে লইল। আরোহিয়া তরী তবে পুরীতে চলিল॥ দিনকত করি গত পরে সাধুসুত। বাণিজ্যের যত বস্তু করিল প্রস্তুত। হীরা চুণি মুক্তা মণি রজত কাঞ্চন। লবঙ্গ এলাচ আর কর্পূর চন্দন॥ জাতিফল নারিকেল সোহাগা গন্ধক। মহৌষধি নানাবিধ ব্যাধির নাশক। ইত্যাদি অসংখ্য নিধি তরীতে ভরিল। শুভক্ষণে বিঘ্নহীনে তরী আরোহিল॥ ভক্তি করি পূজা করি জাহ্নবী-চরণ। হৃদাসনে ভাবে ধ্যানে শনির চরণ। জিনি স্বর্ণ নানাবর্ণ পতাকা তুলিল। সুবাতাসে মনোল্লাসে দক্ষিণে চলিল॥ কর্ণধার তরী-পরে আরম্ভিল সারি। সাবাসি সাবাসি দাঁড়ী গান করে সারী॥ কেহ বলে ভাল বটে মাঝীর নন্দন। সাবাসি সাবাসি বাহ বলে কোন জন॥ এইমতে আনন্দেতে সকলে বাহিল। সুবাতাসে ছয়মাসে পাটনেতে গেল॥ শনিবারে শনৈশ্চরে করিয়া পূজন। তরী ঘাটে রাখি তটে উঠিল তখন॥ করি ঘর ব্যাপারের বিকি কিনি করে। শনি

রঙ্গে হেরি অপাঙ্গে লজ্জা তায় বাড়ে ॥ স্বীয় ধন চতুর্গুণ সাধু ধন পায়। হর্ষে মত্ত শনি-তত্ত্ব ভোলে হস্তী প্রায় ॥ বিপত্তি-কালেতে মতি নীতি ভোলে বিজ্ঞে। পূজ্যভাবে শনিভাবে করিল অবজ্ঞে ॥ শনিবারে শনৈশ্চরে পূজা না করিল। স্বমানসে সাধু-দোষে শনি-কোপ হৈল ॥ দুঃসময়ে সন্নিধানে দৈবের ঘটনে। রাজবাড়ী হৈল চুরি বহু রত্নগনে ॥ বহু তঙ্কা মূল্য সংখ্যা হার রত্নময়। হৃষ্টমনে চোর-স্থানে সাধু করে ক্রয় ॥ নৃপবরে আজ্ঞা করে নিজ চর-স্থানে। চোর ধরে দিবা মোরে দিনা বিদ্যমানে ॥ অন্যথা নিজের মাথা যাইবে নিশ্চয়। শুনে যত চলে দ্রুত কম্পিত হৃদয় ॥ সদাগর কণ্ঠে হার ধারণ করিয়া। বারান্দায় হৃষ্টকায় আছয়ে বসিয়া ॥ শনিরূপে চর কোপে আসিয়া নগরে। হার দেখি দর্শি আঁখি ধরে সদাগরে ॥ বলে চোর হারে তোর বল কি বা নাম। কি সাহসে রাজবাসে কর এই কাম ॥ জীবনের আশা তোর গিয়াছে এখন। যাবে স্থির এই শিব কর এবে মন ॥ কেহ গাত্রে মারে বেত্র নেত্র ঘুরাইয়া। কেহ বলে দিব শালে রাজাকে কহিয়া ॥ বলি ক্রোধে হস্ত-পদ করিল বন্ধন। নিল ধরি শীঘ্র করি রাজার সদন ॥ রাজা কন দূতগণ শুনহ বচন। কারাগারে রাখ চোরে করিয়া বন্ধন। আজ্ঞামতে সব দূত ধরি কারাগারে। হস্তে দড়ী বন্দী করি রাখে কারাগারে ॥ পর পর হস্তের সাধুর কাঁদিছে। ছল ছল নেত্র জল দুকূল ভাসিছে। দর দর পড়ে ধারা রুধির তখন। বিপদ ভাবিয়া সাধু করয়ে ক্রন্দন ॥ দুঃখমনে মনে মনে ভাবে সদাগর। শনিপূজা এড়ি সাজা পাই ঘোরতর ॥ শনি বন্দি [illegible] হয় [illegible]। পাঁচালী প্রবন্ধে কবি দ্বিজবর কন ॥

(সাধুর বিলাপ ও ক্রন্দন)

ত্রিপদী পদ্মপুরাণ ছন্দ।

কাঁদে সাধু দুঃখমনে, মনে নাহি ধৈর্য্য মানে, অবিশ্রান্ত ভ্রান্ত শান্ত নাই। বলে বিধি হায় হায়, ভেবে না দেখি উপায়, এ কি

করিয়ে দুজনে। দেশেতে চলিল সাধু তরী ভার ধনে॥ ছয় মাসে বহু ক্লেশে দেশে উত্তরিল। শুনি পুরবাসী আসি মঙ্গল করিল॥ সাধুর বনিতা মৃত দেহে প্রাণ পায়। নানাবিধ ধন-রত্ন বিপ্রগণে দেয়॥ বাজে ডঙ্কা লক্ষ তঙ্কা করে বিতরণ। ভক্তি করি অগ্রে করে শনির পূজন॥ পূজাফলে সাধু পায় ঐশ্বর্য্য অপার। রাজৈশ্বর্য্য পেয়ে ত্যজ্য করিল ব্যাপার॥ ভক্তি করি যেবা করে শনির পূজন। অপ্রমাণ ধন জন পায় সেই জন। বিপদ্ হরে সম্পদ বাড়ে পুণ্যের উদয়। শত্রুভয় হয় ক্ষয় সর্ব্বদা অভয়॥ শনৈশ্চর কৃপা কর দীন হীন জনে। কৃতাঞ্জলি হয়ে বলি তব শ্রীচরণে॥ বিষয়মদেতে মত্ত মত্ত-হস্তী প্রায়। না মানে বারণ সদা কুপথেতে ধায়॥ কৃপাবান্ জ্ঞান দান করি নিজসুতে। করি বারণ রাখ বারণ কুপথ হইতে॥ সারদার পদ সার চিন্তা করি মনে। রচিল শ্রীকবিবর দ্বিজ সনাতনে॥ হরিধ্বনি করি কর শনি-পদে স্তুতি। শনৈশ্চর পুথি শেষ করিলাম ইতি॥ ভক্তি করি শনিবারে যে জন পূজয়। মনোবাঞ্ছা সিদ্ধ শনি করেন নিশ্চয়॥

ব্রতমালা সম্পূর্ণ।

ত্রয়োদশ খণ্ডী

তীর্থকৃত্য।

গয়াপদ্ধতি।

(গয়া প্রয়োজন ও অধিকারী প্রভৃতি নিরূপণ)

গয়াশ্রাদ্ধে পুত্র পৌত্র প্রপৌত্র, ইহারাই মুখ্য অধিকারী, তদ্ব্যতীত সকলে গৌণাধিকারী। উত্তমর্ণ (ঋণদাতা) হইলেও অধমর্ণ (ঋণগৃহীতা) তাহার শ্রাদ্ধ করিতে পারে। গয়াশ্রাদ্ধে কর্ত্তৃবিশেষের নিয়ম নাই, অর্থাৎ সকলেই সকলের শ্রাদ্ধ করিতে পারে। জীবৎপিতৃক ব্যক্তি গয়াশ্রাদ্ধ করিতে পারিবে না। যাহার মাতার মৃত্যু হইয়াছে, কিন্তু পিতা জীবিত আছে, সে ব্যক্তি কোন কারণে গয়ায় গমন করিলে, অন্বষ্টকাশ্রাদ্ধের তুল্য কেবল মাত্র মাতৃপার্ব্বণ করিতে পারিবে, ত্রিস্থলী সেতু প্রভৃতি গ্রন্থকারগণ এইরূপ মত নির্দ্দেশ করেন। মতান্তরে এইরূপ নির্দ্দিষ্ট আছে যে, মাতা জীবিতা থাকুক বা মৃতাই হউক এবং পিতা জীবিত থাকিলেও মৃত পিতামহাদির পার্ব্বণবিধিমতে শ্রাদ্ধ করিতে পারে। ফল কথা, আচারই গ্রাহ্য অর্থাৎ যে দেশে যেরূপ প্রথা প্রচলিত আছে, তদনুসারেই কার্য্য করিবে। সন্ন্যাসীরা সর্ব্বত্যাগী, সুতরাং গয়া-শ্রাদ্ধে অনধিকারী; তথাপি প্রণবোপাসনাবৎ বিষ্ণুপদাদি শ্রাদ্ধস্থলে কেবলমাত্র দণ্ড স্পর্শ করিবে, কিন্তু শ্রাদ্ধতর্পণাদি করিবে না। পুত্রবতী স্ত্রীর অধিকার নাই, অনুপনীত বালকের অধিকার আছে।

গয়াতে অকালে, মলমাসে ও বিবাহসংবৎসরেও শ্রাদ্ধ করিতে পারে। সংক্রান্ত্যাদিতে, অপরপক্ষের চতুর্থী হইতে অমাবস্যা পর্য্যন্ত দ্বাদশ তিথিতে, মকরস্থ সূর্য্যে ও গ্রহণকালে গয়াশ্রাদ্ধ করিলে বিশেষ ফললাভ হয়। সংক্রান্তিতে শ্রাদ্ধ করিলে অনুজ্ঞা বাক্যে সৌরমাস ও সেই সেই সংক্রান্তির উল্লেখ করিবে। অপর পক্ষে সৌর ভাদ্রমাস ও মকরস্থ রবিতে সৌরমাস রবিরাশিস্থিত উল্লেখ করিতে হয়। সূর্য্যগ্রহণকালে মাস, পক্ষ ও তিথির উল্লেখ করিয়া রাহুগ্রস্তে দিবাকরে এবং চন্দ্রগ্রহণকালে রাহুগ্রস্তে নিশাকরে উল্লেখ করিবে।

যাহার সপিণ্ডীকরণ হয় নাই, প্রথম বৎসরে তাহার উদ্দেশে গয়াশ্রাদ্ধ করিবে না এবং যাহার সপিণ্ডীকরণ হইয়াছে, তাহারও করিতে নাই, ইহাই মুখ্যপক্ষ, কিন্তু যদি অন্য কোন কার্য্যে গয়ায় গমন হয় এবং পুনর্ব্বার আগমনের সম্ভাবনা না থাকে, তবে ভক্তিমান্ পুত্র হইলে প্রথমবর্ষেই গয়াশ্রাদ্ধ করিতে পারে। এখানে ভক্তি শব্দে প্রীতি বুঝায়। কেহ কেহ এইরূপ বলিয়া থাকেন যে, বর্ষমধ্যে প্রেতের গয়াশ্রাদ্ধ করিলে দেবতা-সংস্কারক একটী পার্ব্বণ করিয়া তৎপরে গয়াশ্রাদ্ধ করিবে। ঐ পার্ব্বণ ভক্তি-শ্রাদ্ধ বলিয়া অভিহিত। বস্তুতঃ যেরূপ বৃদ্ধি উপস্থিত হইলে মাসিক সমূহের অপকর্ষ করা হয়, তদ্রূপ বর্ষমধ্যে গয়াশ্রাদ্ধ করিলেও অপকর্ষ করিবে। যাহারা দুর্নিমিত্তমৃত, মহাপাতকী, আত্মঘাতী, সংবৎসরের পর তাহাদের উদ্দেশেও নারায়ণবলি দিয়া গয়াশ্রাদ্ধ করিবে। স্মার্ত্তমতে এইরূপ নির্দ্দিষ্ট আছে যে, সামবেদীয়েরা গয়াতে ষড়্দৈবত (পিতা, পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহ) পার্ব্বণবিধিক শ্রাদ্ধ এবং যজুর্ব্বেদীয়েরা নবদৈবত (পিতা, পিতামহ, প্রপিতামহ, মাতা, পিতামহী, প্রপিতামহী, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহ) শ্রাদ্ধ করিবে। দেশকুলাচারানুসারে ঋগ্বেদীয়েরা দ্বাদশদৈবত (পিতা, পিতামহ, প্রপিতামহ, মাতা, পিতামহী, প্রপিতামহী, মাতামহ,

প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহ, মাতামহী, প্রমাতামহী, বৃদ্ধপ্রমাতামহী) শ্রাদ্ধও করিতে পারে। পিতৃব্যাদির ও পিতৃব্যপত্নী প্রভৃতির প্রত্যেকের উদ্দেশে একোদ্দিষ্টবিধিক শ্রাদ্ধ করিবে; শ্রাদ্ধ করিতে অক্ষম হইলে সকলের উদ্দেশেই কেবলমাত্র পিণ্ড দান করিতে পারে। পিণ্ড মুষ্টিপরিমাণ এবং শমীপত্রপরিমিত করিতে হয়। প্রথম-যাত্রাতে যাহাদের প্রেতত্ববিদূরণার্থ প্রেতশিলাতে পিণ্ডদান ও নূতনভাণ্ড ভঞ্জন করিবে, পুনর্যাত্রাতে তাহাদের উদ্দেশে আর তাহা করিতে হইবে না, কিন্তু প্রথমযাত্রার পরে যাহাদের মৃত্যু হইয়াছে, তাহাদের উদ্দেশে করিবে। অপর সমস্ত ক্রিয়া সকল যাত্রাতেই সমান।

(নারায়ণবলি)

যে কোন মাসের শুক্লা একাদশীতে সামান্যপূজাপদ্ধতি অনুসারে বিষ্ণু, যম ও বৈবস্বতের অর্চ্চনা করিয়া মনোমধ্যে হরিস্মরণপূর্ব্বক মৃত মহাপাপী, আত্মঘাতী প্রভৃতি ব্যক্তির নামগোত্র গ্রহণ করত দক্ষিণাস্যে উপবেশন করিবে এবং কুশের উপর ঘৃত-মধু-তিল-সমন্বিত দশটী পিণ্ড প্রদান করিতে হইবে। তদনন্তর ধূপ-দীপ ও ভক্ষ্যভোজ্য দ্বারা অর্চ্চন করিয়া পিণ্ডগুলি নদীজলে নিক্ষেপ করত উক্ত দিবসে উপবাস করিয়া থাকিবে এবং কুলোৎপন্ন, বিদ্যাতপঃসমৃদ্ধিসম্পন্ন, নব, সপ্ত বা পঞ্চসংখ্যব্রাহ্মণকে নিমন্ত্রণ করিবে। তৎপরদিন মধ্যাহ্নে পূর্ব্বদিনের ন্যায় বিষ্ণুপূজা করিয়া পিতৃরূপ ভাবনা করত তিলাদিসহিত হবিষ্য ব্যঞ্জন দ্বারা পঞ্চপিণ্ড নির্ম্মাণপূর্ব্বক যথাক্রমে বিষ্ণু, ব্রহ্মা, শিব ও যমকে চারিটী পিণ্ড দিবে। অনন্তর মনে মনে নাম-গোত্র গ্রহণ করত মৃতব্যক্তিকে স্মরণ করিয়া বিষ্ণুনাম-গ্রহণান্তে পূর্ব্ববৎ পঞ্চমপিণ্ড অর্পণ করিবে। পরে আচমন পূর্ব্বক দক্ষিণাদি দ্বারা ব্রাহ্মণগণকে পূজা করিয়া সেই মৃতব্যক্তিকে হৃদয়ে স্মরণ করত স্বর্ণ, গো, বস্ত্র ও ভূমিদান দ্বারা কোন বৃদ্ধতম ব্রাহ্মণকে পরিতুষ্ট করিবে। ব্রাহ্মণেরাও কুশহস্ত হইয়া মৃত-ব্যক্তির নামগোত্র স্মরণ করত ঐ মৃতের

উদ্দেশে সতিল জল, ঘৃত, গন্ধ ও তিলোদক প্রদান করিবে। তৎপরে মৌনী হইয়া মিত্রাদির সহিত ভোজন করিতে হয়। অধুনা মনুক্তগুণবিশিষ্ট ব্রাহ্মণ দুর্লভ, সুতরাং প্রেতশ্রাদ্ধাধিকারী ব্যক্তি এই সকল ক্রিয়া কুশময় ব্রাহ্মণেই করিয়া থাকেন।

(প্রথমদিনকৃত্য)

প্রথমতঃ ফল্গুতীর্থে গমন পূর্ব্বক সামান্য-তীর্থপদ্ধতির নিয়মে সকল কর্ম্ম সম্পাদন করিবে। তাহাতে বৈদিকস্নানে নিম্নলিখিত বাক্যে সংকল্প করিতে হয়, যথা—

বিষ্ণুর্নমোঽদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (শূদ্রপক্ষে অমুকদাসঃ) সমস্ত-পিতৄণাং বিষ্ণুলোকাবাপ্তয়ে আত্মনশ্চ ভুক্তিমুক্তিপ্রাপ্তয়ে ফল্গুতীর্থে স্নানমহং করিষ্যে।

সঙ্কল্পান্তে ডুব দিবার অগ্রে প্রকৃত মন্ত্রসকল পাঠ করত কর যোড়ে নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে, যথা—

ওঁ নমো দেবদেবায় শিতিকণ্ঠায় দণ্ডিনে
রুদ্রায় চাপহস্তায় চক্রিণে বেধসে নমঃ।
সরস্বতী চ সাবিত্রী বেদমাতা গরীয়সী।
সান্নিধ্যানীভবত্বত্র তীর্থপাপপ্রণাশিনী॥
ওঁ সাগর-স্বন নির্ঘোষ দণ্ডহস্তাসুরান্তক।
জগৎস্রষ্টর্জ্জগদ্দিম্নমামি ত্বাং সুরেশ্বর
তীক্ষ্ণদংষ্ট্র মহাকায় কল্পান্তদহনোপম।
ভৈরবায় নমস্তুভ্যমনুজ্ঞাং দাতুমর্হসি

এই মন্ত্র পাঠান্তে নিম্নলিখিত মন্ত্র পড়িয়া ডুব দিবে, যথা—

ওঁ ফল্গুতীর্থে বিষ্ণুজলে করোমি স্নানমাদৃতঃ।
পিতৄণাং বিষ্ণুলোকায় ভুক্তিমুক্তি-প্রসিদ্ধয়ে।

তর্পণকালে পাশ্চাত্যদেশবাসীরা "ওঁ অমুকগোত্রাঃ অস্মৎ-পিতরঃ অমুকদেবশর্ম্মাণঃ এতৎ সতিলোদকং তৃপ্যধ্বং স্বধা নমঃ" এইরূপ বাক্য বলিয়া তৎপরে "পিতৄন প্রীণয়ামি" বলিয়া থাকেন।

তীর্থতত্ত্বে এইরূপ নির্দ্দিষ্ট আছে যে, পিতার তর্পণে "স্বধা" বলিয়া পরে "পিতরং প্রীণয়ামি" এবং পিতামহের তর্পণ করিয়া স্বধান্তে "পিতামহং প্রীণয়ামি" বলিবে। এই প্রকার প্রপিতামহাদিরও বুঝিতে হইবে।

স্নানতর্পণান্তে "ধ্যেয়ঃ সদা" ইত্যাদি ধ্যানে এবং "ওঁ বিষ্ণবে নমঃ" মন্ত্রে তীর্থদেবতা বিষ্ণুর পূজা করিবে। শ্রাদ্ধের অনুজ্ঞাবাক্যে "অমুকতীর্থপ্রাপ্তিনিমিত্তকং" স্থলে "গয়াখ্যমহাতীর্থপ্রাপ্তিনিমিত্তক-ফল্গুতীর্থে শ্রাদ্ধমহং করিষ্যে" উল্লেখ করিবে। স্মার্ত্তমতে সামবেদী-য়েরা পিত্রাদি ষট্ পুরুষের এবং যজুর্ব্বেদীয়েরা পিত্রাদি নয় পুরুষের শ্রাদ্ধ করিবে; কিন্তু দেশকুলাচারানুসারে উভয় বেদীয়েরাই পিত্রাদি দ্বাদশ পুরুষের শ্রাদ্ধ করিতে পারে। শ্রাদ্ধকরণে অক্ষম হইলে সকলের উদ্দেশে কেবলমাত্র পিণ্ড দান করিবে। শ্রাদ্ধে বা শ্রাদ্ধসামর্থ্যে পিণ্ডদান করিলেও পিতা স্বর্গঃ পিতা ধর্ম্মঃ ইত্যাদি মন্ত্র দ্বারা পিতৃপ্রণামানন্তর নিম্নলিখিত মন্ত্র গুলি পাঠ করিবে যথা—

ওঁ পিতা পিতামহশ্চৈব তথৈব প্রপিতামহঃ।
তৃপ্তিমায়ান্তু পিণ্ডেন ময়া দত্তেন ভূতলে।
মাতামহস্তৎপিতা চ পিতা তস্যাপি তৃপ্যতু।
দ্বিজানাং তর্পণাদ্ধোমাৎ পিণ্ডদানাচ্চ মে সদা।
গয়ায়াং মুণ্ডপৃষ্ঠে চ সরসি ব্রহ্মণস্তথা।
গয়াশীর্ষে বটে চৈব পিতৄণাং দত্তমক্ষয়ম্।
গয়ায়াং পিতৃরূপেণ স্বয়মেব জনার্দ্দনঃ।
তং দৃষ্ট্বা পুণ্ডরীকাক্ষং মুচ্যতে চ ঋণত্রয়াৎ।
শমীপত্রপ্রমাণেন পিণ্ডং দদ্যাৎ গয়াশিরে।
উদ্ধরেৎ সপ্তগোত্রাণি কুলস্যৈকোত্তরং শতম্॥

এই মন্ত্র পাঠ করিয়া "ওঁ ইদং সাঙ্গং কর্ম্ম বিধিবৎ গয়াশ্রাদ্ধরূপ-মস্তু" এই বাক্যে প্রশ্ন করিবে। পুরোহিতও "ওঁ অস্তু গয়াশ্রাদ্ধ-রূপম্" এই প্রতিবাক্য বলিবেন। তদনন্তর কৃতাঞ্জলি হইয়া নিম্নলিখিত মন্ত্রে প্রার্থনা করিবে, যথা—

ওঁ অন্নহীনং ক্রিয়াহীনং শ্রাদ্ধহীনং দ্বিজোত্তমাঃ।
শ্রাদ্ধং সংপূর্ণতাং যাতু প্রসাদাৎ ভবতাং মম॥

তখন পুরোহিত "ওঁ সম্পূর্ণমস্তু" বলিবেন। অবশিষ্ট সমস্ত ক্রিয়া যথাবিধি করিবে। এই প্রকারে শ্রাদ্ধাদি করিয়া পিতৃব্যাদির ও পিতৃব্যপত্ন্যাদির সম্বন্ধিপদ উল্লেখ করত সাংবৎসরিকশ্রাদ্ধবিধানে প্রত্যেকের একোদ্দিষ্টবিধিক শ্রাদ্ধ করিবে, শ্রাদ্ধে অক্ষম হইলে সম্বন্ধিপদ উল্লেখ করত সঙ্কল্প করিয়া সামান্যতীর্থপদ্ধত্যুক্ত পিণ্ডদান-পরিপাটী অনুসারে সাংবৎসরিকশ্রাদ্ধস্থিত পিণ্ডদানবিধানে কেবল-মাত্র পিণ্ডদান করিবে। তৎপরে ষোড়শ পিণ্ডদান করত তদন্তে স্ত্রীষোড়শীও করিতে হয়। এই সমস্ত বিশেষ ব্যতীত অন্য সমস্তই সামান্যতীর্থপদ্ধতির তুল্য।

(দ্বিতীয়দিনে—প্রেতপর্ব্বতকৃত্য)

ফল্গুতীর্থে প্রাতঃস্নানাদিনিত্যক্রিয়া-সমাপনান্তে গয়ার বায়ু-কোণস্থ প্রেতপর্ব্বতে গমন করিয়া পর্ব্বতের মূলদেশে ঈশানকোণে স্থিত ব্রহ্মকুণ্ডে দেশকালকীর্ত্তন পূর্ব্বক পিতৃগণের প্রেতত্বনাশ-পূর্ব্বক-ব্রহ্মলোক প্রাপ্তিকামনায় সঙ্কল্প, স্নান ও তর্পণ করিবে। তদনন্তর শ্রাদ্ধার্থ জল লইয়া পর্ব্বতারোহণ পূর্ব্বক স্বর্ণরেখাঙ্কিত শিলাসমীপে উপস্থিত হইবে এবং পূর্ব্বকামনান্তে সঙ্কল্প করত শ্রাদ্ধাদি করিবে। প্রথমতঃ স্ববেদোক্ত পঞ্চগব্য-শোধন-মন্ত্র দ্বারা পঞ্চগব্য শোধন করিয়া তদ্দ্বারা শ্রাদ্ধস্থল অভ্যুক্ষণ করিবে। পরে তথায় পাতিতবামজানু, বিপরীতোত্তরীয় ও দক্ষিণাস্য হইয়া উপবেশন পূর্ব্বক আচমন, প্রাণায়াম, পুণ্ডরীকাক্ষস্মরণ ও তদীয় অর্চ্চনা করিয়া কুশোদক দ্বারা শ্রাদ্ধীয় দ্রব্যসকল প্রোক্ষণ করিবে। তৎপরে করযোড়ে নিম্নলিখিত মন্ত্রে পিতৃগণকে আবাহন করিতে হয়, যথা—

ওঁ কব্যবালোহনলঃ সোমো যমশ্চৈবার্য্যমা তথা।
অগ্নিষ্বাত্তা বর্হিষদঃ সোমপাঃ পিতৃদেবতাঃ।
আগচ্ছন্তু মহাভাগা যুষ্মাভি রক্ষিতাস্ত্বিহ।

মদীয়াঃ পিতরো যে চ কুলে যাতাঃ সনাভয়ঃ।
তেষাং পিণ্ডপ্রদানায় আগতোঽস্মি গয়ামিমাম্।
তে সর্ব্বে তৃপ্তিমায়ান্তু শ্রাদ্ধেনেন শাশ্বতীম্॥

আবাহনান্তে "ওঁ পিত্রাদিভ্যো নমঃ" মন্ত্রে অর্চ্চনা করত প্রথম-দিনে যাহাদের শ্রাদ্ধ কথিত হইয়াছে, সেই সকল শ্রাদ্ধযোগ্য পিত্রাদির উদ্দেশে প্রথমদিনবৎ স্ব স্ব পার্ব্বণবিধানে পার্ব্বণবিধিক শ্রাদ্ধ করিবে। শ্রাদ্ধকরণে অক্ষম হইলে শ্রাদ্ধে যে কামনা উক্ত হইয়াছে, সেই কামনাতে সঙ্কল্প করিয়া পঞ্চগব্য দ্বারা শ্রাদ্ধস্থলে শোধনাদি পিতৃপূজা যাবৎ সমস্ত কর্ম্ম পূর্ব্ববৎ করিয়া স্ব স্ব পার্ব্বণস্থ পিণ্ডদানবিধানে (যে চাত্র ত্বেতি মন্ত্র ত্যাগ করত স্বধা উল্লেখ পূর্ব্বক) শ্রাদ্ধযোগ্য পূর্ব্বকথিত তাবৎ পুরুষের উদ্দেশে কেবল-মাত্র পিণ্ডদান করিবে। তৎপরে "ওঁ পিতা স্বর্গঃ পিতা ধর্ম্মঃ" ইত্যাদি মন্ত্র দ্বারা পিতৃপ্রণামকরণান্তে দক্ষিণাদান করিয়া অচ্ছিদ্রাবধারণাদি করিতে হয়। তদনন্তর পূর্ব্ববৎ পঞ্চগব্য দ্বারা শ্রাদ্ধস্থলেশোধনাদি পিতৃপূজান্ত কর্ম্ম করিয়া কুশাস্তরণপূর্ব্বক নিম্নলিখিত মন্ত্রে আস্তৃত কুশোপরি সতিলজলাঞ্জলি প্রদান করিবে, যথা—

ওঁ আব্রহ্মস্তম্ব পর্য্যন্তং দেবর্ষিপিতৃমানবাঃ।
তৃপ্যন্তু পিতরঃ সর্ব্বে মাতৃমাতামহাদয়ঃ।
অতীতকুলকোটিনাং সপ্তদ্বীপনিবাসিনাম।
আব্রহ্মভুবনাল্লোকাদিদমস্তু তিলোদকম্॥

অনন্তর তিল-ঘৃত-দধি-মধু-জলযুক্ত, ছাতুনির্ম্মিত, মুষ্টিমেয় একটী পিণ্ড লইয়া নিম্নলিখিত মন্ত্রে মিলিত পিত্রাদি দ্বাদশপুরুষকে প্রদান করিবে, মন্ত্র যথা—

ওঁ পিতামহশ্চৈব তথৈব প্রপিতামহঃ।
মাতা পিতামহী চৈব তথৈব প্রপিতামহী।
মাতামহস্তৎপিতা চ প্রমাতামহকাদয়ঃ।
তেষাং পিণ্ডো ময়া দত্তো হ্যক্ষয্যমুপতিষ্ঠতাম॥

তৎপরে পূর্ব্বদিনের ন্যায় পিতৃব্যাদির ও পিতৃব্যপত্ন্যাদির উদ্দেশে শ্রাদ্ধ বা পিণ্ডদান করিয়া দক্ষিণদিকে উপবিষ্ট হইয়া ষোড়শ পিণ্ডদান এবং তদ্দক্ষিণে বসিয়া স্ত্রীষোড়শী করিবে। পুত্রকামী ব্যক্তি নিম্নলিখিত চারিটী মন্ত্রে চারিটী পিণ্ড দিবে, যথা—

ওঁ যো মে প্রজাং নাশয়তি জীবো নশ্যতি বা স্বয়ন্।
তস্য কাশ্যপগোত্রস্য বাদূরূপস্য দেহি নঃ।
প্রেতস্যোদ্ধারবিধয়ে তস্মৈ পিণ্ডং দদাম্যহম্॥ ১
ওঁ যো মে প্রজাং নাশয়তি জীবো নশ্যতি বা স্বয়ম্।
তস্য প্রেতস্য দত্তোহত্র পিণ্ডোহয়মুপতিষ্ঠতু॥ ২
ওঁ যো মে প্রজাং নাশতি জীবো নশ্যতি বা স্বয়ম্।
বিষ্ণুরূপঃ স লভতাং তাং যা পিণ্ডার্পণাহুতিঃ।
তস্য কাশ্যপগোত্রস্য বায়ুরূপস্য দেহিনঃ।
অয়ং পিণ্ডো ময়া দত্তো যঃ পীড়াং কুরুতে মম॥
ওঁ ইমং তিলময়ং পিণ্ডং মধুসর্পিঃসমন্বিতম্।
দদামি তস্মৈ প্রেতায় যঃ পীড়াং কুরুতে মম॥ ৪

অনন্তর পিণ্ডপ্রণামান্তে "ওঁ পিত্রাদয়ঃ ক্ষমধ্বং" বাক্যে পিতৃগণকে বিসর্জ্জন করিবে। এই প্রকারে শ্রাদ্ধাদি নিষ্পাদন পূর্ব্বক আচমন করত পূর্ব্বাস্যে করপুটে ব্রহ্মাদিকে মন দ্বারা পরিকল্পনা করিয়া নিম্নলিখিত মন্ত্র শ্রবণ করাইবে, যথা—

ওঁ সাক্ষিণঃ সন্তু মে দেবা ব্রহ্মেশানাদয়স্তথা।
ময়া গয়াং সমাসাদ্য পিতৄণাং নিষ্কৃতিঃ কৃতা।
আগতোহস্মি গয়াং দেব পিতৃকার্য্যে গদাধর।
ত্বমেব সাক্ষী ভগবন্ননৃণোহহমৃণত্রয়াৎ॥

এই প্রেতপর্ব্বতশ্রাদ্ধটী গয়ার প্রতি তীর্থে অনুবৃত্তি যাইবে। তদনন্তর নিম্নলিখিতরূপে সঙ্কল্প করিয়া দক্ষিণমুখে উপবেশনপূর্ব্বক তিলমিশ্রিত ছাতু নিক্ষেপ করিতে হয়। সঙ্কল্পবাক্য যথা—

বিষ্ণুর্ওঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষেঽমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা পিত্রাদিগত প্রেতত্ব-বিমুক্তি স্বগত-

প্রেতত্বাভাবকামঃ প্রেতপর্ব্বতে তিল-মিশ্রিত শক্তু নিক্ষেপং সতিলজলাঞ্জলি দানঞ্চ করিষ্যে।

তিলমিশ্রিত ছাতু-নিক্ষিপের মন্ত্র যথা—

ওঁ যে কেচিৎ প্রেতরূপেণ বর্ত্তন্তে পিতরো মম।

তে সর্ব্বে তৃপ্তিমায়ান্তু শক্তুভিস্তিলমিশ্রিতৈঃ॥

তদনন্তর নিম্নলিখিত মন্ত্রে সতিল জলাঞ্জলি প্রদান করিবে, যথা—

ওঁ আব্রহ্মস্তম্বপর্য্যন্তং যৎ কিঞ্চিৎ সচরাচরম্।

ময়া দত্তেন তোয়েন তৃপ্তিমায়ান্তু সর্ব্বশঃ॥

তৎপরে পর্ব্বত হইতে অবতরণ পূর্ব্বক গয়ার উত্তরদিকে মহানদীর পশ্চিমতীরস্থ প্রেতশিলায় গমন করিবে।

(প্রেতশিলাকৃত্য)

প্রথমে পাদপ্রক্ষালনাদি করিয়া দেশকালকীর্ত্তন পূর্ব্বক প্রেত-পর্ব্বতশ্রাদ্ধে যে কামনা উক্ত হইয়াছে, সেই কামনায় সঙ্কল্প করত প্রেতপর্ব্বতশ্রাদ্ধবৎ শ্রাদ্ধাদি ও আচারানুসারে নবভাণ্ড ভঞ্জন করিবে। তৎপরে প্রেতশিলার অধোবর্ত্তী প্রভাসাদ্রিসঙ্গত মহানদীতে রামতীর্থ নামে প্রথিত প্রভাসহ্রদে উপস্থিত হইয়া নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুর্ন্মোঽস্ত অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক-গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা জন্মান্তর-কৃত-দুষ্কৃত-বিনাশকামো রাম-তীর্থে স্নানমহং করিষ্যে।

এইরূপে সঙ্কল্প করিয়া প্রকৃতমন্ত্রপাঠান্তে করযোড়ে নিম্ন-লিখিত মন্ত্র পাঠ করত স্নান ও তর্পণ করিবে, যথা—

ওঁ জন্মান্তরশতং সাগ্রং যন্ময়া দুষ্কৃতং কৃতম্।

তৎসর্ব্বং বিলয়ং যাতু রামতীর্থাভিষেচনাৎ॥

অনন্তর দেশকাল কীর্ত্তন পূর্ব্বক স্বীয় বিষ্ণুলোকগমনকামনা ও পিতৃগণের প্রেতত্ববিমুক্তিপূর্ব্বক পিতৃপদপ্রাপ্তিকামনায় সঙ্কল্প করিয়া প্রেতপর্ব্বতোক্ত শ্রাদ্ধাদি সম্পাদন করিবে। পরে স্বীয়

পাপনাশকামনায় নিম্নলিখিত মন্ত্রে রামকে প্রণাম করিতে হয়, যথা—

ওঁ রাম রাম মহাবাহো দেবানাম ভয়ঙ্কর।
ত্বাং নমাম্যত্র দেবেশ মম নশ্যতু পাতকম্॥

তৎপরে প্রেতলোকেশ্বর ও প্রভাসেশ্বরকে প্রণাম করিয়া মানসিক, বাচিক, কায়িক ও কর্ম্মজ পাপনাশকামনায় নিম্নলিখিত মন্ত্রে প্রভাসেশ্বরসমীপে প্রার্থনা করিবে, যথা—

ওঁ আপস্ত্বমসি দেবেশ জ্যোতিষাম্পতিরেব চ।
পাপং নাশয় মে দেব মনোবাক্‌কায়কর্ম্মজম্॥

তদনন্তর পাতিতদক্ষিণজানু, উত্তরাস্য ও স্বভাবোত্তরীয় হইয়া পিতৃমুক্তিকামনায় যমবলি প্রদান করিবে। মন্ত্র যথা—

ওঁ যমরাজধর্ম্মরাজৌ নিশ্চলার্থং হি সংস্থিতৌ।
তাভ্যাং বলিং প্রদাস্যামি পিতৄণাং মুক্তিহেতবে॥

এই মন্ত্রপাঠান্তে "এষ কুশতিলজল মিশ্রিতো বলির্যমরাজধর্ম্ম-রাজাভ্যাং নমঃ" বলিয়া যমবলি প্রদান করিবে। তৎপরে প্রভাসা-'দ্রির দক্ষিণদিক্‌স্থিত প্রেতশিলার জঙ্ঘাস্থলে যমবলিবৎ শ্ববলি (কুক্কুরবলি) প্রদান করিবে। মন্ত্র যথা—

ওঁ দ্বৌ শ্বানৌ শ্যামশবলৌ বৈবস্বতকুলোদ্ভবৌ।
তাভ্যাং বলিং প্রদাস্যামি রক্ষেতাং পথি সর্ব্বদা॥

এই মন্ত্রপাঠান্তে "এষ বলির্যমরাজধর্ম্মরাজাশ্রচরাভ্যাং শ্বভ্যাং নমঃ" বলিয়া প্রদান করিবে। বলিদান না করিলে গয়াশ্রাদ্ধ বিফল হইয়া থাকে।

(তৃতীয়দিনকৃত্য)

ব্রহ্মতীর্থে প্রাতঃস্নানাদি নিত্যক্রিয়া সমাপনান্তে উত্তরমানসে গমন পূর্ব্বক মস্তকে তীর্থবারি প্রক্ষেপ করত নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে যথা—

বিষ্ণুর্নমোঽস্ত অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক-

গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা আত্মশুদ্ধিসূর্য্যলোকাদিপ্রাপ্তি পিতৃমুক্তি কাম উত্তরমানসে স্নানমহং করিষ্যে।

সঙ্কল্প করিয়া ডুব দিবার অগ্রে প্রকৃতমন্ত্রপাঠান্তে নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে, যথা—

ওঁ উত্তরে মানসে স্নানং করোম্যাত্মবিশুদ্ধয়ে।
সূর্য্যলোকাদিসংসিদ্ধিসিদ্ধয়ে পিতৃমুক্তয়ে॥

তদনন্তর যথাবিধি স্নানতর্পণ করিয়া দেশকালকীর্ত্তন পূর্ব্বক পিতৃগণের অক্ষয়তৃপ্তিকামনাতে সঙ্কল্প করিবে এবং প্রেতপর্ব্বতলিখিত শ্রাদ্ধাদি করিয়া পিত্রাদির সূর্য্যলোকগমনকামনায় নিম্নলিখিত মন্ত্রে উত্তরার্ককে নমস্কার ও পূজা করিবে, যথা—

ওঁ নমো ভগবতে ভর্ত্রে সোমভৌমাজ্ঞরূপিণে।
জীবভার্গবসৌরেয়রাহুকেতুস্বরূপিণে॥

তৎপরে তথা হইতে দক্ষিণমানসান্তর্ভূত উত্তরভাগস্থ উদীচীতীর্থে মৌনভাবে গমন পূর্ব্বক তথায় নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা —

বিষ্ণুর্নমোঽস্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা আত্মশুদ্ধিসূর্য্যলোকাদিপ্রাপ্তি ব্রহ্মহত্যাদিপাপসমূহনাশকামঃ পিতৃমুক্তিকামো বা উদীচীতীর্থে স্নানমহং করিষ্যে।

সঙ্কল্প করিয়া ডুব দিবার পূর্ব্বে প্রকৃতমন্ত্রপাঠান্তে কৃতাঞ্জলি হইয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করত স্নান ও তর্পণ করিবে, যথা

ওঁ ব্রহ্মহত্যাদিপাপৌঘঘাতনায় বিমুক্তয়ে।
দিবাকর করোমীহ স্নানং দক্ষিণমানসে॥

তদনন্তর দেশকালকীর্ত্তন করত পিতৃমুক্তি-কামনায় সঙ্কল্প করিয়া প্রেতপর্ব্বতোক্ত শ্রাদ্ধাদি করিবে। এই প্রকার দক্ষিণমানসান্তর্ভূত মধ্যভাগস্থ কনখলতীর্থে ও তদন্তর্ভূত দক্ষিণমানসে উদীচীতীর্থবৎ সমস্ত ক্রিয়া করিতে হয়। তদনন্তর পিতৃতরণ-স্বগত-পুত্রপৌত্রবৈশ্বর্য্যায়ুরারোগ্য বৃদ্ধিকামনায় নিম্ন-

লিখিত মন্ত্রে মৌনভাবে দক্ষিণার্কের প্রণতি ও অর্চ্চনা করিবে, যথা—

ওঁ নমামি সূর্য্যং তৃপ্ত্যর্থং পিতৄণাং তারণায় চ।
পুত্রপৌত্রধনৈশ্বর্য্যায়ুরারোগ্যবৃদ্ধয়ে॥

মৌনী হইয়া পূজা করিতে হয়, এই নিমিত্ত ইহার নাম মৌনার্ক। তদনন্তর দ্বিতীয়দিনলিখিত "ওঁ কব্যবাল" ইত্যাদি 'শাশ্বতীং' ইত্যন্ত মন্ত্র দক্ষিণমানসে পাঠ করিয়া গদাধরপূর্ব্ববর্ত্তী সর্ব্বতীর্থরাজ ফল্গুতীর্থে গমন করত নিম্নলিখিতরূপে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুর্নমোঽদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা পিতৄণাং বিষ্ণুলোকপ্রাপ্তয়ে আত্মনশ্চ ভুক্তিমুক্তিসিদ্ধয়ে ফল্গুতীর্থে স্নানমহং করিষ্যে।

সঙ্কল্পান্তে ডুব দিবার অগ্রে প্রকৃত মন্ত্র পাঠ করিয়া প্রথমদিনকৃত্যলিখিত "ওঁ ফল্গুতীর্থে বিষ্ণুজলে" ইত্যাদি মন্ত্র পাঠ করত যথাবিধি স্নান ও তর্পণ করিবে। তদনন্তর দেশকালকীর্ত্তন পূর্ব্বক পিতৃগণের মোক্ষলাভকামনায় সঙ্কল্প করিয়া প্রেতপর্ব্বতোক্ত শ্রাদ্ধাদি করিবে ইহারই নাম পঞ্চতীর্থকৃত্য। তদনন্তর মধুস্রবার দক্ষিণতীরস্থ পিতামহেশ্বরকে নিম্নলিখিত মন্ত্রে নমস্কার ও পূজা করিবে, যথা—

ওঁ নমঃ শিবায় দেবায় ঈশানপুরুষায় চ।
অঘোরবামদেবায় সদ্যোজাতায় শম্ভবে॥

পরে পুনর্ব্বার ফল্গুতীর্থে গদাধরপুরোভাগে স্নান ও তর্পণ করিয়া পিতৃগণসহ স্বীয় বিষ্ণুপদলাভকামনায় গদাধরকে দর্শন করিবে এবং নিম্নলিখিত মন্ত্রে প্রণাম ও অর্চ্চনা করিবে, যথা—

ওঁ নমো বাসুদেবায় নমঃ সঙ্কর্ষণায় চ।
প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় শ্রীধরায় চ বিষ্ণবে॥

পরে পিতৃলোকের ব্রহ্মলোকগমনকামনায় পুনরায় পঞ্চতীর্থে

স্নানতর্পণ করিয়া পাদপদসমীপে গমন করত ১০৮ পলপ্রমাণ * পঞ্চামৃত দ্বারা পাদপদকে স্নান করাইবে এবং পুষ্প ও বসনভূষণ দ্বারা অর্চ্চনা করিবে। পঞ্চামৃত দ্বারা স্নান না করাইলে গয়াশ্রাদ্ধ বিফল হয়, অন্যান্য ক্রিয়া যথাশক্তি করিবে।

(চতুর্থদিনকৃত্য)

চতুর্থদিনে ফল্গুতীর্থে প্রাতঃস্নানাদি নিত্যকৃত্য-সমাপনান্তে ধর্ম্মারণ্যে গিয়া সর্ব্বপাপবিশুদ্ধিকামনায় সঙ্কল্প করিবে। পরে তত্রত্য মতঙ্গবাপীতে যথাবিধি স্নানতর্পণ করিয়া দেশকাল কীর্ত্তন করত পিতৃ-উদ্ধারকামনায় প্রেতপর্ব্বতোক্ত শ্রাদ্ধাদি করিতে হইবে। তৎপরে মতঙ্গবাপীর উত্তরদিকস্থ মতঙ্গেশ্বরকে দেখিয়া প্রণাম করত করযোড়ে নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে, যথা—

ওঁ প্রমাণং দেবতাঃ সন্তু লোকপালাশ্চ সাক্ষিণঃ।
ময়াগত্য মতঙ্গেঽস্মিন্ পিতৄণাং নিষ্কৃতিঃ কৃতা॥

অনন্তর ব্রহ্মতীর্থাখ্য ব্রহ্মকূপে গমন করিয়া দেশকাল কীর্ত্তন পূর্ব্বক পিতৃ-উদ্ধারকামনায় সঙ্কল্প করত স্নান, তর্পণ, প্রেতপর্ব্বতোক্ত শ্রাদ্ধাদি এবং ধর্ম্ম ও ধর্ম্মেশ্বরকে প্রণাম করিবে। তৎপরে মহাবোধি-(অশ্বত্থ) তরুর নিম্নে আত্মস্বর্গলাভকামনায় প্রেতপর্ব্বতোক্ত শ্রাদ্ধাদি করিয়া নিম্নলিখিত মন্ত্রে অশ্বত্থকে প্রণাম করিবে, যথা—

ওঁ চলদ্দলায় বৃক্ষায় সর্ব্বদা স্থিতহেতবে।
বোধিসত্ত্বায় সত্ত্বায় অশ্বত্থায় নমো নমঃ॥

তৎপরে নিম্নলিখিত মন্ত্রে অশ্বত্থসমীপে প্রার্থনা করিবে, যথা—

ওঁ অশ্বত্থ যস্মাত্ত্বয়ি বৃক্ষরাজ নারায়ণস্তিষ্ঠতি সর্ব্বকালম্।
অতঃ শুভস্ত্বং সততং তরূণাং ধন্যোঽসি দুঃস্বপ্নবিনাশনোঽসি॥

ব্রহ্মকূপটী মতঙ্গবাপীর অগ্নিকোণভাগে সংস্থিত ছিল, অধুনা

* তিন তোলা আট রতি, দুই মাষাতে এক পল

তথায় বটবৃক্ষ মাত্র নিদর্শন আছে, সুতরাং তথায় স্নান করিবার সম্ভাবনা নাই।

(পঞ্চমদিনকৃত্য)

পঞ্চমদিনে ফল্গুতীর্থে প্রাতঃস্নানাদি নিত্যক্রিয়া-সমাপনান্তে ব্রহ্মসরসীতে গমন পূর্ব্বক নিম্নলিখিতবাক্যে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুর্নমোঽস্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক-গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা ঋণত্রয়বিমুক্তিকামো আত্মশুদ্ধিকামো বা ব্রহ্মসরসি স্নানমহং করিষ্যে।

সঙ্কল্পান্তে ডুব দিবার পূর্ব্বে প্রকৃতমন্ত্রপাঠান্তে নিম্নলিখিত মন্ত্র পাঠ করত যথাবিধি স্নান ও তর্পণ করিবে, যথা—

ওঁ স্নানং করোমি তীর্থেঽস্মিন্ ঋণত্রয়বিমুক্তয়ে।
শ্রাদ্ধায় পিণ্ডদানায় তর্পণায়াত্মশুদ্ধয়ে॥

তৎপরে দেশকাল কীর্ত্তন পূর্ব্বক পিতৃলোকের ব্রহ্মলোকগমন-কামনায় ব্রহ্মসরসীতে ব্রহ্মযূপসন্নিধানে এবং পিতৃ-উদ্ধারকামনায় ব্রহ্মকূপ ও ব্রহ্মযূপ এই উভয়ের মধ্যে পিণ্ডদানাত্মক শ্রাদ্ধাদি করিবে। তৎপরে নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুর্নমোঽস্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা পিতৃমোক্ষকামো ব্রহ্মকল্পিতাম্রসেচনমহং করিষ্যে।

সঙ্কল্পান্তে নিম্নলিখিত মন্ত্রে কুশযুক্ত ব্রহ্মসরোবরের জলদ্বারা গো-প্রচারসন্নিহিত আম্রবৃক্ষসকলকে সিঞ্চন করিবে। পরে বাজপেয়ফলতুল্যফল প্রাপ্তিকামনায় ব্রহ্মকূপ প্রদক্ষিণ করত পিতৃ-ব্রহ্মপুরনয়নকামনায় নিম্নলিখিত মন্ত্রে ব্রহ্মসরোবরের বায়ুকোণস্থ ব্রহ্মাকে প্রণাম ও পূজা করিতে হইবে, যথা—

ওঁ নমো ব্রহ্মণেঽজায় জগজ্জন্মাদিকারিণে।
ভক্তানাঞ্চ পিতৄণাঞ্চ তারণায় নমো নমঃ॥

তৎপরে ফল্গুতীর্থে পিতৃমুক্তিকামনায় প্রেতশিলাকুণ্ড...লিখিত "যমরাজ ধর্ম্মরাজো" ইত্যাদি মন্ত্র দ্বারা যমবলি এবং 'দ্বৌ শ্বানৌ'

শ্যামশবলৌ" ইত্যাদি মন্ত্র দ্বারা কুকুরবলিপ্রদানান্তে নিম্নলিখিত মন্ত্রে কাকবলি প্রদান করিতে হইবে, যথা —

ওঁ ঐন্দ্রবারুণবায়ব্যা যাম্যা বৈ নৈঋতস্তথা।
বায়সাঃ প্রতিগৃহ্ণন্তু ভূমৌ পিণ্ডং ময়োজ্ঝিতম্॥

তদনন্তর কাকবলিপ্রদানজন্য অপবিত্রতাবারণার্থ বিনা মন্ত্রে ফল্গুতীর্থে স্নান করিবে।

(ষষ্ঠদিনকৃত্য)

ষষ্ঠদিনে নিত্যক্রিয়াসমাপনান্তে ফল্গুতীর্থে দশলক্ষ অশ্বমেধ যজ্ঞের ফলপ্রাপ্তিকামনায় সঙ্কল্প করিয়া ডুব দিবার পূর্ব্বে গয়ার প্রথমদিনকৃত্যলিখিত 'ওঁ ফল্গুতীর্থে বিষ্ণুজলে" ইত্যাদি মন্ত্রে যথাবিধি স্নান ও তর্পণ করিবে। পরে পদসমূহে প্রেতপর্ব্বতোক্ত শ্রাদ্ধাদি করিতে হয়। এই শ্রাদ্ধাদির আরম্ভ ও সমাপ্তি ব্রহ্ম, রুদ্র ও কশ্যপপদের অগ্রপদে করিবে, মধ্যে কোন নিয়ম নাই, তথাপি বায়ুপুরাণের পাঠক্রমানুসারে শ্রাদ্ধাদি বিবৃত হইতেছে।—অগ্রে বিষ্ণুপদসন্নিধানে গমন পূর্ব্বক আত্মপাপনাশকামনায় বিষ্ণুপদ দর্শন করত করপুটে নিম্নলিখিত মন্ত্রে বিষ্ণুপদ স্পর্শ করিবে, যথা —

ওঁ অত্র বিষ্ণুপদং দিব্যং দর্শনাৎ পাপনাশনম্।
স্পর্শনাৎ পূজনাচ্চৈব পিতৄণাং মুক্তিহেতবে॥

অনন্তর পিতৃবিমুক্তিকামনায় সঙ্কল্প করত গয়াপ্রথমদিন-কৃত্যোক্ত "ওঁ ধ্যেয়ঃ সদা" ইত্যাদি ধ্যান করিয়া পুরুষসূক্ত মন্ত্র অথবা "ওঁ নমো ভগবতে বাসুদেবায়" কিংবা "ওঁ বিষ্ণবে নমঃ" এই মন্ত্র দ্বারা সামান্যপূজাপদ্ধতির নিয়মে বিষ্ণুপূজা করিবে। ইহাতে ঘটস্থাপন, আবাহন, প্রাণপ্রতিষ্ঠা বা বিসর্জ্জন নাই। তৎপরে সম্বন্ধবিশেষের আদর না করিয়া নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিতে হয়, যথা—

বিষ্ণুর্ওঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকপক্ষে অমুকতিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা আত্মীয়কুলসহস্রসমুদ্ধার পূর্ব্বক বিষ্ণু-লোকগমনকামো বিষ্ণুপদে শ্রাদ্ধমহং করিষ্যে।

সঙ্কল্পান্তে বিষ্ণুপদে প্রেতপর্ব্বতোক্ত শ্রাদ্ধাদি এবং মাতৃষোড়শী-করণান্তে পিণ্ডোত্থান করিবে। পিণ্ডপ্রদানসময়ে উহা বিষ্ণুপদে পতিত হইল কি না, দৃষ্টি রাখা কর্ত্তব্য। একটী পিণ্ডের উপর অন্য পিণ্ড প্রদান করিতে নাই। রুদ্রাদি পদসমূহেও রুদ্রাদি দেবতার অর্চ্চনা ও লিখিতব্য ফললাভকামনায় প্রেতপর্ব্বতোক্ত শ্রাদ্ধাদি করিতে হইবে। রুদ্রপদে শ্রাদ্ধ করিলে আত্মসহ শত পুরুষের শিবপুরে গমন, ব্রহ্মপদে কুলশত উদ্ধার পূর্ব্বক ব্রহ্মধামলাভ দক্ষিণাগ্নিপদে স্বীয় বাজপেয়যজ্ঞফললাভ, গার্হপত্যপদে অশ্বমেধ-যজ্ঞফলপ্রাপ্তি, আহবনীয়পদে রাজসূয়যজ্ঞফললাভ, সত্যাগ্নিপদে জ্যোতিষ্টোমযজ্ঞফলপ্রাপ্তি, আবসথাগ্নিপদে সোমলোকলাভ, সূর্য্যপদে পঞ্চশতকুলের সূর্য্যপুরপ্রাপ্তি, কার্ত্তিকেয়পদে পিতৃলোকের শিবপুরগমন, ইন্দ্রপদে পিতৃলোকের ইন্দ্রপদলাভ, অগস্ত্যপদে পিতৃলোকের ব্রহ্মলোকলাভ এবং চন্দ্র, গণেশ, ক্রৌঞ্চ, মতঙ্গ ও কশ্যপপদে পিতৃলোকের ব্রহ্মপুরলাভ হয়। এই সপ্তদশটী পদে উক্তফললাভকামনায় শ্রাদ্ধাদি করিবে। ইহার মধ্যে বিষ্ণু, রুদ্র, কশ্যপ ও ব্রহ্মপদের শ্রাদ্ধে শ্রাদ্ধকর্ত্তারও মুক্তিলাভ হইয়া থাকে। তদনন্তর পদশিলার উত্তরদিকস্থ গজকর্ণিকা তীর্থে পিতৃস্বর্গকামনায় শুদ্ধোদক দ্বারা তর্পণ এবং পদশিলার উত্তরে পিতৃলোকতারণার্থ, সঙ্কল্প করিয়া পথসন্নিহিত কনকেশ্বর, কদারেশ্বর নরসিংহ, বামন প্রভৃতির পূজা করিবে।

(সপ্তমদিনকৃত্য)

ফল্গুতীর্থে প্রাতঃস্নানাদি নিত্যক্রিয়াসমাপনান্তে গদালোলে উপস্থিত হইয়া নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে যথা -

বিষ্ণুর্ন্মোঽদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা আত্মনঃ শুদ্ধয়ে অক্ষয়স্বর্গপ্রাপ্তয়ে চ গদালোলে স্নানমহং করিষ্যে

সঙ্কল্প করিয়া ডুব দিবার পূর্ব্বে প্রকৃতমন্ত্রপাঠান্তে কৃতাঞ্জলি হইয়া নিম্নলিখিত মন্ত্রপাঠ করত স্নান করিবে, যথা

ওঁ গদালোলে মহাতীর্থে গদাপ্রক্ষালনাদ্ধরেঃ।
স্নানং করোমি তীর্থেঽস্মিন্ অক্ষয্যং পদমাপ্নুয়াং॥

অনন্তর তর্পণ করিয়া দেশকাল কীর্ত্তন পূর্ব্বক পিতৃতৃপ্তি ও ব্রহ্মলোকপ্রাপ্তিকামনায় সঙ্কল্প করিয়া প্রেতপর্ব্বতোক্ত শ্রাদ্ধাদি করিবে। তৎপরে অক্ষয়বটে গমন পূর্ব্বক পিতৃগণের ব্রহ্মলোক-প্রাপ্তিকামনায় সঙ্কল্প করত অক্ষয়বটের ছায়ায় প্রেতপর্ব্বতোক্ত শ্রাদ্ধাদি করিবে এবং পূর্ব্বকামনাতেই অক্ষয়বটমূলে ব্রহ্মকল্পিত ব্রাহ্মণ (গয়ালী) সকলকে ভোজন করাইবে, অক্ষম হইলে কোটি-ব্রাহ্মণ-ভোজন জন্য ফল-সমফল-প্রাপ্তিকামনায় কেবলমাত্র একটী ব্রাহ্মণভোজন করাইয়া পিতৃগণের ব্রহ্মলোকগমনকামনায় অক্ষয়বটেশ্বরকে দর্শন ও পূজা করিবে তদনন্তর নিম্নলিখিত মন্ত্রে বটকে প্রণাম করিতে হইবে, যথা—

ওঁ একার্ণবে বটস্যাগ্রে যঃ শেতে যোগনিদ্রয়া।
বালরূপধরস্তস্মৈ নমস্তে যোগশায়িনে॥

তদনন্তর পিতৃগণের অক্ষয়ব্রহ্মলোকপ্রাপ্তিকামনায় করপুট হইয়া নিম্নলিখিত মন্ত্রে অক্ষয়বটকে নমস্কার করিবে, যথা—

ওঁ সংসারবৃক্ষশস্ত্রায় সর্ব্বপাপক্ষয়ায় চ।
অক্ষয়ায় ব্রহ্মদাত্রে নমোঽক্ষয়বটায় তে

তদনন্তর পিতৃগণের রুদ্রলোকগমনকামনায় প্রপিতামহরূপী গদাধরকে পূজা করিয়া নিম্নলিখিত মন্ত্রে প্রণাম করিবে, যথা—

ওঁ কলৌ মহেশ্বরা লোকা যেন তস্মাৎ গদাধরঃ।
লিঙ্গরূপো ভবেত্তঞ্চ বন্দে শ্রীপ্রপিতামহম॥

(অনিয়তদিনকৃত্য)

পূর্ব্বদিনে উপবাসী থাকিয়া পরদিন প্রভাতে গয়াস্থিত গায়ত্রীসম্মুখবর্ত্তী গায়ত্রীতীর্থে গমনপূর্ব্বক তৎকূলে ব্রহ্মণ্যা-বিচ্ছেদকামনায় প্রাতঃসন্ধ্যা ও শ্রাদ্ধাদি করিয়া অন্যদিবসে উদ্যন্ত-পর্ব্বতে সাবিত্রীসন্নিহিত সমুদিত-তীর্থে যাইবে। তথায় শত কুলের স্বর্গলাভকামনায় মধ্যাহ্নসন্ধ্যা, তর্পণ ও শ্রাদ্ধাদি করত

সরস্বতীর অগ্র ও পশ্চাদ্বর্ত্তী সরস্বতীতীর্থে সন্ধ্যাকালে কুলসহস্র-মুক্তিকামনায় স্নান ও সন্ধ্যা করিবে। পরে শিলা, লেলিহান, ভার তাম্রম, মুণ্ডপৃষ্ঠ আকাশগঙ্গা এই সমস্ত তীর্থে, গদাধর-সমীপে ও গিরিকর্ণমুখে শতকুলের ব্রহ্মলোকনয়নকামনায় শ্রাদ্ধ বা পিণ্ডদান করত বৈতরণীতে একবিংশতিকুলের উদ্ধারকামনায় স্নান, তর্পণ, শ্রাদ্ধাদি ও বৈতরণীবিধি অনুসারে গোদান করিবে। তৎপরে নিম্নলিখিত মন্ত্রে বৈতরণীজলে সন্তরণ করিতে হয়, যথা—

ওঁ যা সা বৈতরণী নাম নদী ত্রৈলক্যবিশ্রুতা।
সা মে তীর্ণা মহাভাগা পিতৃণাং তরণায় বৈ॥

দেবনদী, গোপ্রচার, ঘৃতকুল্যা, মধুকুল্যা, গদালোল, কোটি-তীর্থ ও রুক্মিণীকুণ্ড এই সমস্ত তীর্থে পিতৃস্বর্গকামনায় শ্রাদ্ধ বা পিণ্ডদান করিয়া পিতৃতারণকামনায় মার্কণ্ডেয়েশ্বর ও কোটী-শ্বরকে প্রণাম করিবে। পরে পাণ্ডুশিলাতে পিতৃলোকের অক্ষয়তৃপ্তিকামনায় শ্রাদ্ধ বা পিণ্ড মাত্র দান করিয়া মধুস্রবা-তীর্থে অশ্বমেধফললাভকামনায় স্নান ও তর্পণ করিবে। তদনন্তর সহস্র-কুলের নবকোদ্ধারপূর্ব্বক বিষ্ণুপুরগমনকামনায় শ্রাদ্ধ করিয়া দশাশ্বমেধ, হংসতীর্থ, মহানদী (বৈতরণী) ও মুখকুণ্ড এই সমস্ত তীর্থে মুক্তিকামনায় স্নান, পিতৃমুক্তিকামনায় তর্পণ ও শ্রাদ্ধ করত পিতৃগণের স্বর্গলাভকামনায় সঙ্গমে তারকেশ্বরকে প্রণাম করিবে। পরে গয়াকূপে অশ্বমেধফলকামনায় শ্রাদ্ধ করিতে হয়। এই কূপেই আত্মঘাতী প্রভৃতি ব্যক্তিগণের উদ্দেশে সংবৎসরান্তে শ্রাদ্ধ করিবে। পরে পিতৃতারণকামনায় ভস্মকূপে ভস্মদ্বারা স্নান (সর্ব্বাঙ্গে ভস্মলেপন) করিয়া গয়াগ্রামমধ্যবর্ত্তী সুষুম্নাতীর্থে মহা-কালীসন্নিধানে একবিংশতিপুরুষের স্বর্গনয়নকামনায় শ্রাদ্ধ করিবে। তৎপরে গৃধ্রবটের উত্তরে বশিষ্ঠতীর্থে স্নান করিয়া অশ্বমেধসমফল-প্রাপ্তিকামনায় বশিষ্ঠেশ্বর মহাদেবকে প্রণাম করিতে হয়। পরে ধেনুকারণ্যের জলাশয়ে স্নান করিয়া কামধেনুকে প্রণাম ও পিতৃ-গণের ব্রহ্মধামগমনকামনায় কামধেনুপদে শ্রাদ্ধ করিয়া বক্ষমাণে,

গয়ানাভিতে ও মুণ্ডপৃষ্ঠসমীপে পিতৃস্বর্গকামনায় স্নান ও শ্রাদ্ধ করিবে। তৎপরে চণ্ডিকা, ফল্গু, চণ্ডীশ, শিব ও মঙ্গলাদি গ্রহকে প্রণাম করিয়া গয়াগজে, গয়াদিত্যে, গায়ত্রীতীর্থে, গদাধর সন্নিধানে, গয়াতে ও গয়াশিরে মুক্তিকামনায় পিতৃলোকের অর্চ্চনা ও শ্রাদ্ধ করিবে। যে সময়েই হউক, গয়ার কোন স্থানে একবিংশতি কুলের স্বর্গলাভকামনায় বৃষোৎসর্গ ও গয়াতে আদিগদাধরকে ধ্যান করিয়া পিত্রাদি শতকুলের নরকোদ্ধারপূর্ব্বক ব্রহ্মলোকগমনকামনায় শ্রাদ্ধ বা পিণ্ডদান করিবে। তৎপরে ভস্মকূটাস্থিত জনার্দ্দনকে নমস্কার করত তৎসমীপে বামজানু পাতিয়া উপবেশন পূর্ব্বক স্বীয় বিষ্ণুধামলাভকামনায় পিতৃলোকের শ্রাদ্ধকরণার্থে দধি-তণ্ডুলের নৈবেদ্য দ্বারা জনার্দ্দনের অর্চ্চনা করিবে। পরে স্বীয় বিষ্ণুলোকগমনকামনায় বিনা তিলে ঐ নৈবেদ্যের অবশিষ্ট দ্বারা পিণ্ড নির্ম্মাণ করত নিম্নলিখিত মন্ত্রে জনার্দ্দনের বামহস্তে একটী পিণ্ড প্রদান করিতে হয়, মন্ত্র যথা—

ওঁ এষ পিণ্ডো ময়া দত্তস্তব হস্তে জনার্দ্দন।
গয়াশীর্ষে ত্বয়া দেয়ো মহ্যং পিণ্ডো মৃতে ময়ি।

অগ্নিপুরাণের মতে তিনটী পিণ্ড দিতে হয়। তাহার মন্ত্র যথা—

ওঁ ত্রয়ঃ পিণ্ডো ময়া দত্তাস্তব হস্তে জনার্দ্দন।
পরলোকগতে মহ্যমক্ষয্যমুপতিষ্ঠতাম্।!

এই প্রকার অন্যান্য জীবিতব্যক্তিগণকেও ঐ নৈবেদ্যাবশেষ-দ্বারা নিম্নলিখিত মন্ত্রে প্রদান করিবে, যথা—

ওঁ এষ পিণ্ডো ময়া দত্তস্তব হস্তে জনার্দ্দন।
দেহি দেব গয়াশীর্ষে তস্মৈ তস্মিন্ মৃতে তু তম্॥

তৎপরে নিম্নলিখিত মন্ত্রে জনার্দ্দনকে প্রণাম করিতে হয় যথা—

ওঁ জনার্দ্দন নমস্তুভ্যং নমস্তে পিতৃরূপিণে।
পিতৃপতে নমস্তুভ্যং নমস্তে মুক্তিহেতবে।

তৎপরে ঋণত্রয়বিমুক্তকামনায় পুণ্ডরীকাক্ষকে দর্শন ও স্বর্গ-মনায় অর্চ্চনা করিয়া নিম্নলিখিত মন্ত্রে নমস্কার করিবে, যথা—

ওঁ লক্ষ্মীকান্ত নমস্তেঽস্তু নমস্তে পিতৃমোক্ষদ।
তং ধ্যাত্বা পুণ্ডরীকাক্ষং মুচ্যতে চ ঋণত্রয়াৎ।

তদনন্তর মহানদীর পরপারগত ভরতাশ্রমসমীপস্থ মহানদীতে স্নান-তর্পণ করিয়া রামেশ্বরকে অর্চ্চনা ও প্রেতশিলাকৃত্যলিখিত 'রাম রাম মহাবাহো" ইত্যাদি মন্ত্রে সীতাসমন্বিতরামকে নমস্কার করিবে। পরে পিতৃকুলশত-সহিত স্বীয় বিষ্ণুপুর প্রাপ্তিকামনায় রামপদে শ্রাদ্ধ বা পিণ্ডদান করিতে হইবে। তদনন্তর কুণ্ডপর্ব্বতে পিতৃব্রহ্মপুরলাভ, মতঙ্গমদে পিতৃস্বর্গলাভ ও উদ্যন্তপর্ব্বতে পিতৃব্রহ্ম লাভকামনায় শ্রাদ্ধ, উদ্যন্তকুণ্ডে মধ্যাহ্ন স্নানসন্ধ্যা ও স্বীয় কোটি জন্মাবধি ধনাঢ্য-বেদ বেদাঙ্গ-পারগবিপ্রত্বপ্রাপ্তি-কামনায় তত্রত্য সাবিত্রীর অর্চ্চনা করিয়া অগস্ত্যপদে স্নান ও পিত্রাদিসহ সুরপূজ্য ব্রহ্মলোকলাভ কামনায় শ্রাদ্ধ করিবে। তৎপরে জন্মানবারং-পূর্ব্বক ব্রহ্মপ্রাপ্তিকামনায় ব্রহ্মযোনিতে প্রবেশ ও নির্গম হইয়া ব্রাহ্মণ্যলাভার্থ গয়াকুমারকে প্রণাম, পিত্রাদির চন্দ্রলোকলাভ-কামনায় সোমকুণ্ডে স্নান, তর্পণ ও শ্রাদ্ধ করিবে। তদনন্তর কাকশিলাতে সপ্তজন্মকৃতপাপক্ষয়কামনায় নিম্নলিখিত মন্ত্রে কাকবলি প্রদান করিবে, যথা—

ওঁ যমোঽসি যমদূতোঽসি বায়সোঽসি মহাবল।
সপ্তজন্মকৃতং পাপং বলিং ভুক্ত্বা বিনাশয়॥

অনন্তর স্বর্গপ্রাপ্তিপূর্ব্বক-ব্রহ্মলোকগমনকামনায় স্বর্গদ্বারের শিবকে প্রণাম, পিতৃগণের পাপহরণার্থ ব্যোমগঙ্গাতে শ্রাদ্ধ, ভস্ম-কূটপর্ব্বতে স্বর্গলাভকামনায় ভস্ম দ্বারা স্নান, অক্ষয়বটসন্নিধানে বটেশ্বর, প্রপিতামহ, তদগ্রে রুক্মিণীকুণ্ড, তৎসন্নিধানে কপিলা নদী, তত্তীরে কপিলেশ্বর শিব এবং সমস্তের অর্চনা এবং সোমবারে অমাবস্যা হইলে স্বর্গকামনায় কপিল তীর্থে স্নান ও শ্রাদ্ধ করিবে। তৎপরে স্বর্গলাভকামনায় মাহেশ্বরী কুণ্ডে ও রুক্মিণীকুণ্ডে স্নান এবং শ্রাদ্ধ করিতে হয়। নারীজাতি সৌভাগ্যকামনায় মাহেশ্বরী-কুণ্ডসন্নিহিত মঙ্গলা ও গৌরীর অর্চনা করিবে। পরে প্রেতকূট-

পর্ব্বতে পিতৃমুক্তি ও প্রেতকুণ্ডে পিতৃলোকের প্রেতত্বমোচনকামনায় শ্রাদ্ধ করিয়া বৈকুণ্ঠস্থ হেমকূটপর্ব্বতে * পিতৃগণের ব্রহ্মপুর-প্রাপ্তিকামনায় শ্রাদ্ধ, গৃধ্রকূটপর্ব্বতে শিবপুরপ্রাপ্তিকামনায় গৃধেশ্বর শিবকে দর্শন, স্বর্গলাভকামনায় প্রণাম, পিতৃলোকপ্রাপ্তি-কামনায় গৃধ্রগুহাতে শ্রাদ্ধ ও তত্রত্য মাহেশ্বরীধারাতে পিতৃস্বর্গ-কামনায় শ্রাদ্ধ, ব্রহ্মপ্রাপ্তিকামনায় ঋণমোক্ষেশ্বর ও পাপমোক্ষেশ্বর শিবকে দর্শন করিবে। তৎপরে বিঘ্ননিরাশ ও শিবপুরলাভ-কামনায় গজরূপী গণপতি দর্শন, স্বর্গকামনায় স্নান, গায়ত্রী ও গয়াদিত্য দর্শন, পাপনাশকামনায় মুণ্ডপৃষ্ঠে ইন্দ্রাদি দেবতা দর্শন ও গয়ানাভিতে ব্রহ্মপুরপ্রাপ্তি এবং ক্রৌঞ্চপদপর্ব্বতস্থ জলাশয়ে স্বর্গলাভকামনায় পিতৃ, পিতামহ ও শ্বশুরকুলের শ্রাদ্ধ করিবে। এই সমস্ত তীর্থ প্রায়ই বায়ুপুরাণোক্ত। অগ্নিপুরাণে স্বর্গদ্বার, সোমকুণ্ড, বায়ুতীর্থ, আকাশগঙ্গা, কপিলা, কাদম্বিনী, গয়া, কোটিতীর্থ, অগ্নিধারা, সুষুম্না, পুষ্করিণী, কপিলেশ্বর, মার্কেণ্ডেয়েশ্বর, মুণ্ডপৃষ্ঠস্থ দেবী, ক্ষেত্রপাল, বলভদ্র, সুভদ্রা, পুরুষোত্তম, মাধব, মহালক্ষ্মী, দ্বাদশাদিত্য, কপর্দ্দী, বিনায়ক, কার্ত্তিকেয় ও সোমনাথাদি অষ্টলিঙ্গ প্রভৃতি তীর্থ বর্ণিত আছে, ফলবিশেষাদি বিদিত হইয়া এই সমস্ত তীর্থেও স্নান, তর্পণ, শ্রাদ্ধ ও দেবদর্শনাদি কার্য্য করিবে। তৎপরে গয়া প্রদক্ষিণ করিয়া বিত্তানুসারে গদাধরকে অর্চ্চনা করত নিম্নলিখিত মন্ত্রে নমস্কার করিবে, যথা—

ওঁ গদাধরং কলিগতকল্মষাপহং,
গয়াগতং বিদিতগুণং গুণাশ্রিতম্।
গুহাগতং গিরিবরগেহগোপিতং,
সুরার্চ্চিতং বরদমহং নমামি তম্॥

তদনন্তর নিম্নলিখিত মন্ত্রে গদাধরকে সাক্ষী করিবে, যথা—

* এই হেমকূটপর্ব্বত এক্ষণে লোহদণ্ড নামে খ্যাত।

ওঁ আগতোঽস্মি গয়াং দেব পিতৃকার্য্যে গদাধর।
ত্বমেব সাক্ষী ভগবন্নণৃণোঽহমৃণত্রয়াৎ।
ইতি গয়াপদ্ধতি।

মাতৃগয়াপদ্ধতি।

মাতৃগয়ায় গমন পূর্ব্বক প্রথমে সৌভাগ্যকুণ্ডের পূর্ব্বোত্তর-দিকে বসিয়া নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুর্ঁমোঽস্ত্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক-গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা মাতৃণাং স্বর্গপ্রাপ্তয়ে আত্মনশ্চ মুক্তয়ে সৌভাগ্যকুণ্ডে স্নানমহং করিষ্যে।

সঙ্কল্পান্তে সৌভাগ্যকুণ্ডে স্নান ও তর্পণ করত মাতা, পিতামহী প্রপিতামহী, মাতামহী, প্রমাতামহী, বৃদ্ধ প্রমাতামহী এই ছয় জনের উদ্দেশে স্ব স্ব পার্ব্বণবিধানে দেবপক্ষরহিত পাত্রণবিধিক শ্রাদ্ধ করিবে। শ্রাদ্ধ করিতে অক্ষম হইলে সামান্য তীর্থপদ্ধতি লিখিত পিণ্ডদানক্রমানুসারে কেবলমাত্র পিণ্ডদান করিতে হইবে তদনন্তর স্ব স্ব পঞ্চগব্য-শোধন মন্ত্রে পঞ্চগব্য শোধন করিয়া তদ্দ্বারা স্থানশোধন ও ঐস্থানে কুশাস্তরণ পূর্ব্বক দক্ষিণাস্যে বামজানু পাতিয়া বসিয়া বিপরীত উত্তরীয় ধারণ ও আচমন করিবে। তৎপরে নিম্নলিখিত মন্ত্রে সপ্তগোত্রের মৃত স্ত্রীগণকে ও ধাত্রীগণকে একটু অক্ষয্য পিণ্ড প্রদান পূর্ব্বক দক্ষিণা ও অচ্ছিদ্রাবধারণাদি করিবে। পিণ্ডদানের মন্ত্র যথা—

ওঁ সপ্তগোত্রমৃতা যা মে ধাত্র্যো বা যা মৃতা মম।
তাসামুদ্ধরণার্থায় পিণ্ডমেতদ্দদাম্যহম্॥

যথাগোত্রনামধেয়া অস্মাকং সপ্তগোত্রা ধাত্র্যশ্চ ইদমক্ষয্যং পিণ্ডং যুষ্মভ্যং নমঃ।

তৎপরে পিণ্ডোপরি মাতৃচিন্তা করিয়া করপুটে নিম্নলিখিত মন্ত্রপাঠ করত জগন্মাতৃসমীপে গমন করিবে, যথা—

ওঁ আগচ্ছন্তু মহাভাগা মাতরো মে সদৈবতাঃ
কাঙ্ক্ষন্তো যাশ্চ পিণ্ডং মে পিণ্ডমাগত্য স্থিতাঃ ॥

অনন্তর নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিতে হয়, যথা—

বিষ্ণুর্নমোঽস্তু অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা মাতৃণাং নরকোদ্ধারপূর্ব্বকাক্ষয়স্বর্গপ্রাপ্তয়ে আত্মনশ্চ মুক্তয়ে জগন্মাতৃ-দর্শন-নমস্কার পূজনান্যহং করিষ্যে।

সঙ্কল্পান্তে জগন্মাতৃদর্শন, প্রণাম ও অর্চ্চনা করিয়া তথায় পূর্ব্ব-বৎ সঙ্কল্প করত পূর্ব্ববৎ পার্ব্বণবিধিক শ্রাদ্ধ করিবে। শ্রাদ্ধ করিতে অক্ষম হইলে কেবলমাত্র পিণ্ড প্রদান করিতে হয়। তৎপরে শোধিত পঞ্চগব্য দ্বারা স্থানশোধনাদি আচমন পর্য্যন্ত সমস্ত কর্ম্ম পূর্ব্ববৎ করিয়া কুশাস্তরণ পূর্ব্বক নিম্নলিখিত ষোলটি মন্ত্রদ্বারা মাতা, বিমাতা, ধাত্রী প্রত্যেককে ঐ আস্তৃত কুশের উপর এক একটী পিণ্ড প্রদান করিবে। এক একটী মন্ত্র পড়িয়া এক একটী পিণ্ড দিতে হয়। মন্ত্র যথা—

ওঁ দশমাসোদরে গর্ভো ধৃতো মাতা সুদুঃখিতা।
তস্য নিষ্কৃতিকার্য্যায় মাত্রে পিণ্ডং দদাম্যহম্। ১
ওঁ মহতা বেদনা দুঃখং জননে চাপি পুষ্কলম্।
তস্য নিষ্কৃতিকার্য্যায় মাত্রে পিণ্ডং দদাম্যহম্ ॥ ২
ওঁ সংপূর্ণে দশমে মাসি অত্যন্তং মাতৃপীড়নম্।
তস্য নিষ্কৃতিকার্য্যায় মাত্রে পিণ্ডং দদাম্যহম্ ॥ ৩
ওঁ শিথিলে গাত্রবন্ধে তু মাতুঃ স্যাৎ পাবিবেদনম্।
তস্য নিষ্কৃতিকার্য্যায় মাত্রে পিণ্ডং দদাম্যহম্ ॥ ৪
ওঁ গাত্রভঙ্গেন যন্মাতুর্মৃত্যুর্ভবতি নিশ্চিতম্।
তস্য নিষ্কৃতিকার্য্যায় মাত্রে পিণ্ডং দদাম্যহম্ ॥ ৫
ওঁ বহ্নিনা শোষয়েদ্দেহং ত্রিরাত্রোপোষণেন চ।
তস্য নিষ্কৃতিকার্য্যায় মাত্রে পিণ্ডং দদাম্যহম্ ॥ ৬
ওঁ মাঘে মাসি নিদাঘে চ শিশিরাতপদুঃখিতা।
তস্য নিষ্কৃতিকার্য্যায় মাত্রে পিণ্ডং দদাম্যহম্ ॥ ৭

ওঁ গর্ভে পিবেৎ কটুদ্রব্যাণি ক্বাথান বিবিধানি
তস্যা নিষ্কৃতিকার্য্যায় মাত্রে পিণ্ডং দদাম্যহম্। ৮
ওঁ অনেকধা তনা মাতুঃ প্রাণান্তঃ যস্যা ভবঃ
তস্যা নিষ্কৃতিকার্য্যায় মাত্রে পিণ্ডং দদাম্যহম্। ৯
ওঁ জাতস্য নিবনে দুঃখং পোষণাদৌ গদেত্যস্তঃ।
তস্যা নিষ্কৃতিকার্য্যায় মাত্রে পিণ্ডং দদাম্যহম্। ১০
ওঁ নাচোচ্চক্রমণে দুঃখং গর্ভে দ্রব্যচ্চ সংস্থিতে।
তস্যা নিষ্কৃতিকার্য্যায় মাত্রে পিণ্ডং দদাম্যহম্॥ ১১
ওঁ তথা স্রাত্যান্ত যদ্যহং শুষ্ককণ্ঠে চ ভানুনি।
তস্যা নিষ্কৃতিকার্য্যায় মাত্রে পিণ্ডং দদাম্যহম্। ১২
ওঁ পাদেন মূত্রপুরীষাভ্যাং জ্যাতুর্গা ব্রণাহনন
তস্যা নিষ্কৃতিকার্য্যায় মাত্রে পিণ্ডং দদাম্যহম্। ১৩
ওঁ দুর্ভিক্ষে তু ভক্ষ্যাণি ফলান্যাশ্রিতবে যং
তস্যা নিষ্কৃতিকার্য্যায় মাত্রে পিণ্ডং দদাম্যহম্॥ ১৪
ওঁ ক্রোড়স্থে ভোজনাদৌ যৎ দুঃখং মাতুশ্চ বাধিতে।
তস্যা নিষ্কৃতিকার্য্যায় মাত্রে পিণ্ডং দদাম্যহম্॥ ১৫
ওঁ এবং বহুবিধৈর্দুঃখৈর্যন্মাত দুঃখিতা সদা।
তস্যা নিষ্কৃতিকার্য্যায় মাত্রে পিণ্ডং দদাম্যহম্॥ ১৬

অনন্তর উত্তর দক্ষিণে তিনটী কুশপত্র পাতিয়া নিম্নলিখিত মন্ত্রে ঐ তিনটী কুশের উপর একটী অপর পিণ্ড প্রদান করিবে মন্ত্র যথা—

ওঁ পিতৃমাত্রাদিকে সপ্তকুলে যাশ্চ যথাযথম।
মৃতাস্তাসাঞ্চ স্বর্গায়াক্ষয়ং পিণ্ডং সমুৎসৃজে॥

তৎপরে পিণ্ডশেষবিকিরণ ও প্রত্যবনেজনদানাদি দক্ষিণান্ত সকল কর্ম্ম সম্পাদন পূর্ব্বক মাতার বিমলাক্ষয়স্বর্গ প্রাপ্তিকামনায় ব্রাহ্মণকে নানাবিধ দ্রব্যপূরিত একটী ডালা প্রদান করিবে এবং অপর একটী ডালা মাত্রাদির (মাতা প্রভৃতি যাহাদের পিণ্ড দেওয়া হইয়াছে) উদ্দেশে প্রদান করত ওঁ মাতৃগয়াকর্ম্মাচ্ছিদ্র

স্থ" থাকে, অস্থিপাবদ্বারণাদি করিয়া তাহা আপনে তাড়াল, পরিক্রমণ ও নমস্কার করিবে পরে স্ব স্বাঞ্জলি হইয়া নিম্নলিখিত মন্ত্রে ব্রাহ্মণ দেবগণকে সাক্ষী করিবে হব যথা –

ওঁ সাক্ষিণঃ সন্তু মে দেবা ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ।
ময়া গয়াং সমাগত্য মাতৄণাং নিষ্কৃতিঃ কৃতা॥
ইতি মাতৃগয়াপদ্ধতি।

কাশীপদ্ধতি।

কাশীকৃত্যে সমস্ত কার্য্যেই সামান্যতীর্থপদ্ধত্যুক্ত দেশকালকীর্ত্তনাদি বিশেষ নিয়মগুলি স্মরণ করিবে। প্রথমদিনে কাশীসমীপস্থ বরুণাতে উপস্থিত হইয়া অশেষ পাপক্ষয়কামনায় স্নান তর্পণ করত স্বপাপক্ষয়পূর্ব্বকসর্ব্বসিদ্ধিপ্রাপ্তিকামনায় অসি ও বরুণার মধ্যস্থ বারাণসীপুরীতে প্রবেশপূর্ব্বক অগ্রে উক্ত পুষ্করিণী ও মণিকর্ণিকাতে দশলক্ষ অশ্বমেধযজ্ঞ জন্য ফল-সমফলপ্রাপ্তি-কামনায় সচেল স্নান ও তদঙ্গ তর্পণ করিবে। পরে দ্বিজাতিবৃন্দকে তুষ্ট করিয়া নিম্নলিখিত রূপে মণিকর্ণিকার ধ্যান করিবে, যথা

ওঁ চতুর্ভুজা বিশালাক্ষী স্ফুরদভানুবিলোচনা।
পশ্চিমাভিমুখী নিত্যং প্রবদ্ধকরসংপুটা।
ইন্দীবরবরীমালাং দধতী দক্ষিণে করে।
বরোদ্যৎকরে সব্যে মাতুলুঙ্গফলং শুভম্।
কুমারীরূপিণী নিত্যং নিত্যং দ্বাদশবার্ষিকী।
শুদ্ধস্ফটিককান্তিশ্চ সুনীলস্নিগ্ধমূর্দ্ধজা।
জিতপ্রবালমাণিক্য-রমণীয়রদচ্ছদা।
প্রত্যগ্রকেতকীপুষ্পলসদ্ধম্মিল্লমণ্ডকা।
সর্ব্বাঙ্গমুক্তাভরণা চন্দ্রকান্ত্যংশুকাবৃতা।
পুণ্ডরীকময়ীং মালাং সন্ত্রীকাং বিভ্রতী হৃদি।

ধ্যাতব্যানেন রূপেণ মুমুক্ষুভিরহর্নিশম্।
নির্ব্বাণলক্ষ্মীভবনং শ্রীমতী মণিকর্ণিকা॥

ধ্যানান্তে 'ওঁ মণিকর্ণিকায়ৈ নমঃ” এই মন্ত্রে যথাশক্তি উপচারে মণিকর্ণিকার অর্চ্চনা করিবে। পরে অনেক জন্মসম্ভূত মহাপাতকনাশকামনায় যথাবিধানে উত্তরবাহিনী গঙ্গায় স্নান তর্পণ করত গঙ্গার অর্চ্চনা করিয়া আদিত্য, দ্রৌপদী, বিষ্ণু, দণ্ডপাণি, মহেশ্বর ইঁহাদিগকে নমস্কার করিবে। পরে ঢুণ্ডিরাজ বিনায়ক সমীপে যাইয়া সামান্যপূজাপদ্ধতি অনুসারে গণেশের পূজা করিতে হয়, ইহাতে আবাহনাদি নাই। অতঃপরে ঘৃত ও সিন্দূর দ্বারা বিনায়ককে লেপন করত পাঁচটী মোদক নিবেদন করিয়া [illegible]জ্ঞানলাভার্থ জ্ঞানবাপীর সলিল স্পর্শ করিবে। তদনন্তর নন্দিকেশ্বর ও মহাকালকে দর্শন এবং তদীয় অর্চ্চনা করিতে হয়। পরে পুনর্ব্বার দণ্ডপাণি সকাশে যাইয়া যথাশক্তি তাঁহার অর্চ্চনা করিবে। তদনন্তর পূর্ব্বদিক্‌সংস্থিত মিত্রাবরুণ নামক দুইটী শিবলিঙ্গ দর্শন ও পূজা করিয়া সর্ব্বসিদ্ধিলাভকামনায় বিশ্বেশ্বর দর্শনে গমন করিবে। তথায় সমুপস্থিত হইয়া প্রথমতঃ পাপবিমুক্তিপূর্ব্বকভববন্ধমোচনকামনায় বিশ্বেশ্বরকে দর্শন করিয়া বিশ্বেশ্বরপ্রীতিকামনায় সঙ্কল্প করিতে হয়। অতঃপরে 'ধ্যায়েন্নিত্যং মহেশং” ইত্যাদিরূপে ধ্যান ও 'ওঁ বিশ্বেশ্বরায় নমঃ” মন্ত্রে সামান্য পূজাপদ্ধতি অনুসারে পূজা করিবে। শিবমন্ত্রেও পূজা করিতে পারে, এ পূজায় আবাহনাদি নাই। পরে কৃতাঞ্জলি হইয়া নিম্নলিখিত কাশীখণ্ডোক্ত বিশ্বেশ্বরলিঙ্গাত্মক স্বরূপধ্যান করিবে, যথা—

ওঁ সর্ব্বেষামেব লিঙ্গানাং মৌলিত্বং কৃত্তিবাসসঃ।
ওঙ্কারেশঃ শিখা জ্ঞেয়া লোচনানি ত্রিলোচনঃ।
গোকর্ণভারভূতেশৌ তৎকর্ণৌ পরিকীর্ত্তিতৌ।
রামেশ্বরমণিকর্ণীশৌ [illegible] দক্ষিণোত্তরৌ।
ধর্ম্মেশ্বরকপর্দ্দীশৌ [illegible]।

জ্যোতিষ্মান্ বা নিত্যশ্চ নাভিবৈ মধ্যমেশ্বরঃ।
কপর্দ্দীশো মহাদেবঃ শিরোভূষা শতীশ্বরঃ।
চন্দ্রেশো হৃদয়ং তস্য আত্মা বীরেশ্বরঃ পরঃ
লিঙ্গং তস্য তু কেদারঃ শুক্রঃ শুক্রেশ্বরং বিদুঃ
অন্যানি যানি লিঙ্গানি পুরঃ কোটিশতানি চ।
জ্ঞেয়ানি নখলোমানি বপুষো ভূষণান্যপি।
দ্বারেশে দক্ষিণে তস্মো নিত্যনির্ব্বাণদো হি বৈ।
জ্ঞাত্বা নামত্রয়ং নত্বা পততাং মাতৃসঙ্কটে॥

পূজান্তে গতশূন্য দূর্ব্বা, শিবভক্তিলাভার্থ সহস্র বা শত বিল্ব পত্র, অশ্বমেধফললাভার্থ মল্লিকা (শোভিত সংবদ্ধ মল্লিকা) এবং অভীষ্টলাভকামনায় স্বর্ণ বিল্বপত্র প্রদান করিতে হয়। পূজাশেষে নৃত্যগীত ও নমস্কার করিবে। তৎপরে অন্নপূর্ণামন্দিরে গমন পূর্ব্বক অন্নপূর্ণাকে দর্শন ও নমস্কার করিয়া অন্নদুঃখনিবারণ কামনায় নিম্নলিখিতরূপে ধ্যান করিয়া 'হ্রীঁ অন্নপূর্ণায়ৈ নমঃ" মন্ত্রে যথাশক্তি পূজা করিবে। ধ্যান যথা—

ওঁ রক্তাং বিচিত্রবসনাং নবচন্দ্রচূড়া-
মন্নপ্রদাননিরতাং স্তনভারনম্রাম্।
নৃত্যন্তমিন্দুশকলাভরণং বিলোক্য
হৃষ্টাং ভজে ভগবতীং ভবদুঃখহন্ত্রীম।

তৎপরে কুমারীপূজা, দান ও শ্রাদ্ধাদি অবশিষ্ট ক্রিয়া সমাপনান্তে কাশীবাসার্থ নিম্নলিখিতরূপে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুঃ মোঽদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শিবপ্রীতিপূর্ব্বক-শিবলোকপ্রাপ্তিকামো বারাণস্যামিয়ৎ কালং বসতিমহং করিষ্যে।

এইরূপে বাসসঙ্কল্প করিয়া যথাশক্তি কাশীতে বাস করিবে। সেই দিন (প্রথম যে দিন কাশীতে যাওয়া যায়) উপবাসী থাকিবে। তৎপরদিবস প্রাতঃস্নানাদি নিত্যক্রিয়া সমাপনান্তে সৌত্রামণিযজ্ঞফললাভকামনায় ব্রাহ্মণগণের তৃপ্তিবিধান এবং

ফলসমফল প্রাপ্তিকামনায় উত্তরবাহে ও দক্ষিণায়নে কাশীপ্রদক্ষিণরূপ পঞ্চক্রোশী যাত্রা করিবে।

(কাশীতে মাসিক যাত্রাবিধি)

চৈত্রমাসে —আবর্ষ সুখভোগকামনায় কৃষ্ণা প্রতিপদ তিথিতে চতুঃষষ্টি যোগিনীযাত্রা, সপ্তজন্মকৃত পাপনাশকামনায় কৃষ্ণা চতুর্দ্দশীতে কেদারযাত্রা, নবজন্মকৃতপাপক্ষয়ার্থ শুক্লা প্রতিপদে নবদুর্গাযাত্রা, দুর্গাকুণ্ডে স্নান, শুক্লা দ্বিতীয়ায় চিত্রঘণ্টা যাত্রা, শুক্লা তৃতীয়ায় সৌভাগ্যকামনায় মঙ্গলাগৌরীযাত্রা, সকল-মনোরথসিদ্ধার্থ বিশ্ববাহুক ও আশাবিনায়কযাত্রা, আবর্ষ সুখকামনায় শুক্লা অষ্টমীতে অন্নপূর্ণাযাত্রা, পৃথিবী-প্রদক্ষিণকৃত ফললাভার্থ অন্নপূর্ণাপ্রদক্ষিণ, একবিংশতিকুলোদ্ধারণার্থ মধ্যমেশ্বরযাত্রা ও মন্দাকিনীযাত্রা, ধর্ম্মলাভার্থ শুক্লা নবমীতে রামতীর্থযাত্রা, শুক্লা ত্রয়োদশীতে সর্ব্বকামদায়িনী কামেশ্বরযাত্রা, পশুযোনিনিবারণ কামনায় শুক্লা চতুর্দ্দশীতে পশুপতীশ্বরযাত্রা, সর্ব্বধর্ম্মলাভার্থ পূর্ণিমাতে চন্দ্রকূপযাত্রা ও চন্দ্রেশ্বরযাত্রা, কাশীফলদাত্রী হংসতীর্থ যাত্রা, কৃত্তিবাসেশ্বরযাত্রা, করিবে।

বৈশাখে।—প্রমাদকৃতপাপনাশার্থ শুক্লা তৃতীয়ায় ত্রিলোচনেশ্বরযাত্রা দীর্ঘায়ু ও আরোগ্যলাভার্থ পরশুরামতীর্থযাত্রা, শুক্লা চতুর্দ্দশীতে সর্ব্বতীর্থফলদাত্রী মৎস্যোদরী তীর্থযাত্রা ও ভুক্তিমুক্তিপ্রদায়িনী প্রণবেশ্বরযাত্রা, সংসারদুঃখবারণকামনায় নৃসিংহযাত্রা এবং সুসন্তানলাভকামনায় পূর্ণিমাতে বাবতীর্থযাত্রা করিবে।

জ্যৈষ্ঠমাসে।—সর্ব্বযজ্ঞফললাভার্থ শুক্লা প্রতিপদ হইতে দশমী যাবৎ দশাশ্বমেধযাত্রা, পুনর্জন্মভয়নিবারণার্থ দ্বিতীয়াতে রুদ্রসরোবরযাত্রা, সর্ব্ববিঘ্ননাশার্থ চতুর্থী ও চতুর্দ্দশীতে জ্যেষ্ঠবিনায়কযাত্রা, সৌভাগ্যলাভার্থ অষ্টমীতে জ্যেষ্ঠাপীঠযাত্রা ও [illegible] গৌরীযাত্রা, দশজন্মকৃতপাপক্ষয়ার্থ দশমীতে দশাশ্বমেধতীর্থযাত্রা ও দশাশ্বমেধেশ্বরযাত্রা, সপ্তজন্মকৃত [illegible] যাত্রা ও মুক্তি-লাভার্থ [illegible] সপ্তজন্মকৃতপাপবিনাশার্থ চতুর্দ্দশীতে জ্যেষ্ঠেশ্বর-

যাত্রা, নগরপ্রদক্ষিণযাত্রা, কৃষ্ণপক্ষের ষষ্ঠী ও সপ্তমীতে আবসকৃত-পাপনাশার্থ লোলার্কযাত্রা, কলিভয়বিনাশার্থ অষ্টমীতে কাল-কূপযাত্রা ও কালভৈরবযাত্রা করিবে।

পৌষমাসে।—কাশীবাসফললাভার্থ রবিবারে উত্তরার্কযাত্রা নরনারায়ণযাত্রা নরনারায়ণতীর্থে স্নান ও বদরিকাশ্রমতীর্থ-যাত্রা করিবে।

মাঘমাসে।—আবর্ষসুখকামনায় ও কাশীবাসফললাভার্থ শুক্লা চতুর্থীতে ঢুণ্টিবিনায়কযাত্রা তাহাকে তিলমোদকনিবেদন ও স্বয়ং তাহা ভক্ষণ করিবে। সপ্তজন্মকৃতপাপক্ষয়ার্থ সপ্তমীতে কেশ-বাদিত্যযাত্রা মাঘমাসনিমিত্তক প্রয়াগস্নানজন্যফলপ্রাপ্ত্যর্থ প্রয়াগ-তীর্থযাত্রা, প্রয়াগমাধবযাত্রা ও প্রয়াগেশ্বরযাত্রা, সংবৎসুখলাভার্থ কৃষ্ণা চতুর্থীতে নবকুণ্ডযাত্রা ও মোদকদান এবং কাশীবাসফল-লাভার্থ চতুর্দ্দশীতে অবিমুক্তেশ্বরযাত্রা করিবে।

ফাল্গুনে।—কাশীবাসফললাভার্থ কৃষ্ণা দ্বাদশীতে কাশীদেবী-যাত্রা স্ত্রীরত্নাদিপ্রাপ্তিকামনায় চতুর্দ্দশীতে বত্নেশ্বরযাত্রা, সর্ব্বধর্ম্ম-লাভার্থ হংসতীর্থযাত্রা ও কৃত্তিবাসেশ্বর যাত্রা, সর্ব্বসিদ্ধিকামনায় প্রতিপদ্ হইতে চতুর্দ্দশী যাবৎ যথাক্রমে চতুর্দ্দশ মহালিঙ্গযাত্রা, ভুক্তিমুক্তিসিদ্ধ্যর্থ অমাবস্যাতে চন্দ্রকূপযাত্রা এবং সর্ব্বধর্ম্মপ্রাপ্তি-কামনায় পূর্ণিমাতে নৈমিষারণ্য-যাত্রা করিবে।

(কাশীতে যোগযাত্রাদি)

কৃষ্ণাষ্টমীতে বৃহস্পতিবার, পুষ্যানক্ষত্র ও ব্যতীপাতযোগ হইলে জ্ঞানবাপীযাত্রায় কোটিগয়াশ্রাদ্ধের ফল, চতুর্দ্দশীতে আর্দ্রা-নক্ষত্র হইলে রুদ্রাবাসযাত্রায় কোটিশিবপূজার ফল এবং ঐ বারে অষ্টমী হইলে ভৈরবীতীর্থে স্নান ও ভৈরবীপূজা করিলে কলি-কালভয় দূর হয়। অমাবস্যাযুক্ত সোমবারে কপিলাধারা-শ্রাদ্ধ গয়াশ্রাদ্ধফল এবং চন্দ্রকূপে শ্রাদ্ধ করিলে পিতৃঋণ, মাতৃঋণ ও দেবঋণ হইতে মুক্ত হওয়া যায়। সিংহরাশিতে বৃহস্পতি অবস্থানকালে ত্র্যম্বকেশ্বরযাত্রা ও গোদাবরীযাত্রা-

করিবে। এতদ্ব্যতীত প্রতি নবমীতে সেতুবন্ধরামেশ্বরযাত্রা, সর্ব্বরোগনাশার্থ রবিবারে লোলার্কযাত্রা ও অর্কবিনায়কযাত্রা, কাশীবাসফললাভার্থ সোমবারে করুণেশ্বরযাত্রা, চতুর্থীযুক্ত কুজবারে গৃহবিঘ্ন প্রভৃতি বিদূরণার্থ অঙ্গারকেশ্বরযাত্রা, বুধবারে ও বুধবারযুক্ত অষ্টমীতে সুবুদ্ধিলাভার্থ বুধেশ্বরযাত্রা, পুষ্যানক্ষত্রান্বিত গুরুবারে মহাপাপবিনাশার্থ বৃহস্পতীশ্বরযাত্রা, সুসন্তানলাভার্থ শুক্রবারে শুক্রেশ্বরযাত্রা, শনিদোষনিবারণার্থ শনিবারে শনৈশ্চরেশ্বরযাত্রা, কামকৃতপাপক্ষয়ার্থ শনির প্রদোষকালে কামেশ্বরযাত্রা, অনেকজন্মসঞ্চিতপাপবিনাশার্থ কাশীতে উত্তরদিগ্‌যাত্রা, সাযুজ্যমুক্তিকামনায় কাশীর দক্ষিণদিগ্‌যাত্রা, অন্যান্য-লিঙ্গদর্শনাদি, কাশীস্থ নিখিল কূপ বাপী হ্রদে স্নান-তর্পণ, প্রয়াগেশ্বরদর্শনাদি এবং তৎসমাপনে প্রয়াগমুণ্ডনজফললাভার্থ মুণ্ডনাদিকার্য্য যথাশক্তি করিবে।

ইতি কাশীপদ্ধতি।

প্রয়াগ-পদ্ধতি।

(প্রথমাদনকৃত্য)

পূর্ব্বাদিন পূর্ব্বাদিনোক্ত গোতমাশ্রমের পূর্ব্বে অবস্থানপূর্ব্বক প্রয়াগগমনদিনে প্রভাতে স্নানাদিনিত্যক্রিয়াসমাপনান্তে নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুর্ন্মোঽদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা প্রয়াগমণ্ডলভূম্যধিকরণকমৎকর্ত্তব্যপদচারসমসংখ্যাশ্বমেধজন্য ফল-সমফল-প্রাপ্তিকামঃ প্রয়াগপ্রবেশপূর্ব্বক তন্মণ্ডলিকবেণীকগমনমহং করিষ্যে।

সঙ্কল্পান্তে প্রয়াগে প্রবেশ করত পাবন হইয়া বেণীতে উপস্থিত হইবে। তথায় সামান্য তীর্থবিধানোক্ত কর্ম্ম যথাবিধি

সম্পাদন করিতে হয়। তথায় নিম্নলিখিতরূপে সঙ্কল্প করিয়া স্নান করিবে, যথা

বিষ্ণুর্ন্মোহস্থ অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা বিষ্ণুপুরগমনকামো গঙ্গাযমুনাসঙ্গমে স্নান মহং করিষ্যে।

এই প্রকারে সঙ্কল্প করিয়া বেণীজলে স্নান করিতে হয়। মাঘমাস হইলে নিম্নলিখিতরূপে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুর্ন্মোহস্থ অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা কুরুক্ষেত্রাধিকরণক সূর্য্যগ্রহণকালীন ব্রাহ্মণসম্প্রদানকসুবর্ণভারসহস্রদানজন্য ফলসমফলপ্রাপ্তিকামঃ গঙ্গা যমুনাসঙ্গমে স্নানমহং করিষ্যে।

শুক্ল ও কৃষ্ণপক্ষে পশ্চিমবাহিনী গঙ্গায় নিম্নলিখিতরূপে সঙ্কল্প করিতে হয়, যথা—

বিষ্ণুর্ন্মোহস্থ অমুকে মাসি অমুকেপক্ষে অমুকতিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা পুনরাবৃত্তিনিবৃত্তিকামো মাঘসিতাসিতে স্নানমহং করিষ্যে।

এই প্রকার ত্রিবিধবিমুক্তি ও মোক্ষপ্রাপ্তিকামনায় গঙ্গাযমুনার মধ্যে স্নান করিবে। অনন্তর সামান্য তীর্থপদ্ধতিলিখিত অবশিষ্ট কর্ম্ম ও বেণীমাধবাদিতীর্থদেবতার পূজা করিয়া নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা

বিষ্ণুর্ন্মোহস্থ অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক-গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা গঙ্গাপতিতৈতৎ যাবচ্ছেদনীয়-লোমসংখ্যা বর্ষসহস্রাবচ্ছিন্ন স্বর্গলোকমহিতত্বকামো গঙ্গায়াং বাপনমহং করিষ্যে।

এইরূপ সংকল্পান্তে গঙ্গাতীরে বসিয়া, (যাহাতে ছিন্ন কেশগুলি আপনা হইতে গঙ্গায় পতিত হয়, সেইরূপে উপবিষ্ট হইয়া) মস্তকমুণ্ডন করিবে। প্রয়াগে স্ত্রীলোকেরাও মস্তক মুণ্ডন করিবে। সক্ষম হইলে নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিয়া গঙ্গাযমুনাসঙ্গমে সবৎসা ধেনু দান করিতে হয়। সঙ্কল্পবাক্য যথা—

বিষ্ণুর্নোমস্তু অমুকে মাসি অমুকে পক্ষে অমুক তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা তদূর্দ্ধোবংশোদ্ভব রোমসম-সংখ্যবর্ষসহস্রাবচ্ছিন্নস্বর্গলোকমহিতত্ব নরকাদর্শনপূর্ব্বকাক্ষয় সকল বর্ষ-বহু দার পুত্র-ভৃত্যবর্গ-বহুবিধঘোর মহাপাতক-সংক্রম পবিত্রাণ কাম ইমাং সাচ্ছাদনালঙ্কৃতাং সবৎসাং গাং রুদ্রদেবতাকাং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং সংপ্রদদে।

এই ক্ষেত্রে স্বর্গপ্রাপ্তি বা ব্রহ্মলোক প্রাপ্তিকামনায় প্রথমদিন তীর্থোপবাস করিবে। ইহা ভিন্ন সমস্ত কার্য্যই সামান্য তীর্থ পদ্ধতির ন্যায়।

দ্বিতীয়দিনকৃত্য।

প্রাতঃস্নানাদি নিত্যক্রিয়াসমাপন করে কম্বলাশ্বতর পূর্ব্বে যমুনার উত্তরকূলে ঋণমোচনতীর্থে গমন পূর্ব্বক সকলঋণবিমুক্তি, স্বর্গলোকপ্রাপ্তি ও অমৃতত্বকামনায় সংকল্প করত স্নানতর্পণ করিবে। পরে দশ পূর্ব্ব ও দশ পরবর্ত্তী পুরুষের উদ্ধারকামনায় যমুনার উত্তরকূলে কম্বলাশ্বতরসমীপে যমুনাতটরূপ মহাদেবস্থানে গমন পূর্ব্বক তথায় সর্ব্বপাপমোচনকামনায় মহাদেবসমীপে যমুনাতে স্নানতর্পণ করিবে। তৎপরে যমুনার জলপান করণান্তে কম্বলাশ্বতর, মহাদেব ও যমুনার প্রণামপূজাদি করিতে হয়। তদনন্তর অন্যান্যদিবসে চতুর্ব্বেদাধ্যয়ন, সত্যবাদিতা ও অহিংসা জন্যফলসমফল প্রাপ্তিকামনায় বাসুকিসমীপে দশাশ্বমেধিকস্থানে গমন পূর্ব্বক তথায় অশ্বমেধযজ্ঞজন্যফলপ্রাপ্তি, ধনাঢ্যত্ব, রূপবত্ত্ব, দক্ষত্ব, দাতৃত্ব ও ধার্ম্মিকত্বলাভকামনায় স্নানতর্পণ করিবে। ভোগবতীতীর্থে অশ্বমেধ-ফলকামনায় স্নানতর্পণ করিয়া ব্রহ্মচর্য্যরত ও জিতক্রোধ হইয়া গঙ্গার পূর্ব্বকূলে প্রতিষ্ঠাননগরস্থ সামুদ্রকূপে গমন করত সেই স্থানে সর্ব্বপাপক্ষয়পূর্ব্বক-অশ্বমেধফল প্রাপ্ত্যর্থ ত্রিরাত্র অবস্থান করিবে। তদনন্তর ঐ স্থানের উত্তরে গঙ্গার পূর্ব্বে হংসপ্রপতন নামক কূপে অশ্বমেধযজ্ঞজন্যফলসমফল-প্রাপ্তি ও চন্দ্রসূর্য্যাস্থিতি যাবৎ স্বর্গলাভকামনায় স্নানতর্পণ করিতে

হয়। পরে অক্ষয়বটসমীপে যাইয়া নিম্নলিখিত মন্ত্রে তৎসকাশে প্রার্থনা করিবে, যথা—

ওঁ সংসারবৃক্ষশস্ত্রায় সর্ব্বপাপক্ষয়ায় চ।
অক্ষয়ায় ব্রহ্মদাত্রে নমোঽক্ষয়বটায় তে॥
ওঁ নমোঽব্যক্তরূপায় মহাপ্রলয়প্রাণ তে।
মহদ্রসোপবিষ্টায় ন্যগ্রোধায় নমো নমঃ॥
ওঁ অমরস্ত্বং মহাকল্পে হরেশ্চায়তনং বট॥
ন্যগ্রোধ হর মে পাপং কল্পবৃক্ষ নমোঽস্তু তে

এইরূপ প্রার্থনান্তে প্রদক্ষিণ ও পূজা করিয়া অক্ষয়বটকে প্রণাম করিবে। এইরূপ সপ্তকুলপবিত্রীকরণকামনায় প্রয়াগ মণ্ডলাবচ্ছিন্ন যমুনায় স্নান ও তজ্জল পান করিতে হয়। এই যমুনাতে একমাস ব্যাপিয়া স্নান করিলে সঙ্কল্পে সর্ব্বপাপ-বিমুক্তি পরমপদ-কামনা এবং মাঘমাস ব্যাপিয়া স্নান করিলে তত্তল্লোকাধিকরণকচক্রিলীলত্ব কামনা করিবে; মাঘমাসে কেবল প্রয়াগাবচ্ছিন্নস্বর্গ ভূম্যন্তরীক্ষাধিকরণক-কোটি তীর্থ স্নান জন্য ফল সমফল প্রাপ্তি, সৌরমাঘে গঙ্গাযমুনাসঙ্গমে প্রাতঃস্নান করিলে গজপতিমহারাজত্বপ্রাপ্তি, দিনত্রয়স্নানে সম্যক্-দত্ত গোলক্ষ-দানের ফল এবং পূর্ণিমার সন্নিহিত দিনদ্বয়ে স্নান করিলে সতীর্থ-কৃত বহুসম্ভার সহ ষোড়শ অশ্বমেধফল পর্ব্বতোপম ধান্যরাশি-দানফল দেবতাভক্তিজনিত ফল প্রাপ্ত হওয়া যায়। মাঘমাসের শুক্লা সপ্তমী তিথিতে স্নান করিলে সহস্রসূর্য্যগ্রহণকালীনস্নান-জন্যফল-সমফলপ্রাপ্তি হয়।

এই প্রকারে সমস্ত প্রয়াগকৃত্য সম্পাদন করিয়া কোন মাসের কোন একটী দিনে প্রয়াগনগরস্থ ব্রহ্মযূপসন্নিহিত বিশুদ্ধ স্থানে ও কারিতগঙ্গায় মস্তক মুণ্ডন করিবে। গয়াপিণ্ডদানজন্য, কাশী মরণ জন্য ও কুরুক্ষেত্রে দানজন্যফল-সমফলকামনায় সঙ্কল্প করিয়া এই মুণ্ডন করিতে হয়। কেহ কেহ মুণ্ডনটী আচরণ করেন না।

ইতি প্রয়াগপদ্ধতি।

সামান্যতীর্থপদ্ধতি

যানারোহণ এবং ছত্র বা পাদুকা ব্যবহার পূর্ব্বক তীর্থে গমন করিলে তীর্থপ্রাপ্তিদিনে যত দূর হইতে পদব্রজে যাইতে সমর্থ হয়, তত দূর হইতে যান, ছত্র ও পাদুকা পরিত্যাগ করত তীর্থে গমন করিবে। তীর্থ দৃষ্টিগোচর হইবামাত্র যাহাতে গাত্রে ধূলি সংলগ্ন হয় সেইরূপে ভূমিতে পতিত হইয়া তীর্থকে নমস্কার পূর্ব্বক নিম্ন-লিখিত বাক্যে সঙ্কল্প করত তীর্থে প্রবেশ করিবে, যথা—

বিষ্ণুর্ম্মোহদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক-গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা যথোক্তফলপ্রাপ্তিকামো অমুকতীর্থে প্রবেশমহং করিষ্যে।

তীর্থে উপস্থিত হইয়া উক্ত তজলে পাদপ্রক্ষালন পূর্ব্বক নিত্য-ক্রিয়া সমাপন করিবে। পরে দেশ (তত্তৎস্থান) ও কাল (মাস পক্ষতিথ্যাদি) উল্লেখ পূর্ব্বক সঙ্কল্প করিয়া স্ব স্ব বিধানে সমুদয় কর্ম্ম সম্পাদন করিবে প্রথমে বাহ্নবার্থ স্নান, তৎপরে যথাক্রমে বৈদিক স্নান, তান্ত্রিক স্নান, তর্পণনিয়মানুসারে স্ব স্ব তর্পণবিধানে তর্পণ, তদনন্তর দান ও বটোৎসর্গ করিয়া স্বস্বতীর্থপদ্ধত্যুক্ত তীর্থ দেবতাগণকে দর্শন, নমস্কার ও স্পর্শ করিবে। পরে সামান্যপূজা পদ্ধতি অনুসারে পূজা করিতে হয়, ইহাতে ঘটস্থাপন, আবাহন, প্রাণপ্রতিষ্ঠা ও বিসর্জ্জন নাই। তদনন্তর কুমারীপূজা করিয়া তাহাকে ভোজন করাইবে। তৎপরে অবিহিত কাল পরিত্যাগ করত বিহিত কালে মুখ্যচান্দ্রমাস উল্লেখ পূর্ব্বক স্বস্বপার্ব্বণবিধিক শ্রাদ্ধ করিবে। অনন্তর ষোড়শ পিণ্ডদান করিতে হয়। শ্রাদ্ধে অনুজ্ঞাবাক্যে পিতা-পিতামহাদির উল্লেখ করিয়া 'অমুকতীর্থ প্রাপ্তিনিমিত্তক-পার্ব্বণবিধিকশ্রাদ্ধং" এইটী উল্লেখ করিবে। শ্রাদ্ধ করিতে অক্ষম হইলে কেবলমাত্র পিণ্ডদান করিতে পারে। তাহাতে প্রথমতঃ স্বস্বপঞ্চগব্যশোধন-মন্ত্র দ্বারা পঞ্চগব্য শোধন করিয়া তদ্বারা স্থানশোধন করিবে। পরে দক্ষিণাস্য, পাতিত-

াগজান্ন ও প্রাচীনাবীতী হইয়া আচমন করত প্রাণায়াম, কুরু-ক্ষেত্রপাঠ, পুণ্ডরীকাক্ষকে স্মরণ ও পূজা করিবে। তদনন্তর কুশো-দক দ্বারা শ্রাদ্ধীয় যাবতীয় দ্রব্য অভ্যুক্ষণ পূর্ব্বক নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিতে হয়, সঙ্কল্পবাক্য যথা—

বিষ্ণুর্নমোঽস্থ অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক-গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকগোত্রস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ অমুক-গোত্রস্য পিতামহস্যামুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য প্রপিতামহস্যামুক-দেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য মাতামহস্যামুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য প্রমাতামহস্যামুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য বৃদ্ধপ্রমাতামহস্যামুক-দেবশর্ম্মণঃ অমুকতীর্থপ্রাপ্তিনিমিত্তকপিণ্ডদান-মহং করিষ্যে।

এইরূপে সঙ্কল্প করিয়া পিতামহাদির অর্চ্চনা করত স্ব স্ব পার্ব্বণস্থপিণ্ডদানবিধানে ছয় পুরুষের উদ্দেশে পিণ্ডদান করিবে; ইহাতে "যে চাত্র" ইত্যাদি মন্ত্রপাঠ ত্যাগ করিতে হয়, স্বধা মাত্র উল্লেখ করিয়া পিণ্ড দিবে। তৎপরে পূর্ব্বরূপ বাক্যরচনা পূর্ব্বক দক্ষিণা প্রদান করিয়া 'পিতা স্বর্গঃ পিতা ধর্ম্মঃ" ইত্যাদি মন্ত্র দ্বারা পিতৃগণকে প্রণাম করিবে। পরে অচ্ছিদ্রাবধারণাদি করিয়া ষোড়শ পিণ্ডদান করিতে হয়। তীর্থে তিলমধুসমন্বিত ছাতু, তণ্ডুল, গোধূম, তিলকল্ক (খৈল) বা গুড় দ্বারা পিণ্ড প্রস্তুত করিতে পারে। শ্রাদ্ধ বা পিণ্ডদান তীর্থের পূর্ব্বদক্ষিণ কোণে এবং চতুর্থ, পঞ্চম বা ষষ্ঠ মুহূর্ত্তে করাই প্রশস্ত। শ্রাদ্ধকরণান্তে পিণ্ড তীর্থেই নিক্ষেপ করিবে। স্ত্রীলোকেরা ও জীবৎপিতৃকেরা শ্রাদ্ধ করিবে না। শ্রাদ্ধকরণান্তে ব্রাহ্মণ, দণ্ডী, সাধু ও সধবাদিগকে ভোজন করাইয়া বস্ত্রাদিদান করিবে। দণ্ডীকে ভোজন করাইবার পূর্ব্বে তাঁহার দক্ষিণ হস্তে নিম্নলিখিত মন্ত্রে জলগণ্ডূষ দিবে, মন্ত্র যথা—

ওঁ ব্রহ্মার্পণং ব্রহ্ম হবির্ব্রহ্মাগ্নৌ ব্রহ্মণা হুতম্। ব্রহ্মৈব তেন গন্তব্যং ব্রহ্মকর্ম্মসমাধিনা।

গয়া, গঙ্গা, বিরজা ও বিশালা এবং কয়েকটী ব্যতীত অন্যান্য

তীর্থে তীর্থপ্রাপ্তিদিনে মুণ্ডন ও উপবাস করিতে হয়। তীর্থবিশেষে সেই সেই তীর্থপদ্ধতি অনুসারে বিশেষ থাকিলে তাহাও করিবে। সক্ষম হইলে তীর্থস্থলে ঘটোৎসর্গ, কুমারীপূজা কুমারীভোজন, সাধুভোজন, দণ্ডীভোজন, সধবাভোজন দণ্ডীকে ছত্র-কমণ্ডলু-বস্ত্রআসনদান এবং সধবা ও কুমারীকে বসনভূষণ প্রদান করিবে। যদি অবিহিতকালে তীর্থপ্রাপ্তি হয়, তাহা হইলে তৎপরদিনে সমস্ত কার্য্য করিবে গঙ্গাতে পর্য্যদস্তকালেও স্নান-তর্পণ করিতে পারে। এক তীর্থের মধ্যে অনেকগুলি তীর্থ থাকিলে যে স্থলে যেরূপ বিধি পাইবে, তদ্রূপ কার্য্য করিবে, সর্ব্বত্রই যে সামান্য তীর্থপদ্ধতি অনুসারে করিবে, এরূপ নহে। যে পর্য্যন্ত তীর্থ-কার্য্য সমাপ্ত না হয়, তাবৎ তীর্থে অবস্থিতি করিবে, তিন দিন বসতি করিলেই তীর্থবাসের ফল পাওয়া যায়। কামনা পূর্ব্বক তীর্থক্রিয়া করিলে যথোক্ত ফললাভ হয়, কিন্তু নিষ্কামকর্ম্মে মুক্তি-লাভ হইয়া থাকে। তীর্থকার্য্য সম্পাদন পূর্ব্বক স্বগৃহে ফিরিয়া আসিয়া যথাবিধি তীর্থপ্রত্যাগমন-কর্ত্তব্যাদি করিবে।

তীর্থপ্রত্যাগমনকৃত্য।

তীর্থ হইতে স্বীয় গ্রামের নিকট গ্রামান্তরে আসিয়া নিত্য-ক্রিয়াসমাপনান্তে সৌরমাস ও রবিরাশিস্থিতি উল্লেখ করত যথা বিহিত দেবপূজা ও শ্রাদ্ধ করিবে। শ্রাদ্ধের অনুজ্ঞাতে পিতা পিতা মহাদির উল্লেখান্তে "তীর্থপ্রত্যাগমনান্তর স্বগৃহপ্রবেশ নিমিত্তকং" এইরূপ উল্লেখ করিয়া যথোক্ত শ্রাদ্ধের উল্লেখ করিবে। শ্রাদ্ধান্তে ব্রাহ্মণভোজন করাইয়া শ্রাদ্ধশেষদ্রব্য সঙ্গে লইয়া স্বগ্রামে বা বসতিস্থানে গমন করিবে। তৎপরে স্বীয় বাসভবন প্রদক্ষিণ পূর্ব্বক গৃহে প্রবেশ করিয়া কার্পটীবেশ ত্যাগ করিবে। পরে জ্ঞাতিগণসহ শ্রাদ্ধশেষাদি ভোজন করিতে হয়। বহু তীর্থ হইতে ফিরিয়া আসিলেও প্রত্যাগমনের কর্ত্তব্যকর্ম্ম একবারই করিবে।

ইতি তীর্থকৃত্য সম্পূর্ণ।

প্রকীর্ণ অংশ

আরত্রিকবিধি।

কোশার বামে ত্রিকোণ মণ্ডল অঙ্কিত করত তদুপরি দীপ রাখিয়া বারত্রয় "আরত্রিকদীপায় নমঃ" বলিয়া অর্চ্চনা করিবে। পরে "অমুকদেবায় নমঃ" বলিয়া দশবার জপ করত আসনের প্রান্তে দক্ষপদ ও বামপার্শ্বস্থ ভূতলে বামচরণ রাখিয়া দণ্ডায়মান হইয়া যজ্ঞসূত্র ধারণ সহ উত্তরীয় ধারণ পূর্ব্বক ঘণ্টা বাজাইতে বাজাইতে আরত্রিক করিতে হয়। প্রথমতঃ দীপমালা দ্বারা দেবতারপদ-সমীপে চারিবার, নাভিদেশে দুইবার, মুখমণ্ডলে তিনবার ও সর্ব্বাঙ্গে সাতবার আরাত্রিক করিবে। তদনন্তর জলপূর্ণ শঙ্খদ্বারা নয়বার আরত্রিক করিতে হয় এবং প্রতি তিনবারের পর মাটীতে একটু জল ফেলিবে। অনন্তর বসন দ্বারা, বিল্বপত্র পুষ্প এবং চামরাদি দ্বারা প্রত্যেকে তিন তিনবার আরত্রিক করত সাষ্টাঙ্গে প্রণাম করিবে।

অচ্ছিদ্রাবধারণ।

করপুটে কহিবে যে, "বিষ্ণুরোম তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষেঽমুকতিথৌ কৃতৈতৎকর্ম্মাচ্ছিদ্রমস্তু।"

বৈগুণ্যসাধন।

হাতে জল লইয়া বিষ্ণুরোম্ ইত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুক-দেবশর্ম্মা কৃতেঽস্মিন্ অমুকর্ম্মণি যদ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় শ্রীবিষ্ণুস্মরণমহং করিষ্যে।

শান্তিদান-মন্ত্র।

ওঁ মহাবামদেব্যঋষির্ব্বিরাড়্ গায়ত্রীচ্ছন্দ ইন্দ্রো দেবতা শান্তি-কর্ম্মণি বিনিয়োগঃ॥ ওঁ কয়ানশ্চিত্র আভূব দূতীঃ সদাবৃধঃ সখা-কয়া শচীষ্ঠয়া বৃতা, ওঁ কস্ত্বাসত্যো মদানাং মংহিষ্ঠো মৎসদন্ধসঃ

দৃঢ়া চিদারুজে-বসু। ওঁ অভীষুণঃ সখীনামবিতা জরীতৃণাং শতং ভবাঃ স্যুতয়ে. ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ স্বস্তি নস্তার্ক্ষ্যোহরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দধাতু ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি।

ক্ষৌরকর্ম্ম।

জন্মমাসে সৌরকর্ম্ম সম্পাদন করিলে রোগ ও ধনপুত্র নাশ পায়। নাপিতের গৃহে গিয়া ক্ষৌরকর্ম্ম সম্পাদন করিলে শ্রীহীন হইতে হয়। রবিবারে ক্ষৌর নির্ব্বাহ করিলে দুঃখ, সোমবারে সুখ, মঙ্গলে মৃত্যু, বুধে ধনলাভ, বৃহস্পতিতে মানহানি, শুক্রবারে শুক্রক্ষয় এবং শনিবারে সর্ব্বপ্রকার দোষের কারণ হয়। প্রথমে শ্মশ্রুকেশাদি কর্ত্তন করিয়া পরে নখ কর্ত্তন করিবে। রোহিণী, বিশাখা, উত্তরভাদ্রপদ, উত্তরফাল্গুনী, উত্তরাষাঢ়া, মঘা ও কৃত্তিকা এই সকল নক্ষত্রে ক্ষৌরবর্জ্জন করিবে। মৈথুনান্তে ক্ষৌর নিষিদ্ধ। ক্ষৌরকার্য্যকালে কেশব, দিতি ও অদিতি এই কয়জনের এবং পাটলীপুত্র, মহীচ্ছত্রা ও আনর্ত্তপুর এই তিন নগর স্মরণ করিলে মঙ্গললাভ হইয়া থাকে। দেবকার্য্যে, পিতৃ শ্রাদ্ধে জন্মমাসে, জন্মনক্ষত্রে ও রবির অংশক্ষয়ে ক্ষৌরকর্ম্ম বর্জ্জনীয়। পূর্ব্বাস্য বা উত্তরাস্য হইয়া ক্ষৌরকর্ম্ম করণীয়। স্নানান্তে সন্ধ্যাকালে ও রাত্রিতে ক্ষৌর করিবে না।

গৃহশুদ্ধি ও দ্রব্যশুদ্ধি।

বিপ্র ক্ষত্র অথবা বৈশ্যের গৃহে কুক্কুর প্রভৃতির মৃত্যু হইলে দশদিনান্তে সেই গৃহ শুদ্ধ হয়। শূদ্র মরিলে এক মাসের পর বিপ্রাদি বর্ণত্রয়ের গৃহ শুদ্ধ হয় আর পতিত ব্যক্তি মরিলে দুই মাসান্তে শুদ্ধ হইবে। বিপ্রাদি বর্ণত্রয়ের গৃহে ম্লেচ্ছ ব্যক্তি মরিলে চারিমাসান্তে গৃহ শুদ্ধ হয় এবং চণ্ডালাদি মরিলে সে গৃহ আর শুদ্ধ হয় না। ব্রাহ্মণের গৃহে ব্রাহ্মণ মরিলে তিন দিন, ক্ষত্রের গৃহে ক্ষত্র মরিলে পাঁচ দিন, বৈশ্যের গৃহে বৈশ্য মরিলে আট দিন এবং শূদ্রের গৃহে শূদ্র মরিলে একপক্ষ পরে গৃহ শুদ্ধ হয়। গৃহমধ্যে

কেহ মরিলে সেই গৃহাভ্যন্তরস্থ মৃত্তিকাপাত্র ও পক্ক অন্নাদি ফেলিয়া দিবে। পরে গোময় দ্বারা গৃহলেপন করত ছাগ দ্বারা আঘ্রাণ করাইবে অনন্তর বিপ্র স্বর্ণ ও কুশসমন্বিত জল দ্বারা সেই গৃহ অভিষিক্ত করিবেন।

স্বর্ণ, রৌপ্য, শঙ্খ, প্রস্তর, শুক্তি, রত্নময় পাত্র আর অনুচ্ছিষ্ট কাংস্য, তাম্র, পিত্তল, লৌহ, রঙ্গ ও সীসাময় বস্তু জল দ্বারা ধৌত হইলেই শুদ্ধিলাভ হয়।

উল্লিখিত ধাতুপাত্র বা পাষাণপাত্র শূদ্র কর্ত্তৃক উচ্ছিষ্ট হইলে তিনবার ক্ষার অম্ল ও জল দ্বারা ধৌত করিয়া লইবে। ঐ সকল পাত্র সূতিকা, রজস্বলা, শব, মল ও মূত্র দ্বারা স্পৃষ্ট হইলে যাবৎ তাপ সহ্য হয়, তাবৎকাল অগ্নিমধ্যে শুদ্ধ করিবে।

যে জীবের মাংস অখাদ্য, যদি তাদৃশ কোন জীবের মৃতদেহ বাপী, কূপ ও তড়াগাদি জলাশয়ে পড়ে, তাহা হইলে সেই জল অশুদ্ধ হয়। উহা শুদ্ধ করিতে হইলে কূপ হইতে ত্রিশ কলসী, তড়াগ বা পুষ্করিণী হইতে ষষ্টি কুম্ভ এবং সরোবর হইতে একশত কুম্ভ জল তুলিয়া মন্ত্রপূত পঞ্চগব্য দিলেই শুদ্ধ হইয়া থাকে।

কাঁচা মাংস, ঘৃত মধু, তৈল আর ফল এই সমস্ত দ্রব্য ম্লেচ্ছ-পাত্রে রাখিলে অশুদ্ধ হয়, কিন্তু পাত্রান্তর করিলেই শুদ্ধ হইবে।

জল দ্বারা স্বর্ণ ও রজত, ভস্ম দ্বারা কাংস্য, অম্ল দ্বারা পিত্তল ও তাম্র এবং অগ্নিযোগে মৃণ্ময় পাত্র শুদ্ধ হয়।

যে ব্যক্তি ভগ্ন কাংস্যপাত্রে আহার করে, সে অশুদ্ধ হয়। যদি সে ব্যক্তি নদীতে স্নান পূর্ব্বক এক সহস্র অষ্টাধিক গায়ত্রী জপ করত একাহারী হইয়া থাকে তবে শুদ্ধ হইবে।

কোন কোন মতে এইরূপ নির্দ্দিষ্ট আছে যে, তাম্র, স্বর্ণ, রৌপ্য প্রস্তর ও স্ফটিক এই সকল ভগ্ন বা অভগ্ন হউক, সর্ব্বদাই শুদ্ধ।

বিবাহের সম্বন্ধ বিবেচনা।

বরের সহিত কন্যার কোনরূপ দৈহিক সম্বন্ধ আছে কি না,

তাহা পরিজ্ঞাত হইতে হইলে বরের পক্ষ হইতে দেখাই কর্ত্তব্য। বরের পিতা এবং পিতার মামাতো ভাই, মাসীতো ভাই ও পিসীতো ভাই এই চতুষ্টয় ব্যক্তি পিতৃপক্ষে, অর্থাৎ পিতৃসম্বন্ধেই ইহাদিগের সহিত সম্বন্ধ আর বরের মাতামহ এবং মাতার মামাতো ভাই ও পিসীতো ভাই এই চতুষ্টয় ব্যক্তি মাতৃপক্ষে অর্থাৎ মাতৃসম্বন্ধেই ইহাদিগের সহিত সম্বন্ধ। ইহাদিগকেই গণনার প্রতিযোগী বলা যায় অর্থাৎ ইহাদিগকে লইয়া উর্দ্ধ বা অধঃ পিতৃপক্ষে সাত পুরুষ এবং মাতৃপক্ষে পাঁচ পুরুষ গণনা করিতে হয়। প্রথমতঃ দেখা কর্ত্তব্য যে, পূর্ব্বকথিত প্রতিযোগী অষ্টব্যক্তির মধ্যে কাহারও সঙ্গে বীজসংস্রবাধীন কন্যার কোন সম্বন্ধ আছে কি না? থাকিলে কোন্ প্রতিযোগীর সঙ্গে আছে, তাহা প্রথমে বিবেচনা করিয়া সেই প্রতিযোগী ধরিয়া গণনা করিতে হয়।

সমানপ্রবরা ও সগোত্রা * কন্যা বিবাহ নিষিদ্ধ। শূদ্রেরা আপনা হইতে উর্দ্ধতন চতুর্দ্দশ পুরুষের মধ্যবর্ত্তিনী কন্যা ভিন্ন সগোত্রা কন্যাও বিবাহ করিতে পারে।

* বৈজিক সম্বন্ধ দূরবর্ত্তী হইলেই সেই বংশোৎপন্ন কন্যাকে বিবাহ করিতে হয়। ইহার কারণ এই যে, এইরূপ করিলে দম্পতীর স্বাস্থ্যোন্নতি হয় এবং দীর্ঘজীবী বুদ্ধিমান্ সন্তান জন্মে। তাহার সহিত বংশের নিকট সম্বন্ধ থাকিলে দম্পতীর দেহান্তর্গত শোণিতের বিকৃতি দ্বারা উৎপাদিকাশক্তি ক্ষয় হওয়াতে নানারূপ অনিষ্ট ঘটিয়া থাকে।

* বংশপরম্পরাপ্রসিদ্ধ ব্রাহ্মণরূপ আদিপুরুষেরই নাম গোত্র। যেমন ভরদ্বাজ যে বংশের আদিপুরুষ, তাহারা ভরদ্বাজ গোত্র। শূদ্রপক্ষে যে বিপ্র আদি পুরোহিত ছিলেন তাঁহার গোত্রানুসারেই শূদ্রের গোত্র হইয়াছে। এইরূপ অনুমান হয় যে, প্রথমতঃ বৈজিক সম্বন্ধ না থাকা প্রযুক্ত শূদ্রের সগোত্রা বিবাহ একেবারে নিষেধ করেন নাই। বহুসংখ্য অধম শূদ্রজাতির মধ্যে সগোত্রা বিবাহের প্রথা আছে। গোত্রপ্রবর্ত্তক ঋষিদিগের পরিচয়বিধায়ক শিষ্যাদিরূপে যে সকল মুনি, তাঁহাদিগের নামই প্রবর।

মাতামহগোত্রে ব্রাহ্মণের বিবাহ করা উচিত নহে অর্থাৎ এই ব্যক্তি মদীয় মাতামহবংশে উৎপন্ন হইয়াছে, এই প্রকার স্মরণ হওয়া অবধি (একবিংশ পুরুষ পর্য্যন্ত) বিবাহ করা নিষিদ্ধ।

বাৎস্য গোত্রের সহিত সাবর্ণ গোত্রের বিবাহ নিষিদ্ধ, কেন না, গোত্রের প্রভেদ থাকিলেও প্রবরের ঐক্য আছে।

ভিন্নগোত্রোৎপন্ন হইলেও যে সকল কন্যা পিতৃসপিণ্ড অর্থাৎ বরের পিতাকে লইয়া পিতামহাদি উর্দ্ধতন সাত পুরুষ যাবৎ গণনা করত সেই সপ্তপুরুষের প্রত্যেকের বংশীয় পুত্র বা তনয়াপরম্পরায় উৎপন্ন অধস্তন (বীজপুরুষ) সপ্তম-পুরুষ-মধ্যবর্ত্তিনী যে সকল কন্যা, তাহাদিগকে বিবাহ করিতে নাই। ঐ প্রকার পিতৃ সপিণ্ডার ন্যায় মাতামহসপিণ্ডকন্যাও পরিত্যজ্যা অর্থাৎ বরের মাতামহকে লইয়া প্রমাতামহাদি উর্দ্ধতন পঞ্চম পুরুষের প্রত্যেক পুত্র বা তনয়ার পরম্পরায় উৎপন্না নিম্ন-পঞ্চম-পুরুষের মধ্যবর্ত্তিনী যে সকল কন্যা, তাহারা পরিত্যজ্যা।

বিবাহবিষয়ে মাতামহসাপিণ্ড্য পঞ্চম এবং পিতৃসাপিণ্ড্য সপ্তম পুরুষ যাবৎ। সর্ব্বত্র বরের পিতৃপক্ষে সপ্তমী কন্যা পর্য্যন্ত অবিবাহ্যা আর বরের মাতৃপক্ষে পঞ্চমী কন্যা যাবৎ অবিবাহ্যা, সুতরাং তৎপরবর্ত্তিনীকে বিবাহ করা যায়। কোন কোন ঋষির মতে পিতৃপক্ষে ষষ্ঠী ও মাতৃপক্ষে চতুর্দ্দশী কন্যা বিবাহ্যা। পিতার মাতার মাসি পিসী আর মাতার বংশপরম্পরোৎপন্না অধস্তন সপ্তমী ও পঞ্চমী কন্যা যাবৎ বিবাহ করা যায়। পিতার পিসীর তনয়, পিতার ও মাসীর তনয় ও পিতার মামার তনয়-রূপ পিতৃবন্ধুত্রয় হইতে পরম্পরাক্রমে উৎপন্না সপ্তমী কন্যা যাবৎ অবিবাহ্যা। এই প্রকার মাতার পিসীর তনয়, মাতার মাসীর তনয় আর মাতার মামার তনয়রূপ মাতৃবন্ধুত্রয় হইতে অধস্তন বংশপরম্পরাক্রমে উৎপন্না পঞ্চমী কন্যা যাবৎ পরিত্যজ্যা।

পিতার ও মাতার পিসীতনয়ের ও মাসীতনয়ের পিত্রাদি উর্দ্ধতন পুরুষের সঙ্গে বৈজিক সম্বন্ধ না থাকা হেতু তৎকুলে অর্থাৎ

পূর্ব্বকথিত পিতার ও মাতার পিসীর বা মাসীর সপত্নীর কন্যা-দির সঙ্গে বিবাহ হইতে পারে।

পূর্ব্বকথিত সপিণ্ডাদি নিষিদ্ধা কন্যা সকল ত্রিগোত্রান্তরিতা হইলে বিবাহ করা যাইতে পারে। ত্রিগোত্রান্তরিতা কন্যা গণ-নার প্রণালী এই যে, প্রতিযোগী গোত্রচতুষ্টয় গ্রহণ পূর্ব্বক উর্দ্ধতন গণনায় (সপ্তমী পঞ্চমী মধ্যগত নিবন্ধন) কন্যা পরিত্যজ্যা বলিয়া গণনীয়া হইলে সেই প্রতিযোগিগোত্র লইয়া চতুর্থগোত্রা কন্যাকে বিবাহ করা যাইতে পারে।

মাতৃনাম্নী কন্যা বিবাহ করিতে নাই। বাগ্‌দানান্তে মাতৃ-নাম্নী জানিলে পিতার আজ্ঞা লইয়া ঐ কন্যার নামান্তর করিয়া লইয়া বিবাহ করা কর্ত্তব্য।

বিমাতার ভ্রাতৃকন্যা অবিবাহ্যা, কিন্তু সেই ভ্রাতৃকন্যার কন্যাকে বিবাহ করা যায়।

মন্ত্রদাতা গুরুর তনয়া, শিষ্যের তনয়া ও অধ্যাপকের কন্যাও অবিবাহ্যা।

উপাকর্ম্ম।

বেদপাঠ ও ত্রিসন্ধ্যার দ্বারা যেমন দিনকৃত পাপের ক্ষয় হয়, তেমনি সমস্ত বর্ষকৃত পাপ এই উপাকর্ম্ম দ্বারা ক্ষয় হইয়া থাকে, সুতরাং উপাকর্ম্ম ব্রাহ্মণমাত্রেরই একান্ত কর্ত্তব্য। সামবেদী ভাদ্র-মাসে হস্তানক্ষত্রে, যজুর্ব্বেদী শ্রাবণমাসে পূর্ণিমায়, ঋগ্বেদী শ্রাবণ-মাসে শ্রবণানক্ষত্রে অথবা ভাদ্রমাসে হস্তানক্ষত্রযুক্ত পঞ্চমীতে উপাকর্ম্ম করিবে।

কালাশুদ্ধিতে কর্ত্তব্যাকর্ত্তব্য। *

সাবকাশ নিত্যনৈমিত্তিক কর্ম্ম অর্থাৎ যাহার অনুষ্ঠানার্থ সদৃশ

* কা[illegible] পঞ্জিকা দ্বারাই জানা যায়, এজন্য এস্থলে [illegible], [illegible] মলমাসাদি অকালে কোন কোন ক্রিয়া-নুষ্ঠান নিষিদ্ধ ও কি কি বিহিত তাহাই সংক্ষেপতঃ লিপিবদ্ধ হইল।

কালান্তর প্রাপ্ত হওয়া যায়, তাহা অকালে করিতে নাই। যেমন—উপনয়ন-গৃহ-প্রবেশাদি এবং যে সমস্ত নিরবকাশ অন্নাশনাদি কর্ম্মের মুখ্যকাল গত হইয়াছে, তাহাও অকালে করিতে নাই। দেবপ্রতিষ্ঠাদি কাম্য কর্ম্ম, অনাদি দেবতাদর্শন এবং গয়া গঙ্গা ব্যতীত প্রথম তীর্থস্নানও অকালে অকর্ত্তব্য। অনেকের মতে ব্রতপ্রতিষ্ঠা (পূর্ণকালে) অকালে কর্ত্তব্য বলিয়া নির্দ্দিষ্ট হয়। মাসে মাসে বিহিত কাম্যকর্ম্ম মলমাসে করিতে পারে অর্থাৎ পঞ্চমীব্রতাদি মলমাসে করা যায়, কিন্তু সাবিত্রীব্রতাদি হইতে পারে না। কারণ, উহা প্রতিমাসে কর্ত্তব্য নহে। শ্রীবিষ্ণু প্রীত্যর্থ অকালে সকলেই দান করিতে পারেন। পূর্ব্বারব্ধ পুরাণপাঠাদিও অকালে হয়। যাঁহারা নিষ্কামী, তাঁহারা মহাদান ভিন্ন সকল দানই অকালে করিতে পারেন।

নিরবকাশকর্ম্ম অকালে করিতে পারে। যেমন ষণ্মাসে বিহিত মুখ্যান্নাশন, নিত্যকর্ম্ম, নৈমিত্তিকক্রিয়া, গ্রহণস্নান, শান্তিস্বস্ত্যয়নাদি, জাতকর্ম্ম, আদ্য ও মাসিক প্রভৃতি প্রেতের ষোড়শ শ্রাদ্ধ, প্রায়শ্চিত্তাত্মক-ক্রিয়া এবং রজঃস্রাবের চতুর্থদিন হইতে দ্বাদশদিনমধ্যে করণীয় প্রথম গর্ভাধান, এই সমস্ত অকালে করিতে পারে। বিবাহকন্যার দশমবর্ষের পূর্ব্বে সাবকাশ আর দশম হইতে নিরবকাশ, সুতরাং তখন নিষিদ্ধ মাসাদিতেও দেওয়া যায়, কিন্তু শুক্রাস্তাদি অকালে বিবাহ দিতে নাই, কেন না, তাহাতে দম্পতীর মধ্যে একের বিনাশ হইয়া থাকে, স্মার্ত্ত ভট্টাচার্য্য মহাশয় এইরূপ ব্যবস্থা নির্দ্দেশ করেন।

অকালবর্ষণজন্য অকাল।

একদিন জলবর্ষণ হইলে কেবল সেই দিনই পরিত্যাগ করিতে হয়। যদি দুই দিন বর্ষণ হয়, তাহা হইলে প্রথম দিন হইতে চারি দিন বিসর্জ্জন করিতে হয়। যদি পর পর তিনদিন বা ততোধিক বর্ষণ হয়, তাহা হইলে ঐ প্রকার শেষাহ লইয়া সপ্তাহ ত্যাগ করিতে হইবে, কিন্তু ভূতলে মনুষ্যের চরণচিহ্ন হয়,

এপ্রকার পরিমাণে যদি বর্ষণ হয়, তাহা হইলে তজ্জন্য অকাল বলিয়া গণনীয় হইবে। শ্রীহরির উত্থানান্তে পুনর্ব্বার হরিশয়ন যাবৎ অকালবর্ষণজন্য দোষ গ্রহণ করা উচিত। কাহারও মতে বৈশাখ হইতেই বর্ষণজন্য অকালদোষ নাই। আপদসময়ে অকালবর্ষণজন্য দোষ হইতে চৈত্র যাবৎ চারিমাস ত্যাগ করিলে হইতে পারে। রাষ্ট্রবিপ্লবাদি মহৎ আপদ্ ঘটিলে পৌষ মাঘ এই দুই মাস অকালবর্ষণজন্য ত্যাগ করিলেও হইবে। অগ্নিবৃষ্টি ভূকম্প ও নির্ঘাতাদি অসময়ে অর্থাৎ বিভিন্ন ঋতুতে উপস্থিত হইলে যাত্রা ও মঙ্গল-কার্য্যাদি সপ্তাহ নিষিদ্ধ। অক্ষমস্থলে কার্য্যভেদে ইহার ন্যূনাধিককালে অর্থাৎ ত্রিরাত্রাদি সময় অতিক্রম করিয়াও কার্য্য হইতে পারে। প্রাতঃসন্ধ্যার সময়ে মেঘগর্জ্জন হইলে সেই দিন অধ্যয়ন ও উপনয়নাদি হইতে পারে না। কাহারও কাহারও মতে এইরূপ নির্দ্দিষ্ট আছে যে, পূর্ব্বদিন সন্ধ্যাসময়ে গর্জ্জনহইলে উপনয়ন হয় না।

বিষ্ণুপাদোদকপানান্তে শিরোপরি ধারণমন্ত্র।

কৃষ্ণ কৃষ্ণ মহাবাহো ভক্তানামার্ত্তিনাশন।
সর্ব্বপাপপ্রশমনং পাদোদকং প্রযচ্ছ মে॥
অকালমৃত্যুহরণং সর্ব্বব্যাধিবিনাশনম্।
বিষ্ণুপাদোদকং পীত্বা শিরসা ধারয়াম্যহম্॥

বিপ্রপাদোদক-ধারণ মন্ত্র।

ব্রহ্মাণ্ডোদরমধ্যে তু যানি তীর্থানি সন্তি বৈ।
তানি সর্ব্বাণি তীর্থানি সন্তি বিপ্রপদোদকে॥
বিপ্রপাদোদকং পীত্বা যাবত্তিষ্ঠতি মেদিনী।
তাবৎ পুষ্করপাত্রেণ পিবন্তি পিতরোদকম্॥

ভূতচতুর্দ্দশীতে ভক্ষণীয় চতুর্দ্দশশাক।

১। ওল ২। কেউ। ৩। বেতো। ৪ সর্ষপ। ৫। কালকচু। ৬। নিম। ৭। জয়ন্তী। ৮ শাঞ্চে। ৯। হিঞ্চা ১০। পল্‌তা ১১। শুলফা ।১২। গুলঞ্চ। ১৩। ভাটী। ১৪। নিসিন্দা।

ভূতচতুর্দ্দশীতে দীপদানমন্ত্র ।

নমঃ পিতৃভ্যঃ প্রেতেভ্যো নমো ধর্ম্মায় বিষ্ণবে ।
নমো ধর্ম্মায় রুদ্রায় কান্তারপতয়ে নমঃ ॥

ভূতচতুর্দ্দশীতে চিচ্চিড়ে ঘুরাইবার মন্ত্র ।

শীতলোষ্ণসমাযুক্ত সকণ্টকদলান্বিত ।
হর পাপমপামার্গ ভ্রাম্যমাণঃ পুনঃ পুনঃ ॥

ভূতচতুর্দ্দশীতে সন্ধ্যাকালে পিতা বা অন্য গুরুজন সন্তানের ললাটে ঘৃতের ফোঁটা দিয়া চিচ্চিড়ে অর্থাৎ আপাং গাছ ঘুরাইবে ।

কুমারীপূজা । *

প্রথমতঃ আসনোপরি কুমারীকে বসাইয়া ধৌতপদদ্বয়ে অলক্তক এবং ললাটে সিন্দূরতিলক দিয়া দেবিবোধে ধ্যান করিতে হয়, যথা

বালরূপাঞ্চ ত্রৈলোক্য-সুন্দরীং বরবর্ণিনীম্ ।
নানালঙ্কারনম্রাঙ্গীং ভদ্রবিদ্যাপ্রকাশিনীম্ ।
চারুহাস্যাং মহানন্দহৃদয়াং শুভদাং শুভাম্ ॥

এইরূপে ধ্যানান্তে মানসোপচারে অর্চ্চনাপূর্ব্বক পুনর্ধ্যানান্তে ষোড়শ বা দশোপচারে শক্ত্যনুসারে পূজা করিবে। অর্চ্চনায় বিশেষ বিশেষ মন্ত্র যথা—আসন-পূজাদি করিয়া ঐঁ হ্রীঁ শ্রীঁ হূঁ.

* একবর্ষবয়স্কা হইতে ষোড়শবয়স্কা পর্য্যন্ত কুমারীকে যথাক্রমে (১)সন্ধ্যা (২) সরস্বতী (৩) ত্রিধামূর্ত্তি (৪) কালিকা, (৫) সুভগা, (৬) উমা, (৭) মালিনী, (৮) কুব্জিকা, (৯) কালসন্দর্ভা (১০) অপরাজিতা, (১১) রুদ্রাণী, (১২) ভৈরবী, (১৩) মহালক্ষ্মী, (১৪) পীঠনায়িকা (১৫) ক্ষেত্রজ্ঞা ও (১৬) অম্বিকা কহে। একবর্ষীয়া হইতে ষোড়শবর্ষীয়া পর্য্যন্ত অজাতপুষ্পা বালার নামই কুমারী। এবং সর্ব্বজাতীয়া কন্যাই কুমারীরূপে পূজ্যা; তন্মধ্যে ব্রাহ্মণকন্যাই প্রশস্তা।

